তোয়ানাং। আত্মা স্বরূপাভিন্নত্বাৎ। কূটস্থ এক রূপতয়া কালব্যাপী। সনাতনঃ সর্ব্ব রূপত্বাৎ আদি পুরুষঃ আদিত এব পুরুষাকারঃ স্বভাব সিদ্ধরূপত্বাৎ। ভগবান্ পূর্ণ শক্ত্যাশ্রয়ঃ বস্তু লক্ষণরূপত্বাৎ। অধীশঃ ত্রিগুণ শক্তে র্নিয়ামকঃ তদতিরিক্ত স্বরূপ শক্ত্যাত্মক রূপত্বাৎ তস্মাত্তব রূপস্যচ প্রকৃত্যতীত শক্তিময়ত্বাদেকাত্মকত্বেনান্যাভ্যাং রূপি রূপাভ্যাং বিশেষ এব তদতীত শক্তিময়ত্বমেব যোজয়তি। যদিতি ॥ ১৫ ॥

তদুভয় শক্তি যুক্তিত্বঞ্চ তব নাযুক্তং। সর্ব্বশক্তিত্বাৎ বিরুদ্ধশক্তিনিধানমেব হি ত্বমিত্যাহ। যস্মিন্নিতি আনুপূর্ব্ব্যাৎ স্বস্বর্গে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মলিনঃ। ত্বং বিবুদ্ধঃ সর্ব্বজ্ঞঃ সত্বমজ্ঞঃ ত্বমাত্মা সতু দেহাধ্যাসী জড়ঃ। ত্বং কূটস্থো নির্ব্বিকারঃ সতু বিকারী। যদ্বা। ত্বং কূটস্থ এক রূপতয়া কালব্যাপী সতু নানারূপ তয়ৈব। ত্বমাদিঃ কারণং পুরুষঃ পুরুষকারশ্চ সতু ন কারণং স্ত্রী পুং নপুংসকাকারশ্চ। ত্বং ভগবান্ সতু ভগহীনঃ। ত্বং ত্র্যধীশঃ সতু ত্রিগুণাধীনঃ। ত্বং বুদ্ধ্যবস্থিতিং জীবস্য বুদ্ধেরবস্থাং জাগ্রাদিকাং অখণ্ডিতয়া স্বদৃষ্ট্যা চিচ্ছক্ত্যা সাক্ষিত্বেন দ্রষ্টা সতু বুদ্ধ্যবস্থাভিঃ খণ্ডিতদৃষ্টিঃ। ত্বং স্থিতৌ সর্ব্বজগৎপালনে কর্ম্মণামপ্যে সতু স্বপালনেপ্য সমর্থঃ। ত্বমধিমখঃ মখাদি কর্ম্মাধিষ্ঠাতা সতু মখাদিকর্ম্মাধীনঃ। অতস্ত্বং তস্মাদ্ব্যতিরিক্তএবাস্সে তব যোগনিদ্রাদিকন্তু চিচ্ছক্তি বিলাস ইতি জানান্যেবেতি ভাবঃ ॥ ১৫ ॥

সবিশেষং ভগবৎ স্বরূপমুক্ত্বা নির্ব্বিশেষ ব্রহ্ম স্বরূপমাহ যস্মিন্নিতি। নির্ব্বিকারং কেবলমানন্দমাত্রমেব। নিত্য চিদাত্মক নানা বিশেষ গ্রহণাসমর্থানাং মুমুক্ষূনাং কেবল শান্তানাং ভক্তিমিশ্র জ্ঞানদৃষ্ট্যা ভাতং তদ্ব্রহ্ম ত্বমস্মি স্বরূপং প্রপদ্যে যস্মিন্ নিঃশক্তিকত্বেন প্রতীতেঽপি বিদ্যাদয়ো বিবিধ শক্তয়োঽনিশং স্থিতা আনুপূর্ব্ব্যাৎ পতন্তি প্রতীতা ভবন্তি। অতএব ত্বং ভক্তি তারতম্যেন সামীপ্য তারতম্যবতাং বিশেষ তারতম্য গ্রহণ সমর্থানাং ভক্তিমিশ্র জ্ঞানিভ্যঃ কিঞ্চিদধিক ভক্তিমতাং প্রথমং বিদ্যা

যে হেতু আপনি নিত্যমুক্ত, জীব তদ্রূপ নহে, আপনার প্রসন্নতা ভিন্ন মুক্ত হইতে পারে না, আপনি সর্ব্বতোভাবে শুদ্ধ, জীব তাদৃশ নয়, অতিশয় মলিন। আপনি বিবুদ্ধ, অর্থাৎ সর্ব্বজ্ঞ, জীব অজ্ঞ। আপনি আত্মা, জীব জড়, আপনি কূটস্থ অর্থাৎ নির্ব্বিকার, জীব বিকারী। আপনি আদি পুরুষ, জীব আদিমান্। আপনি ভগবান্ অর্থাৎ ঐশ্বর্য্যশালী, জীব ভগহীন অর্থাৎ তাহার ঐশ্বর্য্যাদি নাই, আপনি তিন গুণের অধীশ্বর, জীব গুণত্রয়ের অধীন। প্রভো! এই রূপ বিভিন্নতা না হইবেই বা কেন? যে হেতু আপনি অখণ্ডিত চিৎশক্তি দ্বারা বুদ্ধির অবস্থা সর্ব্বদা অবলোকন করিতেছেন এবং ঐ রূপ হইয়াও জগৎ পালন বিষয়ে যজ্ঞাধিষ্ঠাতা বিষ্ণু স্বরূপে বর্ত্তমান আছেন অতএব আপনি জীব হইতে সর্ব্ব প্রকারেই বিভিন্ন, ইহা স্পষ্টই দৃষ্ট হইতেছে ॥ ১৫ ॥

অহো! যাহাদের গতি পরস্পর বিরুদ্ধ এবং যাহাদের শক্তি বিবিধ প্রকার, সেই সকল বিদ্যাদি

তদ্ব্রহ্ম বিশ্বভবমেকমনন্তমাদ্যমানন্দমাত্রমবিকারমহং প্রপদ্যে ॥ ১৬ ॥
সত্যাশিষোহি ভগবংস্তব পাদপদ্মমাশীস্তথানুভজতঃ পুরুষার্থমূর্ত্তেঃ ।
অপ্যেবমর্য্য ভগবান্ পরিপাতি দীনান্ বাশ্রেব বৎসকমনুগ্রহকাতরোঽস্মান্ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী ।

সকাম ভজনাদপি মোক্ষমাশাসান আহ হে ভগবন্ পুরুষার্থঃ পরমানন্দঃ সএব মূর্ত্তির্যস্য তস্য তব পাদপদ্মং আশিষো রাজ্যাদেঃ সকাশাৎ সত্যা আশীঃ পরমার্থ ফলং হি নিশ্চিতং কস্য তথা তেন প্রকারেণ ত্বমেব পুরুষার্থ ইত্যেবং নিষ্কাম তয়া অনুভজতঃ যদ্যপ্যেবং তথাপি হে অর্য্য স্বামিন্ দীনান্ সকামানপ্যস্মান্ ভগবান্ ভবান্ পরিপাতি সংসার ভয়াদ্রক্ষত্যেব যতঃ অনুগ্রহে হিতাচরণে

ক্রমসন্দর্ভঃ ।

উত্তম মধ্যম কনিষ্ঠ ভাবেন বর্ত্তমানা বিবিধ শক্তয়ঃ প্রায়ঃ পরস্পরঃ বিরুদ্ধ গতয়োপি যস্মিন্ যদাশ্রিত্যাঽনিশঃ পতন্তি প্রবর্ত্তন্তে । স্বস্বব্যাপারং কুর্ব্বন্তীত্যর্থঃ ॥ ১৬ ॥

তস্মাত্তদ্রূপস্য স্বরূপ পূর্ণ পরমানন্দ রূপত্বাৎ পরম পুরুষার্থং ত্বমেবেতি সাধুক্তং যা নির্বৃতিরিত্যাদিকমিত্যাহ। সত্যেতি ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

শক্তিমানায়েতি ভাসি ততোপ্যধিকভক্তিমতাং মায়াশক্তিমান্ পুরুষো জগৎ কারণমিতি অতএব বিশ্বভবমিতি বিশেষণং ততঃ সম্পূর্ণ ভক্তিদৃষ্ট্যা ঐশ্বর্য্য মাধুর্য্যাদ্যনন্তশক্তিমান্ ভগবানিতি তত্রাপ্যতি প্রবিষ্টধিয়াং লীলা লাবণ্য কলা কুতূহল বৈদগ্ধী মহোদধিরিতি স্বমনুভবগোচরী ভবসি। যথা নগরস্যাতিদূরস্থ জনা বিশেষমনুপলভমানা ইদমগ্রে স্থিতং বস্তুমাত্রমিতি তদেব পশ্যন্তি অনতি দূরস্থা বৃক্ষষণ্ডমিতি। সমীপস্থাস্তু বিবিধ নিষ্কুটাট্ট পুর গোপুরগৃহধ্বজপতাকাদি যুক্তং নগরমিতি তত্র প্রবিষ্টাস্তু বিচিত্র তড়াগ রথ্যা বিপণি শৃঙ্গাটকাজির নৃত্য গীত বাদিত্রাদি সকল সুখাস্পদমিত্যনুভবন্তি। যথাহুঃ প্রাক্ষোপি বহ্নিমামিত্যবধারিতং পুরা ততঃ শরীরীতি বিভাবিতাকৃতিং। বিভুর্বিভক্তাবয়বঃ পুমানিতি ক্রমাদমুং নারদ ইত্যবোধি স ইতি। শক্তয়ঃ কীদৃশ্যঃ বিরুদ্ধ গতয়ঃ ইতি বিদ্যাবিদ্যয়োঃ সর্গ সংহারয়ো র্জন্মবত্ত্বাজত্বয়োরনীহত্ব সলীলত্বয়োরাত্মারামত্ব ভক্তবাৎসল্যয়ো র্বিরোধেপি তত্তচ্ছক্তী নামতর্কৈব ত্বয়ি নিত্যা স্থিতিরেব ॥ ১৬ ॥

নন্ন ভো বালক সত্যমেব ত্বং মৎ স্বরূপং জানাস্যেব কিন্তু তব সাম্প্রতিক নিষ্কামত্বেপি যথা পূর্ব্বসঙ্কল্পমেব ফলমহং দাস্যামি গৃহাণেতি তত্র স্বস্যাক্ষত্বং বিবৃণ্বন্ প্রেমমাধুর্য্যমাশাসান আহ সত্যেতি হে ভগবংস্তব পাদপদ্মমেব আশিষো রাজ্যাদেঃ সকাশাৎ সত্যা আশীঃ পরমার্থফলং। কস্য তথা তেন প্রকারেণ ত্বমেব পুরুষার্থ মূর্ত্তিরিত্যেবং নিষ্কামতয়া অনুভজতঃ এবমপি দীনানস্মান্ কৃত সকাম ভজনানপি পরিপাতি নিষ্কাম প্রাপ্য পাদপদ্ম কিঞ্চিন্মাধুর্য্যদানেনেত্যর্থঃ। তত্র হেতুঃ। অনুগ্রহকাতরঃ বালবাল্যস্যাপ্যয়ং মদ্ভক্তিং নজানাতি তদপি তৎফলং স্বমাধুর্য্যমিমমাবাদয়ামীতি বুদ্ধ্যেত্যর্থঃ। বাস্রা ধেনু র্যথা বৎসকমজ্ঞং

নিরন্তর যথাক্রমে যাঁহা হইতে উদ্ভাবিত হইতেছে তিনিই ব্রহ্ম, তিনিই এই বিশ্বের উৎপাদক, তিনি অখণ্ড, অনাদি, অনন্ত, অবিকার এবং আনন্দ মাত্র, অদ্য আমি তাঁহার শরণাপন্ন হইলাম ॥ ১৬ ॥

হে ভগবন্! আপনার মূর্ত্তি পরম আনন্দ স্বরূপ, যে সকল পুরুষ নিষ্কাম হইয়া আপনাকেই পুরুষার্থ জানিয়া ভজনা করেন, তাঁহাদের পক্ষে যদিও আপনার পাদপদ্ম রাজ্যাদি অপেক্ষাও পরম অর্থ ইহা সত্য, তথাচ হে স্বামিন্! ধেনু যেমন অজ্ঞ বৎসকে দুগ্ধ পান করায় এবং বৃকাদি হিংস্র জন্তু হইতে রক্ষা করে, তাহার ন্যায় অতিদীন ও সমকাম যে আমরা, আমাদিগকে আপনি সংসার ভয় হইতে

অথাভিষ্টুত এবং বৈ সৎসংকল্পেন ধীমতা। ভৃত্যানুরক্তো ভগবান্ প্রতিনন্দ্যেদমব্রবীৎ ॥ ১৭ ॥

শ্রীভগবানুবাচ ॥

বেদাহং তে ব্যবসিতং হৃদি রাজন্যবালক। তৎপ্রযচ্ছামি ভদ্রং তে দুরাপমপি সুব্রত ॥ ১৮ ॥

নান্যৈরধিষ্ঠিতং ভদ্র যদ্ভ্রাজিষ্ণু ধ্রুবক্ষিতি। যত্র গ্রহর্ক্ষ তারাণাং জ্যোতিষাং চক্রমাহিতং ॥ ১৯॥

মেধ্যাং গোচক্রবৎ স্থাস্নু পরস্তাৎ কল্পবাসিনাং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

কাতরঃ পরবশঃ যথা বাস্রা ধেনুঃ বৎসং ক্ষীরং পায়য়তি বৃকাদিভ্যো রক্ষতি চ তদ্বৎ ॥ ১৭ ॥ ব্যবসিতং সংকল্পিতং ॥ ১৮ ॥

তৎ প্রযচ্ছামীত্যুক্তং কিন্তদিত্যপেক্ষায়ামাহ নান্যৈরিতি সার্দ্ধাভ্যাং। হে ভদ্র ধ্রুবাক্ষিতি নির্ব্বাসো যস্মিন্ আহিতমর্পিতং ॥ ১৯

ধান্যাক্রমণায় ভ্রাম্যমাণানাং পশূনাং বন্ধনস্তম্ভো মেধী তস্যাং বলীবর্দ্দ সমূহ বৎ অবান্তর কল্পবাসিনাং পরস্তাদপি স্থাস্নু লোকত্রয় নাশেপ্যনশ্বরং ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

আশিষ্টয়েতি চিৎসুখঃ। হে অর্য্যেতি অর্য্যঃ স্বামি বৈশ্যয়োরিতি নিপাতাৎ হ্রস্বাদিরেবায়ং ॥ ১৭ ॥

ভদ্রন্ত ইতি পদং ত্রিভুবনোৎকৃষ্টং জিগীষোঃ সাধু বর্ত্ম মে ইতি প্রাচীন সংকল্পানুরূপমপি লভমানস্য তে দুরাপ মৎপদ প্রাপ্ত্যা ততোবৈশিষ্ট্যেন ভদ্রমেব ভবিষ্যতীতি শুভাশীর্ব্বাদাভিপ্রায়ঃ ততশ্চ তৎ প্রযচ্ছামি। তথান্যৈ দুরাপমপি প্রযচ্ছামীত্যন্বয়ঃ ॥ ১৮

নান্যৈরিতি সার্দ্ধকং ॥ ১৯ ॥ কল্পবাসিনাং দৈনন্দিন প্রলয় পর্য্যন্ত স্থায়িনামপি পরস্তাৎ স্থাস্নু মেধ্যামিতি ক্বচিৎ পাঠঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বমভজন্তমপি স্বদুগ্ধং পায়য়তি বৃকাদিভ্যো রক্ষতি চ তদ্বস্মাং স্বচরণ ভক্তিমাধুর্য্যমাস্বাদয়ন্ সকামত্বাদিভ্যো ভক্তিবিঘ্নেভ্যো রক্ষতু চেতি ভাবঃ ॥ ১৭ ॥ ১৮ ॥

রাজন্যবালকেতি তবৈশ্বর্য্য স্পৃহা স্বাভাবিক্যেবেতি তদহং প্রযচ্ছামীত্যুক্তে তর্হি স্বপ্রেমাণং ন দাস্যসীতি কাতরমুখং তমাশ্বাসয়তি ভদ্রন্তে ইতি মা চিন্তয় প্রেমাণমপি প্রযচ্ছামীত্যপিকারার্থঃ ॥ ১৯ ॥

ত্বয়া পূর্ব্বং যথা প্রার্থিতং পদং ত্রিভুবনোৎকৃষ্টং জিগীষোঃ সাধু বর্ত্ম মে ব্রূহ্যস্মৎ পিতৃভি র্ব্রহ্মন্নন্যৈরপ্যনধিষ্ঠিতমিতি তদিদং স্থানং গৃহাণেত্যাহ নান্যৈরিতি ধ্রুবা নিত্যা ক্ষিতি র্নিবাসো যত্র তৎ আহিতমর্পিতং ধান্যাক্রমণায় ভ্রাম্যমাণানাং পশূনাং বন্ধন স্তম্ভোমেধী তস্যাং বলীবর্দ্দসমূহবৎ অবান্তর কল্পবাসিনাং পরস্তান্মহাকল্প পর্য্যন্তঃ স্থাস্নু ততো মহাপ্রলয়ে গতি ধ্রুবস্য মহাবৈকুণ্ঠারোহণমিতি কেচিৎ। ব্রহ্মাণ্ড মধ্যবর্ত্তিত্বেপি শ্বেতদ্বীপ মথুরা দ্বারকাদীনামিব ধ্রুবলোকস্যাপি সুদুর্লভং যৎ পরমং পদং হরেরিতি ততো গন্তাসি মৎস্থানমিতি আতিষ্ঠ জগতাং বন্দ্যং তদ্বিষ্ণোঃ পরমং পদমিতি ধ্রুবস্য বৈকুণ্ঠপদাধিরোহণমিত্যাদি প্রমাণেভ্যো ভগবল্লোকত্বেন নিত্যত্বান্মহাকল্পবাসিনামপি পরস্তাদিত্যপরে ॥ ২০ ॥

রক্ষা করিয়া থাকেন, কারণ, আপনি সর্ব্বদাই লোকের হিত সাধনার্থ তৎপর ॥ ১৭ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! সৎসংকল্প ধীমান্ ধ্রুব এই রূপ স্তব করিলে পর, ভৃত্যানুকম্পী ভগবান্ তাঁহার বাক্যে আনন্দ প্রকাশ করিয়া বলিলেন। অহে ক্ষত্রিয়বালক! তোমার হৃদয়ের সংকল্প অবগত হইলাম, হে সুব্রত! তোমার মঙ্গল হউক, আমি তোমাকে দুষ্প্রাপ্য স্থান প্রদান করিতেছি ॥ ১৮ ॥

হে ভদ্র! সেই স্থান সততই দীপ্তিশালী এবং সেখানে নিত্য নির্ব্বাণ বিদ্যমান, তথায় গ্রহ নক্ষত্রাদি জ্যোতিশ্চক্র অর্পিত আছে, অন্য ব্যক্তিরা কখন সে স্থানে অধিষ্ঠান করেন নাই ॥ ১৯ ॥

বৎস! মেধি অর্থাৎ ধান্য আক্রমণার্থ ভ্রাম্যমাণ পশু বন্ধন স্তম্ভে বলীবর্দ্দ সমূহের ন্যায় অবান্তর কল্প বাসিদিগের পরেও তাহা থাকিবে অর্থাৎ ত্রিলোকের বিনাশ হইলেও ঐ স্থান কখন নষ্ট হইবে না ॥ ২০

ধর্ম্মোঽগ্নিঃ কশ্যপঃ শক্রো মুনয়ো যে বনৌকসঃ। চরন্তি দক্ষিণী কৃত্য ভ্রমন্তো যৎ সতারকাঃ ॥ ২১
প্রাস্থিতে তু বনং পিত্রা দত্ত্বা গাং ধর্ম্মসংশ্রয়ঃ। ষট্‌ত্রিংশদ্বর্ষ সাহস্রং রক্ষিতাব্যাহতেন্দ্রিয়ঃ ॥ ২২
ত্বদ্ভ্রাতর্য্যুত্তমে নষ্টে মৃগয়ায়াস্তু তন্মনাঃ। অন্বেষতী বনং মাতা দাবাগ্নিং সা প্রবেক্ষ্যতি ॥ ২৩ ॥
ইষ্ট্বা মাং যজ্ঞহৃদয়ং যজ্ঞৈঃ পুষ্কলদক্ষিণৈঃ। ভুক্ত্বা চেহাশিষঃ সত্যা অন্তে মাং সংস্মরিষ্যসি ॥ ২৪

শ্রীধরস্বামী।

ধর্ম্মাগ্ন্যাদয়ো নক্ষত্ররূপাঃ বনৌকসঃ সপ্তর্ষয়ঃ। যৎ প্রদক্ষিণীকৃত্য ভ্রমন্তশ্চরন্তি ॥ ২১ ॥

এতচ্চ রাজ্যানন্তরং ভবিষ্যতীত্যাহ প্রস্থিত ইতি। তুভ্যং পৃথিবীং দত্ত্বা বনং প্রস্থিতে ভাবে ক্তঃ বনং প্রতিগমনে কৃতে সতি রক্ষিতা রক্ষিষ্যসি ॥ ২২ ॥

ত্বয়া অসংকল্পিতমপি ভক্তস্য তব দ্রোহাদেবং ভবিষ্যতীত্যাহ ত্বদ্ভ্রাতরীতি সা সুরুচিঃ প্রবেক্ষ্যতি ॥ ২৩ ॥

কিঞ্চ ইষ্ট্বা মামিতি যজ্ঞো হৃদয়ং। প্রিয়া মূর্ত্তির্যস্য তং ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ধর্ম্মাদয়ো গোধাকৃতেঃ পুচ্ছান্তস্থিত ধ্রুবক্ষিতে নক্ষত্রব্যূহস্যাবয়বস্থাঃ তত্র বিষ্ণোরপি হৃদয়স্থত্বে যদগণনং কৃতং তত্তু তস্মিন্ মণ্ডলাভ্যন্তর মণ্ডলস্থস্য তস্য লোকহিতার্থং প্রতিচ্ছবিমাত্র দর্শনাদিতি গম্যতে ॥ ২১ । ২২ ॥

পূর্ব্বমপি নিগূঢ় ভক্তিসংস্কারেণ মদ্ভক্তস্যৈব তব দ্বেষাত্তয়োরেবং স্যাদিত্যাহ ত্বদিতি ॥ ২৩ ॥

সত্যা মৎ সম্বন্ধেনৈব ভোগাদন্যার্থাঃ ॥ ২৪ । ২৫ । ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ধর্ম্মাগ্ন্যাদয়ো নক্ষত্র রূপাঃ। বনৌকসঃ সপ্তর্ষয়ঃ ॥ ২১ ॥

এতচ্চ রাজ্যভোগানন্তরং ভবিষ্যতীত্যাহ প্রস্থিত ইতি তুভ্যং গাং পৃথিবীং দত্ত্বা বনং প্রস্থিতে ইতি ভাবে ক্তঃ। রক্ষিতা গাং রক্ষিষ্যতি ॥ ২২ ॥

মদ্ভক্তে ত্বয়ি সমাতৃকে অপরাধিন্যাঃ সুরুচে র্যদ্ভবিষ্যতি তচ্ছৃণ্বিত্যাহ ত্বদ্ভ্রাতরীতি ॥ ২৩ ॥

লোকে যশশ্চ তব ভবিষ্যতীত্যাহ ইষ্ট্বেতি ॥ ২৪ ॥

বৎস! ধর্ম্ম, অগ্নি, কশ্যপ, ইন্দ্র এবং সপ্তর্ষি ইহাঁরা তারকাগণের সহিত নিরন্তর ঐ স্থানকে প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করিতেছেন ॥ ২১ ॥

হে তাত! আমি যে স্থানের কথা বলিতেছি, তুমি রাজ্যভোগানন্তর তাহা প্রাপ্ত হইবে। সম্প্রতি তোমার পিতা ধর্ম্ম অবলম্বন পূর্ব্বক তোমাকে পৃথ্বী শাসনের ভার সমর্পণ করিয়া বনে প্রস্থান করিবেন, তাহাতে তুমি ষট্‌ ত্রিংশৎ বর্ষ সহস্র পর্য্যন্ত রাজত্ব করিবে। এই কালের মধ্যে তোমার কোন ইন্দ্রিয়ের কিছুমাত্র ব্যাঘাত হইবে না ॥ ২২ ॥

বৎস! তোমার বিমাতা সুরুচি,সর্ব্বদা তোমার হিংসা করিত, যদিও তাহার প্রতি তোমার হিংসা করিতে মানস নাই, তথাচ তুমি আমার ভক্ত, আমার ভক্তের দ্রোহাচরণ জন্য তাহার এই প্রতিফল হইবে যে,তোমার ভ্রাতা উত্তম মৃগয়ায় গমন করিয়া বিনষ্ট হইলে, সে তন্মনা হইয়া বনে বনে তাহার অন্বেষণ করত দাবাগ্নিতে প্রবেশ করিবে ॥ ২৩ ॥

সে যাহা হউক, বৎস! তোমাকে যে স্থানের কথা অগ্রে কহিলাম, রাজ্য ভোগের পর সে স্থানেও তোমাকে চিরকাল থাকিতে হইবে না, যজ্ঞই আমার প্রিয়া মূর্ত্তি, তুমি যদি প্রচুর দক্ষিণা প্রদান পূর্ব্বক যজ্ঞ দ্বারা অর্চ্চনা কর, তাহা হইলে ইহ লোকে সমস্ত কাম ভোগ করিয়া অন্তে আমাকে স্মরণ করিবে ॥ ২৪ ॥

ততো গন্তাসি মৎস্থানং সর্ব্বলোকনমস্কৃতং। উপরিষ্টাদৃষিভ্যস্ত্বং যতো নাবর্ত্ততে যতিঃ ॥ ২৫ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইত্যর্চ্চিতঃ স ভগবানতিদিশ্যাত্মনঃ পদং। বালস্য পশ্যতো ধাম সময়াদ্গরুড়ধ্বজঃ ॥ ২৬ ॥

সোপি সংকল্পজং বিষ্ণোঃ পাদসেবোপসাদিতং। প্রাপ্য সংকল্পনির্ব্বাণং নাতিপ্রীতোভ্যগাৎপুরং ॥ ২৭

শ্রীবিদুর উবাচ ॥

সুদুর্ল্লভং যৎপরমং পদং হরে র্মায়াবিনস্তচ্চরণার্চ্চনার্জ্জিতং।
লব্ধ্বাপ্যসিদ্ধার্থমিবৈক জন্মনা কথং স্বমাত্মানমমন্যতার্থবিৎ।

শ্রীধরস্বামী।

যতঃ স্থানাৎ ॥ ২৫ ॥ অতিদিশ্য দত্ত্বা ॥ ২৬ ॥

সংকল্পজং মনোরথং পাদসেবয়া প্রাপিতং সংকল্পস্য নির্ব্বাণং সমাপ্তি র্যস্মাৎ ॥ ২৭ ॥

মায়াবিনঃ সকামস্য যৎ সুদুর্ল্লভং হরেঃ পদং তদেকেন জন্মনা লব্ধ্বাপি স্বমাত্মানং মনঃ কথং অসিদ্ধার্থং অপ্রাপ্তমনোরথমিবা

ক্রমসন্দর্ভঃ।

সংকল্পনিদানমপি তদতীত বিষ্ণুপদরূপত্বাৎ সংকল্পনির্ব্বাণং। তত্র হেতুঃ বিষ্ণোঃ পাদেতি পাদসেবাত্রার্চ্চনং বিষ্ণোরেব সংকল্পজং তৎ সংকল্পজিদিতি ক্বচিৎ। কৃপয়া প্রাপিতমিতি বা হেত্বন্তরং তথাপি স্বসংকল্পজত্বানুসন্ধানেন তাদৃশত্বাজ্ঞানান্নাতি প্রীতঃ তাদৃশত্ব জ্ঞানেপি স্বস্য তুচ্ছ সংকল্পত্বমেবাধিকৃত্য তিরস্কারাদ্বা ॥ ২৭ ॥

অর্থবিৎ সারাসার বিবেকী ॥

মুক্তিঃ শ্রীভগবদ্দাস্যং। বিষ্ণোরনুচরত্বং হি মোক্ষমাহুর্মনীষিণ ইতি পাদ্মোত্তরখণ্ডাৎ। নচৈব মুকুন্দস্যেত্যাদি বক্ষ্যমাণ মৈত্রেয় বচনৈক বাক্যত্বানুরোধাচ্চ অত্র অহোবতেত্যাদি বক্ষ্যমাণ বচনেচ শ্রীধ্রুবস্য মদপূর্ণমন্যত্বং তদুচ্চপদং কামনয়ৈব তৎপ্রার্থিতবতা তেন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যতো নাবর্ত্তত ইতি নিত্যত্বং ব্যঞ্জিতং ॥ ২৫ ॥

অতিদিশ্য দত্ত্বা ॥ ২৬ ॥

সঙ্কল্পস্য নির্বাণং সমাপ্তি র্যস্মাৎ তৎ পদমিতি পূর্ব্বেণৈবানুষঙ্গঃ ॥ ২৭ ॥

নাতিপ্রীত ইতি শ্রুত্বা পৃচ্ছতি সুদুর্লভমিতি মায়াবিনঃ কৃপালোঃ অর্থবিদ্বিজ্ঞোপি ॥

মুক্তিং ভক্তিমৎপার্ষদত্বং বিষ্ণোরনুচরত্বং হি মোক্ষমাহুর্মনীষিণ ইতি পাদ্মোত্তরখণ্ডাৎ। সাযুজ্যস্তু ন ব্যাখ্যেয়ং। যা নির্বৃতি স্তনুভৃতামিতি বাক্যেন তত্র তদরোচকত্বজ্ঞাপনাৎ নহ্নু নৈচ্ছদিতি ন সঙ্গচ্ছতে ভক্তিং মুহুঃ প্রবহতামিতি তদ্বাক্যেন

তাহাতে ঐ স্থান হইতে আমার স্থানে গমন করিতে পারিবে। বৎস! আমার স্থান সর্ব্ব লোকের নমস্কৃত এবং ঋষিদিগের স্থানেরও উপরি বর্ত্তমান, যতিরা সেই স্থানে গমন করিয়া থাকেন, তথা হইতে পুনরাবৃত্তি হয় না ॥ ২৫ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! ভগবান্ এই প্রকারে অর্চ্চিত হইয়া বালক ধ্রুবকে আপনার পদ প্রদান পূর্ব্বক তাঁহার সমক্ষেই গরুড়োপরি আরোহণ করিয়া আপনার ধামে গমন করিলেন ॥ ২৬ ॥

ধ্রুবও ভগবান্ বিষ্ণুর পাদসেবন দ্বারা আপনার মনোরথ লাভ করিয়া অনতি প্রীত চিত্তে পিতার পুরে প্রত্যাগমন করিলেন। বৎস বিদুর! ধ্রুব বালক ছিলেন সত্য, কিন্তু তাঁহার মনোরথ অতি মহৎ, তাহা হইতে সকল সংকল্পের নির্ব্বাণ হয় ॥ ২৭ ॥

মুনিবর মৈত্রেয়কে সম্বোধন পূর্ব্বক বিদুর জিজ্ঞাসা করিলেন, ব্রহ্মন্! ভগবান্ হরির পরম পদ সকাম পুরুষের অত্যন্ত দুর্ল্লভ, তদীয় চরণার্চ্চণ দ্বারাই তাহা উপার্জ্জিত হইতে পারে। ধ্রুব সামান্য

শ্রীমৈত্রেয় উবাচ ।

মাতুঃ স্বপত্ন্যা বাগ্বাণৈর্হৃদি বিদ্ধস্তু তান্ স্মরন্। নৈচ্ছন্মুক্তিপতে র্মুক্তিং পশ্চাত্তাপমুপেয়িবান্॥২৮

শ্রীধ্রুব উবাচ ॥

সমাধিনা নৈকভবেন যৎপদং বিদুঃ সনন্দাদয় ঊর্দ্ধরেতসঃ ।
মাসৈরহং ষড়্‌ভিরমুষ্য পাদয়োশ্ছায়ামুপেত্যাপগতঃ পৃথঙ্‌মতিঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী

মন্যত পুরুষার্থবিদপি ॥ ২৮ ॥

তাপমেবাহ সমাধিনেতি সার্দ্ধৈঃ ষড়্‌ভিঃ ন একে অনেকে ভবা যস্মিন্ বহুজন্মাভ্যস্তেনেত্যর্থঃ। প্রণাম স্তুত্যাদি সময়ে গরুড়াধিরূঢ়স্য হরেঃ পাদচ্ছায়ায়াং স্থিতমাত্মানং স্মরন্নাহ ছায়ামুপেত্য ইতি পৃথঙ্‌মতিঃ ভেদদৃষ্টিঃ সন্ হা কষ্টমিতি ভাবঃ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ ।

লব্ধমনোরথাতীত বরেণাপি স্বসংকল্পমেব তিরস্কর্ত্তুং যুক্তমিতি মন্যতে। মনোরথাতীতত্বং চোক্তং শ্রীবিদুরেণ। সুদুর্লভং যৎ পরমং পদং হরেরিতি স্বয়ং শ্রীধ্রুবপ্রিয়েণ। ততোগন্তাসি মৎস্থানং সর্বলোকনমস্কৃতং। উপরিষ্টাদৃষিভ্যস্ত্বং যতো নাবর্ত্ততে যতিরিতি। বক্ষ্যতে পার্ষদাভ্যামপি আতিষ্ঠ জগতাং বন্দ্যং তদ্বিষ্ণোঃ পরমং পদং। সূতেন চ ধ্রুবস্য বৈকুণ্ঠপদাধিরোহণমিতি। পঞ্চমে জ্যোতিশ্চক্রবর্ণনে। বিষ্ণোর্যৎ পরমং পদং প্রদক্ষিণং প্রক্রমন্তীতি। যচ্চ বিষ্ণোঃ পরমং পদমপি বদন্তীতি। প্রপঞ্চান্তর্গতত্বেপি তদ্ধর্ম্মাতীতত্বমুক্তং বিকারান্তর্বর্ত্তি চ তথাহি স্থিতিমাহেতি ন্যায়েন। অতোঽস্মিল্লোকে প্রাগপ্রাকৃতিকস্য বহিরংশস্যৈব প্রলয়ো জ্ঞেয়ঃ তস্য তু তদানীং অন্তর্দ্ধানমেব এতদালস্যৈব হিরণ্যকশিপুনোক্তং কিমন্যৈঃ কালনির্ধূতৈঃ কল্পান্তে বৈষ্ণবাদিভিরিতি অতোঽদ্যাপি যে তথা বদন্তি তে তত্তুল্যা ইতি ভাবঃ ॥ ২৮ ॥

তথৈবহি। সমাধিনেতি। ছায়ামাশ্রয়মিত্যর্থঃ দেবানাং ছায়ায়া অভাবাৎ পৃথগ্‌ভগবতোঽন্যত্রমতি র্যস্য সঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ভক্তেরেব তদিচ্ছা বিষয়ত্বাবগতেঃ। সত্যং অত্র স্মরন্নিতি বর্ত্তমান নির্দেশাৎ মাতৃসপত্নী বাগ্বাণব্যথা স্মরণ দশায়ামেব নৈচ্ছৎ অতস্তদৈব মধুবনে আগত্য মৎ পিত্রাদি দুর্লভ পরমোচ্চ পদ প্রাপ্তি কামো ভগবন্তং ভজিষ্যে ইতি সঙ্কল্প্য তপশ্চকার। ভগবৎ সাক্ষাদ্দর্শন সময়ে তু যোঽন্তঃ প্রবিশ্যেতি তদুক্তে স্বদীয় সর্ব্বেন্দ্রিয়াণাং ভগবদাকারত্বাৎ কুতঃ সুরুচে র্বাগ্বাণ স্মরণং কিন্তু বেদাহং তে ব্যবসিতমিতি ভগবদ্বাক্যেন স্মৃত পূর্ব স্বীয় সঙ্কল্পো মৎ সকামত্বলক্ষণং ব্যভিচারং প্রভুর্মে জানাতীতি জাতাপত্রপোঽপ্যতপ্যৎ। হন্ত হন্ত দুর্বুদ্ধিরহং কথমেবং সংকল্পমকরবং ভক্তিং মুহুঃ প্রবহতামিতি সাম্প্রতিকীং ভক্তিপ্রার্থনাং মে মৎ প্রভু র্মৎ কপটমেব জানাতীত্যত এব তদনুরূপং কিমপি স্পষ্টং নাবোচৎ। কিন্তু পূর্ব্ব সঙ্কল্পানুরূপমেব বরং দদৌ। ত্বদ্‌ভ্রাতর্য্যুত্তমে নষ্টে ইত্যাদিনা পুরাতনং মন্মাৎসর্য্যমপি মাং স্মারয়ামাসেত্যেবং তস্য লজ্জানুতাপ দৈন্য নির্বেদা স্তদুক্ত শ্লোক ষট্‌কে দ্রষ্টব্যাঃ ॥ ২৮ ॥

নৈকভবেন বহু জন্মাভ্যস্তেন গরুড়ারূঢ়স্য হরেঃ পাদচ্ছায়ায়াং স্থিতমাত্মানং স্মরন্নাহ ছায়াং উপেত্য অপগতোঽধঃ পতিতঃ যতস্তস্মাৎ পৃথক্ বিষয়ে মতির্যস্য সঃ। অতএব মাং স্বগন্নেন প্রভুঃ স্বধাম নানৈষীদিতি ভাবঃ ॥ ২৯ ॥

ব্যক্তি নহেন, তিনি পুরুষার্থবেত্তা,ভগবানের সেই পরম পদ এক জন্মে লাভ করিয়াও আপনাকে কেন অপ্রাপ্ত মনোরথের ন্যায় জ্ঞান করিয়াছিলেন ? তিনি যখন অনতি প্রীত হইয়া পিতৃগৃহে প্রত্যাগমন করিলেন, তখন বোধ হয় মনোরথ পূর্ণ হইল এমত বিবেচনা করেন নাই। মৈত্রেয় কহিলেন বিমাতার বাক্যরূপ বাণ ধ্রুবের হৃদয়ে বিদ্ধ হইয়া রহিয়াছিল, তাহা স্মরণ হওয়াতে তিনি মুক্তিপ্রদ ভগবানের সন্নিধানে মুক্তি ইচ্ছা করেন নাই, সুতরাং তৎপশ্চাৎ তাঁহার মনস্তাপ উপস্থিত হইয়াছিল ॥ ২৮ ॥

এই নিমিত্ত খেদ প্রকাশ পূর্ব্বক কহিয়াছিলেন, হায় কি কষ্ট ! সনন্দ প্রভৃতি ঊর্দ্ধরেতা মহর্ষিগণ বহু জন্মের অভ্যস্ত সমাধি দ্বারা যে পদ জানিতে পারেন, আমি ছয় মাসের অভ্যন্তরে ভগবানের সেই চরণদ্বয়ের ছায়ায় উপস্থিত হইলেও ভেদ দৃষ্টি বশতঃ আমার অধঃপাত হইল ॥ ২৯ ॥

অহোবত মমানাত্ম্যং মন্দভাগ্যস্য পশ্যত। ভবচ্ছিদঃ পাদমূলং গত্বা যাচে যদন্তবৎ ॥ ৩০ ॥

মতির্বিদূষিতা দেবৈঃ পতদ্ভিরসহিষ্ণুভিঃ। যো নারদবচস্তথ্যং নাগ্রহীষমসত্তমঃ ॥ ৩১ ॥

দৈবীং মায়ামুপাশ্রিত্য প্রসুপ্ত ইব ভিন্নদৃক্। তপ্যে দ্বিতীয়েপ্যসতি ভ্রাতৃভ্রাতৃব্যহৃদ্রুজা ॥ ৩২

শ্রীধরস্বামী।

অনাত্ম্যং আত্মশূন্যত্বং অজ্ঞত্বং। ভবচ্ছেত্তুঃ যদন্তবৎ তদ্বাচে যাচিতবানস্মি ॥ ৩০ ॥

অজ্ঞত্বে কারণং সম্ভাবয়তি মতিরিতি। পতদ্ভির্মদপেক্ষয়া অধঃ প্রাপ্নুবদ্ভিঃ অতএবাসহনশীলৈঃ নাধুনাপ্যবমানং তে ইত্যাদি সত্যমপি নারদস্য বচো যো ন গৃহীতবানস্মি তস্য মে মতি র্বিদূষিতা ॥ ৩১ ॥

কিঞ্চ দৈবীমিতি প্রসুপ্তঃ স্বপ্নানিব পশ্যন্ দ্বিতীয়ে অসত্যপি ভ্রাতৈব ভ্রাতৃব্যঃ শত্রুরিতি দৃষ্ট্যা হৃদ্রুজা হৃদয়শোকেন তপ্যে তাপমনুভবামি ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অহো ইত্যাদি। অত্র তাদৃশত্বাজ্ঞান পক্ষঃ স্পষ্টঃ পক্ষান্তরে তু মহ্যং স্বয়ং স্বপদদানেন ভবচ্ছিদস্তস্য। পাদমূলং প্রাপ্যাপি স্বয়ং ত্বহং ত্রিভুবনমাত্রোৎকৃষ্ট পদরূপত্বেনান্তবদেব যাচে তন্নির্ব্বন্ধং নপরিত্যক্তবানস্মি। অপ্যেবমর্য্য ভগবান্ পতিপাতি দীনান্ ইত্যাদেঃ। নতু তৎ পাদসেবাং তৎ পাদসেবেত্যর্থঃ। অতএব রাজ্যাদিকমপি বিঘ্নত্বেন লব্ধমিতি ভাবঃ অত্র প্রকরণে বিশেষ জিজ্ঞাসা চেদ্ভগবৎসন্দর্ভোদৃশ্যঃ ॥ ৩০ ॥

তন্নির্ব্বন্ধাত্যাগে হেতুমাহ। মতিরিতি। পতদ্ভিঃ পতনপর্য্যবসানৈঃ ॥ ৩১ ॥

ভিন্নদৃক্ শ্রীভগবতোন্যত্র পুরুষার্থ বুদ্ধির্যস্য সঃ। কচিৎ সতি। ততো দ্বিতীয়ে অসতি অপুরুষার্থেপি সতি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনাত্ম্যমাত্মশূন্যত্বমজ্ঞত্বং। ভবচ্ছিদঃ অপ্রার্থিতোপি যোভক্তস্য ভবং ছিনত্তি তস্য পাদমূলং গত্বা বৈষ্ণব্যা দীক্ষয়ৈব প্রাপ্য যদন্তবৎ তৎ অহং যাচে প্রাপ্তুং সঙ্কল্পমকরবমিতি মমৈব দোষঃ। প্রভুস্তু তদপি কৃপয়া অনশ্বরমেব পদং দদৌ। ততো গন্তাসি মৎ স্থানমিতি তদুক্তেরিতি ভাবঃ ॥ ৩০ ॥

স্বস্যাজ্ঞতায়াং কারণং সম্ভাবয়তি মতিরিতি। পতদ্ভির্মদপেক্ষয়া অধঃ পতদ্ভিঃ অতএবাসহনশীলৈ র্নারদ বচঃ নাধুনাপ্যবমানস্ত ইত্যাদি ॥ ৩১ ॥

প্রসুপ্তঃ স্বপ্নান্ পশ্যন্ যথা দ্বিতীয়ে অসত্যপি ব্যাঘ্র সর্পাদিভ্যঃ খিদ্যতি তদ্বৎ। ভ্রাতৈব ভ্রাতৃব্যঃ শত্রুস্তস্মাৎ যা হৃদ্রুক্ পীড়া তয়াহং তপ্যে বৃথৈব। যত আত্ম দৃষ্ট্যা অহং সচ মদ্ভ্রাতেত্যুভাবপি ভগবতো জীবাখ্য তটস্থ শক্তি বৃত্তিরূপৌ। দেহ দৃষ্ট্যাপ্যুভয়োরপি পাঞ্চভৌতিকত্বান্মায়াশক্তিবৃত্তিরূপত্বমতো ভগবন্মায়য়ৈব তস্মিন্ ভ্রাতৃব্যত্বদৃষ্ট্যা মুহ্যামীত্যর্থঃ ॥ ৩২। ৩৩ ॥

অহো আমি কি মন্দ ভাগ্য! আমার অজ্ঞত্ব দেখ, আমি ভবনাশন ভগবানের পাদমূলে গমন করিয়া নশ্বর বস্তু যাচ্ঞা করিয়াছি ॥ ৩০ ॥

আমার বোধ হয়, দেবগণ আমা অপেক্ষা অধঃস্থান প্রাপ্ত হইতেছিলেন, ইহাতে তাঁহারা ঈর্ষা বশতঃ অসহিষ্ণু হইয়া আমার বুদ্ধি ভ্রংশ করিয়া দিয়া থাকিবেন, এই কারণেই নারদের সেই হিতকর বচন গ্রহণ করিতে আমার বাসনা হয় নাই ॥ ৩১ ॥

যাহা হউক, আমি অতি অসৎ, এখন আর উপায় নাই, প্রসুপ্ত লোকে যেমন স্বপ্ন দর্শন করে, তাহার ন্যায় দৈবী মায়া আশ্রয় পূর্ব্বক ভিন্ন দৃষ্টি হইয়া, বস্তুতঃ দ্বিতীয় বস্তু না থাকিলেও ভ্রাতাকে শত্রু বোধ করিয়া মনস্তাপে তাপ অনুভব করি ॥ ৩২ ॥

মৈয়েতৎ প্রার্থিতং ব্যর্থং চিকিৎসেব গতায়ুষি। প্রসাদ্য জগদাত্মানং তপসা দুষ্প্রসাদনং ॥ ৩৩ ॥
ভবচ্ছিদময়াচেহং ভবং ভাগ্যবিবর্জিতঃ। স্বারাজ্যং যচ্ছতো মৌঢ্যাম্মানো মে ভিক্ষিতোবত।
ঈশ্বরাৎ ক্ষীণপুণ্যেন ফলীকারানিবাধনঃ ॥ ৩৪ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
নবৈ মুকুন্দস্য পদারবিন্দয়ো রজোজুষস্তাত ভবাদৃশা জনাঃ।
বাঞ্ছন্তি তদ্দাস্য মৃতেঽর্থমাত্মনো যদৃচ্ছয়া লব্ধমনঃ সমৃদ্ধয়ঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ ময়া প্রসাদ্য যৎ প্রার্থিতং তৎ ব্যর্থং ॥ ৩৩ ॥

প্রার্থিতমাহ। ভবচ্ছিদমিতি। এতদেব সদৃষ্টান্তমাহ স্বারাজ্যং নিজানন্দং প্রযচ্ছতঃ সকাশাৎ অভিমানঃ ক্ষীণপুণ্যেন ময়া ভিক্ষিতঃ যাচিতঃ ক্ষীণেন পুণ্যেন ইতি বা দৃষ্টান্ত এব সম্বন্ধঃ। যথা অধন ঈশ্বরাৎ চক্রবর্ত্তিনঃ কলীকারান্ সতুষতণ্ডুলকণান্ যাচতে তদ্বৎ ॥ ৩৪ ॥

এবং নিস্পৃহত্বং তস্য যুক্তমিত্যাহ নেতি তস্য দাস্যং বিনা অন্যমর্থমাত্মনো নৈব বাঞ্ছন্তি যদৃচ্ছয়ৈব লব্ধেন মনসঃ সমৃদ্ধি র্যেষাং তে ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

মৈয়েতদিতি সার্দ্ধকং ॥ ৩৩। ৩৪ ॥ যদৃচ্ছয়া অনায়াসেনৈব লব্ধা হস্তগতা ইবোপসন্নাত্মনঃ মনঃ সমৃদ্ধয়ঃ অণিমাদি লক্ষণাঃ সার্ষ্ট্যাদি লক্ষণা বা যেষাং তথাভূতা অপি ॥ ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভোগ্য বস্তুনো ভবকারণত্বাৎ ভবং ॥

স্বস্মিন্ ভক্ত্যা রাজতে ইতি কিং বা স্বমেব রাট্ রাজা যেষাং তে স্বরাজো দাসা স্তেষাং ভাবঃ স্বারাজ্যং দাস্যং যচ্ছতো দদতঃ সকাশাদভিমানঃ ক্ষীণপুণ্যেন ক্ষীণচারুত্বেন যথা অধনঃ মহারাজচক্রবর্ত্তিনঃ সকাশাৎ ফলীকারান্ সতুষ তণ্ডুলকণান্ ভিক্ষতে তদ্বৎ। সতু বিদগ্ধঃ পরমোদারো রাজা যথা তস্মৈ তন্মনোরথাতীতাং সম্পত্তিং দদাতি তথৈব ভগবান্ মহ্যং স্বধামবাসিত্ব মিত্যাহো মম নির্বুদ্ধিত্ব পরম কাষ্ঠা ভগবতশ্চ কারুণ্যৌদার্য্য সীমেতি ক্ষণং সবিস্ময়স্তিমিতোঽভূদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

এবং নিস্পৃহত্বং তস্য যুক্তমিত্যাহ নেতি রজোজুষঃ পরাগরসাস্বাদিনঃ দাস্যং ঋতে আত্মনোঽর্থমন্যং ন বাঞ্ছন্তি যদৃচ্ছয়া লব্ধেন বস্তুনা মনসঃ সমৃদ্ধি র্যেষাং ॥ ৩৫ ॥

হায়! জগতের আত্মা যে ভগবান্ অতি কষ্টে প্রসন্ন হন, আমি তপস্যা দ্বারা তাঁহাকে প্রসন্ন করিয়া এ কি প্রার্থনা করিয়াছি! গতায়ুঃ ব্যক্তিতে চিকিৎসা যেমন নিস্ফলা হয় তাহার ন্যায় আমার প্রার্থিত বিষয় ব্যর্থ হইয়াছে ॥ ৩৩ ॥

আমি এমন হতভাগ্য! ভবনাশন ভগবানের নিকট ভবপ্রদ ভোগ্য বস্তু প্রার্থনা করিয়াছি! হায় কি আক্ষেপের বিষয়! তিনি আমাকে নিজানন্দ প্রদান করিতেছিলেন, আমি এমত ক্ষীণ পুণ্য ও এতাদৃশ মূঢ় যে মোহ বশতঃ তাঁহার নিকট অভিমান ভিক্ষা করিলাম। যেমন অল্প পুণ্য অধম ব্যক্তি চক্রবর্ত্তি রাজার সন্নিধানে গমন করিয়া সতুষ তণ্ডুল কণা যাচ্ঞা করে, আমার প্রার্থনা অবিকল তদ্রূপ হইয়াছে ॥ ৩৪ ॥

মৈত্রেয় কহিলেন, হে তাত! যে সকল ব্যক্তি তোমার তুল্য এবং মুকুন্দ পদারবিন্দের রজঃ সেবন করেন, তাঁহাদের ভগবানের দাস্য ভিন্ন অন্য বিষয়ে অভিলাষ হয় না। বিদুর! ভবাদৃশ ব্যক্তি সকলের অন্য বিষয়ে বুদ্ধি নাই, যদৃচ্ছাক্রমে যাহা উপস্থিত হয় তাহাতেই মনের সমৃদ্ধি লব্ধ হইল জ্ঞান করেন, তাঁহাদের অন্য কোন বিষয়ে আকাঙ্ক্ষা হইবার সম্ভাবনাই বা কি? ॥ ৩৫ ॥

আকর্ণ্যাত্মজমায়ান্তং সম্পরেত্য যথাগতং। রাজা ন শ্রদ্দধে ভদ্রমভদ্রস্য কুতোমম ॥ ৩৬ ॥
শ্রদ্ধায় বাক্যং দেবর্ষে হর্ষ বেগেন ধর্ষিতঃ। বার্ত্তাহর্ত্তুরতি প্রীতোহারং প্রাদান্মহাধনং ॥ ৩৭ ॥
সদশ্বং রথমারুহ্য কার্ত্তস্বরপরিষ্কৃতং। ব্রাহ্মণৈঃ কুলবৃদ্ধৈশ্চ পর্য্যস্তোঽমাত্যবন্ধুভিঃ।
শঙ্খ দুন্দুভিনাদেন ব্রহ্মঘোষেণ বেণুভিঃ। নিশ্চক্রাম পুরাত্তূর্ণমাত্মজাবেক্ষণোৎসুকঃ ॥ ৩৮ ॥
সুনীতিঃ সুরুচিশ্চাস্য মহিষ্যৌ রুক্মভূষিতে। আরুহ্য শিবিকাং সার্দ্ধমুত্তমেনাভিজগ্মতুঃ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

প্রস্তুতমাহ আকর্ণ্যেতি সংপরেত্য মৃত্বা আগতমাকর্ণ্য যথা নশ্রদ্দধে বিশ্বাসং ন চকার অভদ্রস্য মে কুতোভদ্রং ইতি মত্বা ॥ ৩৬ ॥

এষ্যত্যচিরত্ত ইতি দেবর্ষে র্বাক্যং শ্রদ্ধায় ॥ ৩৭ ॥

ব্রহ্মাণাদিভিঃ পর্য্যস্তঃ পরিবৃতঃ ॥ ৩৮ ॥

অস্য রাজ্ঞো মহিষ্যৌ মধ্যে উত্তমং নিধায় একামেব শিবিকাং নরবিমানমারুহ্য ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততো মধুবনাৎ ধ্রুবস্য স্বদেশ গমন বন্ধুমিলনাদিকং বর্ণয়তি আকর্ণ্যেতি ॥ ৩৬ ॥

এষ্যত্যচিরত ইতি দেবর্ষে র্বাক্যং শ্রদ্ধায় ॥ ৩৭ ॥

পর্য্যস্তঃ পরিবৃতঃ ॥ ৩৮ ॥

উত্তমেন বালকেন সহ একাং শিবিকামারুহ্যেতি ধ্রুবস্য নিক্রমণদিনে রাজ্ঞা তত্র বহুতর মনুতপ্তেন নারদাশ্বাসিতেন ধ্রুব মাত্রে এব সৌভাগ্যং দত্তং। উত্তম মাত্রেতু দৌর্ভাগ্যং। তদপি ধ্রুবমাতা সুনীতি র্বিনয়রাশিস্তাং সপুত্রাং স্বশিবিকায়ামেবারোহয়ামাসেতি তত্ত্বং ॥ ৩৯। ৪০। ৪১। ৪২ ॥

সে যাহা হউক, এক্ষণে প্রকৃত কথা বলি শুন, রাজা উত্তানপাদের বার্ত্তাবহগণ দূর হইতে ধ্রুবকে আসিতে দেখিয়া রাজসন্নিধানে গমন পূর্ব্বক নিবেদন করিল, মহারাজ! রাজতনয় ধ্রুব প্রত্যাগমন করিতেছেন। কিন্তু মৃত ব্যক্তি প্রত্যাগমন করিতেছে একথা বলিলে যেমন কেহ বিশ্বাস করে না তাহার ন্যায়, আত্মজ আসিতেছেন এ কথা শুনিয়াও রাজার বিশ্বাস হইল না, বরং এই মনে করিলেন আমি অতি অভদ্র আমার কি আর ভদ্র হইবে? ॥ ৩৬ ॥

অনন্তর দেবর্ষি নারদের বাক্য স্মরণ হইল, তিনি বলিয়াছিলেন অচিরেই তোমার পুত্র প্রত্যাগমন করিবেন, সেই বাক্যে বিশ্বাস হওয়াতে হর্ষাবেগে অস্থির হইলেন এবং প্রীত হইয়া বার্ত্তাহারিকে মহা মূল্য হার পারিতোষিক দিলেন ॥ ৩৭ ॥

তৎপরে তাঁহার আত্মজ সন্দর্শনার্থে অতিশয় ঔৎসুক্য জন্মিল। উত্তম অশ্বযুক্ত স্বর্ণমণ্ডিত রথ সুসজ্জিত করিয়া তাহাতে আরোহণ করিলেন এবং ব্রাহ্মণ, কুলবৃদ্ধ ও অমাত্য বন্ধুগণে পরিবৃত হইয়া শীঘ্রই পুর হইতে বহির্গত হইলেন। যাত্রাকালে মঙ্গলার্থ ভূরি ভূরি শঙ্খ দুন্দুভি এবং বংশী ধ্বনি ও বেদ পাঠ হইতে লাগিল ॥ ৩৮ ॥

সুনীতি ও সুরুচি নামে তাঁহার যে দুই মহিষী ছিলেন যাঁহাদের সর্ব্বাঙ্গ স্বর্ণাভরণে বিভূষিত থাকিত, তাঁহারাও ঐ সম্বাদ প্রাপ্ত হওয়াতে দুইজনে এক শিবিকা আরোহণ পূর্ব্বক উত্তমকে সঙ্গে লইয়া নৃপতির সমভিব্যাহারে গমন করিলেন ॥ ৩৯ ॥

তং দৃষ্ট্বোপবনাভ্যাসে আয়ান্তং তরসা রথাৎ। অবরুহ্য নৃপস্তূর্ণমাসাদ্য প্রেমবিহ্বলঃ।
পরিরেভেঽঙ্গজং দোর্ভ্যাং দীর্ঘোৎকণ্ঠমনাঃ শ্বসন্ ॥ ৪০ ॥
বিষ্বক্সেনাঙ্ঘ্রি সংস্পর্শ হতাশেষাঘবন্ধনং ॥ ৪১ ॥
অথাজিঘ্রন্মুহুর্মূর্দ্ধ্নি শান্তৈ র্নয়নবারিভিঃ। স্নপয়ামাস তনয়ং জাতোদ্দামমনোরথং ॥ ৪২ ॥
অভিবন্দ্য পিতুঃ পাদাবাশীর্ভিশ্চাভিমন্ত্রিতঃ। ননাম মাতরৌ শীর্ষ্ণা সৎকৃতঃ সজ্জনাগ্রণীঃ।
সুরুচিস্তং সমুত্থাপ্য পাদাবনতমর্ভকং। পরিষ্বজ্যাহ জীবেতি বাষ্পগদ্গদয়া গিরা ॥ ৪৩ ॥
যস্য প্রসন্নো ভগবান্ গুণৈর্মৈত্রাদিভির্হরিঃ। তস্মৈ নমন্তি ভূতানি নিম্নমাপ ইব স্বয়ং ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

উপবনস্যাভ্যাসে সমীপে ॥ ৪০ ॥

বিষ্বক্সেনাঙ্ঘ্রি সংস্পর্শেন হতমশেষমঘং বন্ধনং যস্য ॥ ৪১ ॥

জাত উদ্দামো মহান্ মনোরথো যস্য ॥ ৪২ ॥

অভিমন্ত্রিতঃ পিতুরাশীর্ভিঃ সহ তেন কৃতসম্ভাষণঃ ॥ ৪৩ ॥

সুরুচ্যাঃ প্রীতি র্নাসম্ভাবিতেত্যাহ যস্যেতি। নমন্তি অনুসরন্তি আপো যথাস্বয়মেব নিম্নং দেশমবতরন্তি ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তমিতি যুগ্মকং ॥ ৪০ । ৪১ ॥

জাত ইত্যত্র স্নাত ইতি চিৎসুখঃ। নিস্তীর্ণ ইত্যর্থঃ ॥ ৪২ ॥

পূর্ব্বং পিতুঃ পাদৌ শীর্ষ্ণাভিবন্দ্য মাতরৌ ননাম তৈশ্চাশীর্ভিঃ সহাভিমন্ত্রিতঃ কৃতসংভাষণঃ সৎকৃতো মানিতশ্চ সুরুচাবপি তথা ভক্তৌ হেতুঃ সজ্জনেতি ॥ ৪৩ । ৪৪ । ৪৫ । ৪৬ । ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু সুরুচিং দুঃখদায়িনীং কথং শীর্ষ্ণা ননাম তত্রাহ সজ্জনাগ্রণীরিতি ॥ ৪৩ ॥

তস্মিন্ ধ্রুবে সুরুচ্যাঃ প্রীতি র্নাসম্ভাবিতেত্যাহ যস্যেতি ॥ ৪৪ ॥

অনন্তর যখন দৃষ্ট হইল ধ্রুব উপবন সমীপে আগমন করিতেছেন, তখন, রাজা রথ হইতে শীঘ্র অবতরণ পূর্ব্বক পদব্রজে নিকটে গেলেন এবং প্রেমে বিহ্বল হইয়া দুই বাহু প্রসারণ পূর্ব্বক আত্মজকে আলিঙ্গন করিলেন। বৎস বিদুর! সুদীর্ঘ উৎকণ্ঠা বশতঃ তখন রাজার ঘন ঘন নিশ্বাস বহিতেছিল॥ ৪০

রাজা যাঁহাকে আলিঙ্গন করিলেন বিষ্বক্সেন ভগবানের চরণ স্পর্শে তাঁহার অশেষ কলুষ বন্ধন বিনষ্ট হইয়াছিল ॥ ৪১ ॥

অনন্তর রাজা বারম্বার তাঁহার মস্তক আঘ্রাণ করিলেন এবং নেত্র বারি দ্বারা তাঁহাকে স্নান করাইলেন। বিদুর! ধ্রুবকে পুনঃ প্রাপ্ত হইয়া রাজার ঐ রূপ অশ্রুপাত হওয়া বিচিত্র নহে, যাঁহার উদ্দাম-মনোরথ, তাঁহাকে দেখিলে কাহার না আনন্দাশ্রু পাত হয় ॥ ৪২ ॥

পিতা এই প্রকার আলিঙ্গন করিয়া আশীঃ প্রয়োগ পুরঃসর সম্ভাষণ করিলে, ধ্রুব তাঁহার চরণ দ্বয় বন্দনা করিয়া মাতা ও বিমাতাকে মস্তক দ্বারা প্রণাম করিলেন। তিনি সজ্জনের অগ্রগণ্য, এই কারণে তাঁহার দুই মাতাই তাঁহার যথোচিত সৎকার করিলেন। সুরুচি আপনার পদানত বালককে উঠাইয়া আলিঙ্গন পূর্ব্বক বাষ্প গদগদ বাক্যে বলিলেন বৎস! চিরজীবী হইয়া থাক ॥ ৪৩ ॥

বাছা ধ্রুব! ভগবান্ হরি মৈত্রাদি গুণ দ্বারা যাঁহার প্রতি প্রসন্ন হন, যেমন জল স্বয়ং নিম্ন দেশে গমন করে তাহার ন্যায়, সেই ব্যক্তির প্রতি সকল লোকে আপনা হইতে নত হইয়া থাকে ॥ ৪৪ ॥

উত্তমশ্চ ধ্রুবশ্চোভাবন্যোন্যং প্রেমবিহ্বলৌ। অঙ্গসঙ্গাদুৎপুলকাবস্রৌঘং মুহুরূহতুঃ।
সুনীতিরস্য জননী প্রাণেভ্যোপি প্রিয়ং সুতং। উপগুহ্য জহাবাধিং তদঙ্গস্পর্শনির্বৃতা ॥ ৪৫ ॥
পয়স্তনাভ্যাং সুস্রাব নেত্রজৈঃ সলিলৈঃ শিবৈঃ। তদাভিষিচ্যমানাভ্যাং বীর বীরসুবো মুহুঃ ॥৪৬
তাং শশংসুর্জনা রাজ্ঞীং দিষ্ট্যা তে পুত্র আর্ত্তিহা। প্রতিলব্ধশ্চিরং নষ্টো রক্ষিতা মণ্ডলং ভুবঃ।
অভ্যর্চ্চিত স্ত্বয়া নূনং ভগবান্ প্রণতার্ত্তিহা। যদনুধ্যায়িনো ধীরা মৃত্যুং জিগ্যুঃ সুদুর্জয়ং ॥ ৪৭ ॥
লাল্যমানং জনৈরেবং ধ্রুবং স ভ্রাতরং নৃপঃ। আরোপ্য করিণীং হৃষ্টঃ স্তূয়মানোঽবিশৎপুরং ॥৪৮

শ্রীধরস্বামী।

উহতু র্দধতুঃ ॥ ৪৫ ॥
হে বীর বীরসুবো ধ্রুবমাতুঃ অভিষিচ্যমানাভ্যাং স্তনাভ্যাং পয়স্তদা সুস্রাব ॥ ৪৬ ॥
চিরং নষ্টঃ দর্শনমপ্রাপ্তঃ রক্ষিতা রক্ষিষ্যতি ॥ ৪৭ ॥
এবমিতি ব্যবহিতং পিত্রাদিলালনং পরামৃশ্যতে ॥ ৪৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

লাল্যমানমিতি পঞ্চকং ॥ ৪৮ । ৪৯ । ৫০ । ৫১ । ৫২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সুনীতেঃ পশ্চাম্মিলনমানন্দ মূর্চ্ছাভঙ্গে সতীতি জ্ঞেয়ং ॥ ৪৫ ॥
হে বীর ত্বমিব ভগবদ্ধর্ম্মবীরং ধ্রুবং সূতে ইতি তস্যাঃ সুনীতেঃ ॥ ৪৬ ॥
অভ্যর্চ্চিত ইত্যতএব স্বপুত্রস্য মৃত্যুং ত্বমজৈষীরিতি ভাবঃ ॥ ৪৭ ॥
এবং নৃপোপি দিষ্ট্যেতি পাদোনশ্লোকদ্বয়েন জনৈঃ স্তূয়মানঃ পুরমবিশৎ ॥ ৪৮ ॥

অনন্তর উত্তম এবং ধ্রুব দুই ভ্রাতায় পরস্পর প্রেমে বিহ্বল হইয়া অন্যোন্যের অঙ্গ সঙ্গে পুলকিত হইলেন। সে সময় তাঁহাদের দুই জনেরই নেত্র হইতে মুহুর্মুহুঃ অশ্রু পতিত হইয়াছিল। তৎপরে ধ্রুবজননী সুনীতি প্রাণাপেক্ষা প্রিয়তর তনয়কে ক্রোড়ে লইয়া আপনার মানসিক সন্তাপ পরিত্যাগ করিলেন এবং আত্মজের সুকোমল অঙ্গ সংস্পর্শে তাঁহার পরম সুখানুভব হইল ॥ ৪৫ ॥

হে বীর বিদুর! তৎকালে বীরপ্রসবিনী সুনীতির পবিত্র নয়ন বারিতে অভিষিচ্যমান স্তনদ্বয় হইতে বারম্বার দুগ্ধ ক্ষরণ হইতে লাগিল ॥ ৪৬ ॥

ঐ সময়ে তত্রস্থ সমস্ত মানব সুনীতির শুভাদৃষ্টের প্রশংসা করিয়া কহিতেছিল, রাজ্ঞি! ভাগ্য বলে চিরকালের অনুদ্দিষ্ট সন্তান পুনর্ব্বার লব্ধ হইলেন, ইনি তোমার ক্লেশ নিবারক, ইহাঁ হইতেই ভূমণ্ডলের রক্ষা হইবে। হে রাজ্ঞি! আমাদের নিশ্চয় বোধ হইতেছে তুমি ভগবানের মহতী আরাধনা করিয়াছিলে, তিনি প্রণত জনের পীড়া বিনষ্ট করেন, তাহার ধ্যান করিয়া বীরগণ সুদুর্জয় মৃত্যুকেও জয় করিয়া থাকেন ॥ ৪৭ ॥

এই প্রকারে পুরবাসি জন সকল ধ্রুবের গুণ কীর্ত্তন করিতে থাকিলে, রাজা উত্তানপাদ ভ্রাতার সহিত ধ্রুবকে গজোপরি আরোহণ করাইয়া আপনার সমভিব্যাহারে লইয়া পুর প্রবেশ করিলেন, তখন সমস্ত লোকে তাঁহার স্তব করিতে লাগিল ॥ ৪৮ ॥

তত্র তত্রোপসংক৯প্তৈর্লসন্মকরতোরণৈঃ । সবৃন্তৈঃ কদলীস্তম্ভৈঃ পূগপোতৈশ্চ তদ্বিধৈঃ ॥ ৪৯
চূতপল্লব বাস স্রঙ্ মুক্তাদামবিলম্বিভিঃ । উপস্কৃতপ্রতিদ্বারমপাং কুম্ভৈঃ সদীপকৈঃ ॥ ৫০ ॥
প্রাকারৈর্গোপুরাগারৈঃ শাতকুম্ভপরিচ্ছদৈঃ । সর্ব্বতোঽলঙ্কৃতং শ্রীমদ্বিমানশিখরদ্যুভিঃ ॥ ৫১ ॥
মৃষ্ট চত্বর রথ্যাট্ট মার্গং চন্দনচর্চ্চিতং । লাজাক্ষতৈঃ পুষ্পফলৈ স্তণ্ডুলৈর্বলিভির্যুতং ॥ ৫২ ॥
ধ্রুবায় পথি দৃষ্টায় তত্র তত্র পুরস্ত্রিয়ঃ । সিদ্ধার্থাক্ষত দধ্যম্বু দূর্ব্বাপুষ্প ফলানিচ ।
উপজহ্রুঃ প্রযুঞ্জানা বাৎসল্যাদাশিষঃ সতীঃ । শৃণ্বংস্তৎগুণগীতানি প্রাবিশদ্ভবনং পিতুঃ ।

শ্রীধরস্বামী ।

পুরং বর্ণয়তি তত্র তত্রেতি চতুর্ভিঃ । সবৃন্তৈঃ ফলমঞ্জরীযুক্তৈঃ । পূগানাং পোতৈঃ বালবৃক্ষৈঃ তদ্বিধৈঃ সবৃন্তৈঃ উপস্কৃত প্রতিদ্বারমিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৪৯ ॥

চূতপল্লবাশ্চ বাসাংসিচ স্রজশ্চ মুক্তাদামানিচ তেষাং বিশিষ্টো লম্বোলম্বনং অস্তি যেষু কুম্ভেষু ॥ ৫০ ॥

গোপুরৈরগারৈশ্চ শাতকুম্ভাঃ স্বর্ণময়াঃ পরিচ্ছদাঃ পরিকরা যেষু । বিমানানামিব শিখরৈ র্দ্যোতির্দ্যোতি র্যেষাং ॥ ৫১ ॥

চত্বরমঙ্গনং রথ্যা মহামার্গঃ অট্টহর্ম্ম্যস্ত উচ্চস্যোপরি নির্ম্মিতা ভূমিকা মার্গোঽবান্তরঃ । মৃষ্টাঃ সম্মার্জ্জিতাশ্চত্বরাদয়ো যস্মিন্ ॥ ৫২ ॥

সিদ্ধার্থঃ শ্বেতসর্ষপঃ । অক্ষতা যবা উপজহ্রুঃ ব্যকিরন্ । সতীঃ সত্যঃ ॥ ৫৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

ধ্রুবায়েতি সার্দ্ধকং ॥
শৃণ্বন্নিত্যর্দ্ধকং ॥ ৫৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

পুরং বর্ণয়তি তত্র তত্রেতি চতুর্ভিঃ । উপসংক৯প্তৈস্তদানীমেবোদ্যানাদিভ্য আনীয়ারোপিতৈঃ । লসন্মকরাণি তোরণানি যত্র তৈঃ । সবৃন্তৈঃ ফলমঞ্জরীযুক্তৈঃ । কদলীস্তম্ভৈরুপস্কৃত প্রতিদ্বারমিত্যন্বয়ঃ ॥ ৪৯ ॥

চূতেতি অপাং কুম্ভৈরিত্যস্য বিশেষণং ॥ ৫০ ॥

গোপুরাণি পুরদ্বারাণি গোপুরৈরগারৈশ্চ বিমান শিখরাণামিব দ্যোতির্দ্যোতি র্যেষাং তৈঃ ॥ ৫১ ॥

চত্বরমঙ্গনং রথ্যা মহামার্গঃ ॥ ৫২ ॥

সিদ্ধার্থাঃ শ্বেতসর্ষপাঃ । অক্ষতা যবাঃ । উপজহ্রু র্ব্যকিরন্ সতীঃ সত্যঃ ॥ ৫৩ ॥

পুরের প্রত্যেক দ্বারে ফল মঞ্জরী যুক্ত কদলীস্তম্ভ এবং তাদৃশ নবীন গুবাক বৃক্ষ ও তোরণ অর্থাৎ বহির্দ্বারোপরি মাল্য সজ্জিত ছিল, ঐ তোরণে মকরের আকার শোভা পাইতেছিল ॥ ৪৯ ॥

অপর আম্র পল্লব, নববস্ত্র, মাল্য এবং লম্বিত মুক্তাদাম শোভিত প্রদীপ সহ পূর্ণকুম্ভ বহির্ভাগে স্থাপিত হইয়াছিল ॥ ৫০ ॥

আর প্রাচীর, গোপুর (ফটক) এবং অগার দ্বারা সেই পুরী চারিদিকে অলঙ্কৃতা হইয়াছিল, ঐ সকল প্রাচীরাদিতে স্বর্ণময় পরিচ্ছদ থাকাতে সুশোভন বিমানের শিখর তুল্য সর্বদাই শোভা পাইত ॥ ৫১

অপর সেই পুরের অঙ্গন, রাজপথ এবং উচ্চ হর্ম্ম্যোপরি নির্ম্মিত রম্য ভূমিকা সকল (গৃহ বিশেষ) সম্মার্জ্জিত ও চন্দন দ্বারা চর্চ্চিত এবং লাজ, অক্ষত, পুষ্প, ফল, তণ্ডুল ও অন্যান্য পূজোপহারে সুসজ্জিত হইয়া রহিয়াছিল ॥ ৫২ ॥

সে যাহা হউক সাধ্বী পুরস্ত্রী সকল ধ্রুবকে পথে আসিতে দেখিয়া হৃষ্টচিত্ত হইল এবং আশীর্ব্বাদ প্রয়োগ করিতে করিতে শ্বেত সর্ষপ, যব, দধি, দূর্ব্বা পুষ্প, ফল প্রভৃতি উপহার প্রদান করিল। পরে

মহামণিব্রাতময়ে স তস্মিন্ ভবনোত্তমে। লালিতো নিতরাং পিত্রা ন্যবসদ্দিবি দেববৎ ॥ ৫৩ ॥
পয়ঃ ফেণনিভাঃ শয্যা দান্তা রুক্মপরিচ্ছদাঃ। আসনানি মহার্হাণি যত্র রৌক্মা উপস্করাঃ।
যত্র স্ফটিককুড্যেষু মহামারকতেষুচ। মণিপ্রদীপা আভান্তি ললনারত্নসংযুতাঃ।
উদ্যানানিচ রম্যাণি বিচিত্রৈরমরদ্রুমৈঃ। কূজদ্বিহঙ্গমিথুনৈ র্গায়ন্মত্ত মধুব্রতৈঃ ॥ ৫৪ ॥
বাপ্যো বৈদূর্য্যসোপানাঃ পদ্মোৎপল কুমুদ্বতীঃ। হংসকারণ্ডবকুলৈ র্জুষ্টাশ্চক্রাহ্বসারসৈঃ।
উত্তানপাদো রাজর্ষিঃ প্রভাবং তনয়স্য তং। শ্রুত্বা দৃষ্টাদ্ভুততমং প্রপেদে বিস্ময়ং পরং ॥ ৫৫ ॥
বীক্ষ্যোঢ়বয়সং পুত্রং প্রকৃতীনাঞ্চ সম্মতং। অনুরক্তপ্রজং রাজা ধ্রুবং চক্রে ভুবঃ পতিং ॥ ৫৬ ॥

শ্রীধরস্বামী

যত্র ভবনোত্তমে ॥ ৫৪ ॥
কুমুৎ কুমুদঃ। পদ্মাদিমত্যো বাপ্যঃ ॥ ৫৫ ॥
উঢ়বয়সং প্রাপ্তযৌবনং। অনুরক্তাঃ প্রজা যস্মিন্ ॥ ৫৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

যত্রেতি ত্রিকং ॥ ৫৪। ৫৫। ৫৬। ৫৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যত্র ভবনোত্তমে শয্যাদয়োরৌক্মাস্তাঃ ভোগোপস্করাঃ সন্তি ॥ ৫৪। ৫৫ ॥
উঢ়বয়সং প্রাপ্তযৌবনং ॥ ৫৬। ৫৭ ॥

তাহারা সুললিত স্বরে যে গুণ গান আরম্ভ করিল, তাহা শ্রবণ করিতে করিতে স্বীয় ভবনে প্রবেশ করিলেন। তথায় রাজা উত্তানপাদ অত্যন্ত স্নেহ বশতঃ তাঁহার নিবাসার্থ মহামণি সমূহে খচিত উৎকৃষ্ট ভবন নির্দ্দিষ্ট করিয়া দিলেন, তাহাতে দেবতা যেমন স্বর্গে বাস করেন তাহার ন্যায়, ধ্রুব পরম সুখে সেই ভবনে অবস্থিতি করিতে লাগিলেন ॥ ৫৩ ॥

তাঁহার প্রভাবে সেই গৃহে হস্তিদন্ত নির্ম্মিত পর্য্যঙ্কে দুগ্ধফেন তুল্য শয্যা, স্বর্ণময় পরিচ্ছদ, মহার্হ আসন এবং কাঞ্চনময় সম্মার্জনী ছিল। অপর স্ফটিক ও মহামূল্য মরকতময় ভিত্তিতে মণিময় প্রদীপ সকল সুরম্যা রমণীদের হস্তস্থিত রত্নালঙ্কারের সহিত দীপ্তি পাইতে লাগিল। আর তত্রত্য মনোহর উদ্যান সকল বিচিত্র অমর তরুতে সাতিশয় রমণীয় হইল। সেই সকল বৃক্ষোপরি বিহঙ্গ মিথুন সুমধুর স্বরে কূজন এবং মধুকর নিকর গুণ গুণ রবে গান করিতে লাগিল ॥ ৫৪ ॥

ঐ উদ্যানস্থ বাপী সকলে বৈদূর্য্য মণি নির্ম্মিত সোপান এবং জল মধ্যে কমল, উৎপল, কুমুদ, ইত্যাদি সকল পরম শোভা বিস্তার করিল, আর তথায় হংস, কারণ্ডব, চক্রবাক্ এবং সারসাদি জলচর পক্ষিকুল সুখী হইয়া কেলি করিতে প্রবৃত্ত হইল। রাজা উত্তানপাদ আপনার তনয়ের ঐ সকল প্রভাব দর্শন ও শ্রবণ করিয়া পরম বিস্ময়াপন্ন হইলেন ॥ ৫৫ ॥

অনন্তর তনয়কে প্রাপ্তযৌবন এবং রাজ্যাঙ্গ প্রকৃতি প্রভৃতির সম্মত, তথা প্রজারঞ্জনে অনুরক্ত দেখিয়া পৃথিবীর অধীশ্বর করিলেন ॥ ৫৬ ॥

আত্মানঞ্চ প্রবয়সমাকলয্য বিশাংপতিঃ। বনং বিবিক্তঃ প্রাতিষ্ঠৎ বিমৃশন্নাত্মনো গতিং ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতে নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

প্রজাপতে র্দুহিতরং শিশুমারস্য বৈ ধ্রুবঃ। উপযেমে ভ্রমিং নাম তৎসুতৌ কল্পবৎসরৌ ॥ ১ ॥
ইলায়ামপি ভার্য্যায়াং বায়োঃ পুত্র্যাং মহাবলঃ। পুত্ত্রমুৎকলনামানং যোষিদ্রত্নমজীজনৎ ॥ ২ ॥
উত্তমস্ত্বকৃতোদ্বাহো মৃগয়ায়াং বলীয়সা। হতঃ পুণ্যজনেনাদ্রৌ তন্মাতাস্য গতিং গতা ॥ ৩ ॥

শ্রীধরস্বামী ।

প্রবয়সং বৃদ্ধং ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে নবমঃ ॥ * ॥

দশমে ভ্রাতৃ হন্তৄণাং যক্ষাণামকরোদ্বধং। এক এবালকাং গত্বেত্যস্য বিক্রম উচ্যতে ॥ ১ ॥
যোষিতাং রত্নমিবাতিমনোহরং কন্যারত্নং চেতি বা ॥ ২ ॥
যক্ষেণাদ্রৌ হিমবতি হতঃ। আজাবিতি পাঠে যুদ্ধে অস্য গতিং গতা মৃতেত্যর্থঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য নবমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

প্রজেতি। অস্মাদুদ্বাহতঃ পূর্ব্বমেবোত্তানপাদবনগমনমিতি গম্যতে। ভ্রম্যাদাবপি পূর্ব্ববত্তগবচ্ছক্ত্যাদি রূপত্বং জ্ঞেয়ং ॥ ১ ॥
ইলায়াং পূর্ব্বমেব পরিনীতায়াং ॥ ২ । ৩ । ৪ । ৫ । ৭ । ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ধ্রুবো ভ্রাতুর্বধং যক্ষৈঃ শ্রুত্বা গত্বালকাং পুরীং। যক্ষান্ যুদ্ধে জঘানেতি দশমে কথ্যতে কথা ॥ ১ ॥
যোষিদ্রত্নং কন্যারত্নং চ ॥ ২ ॥
অদ্রৌ হিমবতি। আজাবিতি পাঠে তৈঃ সহ যুদ্ধে। অস্য গতিং পুত্রমন্বিষ্যন্তী দাবানলান্মৃত্যুং ॥ ৩ ॥

শেষে আপনারও অবস্থা বিবেচনা করিয়া দেখিলেন, আমি ত প্রাচীন হইলাম, আর মৃত্যুর অধিক বিলম্ব নাই, অতএব বিষয়ভোগে বিরক্ত হইয়া কি উপায়ে আমার সদ্গতি হইতে পারে, যুক্তি দ্বারা তাহা স্থির করণানন্তর বনে প্রস্থান করিলেন ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে নবম ॥ * ॥

দশমাধ্যায়ে যক্ষগণ কর্ত্তৃক ভ্রাতা উত্তমের বধ হইয়াছে শুনিয়া শোকাকুল চিত্তে ধ্রুবের একাকী অলকা পুরীতে গমন এবং তথায় যক্ষ সকলের সহিত তাঁহার যুদ্ধ বিক্রম বর্ণন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ধ্রুব রাজ্যে অভিষিক্ত হইয়া শিশুমার তনয়া ভ্রমির পাণিগ্রহণ করিলেন। তাহার গর্ত্তে কল্প ও বৎসর নামে দুই পুত্র উৎপন্ন হইল ॥ ১ ॥

ভ্রমি ব্যতীত বায়ুপুত্রী ইলাও মহাবীর ধ্রুবের অন্য এক ভার্য্যা ছিল, তাহাতেও তিনি এক পুত্র এবং যোষিৎ সকলের মধ্যে রত্ন স্বরূপা অতি মনোহরা একটী কন্যা উৎপন্ন করিয়াছিলেন ॥ ২ ॥

তাঁহার ভ্রাতা উত্তম দার পরিগ্রহ করেন নাই, অকৃত বিবাহাবস্থায় এক দিন মৃগয়ায় গমন করিয়া অরণ্য মধ্যে একটা বলবান্ যক্ষ কর্ত্তৃক নিহত হন, উত্তমের মাতা সুরুচিও পুত্রের অনুসন্ধানার্থ গমন করিয়া তাহার গতি প্রাপ্ত হইল ॥ ৩ ॥

ধ্রুবো ভ্রাতৃবধং শ্রুত্বা কোপামর্ষ শুচার্পিতঃ । জৈত্রং স্যন্দনমাস্থায় গতঃ পুণ্যজনালয়ং ॥ ৪ ॥
গত্বোদীচীং দিশং রাজা রুদ্রানুচরসেবিতাং । দদর্শ হিমবদ্দ্রোণ্যাং পুরীং গুহ্যকসঙ্কুলাং ॥ ৫ ॥
দধ্মৌ শঙ্খং বৃহদ্বাহুঃ খং দিশশ্চানুনাদয়ন্ । যেনোদ্বিগ্নদৃশঃ ক্ষত্তরুপদেব্যোঽত্রসন্ ভৃশং ।
ততো নিষ্ক্রম্য বলিন উপদেব মহাভটাঃ । অসহন্তস্তন্নিনাদমভিপেতুরুদায়ুধাঃ ॥ ৬ ॥
স তানাপততো বীরানুগ্রধন্বা মহারথঃ । একৈকং যুগপৎ সর্ব্বানহন্ বাণৈস্ত্রিভিস্ত্রিভিঃ ।
তে বৈ ললাটলগ্নৈস্তৈরিষুভিঃ সর্ব্ব এবহি । মত্বা নিরস্তমাত্মানমাশংসন্ কর্ম্ম তস্য তৎ ॥ ৭ ॥
তেপি চামুমমৃষ্যন্তঃ পাদস্পর্শমিবোরগাঃ । শরৈরবিধ্যন্ যুগপৎ দ্বিগুণং প্রচিকীর্ষবঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী ।

কোপামর্ষ শুচাং দ্বন্দ্বৈক্যং তেনার্পিতো ব্যাপ্তঃ । জৈত্রং জয়হেতুং পুণ্যজনালয়ং অলকাং ॥ ৪ ॥
রুদ্রানুচরা ভূতাদয়ঃ ॥ ৫ ॥
দধ্মৌ বাদিতবান্ । যেন শঙ্খবাদনেন । হে ক্ষত্তঃ উপদেব্যো যক্ষস্ত্রিয়ঃ ॥ ৬ ॥
একৈকং ত্রিভিস্ত্রিভিঃ । ইত্যেবং সর্ব্বান্ ত্রয়োদশাযুতানি যক্ষান্ যুগপদহন্ জঘান ॥ ৭ ॥
তেপি তৎকর্ম্মাসহমানা অমুমবিধ্যন্ । দ্বিগুণং যথা ভবতি । ষড়্ভিঃ ষড়্ভিঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অর্পিতো ব্যাপ্তঃ ॥ ৪ । ৫ ॥
উপদেব্যো যক্ষস্ত্রিয়ঃ ॥ ৬ ॥
আশংসন্ মনসা সম্যক্ তুষ্টুবুঃ ॥ ৭ ॥
দ্বিগুণং যথাস্যাত্তথা ষড়্ভিঃ ষড়্ভিঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ ॥ ৮ ॥

অনন্তর ধ্রুব যখন শুনিতে পাইলেন একটা যক্ষ ভ্রাতার প্রাণ বধ করিয়াছে, তখন কোপ, অক্ষমা, এবং শোকব্যাপ্ত হইয়া জয়শালি রথে আরোহণ পূর্ব্বক যক্ষদিগের ভবনাভিমুখে অর্থাৎ অলকাপুরীর প্রতি যাত্রা করিলেন ॥ ৪ ॥

উত্তর দিকে গমন করিলে, হিমালয়ের উপত্যকায় রুদ্রানুচর ভূতগণে সেবিত এবং গুহ্যক সকলে সঙ্কুল এক পুরী তাঁহার দৃষ্টিগোচর হইল ॥ ৫ ॥

তিনি ঐ পুরীর সমীপে উপস্থিত হইয়া শঙ্খধ্বনি করিলেন, তাহাতে অন্তরীক্ষ ও দিক্ সকল হইতে প্রতিধ্বনি হইতে লাগিল। বৎস বিদুর! ঐ শঙ্খ নিনাদে যক্ষস্ত্রীগণ উদ্বিগ্ন দৃষ্টি হইয়া সাতিশয় ত্রাসিত হইয়াছিল। যক্ষসেনাগণ মহাবল পরাক্রম,তাহারা ঐ শব্দ সহ্য করিতে না পারিয়া সশস্ত্র হইয়া নির্গত হইল এবং স্ব স্ব আয়ুধ উদ্যত করিয়া তাঁহার প্রতি ধাবমান হইয়া আসিতে লাগিল ॥ ৬ ॥

মহা ধনুর্দ্ধর ধ্রুব তাহাদিগকে আসিতে দেখিয়া এক এক জনকে তিন তিন বাণ দ্বারা আঘাত করত এক কালীন সকলকেই বিদ্ধ করিলেন। যক্ষসৈন্যগণ ললাট লগ্ন ঐ-সকল বাণ দ্বারা আপনাদিগকে পরাজিত মানিয়া তাঁহার ঐ কর্ম্মের প্রশংসা করিতে লাগিল ॥ ৭ ॥

পরন্তু যেমন সর্পগণ পাদস্পর্শ সহিতে পারে না অর্থাৎ কেহ চরণ দ্বারা স্পর্শ করিলে রোষাবিষ্ট হইয়া উঠে তাহার ন্যায়, যক্ষসেনারাও ধ্রুবের ঐ বাণ বর্ষণ সহ্য করিতে পারিল না। অতএব দ্বিগুণতর তাঁহার প্রতি হিংসা করিতে ইচ্ছা করিয়া প্রত্যেকে ছয় ছয়টা বাণদ্বারা তাহাকে বিদ্ধ করিতে লাগিল ॥ ৮ ॥

ততঃ পরিঘনিস্ত্রিংশৈঃ প্রাস শূল পরশ্বধৈঃ। শক্ত্যৃষ্টিভির্ভুষণ্ডীভিশ্চিত্রবাজৈঃ শরৈরপি।
অভ্যবর্ষন্ প্রকুপিতাঃ সরথং সহ সারথিং। ইচ্ছন্তস্তৎ প্রতীকর্ত্তুমযুতানাং ত্রয়োদশ ॥ ৯ ॥
ঔত্তানপাদিঃ স তদা শস্ত্রবর্ষেণ ভূরিণা। নো এবাদৃশ্যত চ্ছন্ন আসারেণ যথা গিরিঃ ॥ ১০ ॥
হাহাকারস্তদৈবাসীৎ সিদ্ধানাং দিবি পশ্যতাং। হতোঽয়ং মানবঃ সূর্য্যো মগ্নঃপুণ্যজনার্ণবে ॥ ১১
নদৎসু যাতুধানেষু জয়কাশিষ্বথো মৃধে। উদতিষ্ঠদ্রথস্তস্য নীহারাদিব ভাস্করঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

চিত্রবাজৈশ্চিত্রপক্ষৈঃ ॥ ৯ ॥

ধারাসম্পাতেন ছন্নো গিরিরিব নৈবাদৃশ্যত ॥ ১০ ॥

সূর্য্যতুল্যঃ ॥ ১১ ॥

যাতুধানেষু রাক্ষসেষু জয়কাশিষু জিতং জিতমিতি জয়প্রকাশকেষু সৎসু ॥ ১২ ॥

ব্যধমৎ সংচূর্ণয়ামাস ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ততঃ পরিঘেতি যুগ্মকং ॥ ৯। ১০ ॥

পুণ্যজনেনেত্যাদিকং দৈত্যদানববৎ যক্ষ রক্ষসোরভেদনির্দেশাৎ হতঃ প্রতিবদ্ধঃ মনোহতঃ প্রতিহতঃ প্রতিবদ্ধো হতশ্চ স ইত্যমরঃ হন্তোঽয়মিত্যত্র হন্তেতি চিৎসুখঃ ॥ ১১ ॥

নীহারাদিব ভাস্কর ইতি তদ্বচ্ছক্ত্যেব তদতিক্রমো জ্ঞেয়ঃ ॥ ১২। ১৩। ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চিত্রবাজৈ র্বিচিত্রপক্ষৈঃ ॥ ৯ ॥

আসারেণ ধারাসম্পাতেন ছন্নোগিরিরিব নৈবাদৃশ্যত ॥ ১০ ॥

সূর্য্যঃ সূর্য্যতুল্যঃ পুণ্যজনার্ণব ইতি তেষাং সরস্বত্যা ধ্রুবস্য কোপি নাপকারোঽভূদিতি ব্যজ্যতে নহ্যর্ণবে মগ্নস্য সূর্য্যস্য কিমপি কষ্টঃ ভবেদিতি ॥ ১১ ॥

জয়কাশিষু জিতং জিতমিতি স্বজয়প্রকাশকেষু সৎসু ॥ ১২ ॥

তদনন্তর তের অযুত সেনা একেবারে কুপিত হইয়া আসিল এবং পরিঘ (অস্ত্র বিশেষ) নিস্ত্রিংশ ভূষণ্ডী ও বিচিত্র পক্ষবিশিষ্ট শর তাঁহার সারথি এবং তদীয় রথের প্রতি নিক্ষেপ পূর্ব্বক বর্ষণ করিতে লাগিল ॥ ৯ ॥

উত্তানপাদ রাজার পুত্র ধ্রুব ঐ রূপ ভূরি ভূরি শস্ত্র বর্ষণে এমত আচ্ছন্ন হইলেন যে ধারাপতনে আচ্ছন্ন পর্ব্বত যেমন অদৃশ্য হয় তাহার ন্যায়, তাঁহাকে দেখিতে পাওয়া গেল না ॥ ১০ ॥

এই সময় সিদ্ধগণ স্বর্গে থাকিয়া যুদ্ধ দর্শন করিতেছিলেন, তাঁহারা ঐ ব্যাপার দর্শনে এই বলিয়া হাহাকার করিতে লাগিলেন, হায়! এই সূর্য্যতুল্য অতি তেজস্বী মানব ধ্রুব যক্ষসৈন্য সাগরে পতিত হইয়া মগ্ন হইল ॥ ১১ ॥

অনন্তর রাক্ষসেরা যুদ্ধে "জয় করিলাম, জয় করিলাম" এই বলিয়া শব্দ করত আপনাদের জয় প্রকাশ আরম্ভ করিলে, যেমন নীহার মধ্য হইতে ভাস্কর উদিত হন তাহার ন্যায়, রণস্থল হইতে ধ্রুবের রথ উত্থিত হইল ॥ ১২ ॥

ধনুর্বিস্ফূর্জয়ন্নুগ্রং দ্বিষতাং খেদমুদ্বহন্। অস্ত্রৌঘং ব্যধমদ্বাণৈর্ঘনানীকমিবানিলঃ ॥ ১৩ ॥
তস্য তে চাপনির্মুক্তা ভিত্ত্বা বর্ম্মাণি রক্ষসাং। কায়ানাবিবিশুস্তিগ্মা গিরীনশনয়ো যথা ॥ ১৪ ॥
ভল্লৈঃ সংছিদ্যমানানাং শিরোভিশ্চারুকুণ্ডলৈঃ। ঊরুভি র্হেমতালাভৈ র্দোর্ভি র্বলয়বল্গুভিঃ।
হার কেয়ূর মুকুটৈরুষ্ণীষৈশ্চ মহাধনৈঃ। আস্তৃতা স্তা রণভুবো রেজু র্বীরমনোহরাঃ ॥ ১৫ ॥
হতাবশিষ্টা ইতরে রণাজিরাদ্রক্ষোগণাঃ ক্ষত্রিয়বর্য্যশায়কৈঃ।
প্রায়ো বিবৃক্ণাবয়বা বিদুদ্রুবু র্মৃগেন্দ্রবিদ্রাবিতযূথপা ইব ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বর্ম্মাণি কবচানি ॥ ১৪ ॥
শিরঃ প্রমুখৈরাস্তৃতাঃ প্রকীর্ণা রেজুরিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১৫ ॥
প্রায়ো বাহুল্যেন বিবৃক্ণাঃ সংছিন্না অবয়বা যেষাং ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভল্লৈরিতি যুগ্মকং ॥ ১৫ ॥
ক্রীড়িতা ইত্যত্র দ্রাবিতা ইতি ক্বচিৎ ॥ ১৬ । ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যধমৎ সংচূর্ণয়ামাস ॥ ১৩ ॥

গিরীনশনয়ো যথেতি আসারেণ যথা গিরিরিতি দৃষ্টান্তাভ্যাং যক্ষাণাং শরাঃ ধ্রুবস্যাকিঞ্চিৎকরাঃ প্রত্যুতোৎসাহবর্দ্ধকা এব যথা ধারা সংপাতেন গিরয়ঃ ক্ষালিতমলা উদ্দীপ্তা এব ভবন্তি ধ্রুবস্য শরাস্তু যক্ষাণাং প্রাণাপহারিণ এব যথা অশনিভির্গিরয়ো বিদীর্য্যন্তে এবেতি ব্যঞ্জিতং ॥ ১৪ ॥

আস্তৃতা আচ্ছন্নাঃ ॥ ১৫ । ১৬ ॥

তিনি আপনার উগ্র ধনুঃ বিস্ফূর্জিত করিয়া শত্রুদিগের খেদ বৃদ্ধি করিতে লাগিলেন, পরে বায়ু যেমন মেঘ রূপ সেনাকে ছিন্ন ভিন্ন করিয়া দেয় তাহার ন্যায়, আপনার বাণ দ্বারা বিপক্ষ পক্ষের অস্ত্র সমূহ চূর্ণ করিয়া দিলেন ॥ ১৩ ॥

তাঁহার ধনু নির্মুক্ত বাণ সকল রাক্ষসদিগের কবচ বিদীর্ণ করিয়া বজ্র যেমন পর্ব্বত মধ্যে প্রবিষ্ট হয়, তাহার ন্যায় শরীরাভ্যন্তরে প্রবেশ করিতে লাগিল ॥ ১৪ ॥

হে বীর! ভল্ল অস্ত্র দ্বারা যক্ষগণ ছিন্ন ভিন্ন হওয়াতে তাহাদের কুণ্ডলালঙ্কৃত মস্তক, স্বর্ণময় তাল তরু তুল্য ঊরু এবং বলয় ভূষিত বাহু সকলে তথা মহামূল্য হার কেয়ূর মুকুট উষ্ণীষে সেই রণ ভূমি আকীর্ণ হইয়া পরম শোভা ধারণ করিল অর্থাৎ ঐ সকল দ্বারা যুদ্ধক্ষেত্র অতি মনোহর হইল ॥ ১৫ ॥

হে ক্ষত্রিয়বর্য্য বিদুর! এই রূপে ধ্রুবের শর প্রহার দ্বারা অধিকাংশ যক্ষ ও রক্ষঃ হত হইল, অবশিষ্ট ব্যক্তিদেরও অবয়ব বাণাঘাতে বাহুল্য রূপে ছিন্ন ভিন্ন হইয়া গেল, অতএব সিংহ কর্ত্তৃক বিদারিত হইয়া যূথপতি হস্তী যেমন পলায়ন করে তাহার ন্যায়, তাহারা ভয়ে পলায়ন পরায়ণ হইল ॥ ১৬ ॥

অপশ্যমানঃ স তদাততায়িনং মহামৃধে কঞ্চনমানবোত্তমঃ।
পুরীং দিদৃক্ষন্নপি নাবিশদ্দ্বিষাং ন মায়িনাং বেদ চিকীর্ষিতং জনঃ ॥ ১৭ ॥
ইতি ব্রুবংশ্চিত্ররথঃ স্বসারথিং যত্তঃ পরেষাং প্রতিযোগশঙ্কিতঃ।
শুশ্রাব শব্দং জলধেরিবেরিতং নভস্বতো দিক্ষু রজোঽন্বদৃশ্যত ॥ ১৮ ॥
ক্ষণেনাচ্ছাদিতং ব্যোম ঘনানীকেন সর্ব্বতঃ। বিস্ফূরত্তড়িতা দিক্ষু ত্রাসয়ৎ স্তনয়িত্নুনা ॥ ১৯ ॥
ববৃষু রুধিরৌঘাসৃক্ পূয়বিণ্মূত্র মেদসঃ! নিপেতু র্গগনাদস্য কবন্ধান্যগ্রতোঽনঘ ॥ ২০ ॥
ততঃ খে দৃশ্যত গিরির্নিপেতুঃ সর্ব্বতো দিশং। গদা পরিঘ নিস্ত্রিংশ মুষলাঃ সাশ্মবর্ষিণঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

আততায়িনং শস্ত্রপাণিং ॥ ১৭ ॥

ইতি ব্রুবন্নিত্যত্রাপি নমায়িনামিত্যাদে রনুষঙ্গঃ চিত্ররথো ধ্রুবঃ। যত্তঃ যত্নবান্। প্রতিযোগঃ পুনরুদ্যোগঃ তস্মাচ্ছঙ্কিতঃ। নভস্বতো বায়োর্হেতোঃ ॥ ১৮ ॥

বিস্ফুরন্ত্যস্তড়িতো যস্মিন্ তেন ত্রাসয়ন্তঃ স্তনয়িত্নবোঽশনয়ো যস্মিন্ ॥ ১৯ ॥

ববৃষু র্নিপেতুরিত্যর্থঃ। ন সৃজতি শরীরমিত্যসৃগিহ শ্লেষ্মাদি। মেদসঃ পুংস্ত্বমার্ষং। মেদাংসি অস্যাগ্রতো নিপেতুঃ ॥ ২০ ॥

সাশ্মবর্ষিণঃ অশ্ম সহিতং যদ্বর্ষং তদ্বন্তঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

চিত্ররথ স্তন্নামা ধ্রুবঃ ব্যদৃশ্যতেতি তু গৌড়পাঠঃ ॥ ১৮ ॥

ক্ষণেন ছুরিতমিতি চিৎসুখঃ ॥ ১৯। ২০। ২১। ২২। ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আততায়িনং শস্ত্রপাণিং ॥ ১৭ ॥

ইতি ন মায়িনামিতি বাক্যং ব্রুবন্ চিত্ররথো ধ্রুবঃ। অনু অনন্তরং নভস্বতো হেতোর্দিক্ষু রজঃ ॥ ১৮। ১৯ ॥

ন সৃজতি শরীরমিত্যসৃক্ শ্লেষ্মাদি মেদসঃ পুংস্ত্বমার্ষং মেদাংসি ববৃষুর্মেঘা ইতি শেষঃ। অস্য ধ্রুবস্যাগ্রতঃ ॥ ২০ ॥

সাশ্মবর্ষিণঃ অশ্মবর্ষিভিঃ পুরুষৈঃ সহ বর্ত্তমানাঃ ॥ ২১। ২২ ॥

অনন্তর যুদ্ধক্ষেত্রে শস্ত্রহস্ত এক প্রাণীও দৃষ্ট না হওয়াতে যদিও মানবোত্তম ধ্রুবের ইচ্ছা হইল বিপক্ষদিগের পুরী দর্শন করিয়া আসি, তথাপি সেই স্থানে প্রবেশ করিলেন না, কারণ মায়াবিদিগের কি করিতে মানস সহসা তাহা মনুষ্যের বোধ গম্য হয় না ॥ ১৭ ॥

ফলতঃ তিনি ঐ কথা অর্থাৎ "মায়াবিদিগের কি করিতে মানস সহসা তাহা লোকের বোধগম্য হয় না" আপনার সারথিকে বলিয়া মনে মনে এই আশঙ্কা করিতে লাগিলেন, বৈরিগণ পুনর্ব্বার উদ্যোগ করিবে না কি?। তাহার পর জলধির ধ্বনির তুল্য গভীর শব্দ তাঁহার কর্ণ গোচর হইল এবং বায়ু হেতুক সকল দিক্ ধূলিধূসরিত দেখা গেল ॥ ১৮ ॥

ক্ষণকাল মধ্যেই ঘনাবলী চতুর্দ্দিক্ হইতে আসিয়া গগন মণ্ডল আচ্ছন্ন করিল। ঐ মেঘে বিদ্যুৎ সকল বিস্ফুরিত এবং ভয়ঙ্কর বজ্রাঘাতের ধ্বনি হইতেছিল ॥ ১৯ ॥

হে নিষ্পাপ বিদুর! তাহার পরেই মহাত্মা ধ্রুবের সম্মুখে রুধির শ্লেষ্মা পূয় বিষ্ঠা মূত্র মেদঃ বর্ষণ হইতে লাগিল এবং বহু বহু কবন্ধ অর্থাৎ মস্তক হীন দেহ পতিত হইল ॥ ২০ ॥

তদনন্তর গগন মণ্ডলে একটা বৃহৎ পর্ব্বত দৃষ্ট হইল এবং সকল দিক্ হইতে পাষাণ বর্ষণ সহিত গদা পরিঘ নিস্ত্রিংশ এবং মুষল বৃষ্টি হইতে লাগিল ॥ ২১ ॥

অহয়োশনিনিশ্বাসা বমন্তোঽগ্নিং রুষাক্ষিভিঃ। অভ্যধাবন্ গজা মত্তাঃ সিংহ ব্যাঘ্রাশ্চ যূথশঃ।
সমুদ্র ঊর্ম্মিভি র্ভীমঃ প্লাবয়ন্ সর্ব্বতো ভুবং। আসসাদ মহাহ্রাদঃ কল্পান্ত ইব ভীষণঃ ॥ ২২ ॥
এবং বিধান্যনেকানি ত্রাসনান্যমনস্বিনাং। সসৃজু স্তিগ্ম গতয় আসুর্য্যা মায়য়াসুরাঃ ॥ ২৩ ॥
ধ্রুবে প্রযুক্তামসুরৈ স্তাং মায়ামতি দুস্তরাং। নিশম্য তস্য মুনয়ঃ শমাশংসন্ সমাগতাঃ ॥ ২৪ ॥
ঔত্তানপাদ ভগবাংস্তব শার্ঙ্গধন্বা দেবঃ ক্ষিণোত্ববনতার্ত্তিহরো বিপক্ষান্।
যন্নামধেয়মভিধায় নিশম্য বাদ্ধা লোকোঞ্জসা তরতি দুস্তরমঙ্গ মৃত্যুং ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুব চরিতে যক্ষমায়াধানং দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীধরস্বামী।

অশনিবন্নিশ্বাসা যেষাং ॥ ২২ ॥
ত্রাসনানি ভয়ঙ্করাণি। তিগ্মা ক্রূরা গতিঃ প্রবৃত্তির্যেষাং অসুর রাক্ষসাদিশব্দৈরদূরান্তরত্বেন যক্ষাএব উচ্যন্তে ॥ ২৩ ॥
তস্য শং কল্যাণং আশংসন্ প্রার্থিতবন্তঃ ॥ ২৪ ॥
তব বিপক্ষান্ শত্রূন্ নাশয়তু অদ্ধা সাক্ষাৎ অঞ্জসা সুখেনৈব মৃত্যুং তরতি ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দশমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

ধ্রুবে ইতি। সমাশংসন্নিতি চিৎসুখঃ। জয়মিতি শেষঃ ॥ ২৪ । ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য দশমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমনস্বিনাং শৌর্য্যশূন্যানাং অসুরা অসুরতুল্যাঃ ॥ ২৩ । ২৪ ॥
মৃত্যুং তরতি কিং যক্ষমায়াং ত্বং ন তরিষ্যসীতি নারায়ণাস্ত্রং স্মারয়ামাসুঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে দশমোধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

আর বহু বহু সর্প অশনি তুল্য ভয়ঙ্কর নিশ্বাস ফেলিতে ফেলিতে রোষ বশতঃ নয়ন দ্বারা অগ্নি বমন করিতে আরম্ভ করিল এবং সিংহ ব্যাঘ্র হস্তি সকল মত্ত হইয়া যূথে যূথে ইতস্তত ধাবমান হইল। অপর সমুদ্র প্রবল তরঙ্গে সাতিশয় ভয়ঙ্কর হইয়া উঠিল এবং পুনঃ পুনঃ উচ্ছলিত হইয়া সকল দিকের ভূমি জলপ্লাবিত করিল, আর প্রলয়ের ন্যায় গভীর নির্ঘাত শব্দ হইতে লাগিল ॥ ২২ ॥

বিদুর! যক্ষ সকল ক্রূর চেষ্টান্বিত, তাহারা আসুরী মায়া দ্বারা এবম্বিধ বিবিধ উৎপাত সৃজন করিতে থাকিল, কিন্তু ঐ সকল উৎপাতে শৌর্য্য শূন্য ব্যক্তিমাত্রেরই ভয় উপস্থিত হইল ॥ ২৩ ॥

যক্ষ সকল ধ্রুবের প্রতি ঐ প্রকার দুস্তর মায়া বিস্তার করিলে, ঋষিগণ তাহা জানিতে পারিয়া তাঁহার সন্নিধানে আগমন করিলেন এবং কল্যাণ প্রার্থনা করিতে করিতে কহিলেন ॥ ২৪ ॥

অহে উত্তানপাদ তনয়! যে ভগবান্ শার্ঙ্গধন্বা হরি প্রণত জনের আর্ত্তি হারী, তিনি তোমার বৈরি কুলকে নির্ম্মূল করুন। বৎস! সেই ভগবানের নাম শ্রবণ করিলে দুস্তর মৃত্যু হইতে নিস্তার প্রাপ্ত হওয়া যায় ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দশম ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

নিশম্য গদতামেবমৃষীণাং ধনুষি ধ্রুবঃ। সন্দধেঽস্ত্রমুপস্পৃশ্য যন্নারায়ণনির্ম্মিতং ॥ ১ ॥
সন্ধীয়মান এতস্মিন্ মায়া গুহ্যকনির্ম্মিতাঃ। ক্ষিপ্রং বিনেশু র্বিদুর ক্লেশা জ্ঞানোদয়ে যথা ॥ ২ ॥
তস্যারষাস্ত্রং ধনুষি প্রযুঞ্জতঃ সুবর্ণপুঙ্খাঃ কলহংসবাসসঃ।
বিনিঃসৃতা আবিবিশুর্দ্বিষদ্বলং যথা বনং ভীমরবাঃ শিখণ্ডিনঃ ॥ ৩ ॥
তৈস্তিগ্মধারৈঃ প্রধনে শিলীমুখৈরিতস্ততঃ পুণ্যজনা উপদ্রুতাঃ।
তমভ্যধাবন্ কুপিতা উদায়ুধা সুপর্ণমুন্নদ্ধ ফণা ইবাহয়ঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

একাদশেতু যক্ষাণাং ক্ষয়ং দৃষ্ট্বা মনুঃ স্বয়ং। আগত্য বারয়ামাস ধ্রুবং তত্ত্বোপদেশতঃ ॥ ০ ॥

এবং গদতাং বচনমুপদেশমিব নিশম্য উপস্পৃশ্য আচম্য। যন্নারায়ণনির্ম্মিতং নারায়ণাস্ত্রং তৎ সন্দধে ॥ ১ ॥

ক্লেশা রাগাদয়ো যথা ॥ ২ ॥

কিঞ্চ তস্যার্ষাস্ত্রং ঋষে র্নারায়ণাদ্দৃষ্টমস্ত্রং প্রযুঞ্জতঃ সন্দধতঃ সতঃ সুবর্ণময়াঃ পুঙ্খা মূলপ্রান্তা যেষাং কলহংসানাং বাসাংসি পক্ষা যেষাং তে শরা বিনিঃসৃতা ইতি দ্রষ্টব্যং উপরিষ্টাৎ শিলীমুখগ্রহণাৎ ॥ ৩ ॥

প্রধনে যুদ্ধে উন্নদ্ধাঃ উচ্ছ্রিতাঃ ফণা যেষাং তে সর্পাঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

সম্বন্ধোক্তি মতেঽত্রাধ্যায়োনাস্তি চতুর্থস্কন্ধশ্চোনবিংশত্যধ্যায়াত্মক ইতি ॥ ১। ২ ॥

ভীমরবা ইতি শরাণামেব বিশেষণং ॥ ৩। ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যক্ষাণাং ক্ষয়মালক্ষ্য মনুরেকাদশে ধ্রুবং। তদ্বধাদ্বারয়ামাস শাস্ত্রতত্ত্বোপদেশতঃ ॥ ০ ॥

ঋষীণাং বচঃ ॥ ১ ॥

এতস্মিন্নারায়ণাস্ত্রে ॥ ২ ॥

আর্ষাস্ত্রং ঋষে র্নারায়ণস্যাস্ত্রং পুংখাঃ মূলপ্রান্তা বাসাংসি পক্ষাঃ বিনিঃসৃতাঃ শরা ইতি শেষঃ ॥ ৩। ৪ ॥

একাদশাধ্যায়ে যক্ষগণের ক্ষয় বার্ত্তা শ্রবণ করিয়া স্বায়ম্ভুব মনুর যুদ্ধ ক্ষেত্রে আগমন পূর্ব্বক তত্ত্বোপদেশ দ্বারা ধ্রুবকে রণ হইতে নিবৃত্তি করণ ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! ঋষিগণ আগমন করিয়া ঐ প্রকার কহিতে থাকিলে ধ্রুব তাঁহাদের উপদেশ তুল্য বচন শ্রবণ করিয়া আচমন পূর্ব্বক আপনার ধনুকে নারায়ণাস্ত্র সন্ধান করিলেন ॥ ১ ॥

কিন্তু তাঁহার ধনুকে শর সন্ধান হইতে হইতেই, যেমন জ্ঞানোদয় হইলে রাগাদি ক্লেশ বিনাশ প্রাপ্ত হয়, তাহার ন্যায়, গুহ্যক নির্ম্মিত মায়া সকল তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া গেল ॥ ২ ॥

ধ্রুব আপনার শরাসনে নারায়ণাস্ত্র সন্ধান করিতে থাকিলে তাহা হইতে ভূরি ভূরি শর নিঃসৃত হইয়া, যেমন ময়ূর সকল ভীষণ রব করিতে করিতে অরণ্যে প্রবেশ করে তাহার ন্যায়, বিপক্ষ পক্ষের সৈন্য মধ্যে প্রবিষ্ট হইতে লাগিল। বিদুর! ঐ সকল শর দেখিতে চমৎকার, সকলের পুঙ্খ অর্থাৎ মুখের দুই প্রান্ত ভাগ স্বর্ণময় এবং কলহংসদের পক্ষের তুল্য অতিশয় মনোহর পক্ষ ॥ ৩ ॥

সে যাহা হউক, তীক্ষ্ণ ধার ঐ সকল শর দ্বারা যক্ষগণ যুদ্ধক্ষেত্রে সাতিশয় ব্যতিব্যস্ত হইল, অতএব সকলে কুপিত হইয়া উঠিল এবং যেমন সর্পগণ ফণা উন্নত করিয়া গরুড়ের অভিমুখে গমন করে তাহার ন্যায় স্ব স্ব অস্ত্র উত্তোলন করিয়া তাঁহার প্রতি ধাবমান হইল ॥ ৪ ॥

স তান্ পৃষৎকৈরভিধাবতো মৃধে নিকৃত্ত বাহূরু শিরোধরোদরান্।
নিনায় লোকং পরমর্কমণ্ডলং ব্রজন্তি নির্ভিদ্য যমূর্দ্ধরেতসঃ ॥ ৫ ॥
তান্ হন্যমানানভিবীক্ষ্য গুহ্যকাননাগসশ্চিত্ররথেন ভূরিশঃ।
ঔত্তানপাদিং কৃপয়া পিতামহো মনুর্জগাদোপগতঃ সহর্ষিভিঃ ॥ ৬ ॥
শ্রীমনুরুবাচ ॥
অলং বৎসাতিরোষেণ তমোদ্বারেণ পাপ্মনা। যেন পুণ্যজনানেতানবধীস্ত্বমনাগসঃ।
নাস্মৎ কুলোচিতং তাত কর্ম্মৈতৎ সদ্বিগর্হিতং। বধো যদুপদেবানামারব্ধস্তেঽকৃতৈনসাং ॥ ৭ ॥
নন্বেকস্যাপরাধেন তৎসঙ্গাদ্বহবো হতাঃ। ভ্রাতু র্বধাভিতপ্তেন ত্বয়াঙ্গ ভ্রাতৃবৎসল ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

পৃষৎকৈর্বাণৈঃ নিকৃত্তা বাহ্বাদয়ো যেষাং তান্ পরলোকং নিনায় কথম্ভূতং ঊর্দ্ধরেতসঃ সংন্যাসিনোঽর্ক মণ্ডলং নির্ভিদ্য যং ব্রজন্তি তং ॥ ৫ ॥

অনাগসো নিরপরাধান্ ॥ ৬ ॥

তমসো নরকস্য দ্বারেণ যেন রোষেণ ॥ ৭ ॥

নন্থ মদ্ভ্রাতৃহন্তারঃ কথমকৃতৈনসঃ অত আহ নন্বিতি ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

পরং সত্যাখ্যং লোকং ॥ ৫। ৬। ৭। ৮। ৯। ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃষৎকৈর্ব্বাণৈ র্নিকৃত্তবাহ্বাদীন্ তান্ পরং সত্যলোকং নিনায় যং লোকং ঊর্দ্ধরেতসঃ সন্ন্যাসিনোঽর্কমণ্ডলং নির্ভিদ্য ব্রজন্তীতি ভগবদ্ভক্তহস্তমৃত্যুতো বিশিষ্ট স্বর্গিণস্তে বভূবুঃ। আব্রহ্ম ভবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন ইতি শ্রীগীতোক্তেরাবর্ত্তিষ্যন্ত এব তে। নতু সন্ন্যাসি সাহচর্য্যেণ তেষাং মুক্তি র্ব্যাখ্যেয়া। স্বয়ং ভগবন্তং শ্রীকৃষ্ণং বিনা সংগ্রামমৃতানাং কালনেম্যাদীনামবতারান্তরেভ্যোপি মোক্ষাদর্শনাৎ ॥ ৫। ৬ ॥

উপদেবানাং যক্ষাণাং ॥ ৭ ॥

নন্থ নিশ্চিতমেকস্য ত্বদ্ভ্রাতৃ হন্ত র্যক্ষস্যাপরাধেন তৎ সঙ্গাৎ তৎসঙ্গহেতোরিত্যর্থঃ ॥ ৮ ॥

যক্ষদিগকে শস্ত্রোদ্যম পূর্ব্বক ধাবমান হইয়া আসিতে দেখিয়া ধ্রুব বাণ বর্ষণ দ্বারা তাহাদের বাহু ঊরু কন্ধর এবং উদর ইত্যাদি ছেদন পূর্ব্বক তাহাদিগকে সেই লোক প্রাপ্ত করাইলেন ঊর্দ্ধরেতা মহর্ষিগণ অর্কমণ্ডল ভেদ করিয়া যে লোকে গমন করিয়া থাকেন ॥ ৫ ॥

মহাবীর ধ্রুব এই প্রকারে বহু বহু নিরপরাধ গুহ্যকদিগের প্রাণ বিনাশ করিতে প্রবৃত্ত হইলে, পিতামহ মনুর হৃদয় দয়ার্দ্র হইল। অতএব তিনি মহর্ষিগণ সমভিব্যাহারে ধ্রুবের সন্নিধানে স্বয়ং আগমন করিয়া বলিতে লাগিলেন ॥ ৬ ॥

মনু কহিলেন বৎস ধ্রুব! ক্রোধ অতি মহৎ পাপ এবং নরকের সাক্ষাৎ দ্বার, আর ইহাতে প্রয়োজন নাই, তুমি ক্রোধ পরতন্ত্র হইয়া নিরপরাধ এই সকল যক্ষদের প্রাণ বধ করিলে। হে তাত! তুমি এই যে অল্প অপরাধে উপদেবতাদের বধ করিতে প্রবৃত্ত হইয়াছ ইহা আমাদের কুলের উচিত কর্ম্ম নহে, সাধু ব্যক্তিরা ইহার অতিশয় নিন্দা করেন ॥ ৭ ॥

বৎস! তুমি ভ্রাতৃ বৎসল, তোমার ভ্রাতা ইহাদের কর্ত্তৃক হত হইয়াছে সত্য, কিন্তু ইহারা সকলে কিছু তাহাকে বধ করে নাই; এক ব্যক্তি করিয়া থাকিবে, এক জনের অপরাধে তাহার সঙ্গে কি প্রকারে নিরপরাধ এত ব্যক্তির প্রাণ বিনষ্ট করিলে ॥ ৮ ॥

নায়ং মার্গোহি সাধূনাং হৃষীকেশানুবর্ত্তিনাং। যদাত্মানং পরাগ্ গৃহ্য পশুবদ্ভূতবৈশসং ॥ ৯ ॥
সর্ব্বভূতাত্মভাবেন ভূতাবাসং হরিং ভবান্। আরাধ্যাপ দুরারাধ্যং বিষ্ণোস্তৎ পরমং পদং ॥ ১০ ॥
স ত্বং হরেরনুধ্যাতস্তৎপুংসামপি সম্মতঃ। কথং ত্ববদ্যং কৃতবাননুশিক্ষন্ সতাং ব্রতং ॥ ১১ ॥
তিতিক্ষয়া করুণয়া মৈত্র্যা চাখিল জন্তুষু। সমত্বেনচ সর্ব্বাত্মা ভগবান্ সংপ্রসীদতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সত্যপ্যপরাধে চৈতদনুচিতং ন ভবতীত্যাহ নায়মিতি। পরাগ্গৃহ্য পরাগ্ভূতং দেহমাত্মানং গৃহীত্বা পশবো যথা দেহাভিমানাদন্যোন্যং ঘ্নন্তি তথা ভূতানাং বৈশসং হিংসেতি যৎ ॥ ৯ ॥

ত্বঞ্চ বাল্যে সাধুঃ সন্নিদানীং কথমন্যথা কৃতবানিত্যাহ সর্ব্বভূতাত্ম ভাবেনেতি দ্বাভ্যাং ॥ ১০ ॥

অনুধ্যাতঃ হৃদিস্থিতঃ তৎপুংসাং হরিদাসানামপি সাধুত্বেন সম্মতঃ ॥ ১১ ॥

সতাং ব্রতমেবাহ মহৎসু তিতিক্ষয়া নীচেষু করুণয়া সমানেষু মৈত্র্যা অখিল জন্তুষু সমত্বেনচ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তৎ পুংসামপি সম্মত ইতি হর্য্যানুধ্যানত্বেপি ন প্রৌঢ়িবান্ কিন্তু তদ্ভক্তজনসম্মতিং গৃহীত্বৈব সর্ব্বমনুষ্ঠাতেত্যর্থঃ। যথোক্ত মম্বরীষমুদ্দিশ্য। স বৈ মন ইত্যাদৌ যথোত্তমশ্লোক জনাশ্রয়া রতিরিতি ॥ ১১ ॥

দ্বিষৎসু তিতিক্ষয়া হীনেষু করুণয়া সমেষু মৈত্র্যা। অখিলেষু জন্তুষু সমত্বেন সুখদুঃখাদিষাত্ম সাম্যজ্ঞানেন ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যাবহারিক স্নেহ পারবশ্যং ভক্তানামনুচিতং কিং পুন স্তেন পরহিংসেত্যাহ নায়মিতি। যদাত্মানং দেহং পরাগ্গৃহ্য পরাগ্ভূতমপি আত্মত্বাভিমানেন গৃহীত্বা পশবো যথা দেহ সম্বন্ধেনান্যোন্যং ঘ্নন্তি তথা ভূতানাং বৈশসং হিংসেতি যৎ ছন্দসি ক্ত্বোল্যপ্। পরাগৃহ্যেতি পাঠে পরেতি নিষেধার্থকং। জীবাত্মানমগৃহীত্বেত্যর্থঃ ॥ ৯ ॥

ত্বত্তু ভক্তেষপ্যতিশ্রেষ্ঠস্তৈতদত্যন্তমনুচিতমিত্যাহ দ্বাভ্যাং। সর্ব্বেষু ভূতেষ্বাত্মনঃ স্বস্যৈব ভাবো ভাবনা তেন ॥ ১০ ॥

হরেরনুধ্যাতঃ অনুনিরন্তরং ধ্যাতং ধ্যানং যস্মিন্ সঃ। বাৎসল্যাদ্ধরিণাপি স্মর্য্যমাণ ইত্যর্থঃ। তৎ পুংসাং নারদাদীনামপি কৃপাপাত্রীভূতঃ ॥ ১১ ॥

সতাং ব্রতমেবাহ মহৎসু তিতিক্ষয়া নীচেষু করুণয়া সমেষু মৈত্র্যা এবং অখিল জন্তুষু সমত্বেন স্বতুল্য হর্ষশোক ক্ষুৎ পিপাসাদি মত্ত্ব ভাবনয়া। যদুক্তং আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোর্জ্জুন। সুখং বা যদি বা দুঃখং সযোগী পরমোমত ইতি। সর্ব্বাত্মেতি

বৎস! এই প্রত্যক্ষ দৃশ্যমান দেহকে আত্মা বোধ করিয়া পশুগণ যেমন দেহাভিমান হেতু পরস্পর বধ করে, তাহার ন্যায়, প্রাণি সকলের যে হিংসা করা, ইহা ভগবান্ হৃষীকেশের অনুবৃত্তিকারি সাধু পুরুষদিগের বর্ত্ম নহে। অতএব যদিও যক্ষদিগের অপরাধ থাকে তথাপি তাহাদের প্রতি এ রূপ করা উচিত হয় না ॥ ৯ ॥

বৎস! তুমি বাল্য কালে তাদৃশ সাধু ছিলে, এখন এ রূপ কর্ম্ম করিয়া কি রূপে তাহার বিপরীত আচরণ করিতেছ? তুমি সর্ব্বপ্রাণিতে আত্মভাব চিন্তা করত ভূত সকলের আবাস ভূমি ভগবান্ হরির আরাধনা করিয়া তাঁহার সেই পরম পদ, যাহা অতি দুরারাধ্য, তাহা প্রাপ্ত হইয়াছ ॥ ১০ ॥

তাহা ত আমরা অবগত আছি, তুমি ভগবান্ হরির হৃদয়ে অবস্থিতি কর এবং তাঁহার পুরুষেরা তোমাকে সাধু বলিয়া গণ্য করিয়া থাকেন। বৎস! তুমি এ রূপ হইয়া এবং সৎপুরুষদিগের ব্রত শিক্ষা করিয়া কি প্রকারে এমত কদর্য্য কার্য্যে প্রবৃত্ত হইলে? ॥ ১১ ॥

বৎস! সাধু ব্যক্তির প্রতি তিতিক্ষা অর্থাৎ তাঁহারা ঔদ্ধত্য প্রকাশ করিলে সহ্য করা, নীচ জনের প্রতি করুণা, সমান ব্যক্তির সহিত মিত্রতা এবং সকল প্রাণিকে সমানরূপে অবলোকন করা এই

সংপ্রসন্নে ভগবতি পুরুষঃ প্রাকৃতৈ র্গুণৈঃ। বিমুক্তো জীবনির্ম্মুক্তো ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি॥ ১৩॥
ভূতৈঃ পঞ্চভিরারব্ধৈ র্যোষিৎ পুরুষ এবহি। তয়োর্ব্যবায়াৎ সম্ভূতি র্যোষিৎ পুরুষয়োরিহ॥ ১৪॥
এবং প্রবর্ত্ততে সর্গঃ স্থিতিঃ সংযম এবচ। গুণব্যতিকরাদ্রাজন্ মায়য়া পরমাত্মনঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

ততঃ কৃতার্থো ভবতীত্যাহ। সংপ্রসন্নে সতি গুণৈর্বিমুক্তঃ অতএব তৎ কার্য্যেণ জীবেন লিঙ্গশরীরেণ নির্মুক্তঃ সন্ নির্ব্বাণং সুখাত্মকং ব্রহ্ম প্রাপ্নোতি। ১৩।

ভ্রাতৃহন্তৃ ত্বমঙ্গীকৃত্যোক্তমিদানীন্তনাত্মনো ভ্রাতৃপুত্রাদিসম্বন্ধঃ। নচান্যোন্যং হন্তৃত্বাদিকমপীত্যাহ দশভিঃ। ভূতৈঃ পঞ্চভিরারব্ধৈঃ দেহাদ্যাকারেণ পরিণতৈঃ। যোষিৎ পুরুষশ্চেতি প্রসিদ্ধিঃ। তয়োর্ব্যবায়াৎ মৈথুনাৎ সংভূতিরন্যয়োর্যোষিৎ পুরুষয়োরিহ সংসারে ভবতি। ১৪।

এবং তাবৎ সর্গঃ প্রবর্ত্ততে এবং পালকাকারেণ পরিণতৈর্ভূতৈরেব স্থিতিঃ। হন্তৃদেহাকার পরিণতৈঃ সংযমঃ সচ পরমাত্মনো মায়য়া গুণানাং ব্যতিকরান্নতু স্বতঃ। ১৫।

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মণস্তৎ সুখস্যাপি নির্ব্বাণং লয়োন্তর্ভাবো যত্র তৎ শ্রীভগবৎ সুখমিত্যর্থঃ। নির্ব্বাণপদস্য বিশেষণবৈয়র্থ্যাৎ ॥১৩।১৪।১৫।১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বভূতেষু তুষ্যৎসু ভগবত্তোষোঽনুমেয় ইত্যর্থঃ। ১২।

জীবেন লিঙ্গশরীরেণ নির্মুক্তঃ। ব্রহ্মনির্বাণং জ্ঞানী চেৎ সাযুজ্যং ভক্তশ্চেৎ অধোক্ষজালম্বনকং দাস্যং অধোক্ষজালম্বনমিহেত্যত্র তদ্ব্রহ্ম নির্ব্বাণ সুখং বিদুর্বুধা ইতি প্রহ্লাদোক্তে স্তদা প্রাকৃতৈর্গুণৈর্বিমুক্তঃ। অপ্রাকৃতৈস্তু বিশিষ্ট ইত্যর্থঃ। ১৩।

বস্তুনি বিচার্য্যমাণেতু কঃ কস্য হন্তা বধ্যোবেত্যাহ দশভিঃ। ভূতৈঃ পৃথিব্যাদিভিরারব্ধৈ র্দেহৈর্যোষিৎ পুরুষশ্চ তয়োর্ব্যবায়াদন্যয়োর্যোষিৎ পুরুষয়োঃ সংভূতিরুৎপত্তি র্ভবতি। ১৪।

এবং ভূতৈ র্যথা সর্গঃ প্রবর্ত্ততে তথা তৈরেব পিতৃ মাত্রাদ্যাকারৈঃ স্থিতিঃ পালনং তৈরেব দস্যু ব্যাঘ্র সর্পাদ্যাকারৈঃ সংযমো-নাশশ্চ। তত্র কিন্তু পরমাত্মনো মায়য়া গুণব্যতিকরাদেব নতু স্বতঃ। রজসা সর্গঃ সত্ত্বেন স্থিতিঃ তমসাহঙ্কার ইত্যর্থঃ। ১৫।

সকল দ্বারাই সর্ব্বাত্মা ভগবান্ প্রসন্ন হইয়া থাকেন॥ ১২॥

অপর ভগবান্‌কে প্রসন্ন করাইতে পারিলেই পুরুষ কৃতার্থ হইলেন, তখন তিনি প্রকৃতির গুণে বিমুক্ত হয়েন, অতএব গুণের কার্য্য যে লিঙ্গ শরীর তাহা হইতে নির্ম্মুক্ত হইয়া সুখ স্বরূপ ব্রহ্ম প্রাপ্ত হয়েন॥ ১৩॥

বৎস! তুমি যদি আত্ম তত্ত্ব বিচার কর, তাহা হইলে জানিতে পারিবে, তোমার ভ্রাতাও কেহ নাই এবং তাহাকে কেহ বধও করে নাই। এই পৃথিব্যাদি পঞ্চ ভূত দেহাকারে পরিণত হইয়া স্ত্রী ও পুরুষ হয়, এ কথা অতি প্রসিদ্ধ, স্ত্রী পুরুষের পরস্পর সহযোগে এ সংসারে অন্য স্ত্রী পুরুষ হইয়া থাকে॥ ১৪

বৎস! এই প্রকারেই সৃষ্টি প্রবর্ত্তমান হয়। ঐ সকল ভূত পালকের আকারে পরিণত হইলেই তদ্দ্বারা স্থিতি এবং হন্তার দেহাকারে পরিণত হইলেই তাহার দ্বারা সংহার হইয়া থাকে, কিন্তু এই যে সৃষ্টি স্থিতি ও সংহার, এ সকল পরমাত্মার মায়া গুণ সকলের পরস্পর সম্বন্ধ হইলেই হয়, আপনা হইতে হয় না॥ ১৫॥

নিমিত্তমাত্রং তত্রাসীন্নির্গুণঃ পুরুষর্ষভঃ । ব্যক্তাব্যক্তমিদং বিশ্বং যত্র ভ্রমতি লৌহবৎ ॥ ১৬ ॥
স খল্বিদং ভগবান্ কালশক্ত্যা গুণপ্রবাহেণ বিভক্তবীর্য্যঃ ।
করোত্যকর্ত্তৈব নিহন্ত্যহন্তা চেষ্টা বিভূম্নঃ খলু দুর্ব্বিভাব্যা ॥ ১৭ ॥
সোনন্তোঽন্তকরঃ কালোনাদিরাদিকৃদব্যয়ঃ । জনং জনেন জনয়ন্ মারয়ন্ মৃত্যুনান্তকং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

নন্থ দেহানাং জড়ানাং গুণানাম্বা কথং সর্গাদি হেতুত্বং তত্রাহ নিমিত্তমাত্রং পুরুষর্ষভঃ ঈশ্বরঃ যত্র যস্মিন্ নিমিত্তে সতি কার্য্য কারণাত্মকং বিশ্বং ভ্রমতি পরিবর্ত্ততে যথা অয়স্কান্তে নিমিত্তে সতি লৌহং পরিবর্ত্ততে তদ্বৎ ॥ ১৬ ॥

নন্থ স চেন্নিমিত্তং তর্হি তস্যাবিশেষাৎ যুগপদেব সর্গাদিত্রয়ং ভবেৎ অত আহ স খল্বিতি । কালশক্ত্যা ক্রমেণ গুণানাং প্রবাহঃ ক্ষোভস্তেন বিভক্তং সৃষ্ট্যাদি বিষয়ং বীর্য্যং শক্তির্যস্য । নন্থ কালোপি গুণান্ যুগপদেব ক্ষোভয়তু তত্রাহ চেষ্টা কালশক্তিঃ দুর্ব্বিভাব্যা অচিন্ত্যা ॥ ১৭ ॥

নন্থ পিত্রাদিঃ সৃজতি নিহন্তিচ চৌরাদি ন’তু ঈশ্বর স্তত্রাহ স ইতি । জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্নাদিকৃৎ অন্তকং

ক্রমসন্দর্ভঃ ।

শক্তীনাং ক্রমেণ প্রবর্ত্তনয়া কর্ত্তৃত্বাদিত্বেপি অকর্ত্তৃত্বাদিনাচ চেষ্টায়া দুর্ব্বিভাবাত্বং জ্ঞেয়ং ॥ ১৭ । ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নন্থ জড়ানাং যোষিৎ পুরুষাদি দেহানাং গুণানাং বা চৈতন্যাধিষ্ঠানং বিনা কথং সর্গাদি হেতুত্বং তত্রাহ । নিমিত্তমাত্রং পুরুষর্ষভ ঈশ্বরোঽধিষ্ঠাতা যত্র যস্মিন্নিমিত্তে সতি কার্য্যকারণাত্মকং বিশ্বং ভ্রমতি জড়মপি চেতনী ভবৎ দেবমনুষ্যাদি রূপেণ তথা তথা পরিবর্ত্ততে । যথা অয়স্কান্তে নিমিত্তে সতি লোহং নিশ্চেষ্টমপি সচেষ্টং ভবতি ॥ ১৬ ॥

নন্থ সচেন্নিমিত্তং তর্হি তস্যাবিশেষাৎ যুগপদেব সর্গাদিত্রয়ং ভবতু । নৈবং রজঃ সত্ব তমসাং কালশক্ত্যা ক্রমেণৈব ক্ষোভো ভবতি নতু যুগপদতঃ ক্রমেণৈব সর্গাদি ত্রয়ং ভবতীত্যাহ স খল্বিতি কালশক্ত্যা ক্রমেণ গুণানাং প্রবাহঃ ক্ষোভস্তেন বিভক্তং আত্মনঃ সকাশাৎ বিভক্তীকৃতং বীর্য্যং চিদাভাসং জীবশক্ত্যাত্মকং মায়াশক্তি প্রবিষ্টং যস্য সঃ । করোতীতি গুণ কাল জীবানাং শক্তিত্বেন স্বভেদাভাবাৎ সএবোপাদানকারণং সএব নিমিত্ত কারণঞ্চেত্যর্থঃ । অকর্ত্তেতি তেষাং গুণাদীনাং স্বরূপ ভূতত্বাভাবাৎ । এবং নিহন্ত্যহন্তেত্যপি নন্থ বিশ্বং কিমর্থং করোতি সদৈব বা কিং নকরোতি বিষমং বা কিং করোতীতি । সর্ব্বাক্ষেপ পরিহারার্থ মাহ চেষ্টা দুর্বিভাব্যা অতর্ক্যা বিভূম্নোবিভুত্বাদিতি । এতদেব তস্য বিভুত্বমিত্যর্থঃ ॥ ১৭ ॥

অন্যচ্চ তস্য বিভুত্বং পশ্যেত্যাহ স স্বয়মনন্তঃ নাশরহিতঃ । অথ চান্যেষাং অন্তকরো নাশকরঃ কেন রূপেণেত্যত আহ

বৎস ! গুণ সকল কি প্রকারে সৃষ্ট্যাদির কারণ হয় এমত আশঙ্কা করিও না, নির্গুণ ঈশ্বর ঐ বিষয়ে কারণ হয়েন, তিনি নিমিত্ত হওয়াতেই যেমন অয়স্কান্ত মণি রূপ নিমিত্ত থাকিলে লৌহ ভ্রমণ করে তাহার ন্যায়, এই কার্য্য কারণ স্বরূপ বিশ্ব পরিবর্ত্তিত হইতেছে ॥ ১৬ ॥

বৎস ! সৃষ্ট্যাদি বিষয়ে ঈশ্বর নিমিত্ত হইলেও তাঁহার অবিশেষ প্রযুক্ত একেবারে সৃষ্টি স্থিতি লয় এই তিন হইতে পারে না, কালশক্তি দ্বারা অর্থাৎ ক্রমে গুণ সকলের বিক্ষোভ হয় তাহাতেই তাঁহার সৃষ্ট্যাদি বিষয়ক শক্তি বিভক্ত হইয়া যায় সুতরাং ক্রমেতে সৃষ্ট্যাদি হইয়া থাকে । বৎস ! কাল বশতঃ যখন গুণ ক্ষোভ হয়, তখন স্বয়ং ভগবান্ অকর্ত্তা হইয়াও কর্ম্ম করিয়া থাকেন এবং হন্তা না হইয়াও হত্যা করেন । ধ্রুব ! ভগবানের কাল শক্তি অচিন্তনীয়া, ভাবিয়া কিছুই স্থির করিতে পারা যায় না ॥ ১৭ ॥

বৎস ! এমত মনে করিও না যে পিত্রাদি হইতে সৃষ্টি হয় এবং চৌরেরা সংহার করে, সেই ঈশ্বরই পিত্রাদি জন দ্বারা পুত্রাদি জনকে জন্ম দেন এবং তিনিই অন্তক অর্থাৎ চৌরাদিকেও তাহাদের

নবৈ স্বপক্ষোঽস্য বিপক্ষ এব বা পরস্য মৃত্যোর্বিশতঃ সমং প্রজাঃ ।
তং ধাবমানমনুধাবন্ত্যনীশা যথা রজাংস্যনিলং ভূতসংঘাঃ ॥ ১৯ ॥
আয়ুষোপচয়ং জন্তো স্তথৈবোপচয়ং বিভুঃ । উভাভ্যাং রহিতঃ স্বস্থো দুঃস্থস্য বিদধাত্যসৌ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

চৌরাদিকং তন্মৃত্যুহেতুনা মারয়ন্নন্তকরঃ স্বয়ন্তু অনন্তঃ অনাদিঃ অব্যয়ঃ অক্ষীণশক্তিঃ অয়ং ভাবঃ পিত্রাদয়ঃ অন্যত উৎপত্ত্যাদিমন্তো ন স্বাতন্ত্র্যেণ কারণং কিন্তীশ্বর এব তন্নিয়ন্তা সর্ব্বকারণমিতি ॥ ১৮ ॥

নচৈবং কুর্ব্বতোপি বৈষম্য প্রসক্তিঃ পক্ষপাতাভাবাদিত্যাহ নবা ইতি দ্বাভ্যাং। মৃত্যুরূপস্য সমং যথা ভবতি তথা প্রজাঃ কর্ম্ম ভূত্বা বিশতঃ তস্য সাম্যেপি ভূতেষু ফল বৈষম্যং তৎ কর্ম্মণ স্তথাত্বাদিতি সদৃষ্টান্তমাহ তং ধাবন্তমনু অনীশাঃ কর্ম্মাধীনা ভূতসংঘা ধাবন্তি অনিলং ধাবন্তমনু রজাংসীব। তত্র যথা রজসাং তমঃ প্রকাশ জলাগ্ন্যাদি প্রবেশেপি নানিলস্য বৈষম্যং এবমীশ্বরস্যাপীতি ভাবঃ ॥ ১৯ ॥

অপচয়ং অকাল মৃত্যুং। উপচয়ং কালমৃত্যোরপি রক্ষাং। যদ্বা অপচয়ং মশকাদৌ উপচয়ং দেবাদৌ স্বস্থত্বাদুপচয়াপচয়াভ্যাং রহিতোঽসৌ বিভুর্দুঃস্থস্য কর্ম্মাধীনস্য বিদধাতি ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

অনিল দৃষ্টান্ত স্তথাপি সাম্যমিত্যত্রাংশে ধাবত্যনীশো যথা রজাংস্যনিলং ভূতসংঘ ইতি চিৎসুখঃ ॥ ১৯ ॥
স্বস্থঃ স্বানন্দ মগ্নএব সন্ স্বৈরিতয়ৈব নত্বন্যভাব ভাবিততয়েত্যর্থঃ। অতো বৈষম্য নৈর্ঘৃণ্যে অপি পরিহৃতে ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

কালঃ। স্বয়মনাদিঃ জন্ম শূন্যঃ অথ চান্যেষাং আদিকৃৎ। অব্যয়ঃ চিন্তামণিরিব সর্ব্ব প্রসবিতাপি ব্যয়শূন্যঃ। স্বয়মেবাদিকৃদপি জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্। স্বয়মেবান্তকৃদপি মৃত্যুনা মৃত্যুহেতুনা কালাগ্নিরুদ্রেণ অন্তকং যমমপি মারয়ন্ ॥ ১৮ ॥

নচৈবং কুর্ব্বতোপি বৈষম্য প্রসক্তিঃ পক্ষপাতাভাবাদিত্যাহ নবা ইতি দ্বাভ্যাং মৃত্যোর্মৃত্যু রূপস্য সমং যথাস্যাত্তথা প্রজা বিশতঃ। তস্য সাম্যেপি ভূতেষু ফলবৈষম্যং তত্তৎ কর্ম্মণ স্তথাভাবাদিতি সদৃষ্টান্তমাহ তং ধাবন্তমনু অনীশাঃ কর্ম্মাধীনা ভূতসংঘা ধাবন্তি। অনিলং ধাবন্তমনুধাবন্তি রজাংসীব তত্র রজসাং তমঃ প্রকাশ জলাগ্ন্যাদি প্রবেশেপি নানিলস্য বৈষম্যং এবমীশ্বরস্যাপীতি ভাবঃ ॥ ১৯ ॥

তত্রাপ্যায়ুষোঽপচয়ং মশকাদাবুপচয়ং দেবাদৌ দুঃস্থস্য কর্ম্মাধীনস্য ॥ ২০ ॥

মৃত্যুর হেতু দ্বারা সংহার করিয়া থাকেন, অতএব তাঁহা হইতেই সৃষ্টি ও সংহার হয় অর্থাৎ পিত্রাদির দ্বারা উৎপন্ন করেন সত্য, কিন্তু তাঁহারাও আবার অন্য হইতে উৎপন্ন হইয়াছেন, অতএব তাঁহাদের সৃষ্টি বিষয়ে স্বাতন্ত্র্য নাই। ঈশ্বর সকলের নিয়ন্তা, ইহাতে তিনিই সকলের কারণ, পরন্তু তিনি স্বয়ং অনাদি ও অনন্ত, তাঁহার শক্তির কখন হ্রাস হয় না ॥ ১৮ ॥

বৎস! ঈশ্বর সকল সংহার করিয়া থাকেন এ কথায় এমত আশঙ্কা করিও না যে এক কালে সকলের মৃত্যু দৃষ্ট হয় না অগ্র পশ্চাৎ হইয়া থাকে, তবে ত ঈশ্বরের পক্ষপাত আছে? বৎস! ঈশ্বরের স্বপক্ষ অথবা বিপক্ষ কেহ নাই, তিনি মৃত্যু রূপী, তিনি সমান রূপে সকল প্রাণিতে প্রবেশ করিয়া থাকেন। প্রাণি সকল স্ব স্ব কর্ম্মের অধীন, আপন আপন কর্ম্ম পরতন্ত্র হইয়া, যেমন ধূলি সমূহ বহনশীল অনিলের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হয় তাহার ন্যায়, ঈশ্বরের অনুগামী হইয়া থাকে ॥ ১৯ ॥

ঈশ্বর স্বয়ং স্বস্থ এ প্রযুক্ত উপচয় এবং অপচয় বিহীন হইয়া, কর্ম্মাধীনতা বশতঃ দুঃস্থ প্রাণিদিগের আয়ুর অপচয় ও উপচয় বিধান করেন অর্থাৎ কাহারও অকাল মৃত্যু বিধান করেন, কাহাকেও বা কাল মৃত্যু হইতেও রক্ষা করিয়া থাকেন ॥ ২০ ॥

কেচিৎ কর্ম্ম বদন্ত্যেনং স্বভাবমপরে নৃপ । একে কালং পরে দৈবং পুংসঃ কামমুতাপরে ॥ ২১ ॥
অব্যক্তস্যাপ্রমেয়স্য নানা শক্ত্যুদয়স্যচ । নবৈ চিকীর্ষিতং তাত কোবেদাদ্ধাস্য সম্ভবং ॥ ২২ ॥
নচৈতে পুত্রক ভ্রাতুর্হন্তারো ধনদানুগাঃ । বিসর্গাদানয়োস্তাত পুংসো দৈবং হি কারণং ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী ।

এবং ভূতশ্চেশ্বরঃ সর্ব্ববাদি সম্মতঃ বিবাদস্তু নাম মাত্র ইত্যাহ কেচিদিতি । পুংসঃ কামং বাৎস্যায়নাদয়ঃ । শ্রুতিশ্চ কামোঽকার্ষীৎ কামঃ কর্ত্তা কামঃ কাময়িতেত্যাদি ॥ ২১ ॥

নন্থ কর্ম্মাদীনাং জড়ত্বাদিনা স্বরূপতোঽপি ভিন্নত্বাৎ কথমৈকমত্যমিত্যাহ । অব্যক্তস্য অতএবাপ্রমেয়স্য । তথাপি সত্ত্বে হেতুঃ নানাশক্তীনাং মহদাদীনাং উদয়ো যস্মাৎ চিকীর্ষিতমেব তাবৎ কোপি নবেদ অথাস্য সম্ভবো যস্মাৎ তমীশ্বরং কো বেদ । অদ্ধেতি পাঠে সাক্ষাৎ । অতস্তত্ত্ব জ্ঞানাভাবাৎ বিশেষাংশে বিবাদ ইত্যর্থঃ । তথাচ শ্রুতিঃ । কোঽদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা ইয়ং বিসৃষ্টিঃ অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জনেনাথা কো বেদ যত আবভূবেত্যাদি ॥ ২২ ॥

ঈশ্বর বাদস্য প্রকৃতোপযোগমাহ । ন চৈতে ভ্রাতৃহন্তারঃ । উক্তমেব হেতুমনুবদতি । বিসর্গাদানয়োঃ মৃত্যু জন্মনোঃ । যদ্বা বিসর্গঃ সৃষ্টিঃ আদানং সংহারঃ দৈবমীশ্বর এব হি কারণং ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

কেচিদেনং কর্ম্মাদিকং বদন্তীতি । অস্য যে কর্ত্তৃত্বাদয়ো ধর্ম্মাস্তান্ কর্ম্মাদিষ্বেবারোপয়ন্তীত্যর্থঃ দৈবং গ্রহাদি । কামং সংকল্পং দৃষ্টিসৃষ্টিবাদিনঃ ॥ ২১ ॥

চিকীর্ষিতমিচ্ছাশক্তিলেশমপি কিং পুনঃ সর্ব্বশক্ত্যাশ্রয়স্তমিত্যর্থঃ ॥ ২২ । ২৩ । ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নন্থ তর্হি কর্ম্মৈব সুখ দুঃখ জন্মমরণাদি কারণমস্তু সত্যমত্রৈবং বাদিনো বিবদন্ত ইত্যাহ কেচিদিতি কেচিন্মীমাংসকাঃ এনং সুখ দুঃখপ্রদং কর্ম্ম অপরে লোকায়তিকাঃ স্বভাবং । একে ব্যাবহারিকাঃ কালং পরে জ্যোতিষিকা দৈবং গ্রহাদি রূপাং দেবতাং অপরে বাৎস্যায়নাদয়ঃ কামং শ্রুতিশ্চ কামোঽকার্ষীৎ কামঃ করোতি কামঃ কর্ত্তা কামঃ কাময়িতেত্যাদি ॥ ২১ ॥

নন্বেষাং বিবদমানানাং মধ্যে কোব্যবস্থাপক স্তত্র তত্তন্মূল তত্ত্ব বস্তুনোঽজ্ঞানান্নকোপীত্যাহ অব্যক্তস্য কৈরপি বল বুদ্ধ্যাদিভি র্ব্যক্তী কর্ত্তুমশক্যস্য তত্র হেতুরপ্রমেয়স্য প্রত্যক্ষাদি প্রমাণৈঃ প্রমাতুমশক্যস্য নানাশক্তীনাং কাল কর্ম্ম স্বভাব কামাদীনাং উদয়ো যস্মাদিতি তস্যৈকৈকাং শক্তিমাশ্রিত্যৈব বিবদমানানাং তেষাং শক্তিমতি তস্মিন্ বস্তুতো নাস্ত্যেব বিবাদ ইতি ভাবঃ । তস্য ভগবতশ্চিকীর্ষিতমেব কোপি নোবেদ স্বস্য সম্ভবো যস্মাত্তং কোবেদ । যদুক্তং ভীষ্মেণ । নহ্যস্য কর্হিচিদ্রাজন্ পুমান্ বেদ বিধিৎসিতং । যদ্বিজিজ্ঞাসয়া যুক্তা মুহ্যন্তে কবয়োপিহীতি । তথাচ শ্রুতিঃ কোদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা কুত ইয়ং বিসৃষ্টিঃ । অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আবভূবেত্যাদি ॥ ২২ ॥

ফলিতমাহ নচৈত ইতি বিসর্গাদানয়োঃ সৃষ্টি সংহারয়োর্দৈবমীশ্বরঃ ॥ ২৩ ॥

বৎস ! ঈশ্বর এই প্রকার, ইহা সকলেই মানিয়া থাকে, তাঁহার বিষয়ে কেবল নাম মাত্রে বিবাদ আছে, কতকগুলি লোকে তাঁহাকে কর্ম্ম বলিয়া থাকে, অন্য লোকেরা স্বভাব বলে, অপরেরা কাল কহে, আর কতিপয় ব্যক্তি দৈব বলে, অন্য মনুষ্যে পুরুষের কাম অর্থাৎ বাসনা বলিয়া থাকে ॥ ২১ ॥

পরন্তু হে তাত ! ঈশ্বর অব্যক্ত, অতএব অপ্রমেয়, পরিমাণ দ্বারা তাঁহার পরিচ্ছেদ করা যায় না, তাঁহা হইতে মহত্তত্ত্বাদি নানা শক্তির উদয় হইতেছে,এই নিমিত্ত আছেন এই মাত্র বলা যাইতে পারে । বৎস ! যিনি এরূপ, তাঁহার কি করিতে বাসনা তাহাই কেহ জানে না, তাঁহার আবার উৎপাদক ঈশ্বরকে কোন্ ব্যক্তি জানিতে পারিবে ? ॥ ২২ ॥

অতএব হে পুত্র ! ঐ সকল কুবেরানুচর তোমার ভ্রাতৃহন্তা নহে । বৎস ! পুরুষের সৃষ্টি ও সংহার এই দুই বিষয়ে এক ঈশ্বরই কারণ হয়েন, ঈশ্বর ভিন্ন অন্য কাহা হইতে ঐ দুই কর্ম্ম সম্ভব হয় না ॥ ২৩

সএব বিশ্বং সৃজতি সএবাবতি হন্তিচ । তথাপি হ্যনহঙ্কারো নাজ্যতে গুণকর্ম্মভিঃ ॥ ২৪ ॥
এষ ভূতানি ভূতাত্মা ভূতেশো ভূতভাবনঃ । স্বশক্ত্যা মায়য়া যুক্তঃ সৃজত্যত্তিচ পাতি চ ॥ ২৫ ॥
তমেব মৃত্যুমমৃতং তাত দৈবং সর্ব্বাত্মনোপৈহি জগৎ পরায়ণং ।
যস্মৈ বলিং বিশ্বসৃজো হরন্তি গাবো যথোতানসি দামযন্ত্রিতাঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী ।

তত্রাপি নির্লেপতামাহ সএবেতি ॥ ২৪ ॥

অনহঙ্কারত্বে হেতুমাহ এষ ইতি ॥ ২৫ ॥

সত্যমীশ্বর এব কর্ত্তা তথাপ্যহঙ্কারাদি ময়া ত্যক্তুং নশক্যমিতি চেদত আহ তমেবেতি চতুর্ভিঃ । মৃত্যমভক্তানাং ভক্তানান্ত অমৃতং উপৈহি শরণং গচ্ছ । তমেবেত্যবধারণে হেতুঃ । যস্মৈ নসি নাসিকায়াং উতা দামভির্বদ্ধাঃ গাব ইব বিশ্বসৃজোপি নামভির্যন্ত্রিতা বদ্ধাঃ সন্তোবলিং হরন্তি তৎ কারিতং কর্ম্ম কুর্ব্বন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ ।

কথং সৃজতীত্যাদৌ তত্রাহ এষ ইতি । ভূতস্যাত্মা কারণং । ঈশোনিয়ামকঃ । ভাবন স্তত্তদ্রূপতা প্রাপকশ্চ তত্র হেতুঃ স্বরূপ শক্ত্যা মায়য়াচ যুক্তঃ । বহিরঙ্গ শক্তিমায়া কার্য্যে তস্যাহংকারত্বঞ্চ যোজিতং ॥ ২৫ । ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তথাপি তস্য নির্লেপতাং পশ্চেত্যাহ সএবেতি ॥ ২৪ ॥

অনহঙ্কারত্বে হেতুমাহ । এষ ইতি স্বশক্ত্যা মায়য়া যুক্ত ইতি মায়য়া বহিরঙ্গত্বেন স্বরূপ শক্তিত্বাভাবাৎ তৎ কার্য্যেষু তস্য নাহঙ্কারো ভবতীতি ভাবঃ ॥ ২৫ ॥

নম্বেবং ত্বয়া প্রবোধিতোপ্যহঙ্কারঃ ত্যক্তুং ন প্রভবামীত্যত আহ তমেবেতি চতুর্ভিঃ উপৈহি প্রপদ্যস্ব তৎ প্রপত্তিং বিনা জ্ঞানেনাহঙ্কারাপগমোতুঃশক্য ইতি ভাবঃ ॥ ২৬ ॥

কিন্তু যদিও কেবল তিনিই এই বিশ্ব সৃজন করিতেছেন, তিনিই রক্ষা করিতেছেন, অন্তে তিনিই সংহার করিতেছেন তথাপি তাঁহার ঐ সকল বিষয়ে অহঙ্কার মাত্র নাই, সুতরাং তিনি গুণ ও কর্ম্ম দ্বারা লিপ্ত হন না, সর্ব্বদা নির্লেপ হইয়াই আছেন ॥ ২৪ ॥

বৎস ! ঈশ্বরের যে অহং বুদ্ধি হয় না, তাহার কারণ এই তিনি আপনার শক্তি যে মায়া, তাহাতে যুক্ত হইয়া ভূত সকলের সৃষ্টি স্থিতি লয় করিতেছেন, ইহাতে তাঁহার অহঙ্কার কি রূপে সম্ভব হইবে ? সে যাহা হউক তিনি ভূত সকলের প্রকাশক এবং তিনিই তাহাদের প্রভু ও তিনিই তাহাদের আত্মা ॥ ২৫ ॥

অতএব হে তাত ! তুমি যদি অহঙ্কারাদি ত্যাগ করিতে অশক্ত হও, তবে এক কর্ম্ম কর, সর্ব্বান্তঃকরণে সেই ঈশ্বরের শরণাপন্ন হও, তিনি অভক্ত জনের মৃত্যুরূপী সত্য, কিন্তু ভক্ত জনের পক্ষে অমৃত স্বরূপ । বৎস ! তিনি কেবল তোমারই উপাস্য এমত নহেন, তিনি এই জগতের পরম স্থান, অতএব নাসিকাতে রজ্জু বদ্ধ বলীবর্দ্দ সকলের ন্যায় বিশ্বস্রষ্টারাও নিযন্ত্রিত হইয়া তাঁহার নিমিত্ত বলি অর্থাৎ পূজোপহার আহরণ করিয়া থাকেন ॥ ২৬ ॥

যঃ পঞ্চবর্ষো জননীং বিহায় মাতুঃ সপত্ন্যা বচসা ভিন্নমর্ম্মা।
বনং গতস্তপসা প্রত্যগক্ষমারাধ্য লেভে মূর্দ্ধ্নি পদং ত্রিলোক্যাঃ ॥ ২৭ ॥
তমেবমঙ্গাত্মনি মুক্তবিগ্রহে ব্যপাশ্রিতং নির্গুণমেকমক্ষরং।
আত্মানমন্বিচ্ছ বিমুক্তমাত্মদৃক্ যস্মিন্নিদং ভেদমসৎ প্রতীয়তে ॥ ২৮ ॥
ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্ত আনন্দ মাত্র উপপন্নসমস্তশক্তৌ।
ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিদ্যাগ্রন্থিং বিভেৎস্যসি মমাহমিতি প্ররূঢ়ং ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

তদারাধনঞ্চ তব সুশক্যমিত্যাহ। যঃ পঞ্চবর্ষঃ স ত্বং যমারাধ্য ত্রিলোক্যা মূর্দ্ধ্নি পদং স্থানং লেভে লব্ধবানসি। ইদানীং তমেবান্বিচ্ছ অবলোকয়েত্যুত্তরেণান্বয়ঃ। প্রত্যঞ্চি অক্ষাণি যস্মিন্ ক্রিয়াবিশেষণং বা ॥ ২৭ ॥

অঙ্গ ধ্রুব মুক্তবিরোধে আত্মনি মনসি ব্যপাশ্রিতং অবস্থিতং আত্মদৃক্ প্রত্যগ্দৃষ্টিঃ সন্। অয়ং ভেদো যস্মিন্ তদিদং ভেদং অসদেব বিশ্বং যস্মিন্ প্রতীয়তে তং ॥ ২৮ ॥

তদা অন্বেষণফলমাহ ত্বমিতি। তদান্বেষণ কালএব ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

য ইত্যত্র যো লেভে স ত্বমুপৈহীতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২৭ ॥

আত্মানং পরমাত্মানং যস্মিন্ স্ফুরিতে সতি। অসদপুরুষার্থঃ ইদং নেদমসৎ প্রতীক্ষতে ইতি চিৎসুখঃ। অনুভবাদিদং যুক্ত মহত্বায়েদমিতি ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বস্থ তঃ প্রপন্নো মৎ কুলপদ্মমেবাসীত্যাহ য ইতি প্রত্যঞ্চি অক্ষাণি যোগিনাং যস্মিংস্তং ॥ ২৭ ॥

তমেব সংপ্রত্যপি অন্বিচ্ছ অলং তব ব্যাবহারিক ভদ্রাভদ্র ভাবনয়েতি ভাবঃ নচ তত্রান্যোন্যামিব তব প্রয়াস ইত্যাহ। আত্মনি ত্বন্মনসি মুক্তবিগ্রহে নির্ব্বিরোধে বিশেষেণ বাৎসল্যাৎ কৃতনিবাসং। আত্মদৃক্ প্রত্যগ্দৃষ্টিঃ সন্ যস্মিন্ অন্বিষ্টে সতি ইমে শত্রু মিত্রাদয়ো ভেদা যত্র তদিদং ভেদং জগৎ অসৎ অভদ্রমরোচকমেব প্রতীয়তে ॥ ২৮ ॥

তদা পঞ্চবর্ষ বয়সি কিমিদং স্মরসীত্যর্থঃ। অবিদ্যাগ্রন্থিং বিভেৎস্যসি। অভিজ্ঞা বচনে লৃড়িতি ভূতকাল এব লৃট বাভিন ইত্যর্থঃ ॥ ২৯ ॥

বৎস! তাঁহার আরাধনা করা তোমার পক্ষে কঠিন হইবে না অনায়াসেই করিতে পারিবে, তুমি পাঁচ বৎসর বয়সের সময় বিমাতার দুরুক্তি বাণ দ্বারা বিদীর্ণ হৃদয় হওয়াতে আপনার জননীকে পরিত্যাগ করিয়া বন গমন করিয়াছিলে। হে তাত! সে সময় যাঁহার আরাধনা করিয়া ত্রিলোকীর মস্তকোপরি স্থান লাভ করিয়াছিলে ॥ ২৭ ॥

এক্ষণে আত্মদর্শী হইয়া সেই নির্গুণ অবিনশ্বর এক আত্মারই অন্বেষণ কর। বৎস! যাহার অন্তঃকরণ নির্ব্বিরোধ, তাহার মনে তিনি সর্ব্বদাই অবস্থিত আছেন এবং সকল সময়েই বিমুক্ত স্বরূপ। বৎস! ভেদ জ্ঞান বশতঃ তাঁহাতেই এই অসৎ বিশ্ব প্রতীয়মান হইতেছে ॥ ২৮ ॥

হে তাত! তিনি সর্ব্বান্তরাত্মা, ভগবান্, অনন্ত এবং সমস্ত শক্তি সম্পন্ন ও আনন্দ মাত্র, তাঁহার প্রতি ভক্তি করিলে ক্রমে “আমি আমার” ইত্যাদি সুদৃঢ় অহঙ্কার গ্রন্থি ভেদ করিতে পারিবে ॥ ২৯ ॥

সংযচ্ছ রোষং ভদ্রং তে প্রতীপং শ্রেয়সাং পরং। শ্রুতেন ভূয়সা রাজন্নগদেন যথাময়ং ॥ ৩০ ॥
যেনোপসৃষ্টাৎ পুরুষাল্লোক উদ্বিজতে ভৃশং। ন বুধস্তদ্বশং গচ্ছেদিচ্ছন্নভয়মাত্মনঃ ॥ ৩১ ॥
হেলনং গিরিশভ্রাতুর্ধনদস্য ত্বয়া কৃতং। যজ্জঘ্নিবান্ পুণ্যজনান্ ভ্রাতৃঘ্নানিত্যমর্ষিতঃ।
তং প্রসাদয় বৎসাশু সন্নত্যা প্রণয়োক্তিভিঃ। ন যাবন্মহতাং তেজঃ কুলং নোভিভবিষ্যতি।
এবং স্বায়ম্ভুবঃ পৌত্রমনুশাস্য মনুর্ধ্রুবং। তেনাভিনন্দিতঃ সাকমৃষিভিঃ স্বপুরং যযৌ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুবচরিত্রে মনুবাক্যমেকাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১১ ॥ * ॥

শ্রীধরস্বামী।

উপদেশ সারমাহ সংযচ্ছেতি দ্বাভ্যাং। প্রতীপং প্রতিকূলং অগদেন ঔষধেন যথালোকো রোগং নিযচ্ছতি ॥ ৩০ ॥

যেন রোষেণ উপসৃষ্টাৎ ব্যাপ্তাৎ ॥ ৩১ ॥

অন্যচ্চ ত্বয়া কার্য্যমিত্যাহ হেলনমিতি দ্বাভ্যাং। যদ্যতো জঘ্নিবান্ ঘাতিতবান্ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একাদশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

জঘ্নিবানিতি যৎ তদেব হেলনং কৃতমিত্যন্বয়ঃ ভ্রাতৃঘ্না ইতি বা স্বামিপাঠঃ। মহতামিতি শ্রীরুদ্রাদ্যপেক্ষয়া বহুত্বং ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য একাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদপি ব্যাবহারিক লোকমনুকুর্ব্বং স্বং তাদৃশেপি ভ্রাতরি প্রণয়ং লোকে প্রথয়ন্ বহিরেবং রোষং ধৎসে মমাজ্ঞয়া তমপি সংযচ্ছ। শ্রুতেন মদুপদেশবাক্যেন অগদেন ঔষধেন আময়মিবেতি ত্বাদৃশানাং ভক্তানাং লোকে প্রতিষ্ঠা প্রখ্যাপনমপ্যেকো-রোগ এবেতি ভাবঃ ॥ ৩০ ॥ নীতিমাহ যেন রোষেণ উপসৃষ্টাৎ ব্যাপ্তাৎ ॥ ৩১ ॥

বৈষ্ণবস্য ভবানৌচিত্যং শৃণ্বিত্যাহ হেলনমিতি। জঘ্নিবানিতি। যৎ তদেব হেলনমিত্যন্বয়ঃ। ইতি শব্দঃ সমাপ্ত্যর্থকঃ। সর্ব্বান্তে বা দেয়ঃ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অতএব হে বৎস! ক্রোধ সম্বরণ কর তোমার মঙ্গল হউক, আর হে রাজন্! লোকে ঔষধ দ্বারা যেমন রোগ শান্তি করে তাহার ন্যায়, ভূরি ভূরি শ্রবণ দ্বারা তুমি আপনার শ্রেয়ঃ প্রতিপক্ষ যে সকল বিষয় তৎসমুদায়ের শান্তি কর ॥ ৩০ ॥

বৎস! রোষ অতি অহিতকর রিপু, যে পুরুষ তদ্দ্বারা অভিভূত হয় তাহা হইতে লোকদের সুমহদ্ভয় জন্মে, অতএব যে ব্যক্তি আপনার অভয় ইচ্ছা করে, তাহার পক্ষে ক্রোধ পরতন্ত্র হওয়া বিধেয় নহে ॥ ৩১ ॥

বৎস! ধনাধিপ কুবের ভগবান্ গিরিশের ভ্রাতা, তুমি তাঁহার প্রতি অবজ্ঞা করিয়াছ, যে হেতু বহু বহু যক্ষকে ভ্রাতৃহন্তা বোধ করিয়া রোষ বশতঃ বধ করিয়াছ। হে তাত! মহতের তেজঃ অতি ভয়ঙ্কর, যাবৎ আমাদের কুলকে অভিভব না করে, তাবৎ শীঘ্র গিয়া প্রণাম ও প্রণয় বচন দ্বারা তাঁহাকে প্রসন্ন কর। মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! স্বায়ম্ভুব মনু এই প্রকারে স্বীয় পৌত্র ধ্রুবকে উপদেশ করিয়া তাঁহা কর্ত্তৃক অভিনন্দিত হওত ঋষিগণ সমভিব্যাহারে আপনার পুরাভিমুখে প্রস্থান করিলেন ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একাদশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ধ্রুবং নিবৃত্তং প্রতিবুধ্য বৈশসাদপেত মন্যুং ভগবান্ ধনেশ্বরঃ।
তত্রাগতশ্চারণ যক্ষ কিন্নরৈঃ সংস্তূয়মানোন্যবদৎ কৃতাঞ্জলিং ॥ ১ ॥

শ্রীধনদ উবাচ ॥

ভোভোঃ ক্ষত্রিয়দায়াদ পরিতুষ্টোস্মি তেঽনঘ। যত্ত্বং পিতামহাদেশাদ্বৈরং দুস্ত্যজমত্যজঃ ॥ ২ ॥
ন ভবানবধীদযক্ষান্নযক্ষা ভ্রাতরং তব। কাল এবহি ভূতানাং প্রভুরপ্যয়ভাবয়োঃ ॥ ৩ ॥
অহং ত্বমিত্যপার্থা ধীরজ্ঞানাৎ পুরুষস্য হি। স্বাপ্নীবাভাত্যতদ্ধ্যানাদ্যয়া বন্ধবিপর্য্যয়ৌ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দ্বাদশে ধনদেনাভিনন্দিতঃ পুরমাগতঃ। যজ্ঞৈরিষ্ট্বা হরেঃ স্থানমারুরোহেতি কীর্ত্ত্যতে ॥ ০ ॥
বৈশসাৎ বধান্নিবৃত্তং জ্ঞাত্বা ॥ ১ ॥
ক্ষত্রিয়দায়াদ ক্ষত্রিয়পুত্র অত্যজঃ ত্যক্তবানসি ॥ ২ ॥
নচ বৈরস্য কারণমস্তীত্যাহ ন ভবানিতি। অপ্যয়ভাবয়োর্মৃত্যু জন্মনোঃ ॥ ৩ ॥
কথং তর্হি অহং হন্তেতি বুদ্ধিঃ তত্রাহ অহং ত্বমিতি। আভাতি প্রকাশতে জায়ত ইত্যর্থঃ। অতদ্ধ্যানাৎ দেহানুসন্ধানাৎ যয়া ধিয়া বন্ধঃ বিপর্য্যয়ো দুঃখাদিঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভো ভো ইত্যাদিকা দেবতাভিমানোক্তয়ঃ ॥ ১ । ২ । ৩ ॥
অজ্ঞানাৎ উপাধ্যভিমানাদেব যা অহং ত্বমিতি ধীঃ সাঽপার্থৈব। অতদ্ধ্যানাদিত্যত্র অনুধ্যানাদিতি চিৎসুখঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বাদশে ধনদাল্লব্ধবরো গত্বা পুরীং হরিং। যজ্ঞৈ রিষ্ট্বা বিরজ্যাগাৎ স শরীরো হরেঃ পদং ॥ ০ ॥
বৈশসাৎ বধাৎ ॥ ১ । ২ । ৩ ॥
অতদ্ধ্যানাদ্দেহানুসন্ধানাৎ বন্ধঃ সংসারশ্চ ততো জ্ঞানানন্দময়স্য জীবাত্মনো বিপর্য্যয়োঽজ্ঞান দুঃখাদিকশ্চ তৌ ॥ ৪ ॥

দ্বাদশাধ্যায়ে কুবেরের নিকট বর প্রাপ্ত হইয়া স্বপুরে প্রত্যাগমন পূর্ব্বক ধ্রুবের যজ্ঞানুষ্ঠান এবং তৎপশ্চাৎ সশরীরে হরিধামে আরোহণ ॥ ০ ॥

মুনিবর মৈত্রেয় বিদুরকে সম্বোধন করিয়া কহিলেন বৎস! ধনাধিপ কুবের শুনিতে পাইলেন উত্তানপাদ রাজার পুত্র ধ্রুব পিতামহের বাক্যে ক্রোধ পরিত্যাগ পূর্ব্বক যক্ষদিগের বধ ক্রিয়া হইতে ক্ষান্ত হইয়াছেন, অতএব তিনি চারণ, যক্ষ, কিন্নরগণ কর্ত্তৃক স্তূয়মান হইয়া ধ্রুবের সমীপে আগমন করিলেন এবং কৃতাঞ্জলি পুটে দণ্ডায়মান ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ১ ॥

অহে নিষ্পাপ ক্ষত্রিয় তনয়! আমি তোমার প্রতি সাতিশয় পরিতুষ্ট হইলাম, যে হেতু তুমি পিতামহের আদেশে দুস্ত্যজ বৈর পরিত্যাগ করিলে ॥ ২ ॥

অহে! তোমার সহিত আমাদের বৈরতার কোন কারণ নাই, যে সকল যক্ষ বিনষ্ট হইল তুমি তাহাদিগকে বধ কর নাই, কালই প্রাণি সকলের জন্ম মরণ সম্পাদনে সমর্থ, তদ্ব্যতীত অন্য কাহারও কোন প্রাণির সৃষ্টি ও বিনাশে ক্ষমতা নাই ॥ ৩ ॥

বৎস! পুরুষের অজ্ঞান হইতে স্বপ্ন কালীন জ্ঞানের ন্যায় "আমি আমার" ইত্যাকার অলীক বুদ্ধি হইয়া থাকে, সেই বুদ্ধি দ্বারা দেহানুসন্ধান করাতেই বন্ধ ও দুঃখাদি হয় ॥ ৪ ॥

তদ্গচ্ছ ধ্রুব ভদ্রং তে ভগবন্তমধোক্ষজং। সর্ব্বভূতাত্মভাবেন সর্ব্বভূতাত্মবিগ্রহং।
ভজস্ব ভজনীয়াঙ্ঘ্রিমভবায় ভবচ্ছিদং। যুক্তং বিরহিতং শক্ত্যা গুণময্যাত্মমায়য়া ॥ ৫ ॥
বৃণীহি কামং নৃপ যন্মনোগতং মত্তস্ত্বমৌত্তানপদে বিশঙ্কিতঃ।
বরারহোঽম্বুজনাভপাদয়োরনন্তরং ত্বাং বয়মঙ্গ শুশ্রুম ॥ ৬ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

স রাজরাজেন বরায় চোদিতো ধ্রুবো মহাভাগবতো মহামতিঃ।
হরৌ স বব্রেঽচলিতাং স্মৃতিং যয়া তরত্যযত্নেন দুরত্যয়ং তমঃ।

শ্রীধরস্বামী।

তত্তস্মাৎ গচ্ছ গত্বাচ ভগবন্তং ভজস্বেত্যুত্তরেণান্বয়ঃ। সর্ব্বভূতাত্মকো বিগ্রহো যস্য মায়য়া যুক্তং বিরহিতং সগুণ নির্গুণ ভেদেন ॥ ৫ ॥

কামমসঙ্কোচেন অবিশঙ্কিতঃ। অনন্তরং অতিনিকটং ॥ ৬ ॥

স বরায় চোদিত ইত্যনুবাদ রূপং পৃথগ্বাক্যং। অতঃ স বব্রে ইত্যস্যাপৌনরুক্ত্যং ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদিতি যুগ্মকং। সর্ব্ব ভূতানামাত্ম রূপো বিগ্রহো যস্য তমিতি বিগ্রহস্যৈব পরম তত্ত্ব রূপত্বাৎ। শক্ত্যা স্বরূপ ভূতয়া মুখ্যশক্ত্যা যুক্তং ত্রিগুণময্যা ত্বাত্মাধীনমায়য়া বিরহিতং স্বাশ্রয়য়াপি তয়া ন স্পৃষ্টমিত্যর্থঃ ॥ ৫ ॥

বৃণীহীতি পদ্যং ব্যাখ্যেয়ং ॥ ৬ ॥

মহাভাগবতোপি অচলাং স্মৃতিঞ্চ বব্র ইতি ন যাবন্মহতাং ভেজ ইত্যাদি পিতামহ বাক্যান্তগবৎ স্মরণাদৌ বিঘ্নাশংক্যেতি ভাবঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বেষু ভূতেষু আত্মনঃ স্বস্যেব ভাবো ভাবনা তেন সর্ব্ব ভূতানি আত্মবিগ্রহে যস্য তং। অভবায় নাস্তি ভবো যস্মাত্তং বিষ্ণুং প্রাপ্তুং মায়ায়াঃ স্বশক্তিত্বাদ্যুক্তং স্বরূপভূতত্বাভাবাদ্বিরহিতং ॥ ৫ ॥

অনন্তরমব্যবধানমতি নিকটমিত্যর্থঃ ॥ ৬ ॥

রাজ্ঞা সহ বর্ত্তমানেষু সর্ব্বেষু লোকেষু রাজত ইতি সরাজরাজঃ কুবেরস্তেন ॥

সে যাহা হউক, এক্ষণে তুমি গমন কর, তোমার মঙ্গল হউক, গিয়া মুক্তির নিমিত্ত সর্ব্ব প্রযত্নে ভগবান্ অধোক্ষজের ভজনা কর। বৎস ধ্রুব! তাঁহার শরীর সর্ব্ব ভূতময়, তিনি কখন শক্তি রূপা গুণময়ী আত্ম মায়াতে যুক্ত হন, কখন বা তাহা হইতে বিরহিত হইয়া থাকেন, পরন্তু তাঁহা হইতেই সংসার নিস্তার হয়, অতএব তাঁহার চরণ ভজনীয় ॥ ৫ ॥

অহে রাজন্! যদি তোমার মনে কোন বাসনা থাকে সঙ্কোচ না করিয়া আমার নিকট তদ্বিষয়ের বর প্রার্থনা কর। বৎস! তুমি বর পাইবার উপযুক্ত পাত্র, যে হেতু আমরা শুনিয়াছি তুমি ভগবান্ পদ্মনাভের পাদপদ্মের অতি নিকটে থাক ॥ ৬ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! রাজরাজ কুবের এই প্রকারে বর গ্রহণার্থ বারম্বার কহিলে, মহা ভাগবত ধ্রুব অতিশয় বুদ্ধিমান্ এ প্রযুক্ত অন্য কোন বর প্রার্থনা না করিয়া কহিলেন, দেব! আমাকে এই বর প্রদান করুন, ভগবান্ হরির প্রতি যেন আমার অচলা স্মৃতি থাকে, কারণ হরিস্মৃতি দ্বারাই অনায়াসে দুস্তর সাগর উত্তীর্ণ হওয়া যায়। মহাত্মা ধ্রুবের ঐ প্রকার প্রার্থনা শুনিয়া যক্ষরাজ কুবের প্রীতমনে "তথাস্তু" বলিয়া তৎক্ষণাৎ ঐ বর প্রদান করিলেন, অনন্তর তাঁহার সমক্ষেই অন্তর্দ্ধান হই-

তস্য প্রীতেন মনসা তাং দত্ত্বৈলবিলস্ততঃ। পশ্যতোঽন্তর্দ্দধে সোপি স্বপুরং প্রত্যপদ্যত ॥ ৭ ॥
অথাযজত যজ্ঞেশং ক্রতুভি র্ভূরি দক্ষিণৈঃ। দ্রব্য ক্রিয়া দেবতানাং কর্ম্ম কর্ম্মফলপ্রদং ॥ ৮ ॥
সর্ব্বাত্মন্যচ্যুতেঽসর্ব্বে তীব্রৌঘাং ভক্তিমুদ্বহন্। দদর্শাত্মনি ভূতেষু তমেবাবস্থিতং বিভুং।
তমেব শীলসম্পন্নং ব্রহ্মণ্যং দীনবৎসলং। গোপ্তারং ধর্ম্মসেতূনাং মেনিরে পিতরং প্রজাঃ ॥ ৯ ॥
ষট্ত্রিংশদ্বর্ষ সাহস্রং শশাস ক্ষিতিমণ্ডলং। ভোগৈঃ পুণ্যক্ষয়ং কুর্ব্বন্নভোগৈরশুভক্ষয়ং ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

দ্রব্যক্রিয়া দেবতানাং কর্ম্মসাধ্যং ফলরূপং কর্ম্মফলপ্রদঞ্চেত্যর্থঃ ॥ ৮ ॥
সর্ব্বস্যাত্মনি অসর্ব্বে সর্ব্বোপাধিবর্জ্জিতে ॥ ৯ ॥
অভোগৈর্যজ্ঞাদ্যনুষ্ঠানৈঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

দ্রব্যক্রিয়াদেবতানামিতি। দ্রব্যাদ্যাত্মকস্য যজ্ঞস্যেত্যর্থঃ ॥ ৮। ৯ ॥
ভোগৈরিত্যাদিকং লোকানুকরণমাত্রং মায়য়া ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঐড়বিড়ঃ কুবেরঃ ॥ ৭ ॥

দ্রব্য ক্রিয়া দেবতা সম্বন্ধি কর্ম্মপ্রদং কর্ম্মফল প্রদঞ্চেতি সএব কর্ম্ম কারয়তি সএব কর্ম্মফলং ভোজয়তীত্যর্থঃ ॥ ৮ ॥

রাজানোহি দেব ব্রাহ্মণাদি সন্তর্পকান্ ক্রতূন্ কুর্ব্বন্তি। তান্ বিনা ন রাজ্ঞঃ ব্যবহার সিদ্ধিরিতি তদনুরোধেনৈব তস্য যজ্ঞাদি কর্ম্ম করণং স্বপ্রতিমূর্ত্তি দ্বারৈব। বস্তুত তস্য স স্বয়মবকাশমেব কর্ম্মণি নৈব লভত ইত্যাহ। সর্ব্বাত্মনি অথচ সর্ব্বে সর্ব্ব ব্যতিরিক্ত স্বরূপে আত্মন্যন্তঃকরণে সর্ব্বভূতেষু বহিরপি তদ্ধ্যানপরিপাকাৎ স্ফূর্ত্ত্যা দদর্শ ॥ ৯ ॥

অভোগৈ র্ব্রতনিয়মাদিভিরশুভক্ষয়ং কুর্ব্বন্ কর্ত্তুমিচ্ছন্নিত্যর্থঃ। অত্র তুমর্থে শতৃপ্রত্যয়ঃ। তুমুনিচ সর্ব্বত্র ইচ্ছতি রাক্ষেপলব্ধএব ভবতি যথা দেবদত্তোভোক্তুং ব্রজতীত্যত্র ভোক্তুমিচ্ছন্ ব্রজতীত্যর্থো লভ্যতে ইতি তস্য পুণ্যপাপক্ষয় চিকীর্ষা-দৈন্যেনৈব বস্তুতস্তূৎপন্ন প্রেমত্বাত্তস্য পুণ্যপাপেনৈব স্তঃ ॥ ১০ ॥

লেন। যক্ষরাজ কুবের সগণ সহিত স্বস্থানে গমন করিলে, ধ্রুব আপনার পুরে প্রত্যাগমন করিলেন ॥ ৭

কিয়দ্দিনানন্তর প্রচুর দক্ষিণা প্রদান পূর্ব্বক বহু বহু যজ্ঞ করত যজ্ঞেশ্বর বিষ্ণুর অর্চ্চনা করিতে লাগিলেন। বৎস বিদুর! ভগবান্ বিষ্ণু দ্রব্য ক্রিয়া এবং দেবতার কর্ম্ম সাধ্য ফল স্বরূপ এবং আপনি কর্ম্ম ফল প্রদান করিয়া থাকেন ॥ ৮ ॥

কিন্তু ধ্রুব কেবল যজ্ঞ দ্বারা ভগবানের আরাধনা করিতে লাগিলেন এতাবন্মাত্র নহে, তিনি সকলের আত্ম স্বরূপ অথচ সর্ব্বোপাধি বিবর্জ্জিত ভগবানে দৃঢ়তর ভক্তিযোগ করিয়া আপনার আত্মাতে ও সকল প্রাণিতে সেই বিভুকে দর্শন করিতে লাগিলেন। বৎস বিদুর! তিনি শীলসম্পন্ন, ব্রহ্মণ্য এবং দীনবৎসল হইয়া কেবল ধর্ম্ম নিমিত্ত প্রজা রক্ষণে যত্নবান্ হইয়াছিলেন, অতএব প্রজা সকল তাঁহাকেই আপনাদের পিতা বলিয়া মান্য করিত ॥ ৯ ॥

এই রূপে ধ্রুব ভোগ দ্বারা পুণ্য ক্ষয় এবং অভোগ অর্থাৎ যজ্ঞানুষ্ঠান দ্বারা পাপ সকল বিনষ্ট করত ষট্ত্রিংশৎ সহস্র বৎসর যাবৎ অবনীমণ্ডল শাসন করিয়াছিলেন ॥ ১০ ॥

এবং বহুসবং কালং মহাত্মা বিচলেন্দ্রিয়ঃ। ত্রিবর্গৌপয়িকং নীত্বা পুত্রায়াদান্নৃপাসনং ॥ ১১ ॥
মন্যমান ইদং বিশ্বং মায়ারচিতমাত্মনি। অবিদ্যারচিত স্বপ্নগন্ধর্ব্বনগরোপমং ॥ ১২ ॥
আত্মস্ত্র্যপত্য সুহৃদো বলমৃদ্ধকোষমন্তঃপুরং পরিবিহারভুবশ্চ রম্যাঃ।
ভূমণ্ডলং জলধি মেখলমাকলয্য কালোপসৃষ্টমিতি স প্রযযৌ বিশালাং ॥ ১৩ ॥
তস্যাং বিশুদ্ধকরণঃ শিববার্বিগাহ্য বদ্ধাসনং জিতমরুন্মনসা হৃতাক্ষঃ।
স্থূলে দধার ভগবৎপ্রতিরূপ এতদ্ধ্যায়ং স্তদব্যবহিতো ব্যসৃজৎ সমাধৌ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

বহবঃ সবা যাগাঃ সংবৎসরা বা যস্মিন্ তং কালং ত্রিবর্গস্য সাধনং নীত্বা। অবিচলানি সংযতানি ইন্দ্রিয়াণি যস্য ॥ ১১ ॥

ইদং দেহাদি ভগবন্মায়য়া আত্মনি স্বস্মিন্ রচিতং মন্যমানঃ অত্র অবিদ্যা সৃষ্টিং দৃষ্টান্তয়তি অবিদ্যা রচিতেতি ॥ ১২ ॥

আত্মা দেহ আত্মাদি মায়িকমপি পুনঃ কালেনোপসৃষ্টং অনিত্যমাকলয্য বিচিন্ত্য বিশালাং বদরিকাশ্রমং ॥ ১৩ ॥

তত্র তৎকৃতমষ্টাঙ্গযোগমাহ। তস্যাং শিবং বাঃ শুদ্ধমুদকং বিগাহ্য প্রবিশ্য ইতি স্নানাদি নিয়মা উক্তা বিশুদ্ধ করণ ইতি শমাদয়ঃ যমাঃ আসনাদীনি স্ফুটমেবোক্তানি জিতো মরুৎপ্রাণো যেন আহৃতান্যক্ষাণি যেন ভগবতঃ প্রতিরূপ ভূতে স্থূলে বিরাড়্রূপে এতন্মনোদধার ধ্যায়ন্নব্যবহিতো ধ্যাতৃধ্যেয় ভেদ শূন্যঃ সন্ সমাধৌ স্থিতঃ তৎস্থূলং ব্যসৃজৎ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অবিচলানি বিপরিণামাদি রহিতানি ইন্দ্রিয়াণি যস্য ॥ ১১ ॥

মনোতি যুগ্মকং। মায়য়া রচিতমধ্যস্তং আত্মা স্বপত্যেতি চিৎসুখঃ অসবঃ প্রাণাঃ ॥ ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বহবঃ সংবৎসরা যত্র তং ত্রিবর্গোপযোগিনং কালং নীত্বা গময়িত্বা ॥ ১১ ॥

ইদং মায়ারচিতং মায়ারচিতত্বাৎ সত্যমপি আত্মনি যা অবিদ্যা তয়া রচিতৈঃ স্বপ্ন গন্ধর্ব্বনগরৈঃ সহোপমা যস্য তৎ অসত্যমিবানুভবন্নিত্যর্থঃ ॥ ১২ ॥

আত্মা দেহ সুতাদিকং সর্ব্বং কালেনোপসৃষ্টং গ্রস্তমিত্যাকলয্য বিশালাং বদরিকাশ্রমং যযৌ ॥ ১৩ ॥

বিশুদ্ধ করণ ইত্যাদীনি যমাদ্যষ্টাঙ্গানি ভগবৎ প্রতিরূপে প্রতিনিধি ভূতে বিরাড়্রূপে দধার ধারণামকরোৎ। এতদ্ধ্যায়ন্নব্যবহিতঃ ভগবৎ স্বরূপে ব্যবধান শূন্যঃ সন্ সমাধৌ স্থিতঃ তৎস্থূলং ব্যসৃজৎ ॥ ১৪ ॥

বিদুর! এই প্রকারে সংযতেন্দ্রিয় হইয়া ধ্রুব বহু বৎসর কাল ত্রিবর্গ সাধন করিয়া আপনার পুত্রকে রাজাসন প্রদান করিলেন ॥ ১১ ॥

তৎকালে তাঁহার বোধ হইল যেমন স্বপ্নে গন্ধর্ব্ব নগর বিরচিত হয়, তাহার ন্যায় অবিদ্যা দ্বারা এই দেহাদি সমস্ত জগৎ ভগবানের মায়া দ্বারা আত্মাতে রচিত হইয়াছে ॥ ১২ ॥

অতএব দেহ, পুত্র, কলত্র, মিত্র, সামর্থ্য, বৃদ্ধি শীল ধনাগার, অন্তঃপুর, রমণীয় বিহার ভূমি এবং আসমুদ্র ধরামণ্ডল ইত্যাদি সকল মায়া রচিত ও অনিত্য বিবেচনা করিয়া বৈরাগ্য বশতঃ তপস্যার্থ বদরিকাশ্রমে গমন করিলেন ॥ ১৩ ॥

অনন্তর ঐ আশ্রমে উপস্থিত হইয়া অষ্টাঙ্গ যোগে প্রবৃত্ত হইলেন, প্রথমতঃ তত্রস্থ পুণ্য জলে স্নান করিয়া শমদমাদি দ্বারা বিশুদ্ধেন্দ্রিয় হইলেন, পরে আসন বন্ধন পূর্ব্বক প্রাণায়ামাদি করণক প্রাণ জয় করিয়া মনো দ্বারা ইন্দ্রিয় সকলকে বিষয় হইতে প্রত্যাহরণ করিলেন, তদনন্তর বিরাট্ মূর্ত্তি ভগবানের স্থূল রূপে মনঃ ধারণ করিয়াছিলেন, কিন্তু তাহার পরক্ষণেই ধ্যান করিতে করিতে ধ্যাতৃ ধ্যেয় ভেদ শূন্য হইয়া সমাধিস্থ হইলেন, সুতরাং তখন তাঁহার সেই স্থূল রূপের ধ্যান পরিত্যাগ হইল ॥ ১৩ ॥

ভক্তিং হরৌ ভগবতি প্রবহন্নজস্রমানন্দবাস্পকলয়া মুহুরর্দ্দ্যমানঃ।
বিক্লিদ্যমানহৃদয়ঃ পুলকাচিতাঙ্গো নাত্মানমস্মরদসাবিতি মুক্তলিঙ্গঃ।
স দদর্শ বিমানাগ্র্যং নভসোঽবতরদ্ধ্রুবঃ। বিভ্রাজয়দ্দশ দিশো রাকাপতিমিবোদিতঃ ॥ ১৫ ॥
তত্রানুদেবপ্রবরৌ চতুর্ভুজৌ শ্যামৌ কিশোরাবরুণাম্বুজেক্ষণৌ।
স্থিতাববষ্টভ্য গদাং সুবাসসৌ কিরীট হারাঙ্গদ চারুকুণ্ডলৌ ॥ ১৬ ॥
বিজ্ঞায় তাবুত্তমগায়কিঙ্করাবভ্যুত্থিতঃ সাধ্বসবিস্মৃতক্রমঃ।
ননাম নামানি গৃণন্মধুদ্বিষঃ পার্ষৎপ্রধানাবিতি সংহতাঞ্জলিঃ।

শ্রীধরস্বামী।

এবমজস্রং নিত্যং হরৌ ভক্তিং প্রকর্ষেণ বহন্ অসৌ ধ্রুবোঽহমিত্যাত্মানং ন সস্মার। যতোমুক্তলিঙ্গস্ত্যক্তশরীরাভিমানঃ অত্র হেতবঃ আনন্দবাস্পস্য কলয়া বিন্দু প্রবাহেণাভিভূয়মানঃ বিক্লিদ্যমানং দ্রবং হৃদয়ং যস্য পুনকৈর্ব্যাপ্তাঙ্গঃ ॥ ১৪ ॥

অনু অনন্তরং দেবপ্রবরৌ দদর্শেত্যনুসঙ্গঃ গদামবষ্টভ্য স্থিতৌ কিরীটাদিভিঃ সহিতে চারুণী কুণ্ডলে যয়োঃ ॥ ১৬ ॥

উত্তমগায়ঃ পুণ্যশ্লোকঃ তস্য কিঙ্করৌ তৌ বিজ্ঞায়। মধুদ্বিষঃ পার্ষৎপ্রধানাবিতি হেতোঃ। সাধ্বসেন সম্ভ্রমেণ বিস্মৃতঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতচ্চ সর্ব্বং তত্রত্যানাং যোগিনাং সদাচারসম্মানার্থং দ্বিত্রদিনমেবানুরোধেন চকার বস্তু তস্য যোগে তস্যাবকাশ এব নাস্তীত্যাহ ভক্তিমিতি। ইতি হেতোরেব মুক্তলিঙ্গস্ত্যক্তদেহাভিমানঃ নতু যোগাদ্ধেতোরিতি গার্হস্থ্যে কর্ম্মযোগে বৈরাগ্যেঽষ্টাঙ্গযোগশ্চ তস্য লোক প্রদর্শনার্থকএব বভূবেতি ভাবঃ ॥ ১৫ ॥

তত্র বিমানে অনু অনন্তরঃ দেবপ্রবরৌ দদর্শ ॥ ১৬ ॥

সাধ্বসেন সংভ্রমেণ বিস্মৃত পূজাক্রমঃ কেবলঃ তস্য নামানি জয় নারায়ণ জয় গোপাল জয় গোবিন্দেত্যাদ্যুচ্চারয়ন্ননাম ॥ ১৭ ॥

ধ্রুব এই প্রকারে ভগবান্ হরির প্রতি নিত্য নিত্য উত্তরোত্তর অধিক ভক্তি বহন করিতে লাগিলেন, শরীরাভিমান পরিত্যাগ হেতু তাঁহার "আমি" এ রূপে আপনারও স্মরণ হইল না, নয়নদ্বয় হইতে অজস্র আনন্দাশ্রু বিগলিত হওয়ায়, তাহার প্রবাহে যেন অভিষিক্ত হইতেছিলেন, অধিকন্তু তাঁহার হৃদয় আনন্দে গলিত প্রায় হইল এবং সর্ব্বাঙ্গ পুলকে ব্যাপিল, কিয়ৎক্ষণ পরে দেখিতে পাইলেন একটী উৎকৃষ্ট বিমান গগন মণ্ডল হইতে নীচে অবতীর্ণ হইয়া আসিতেছে। ঐ বিমান এমন জ্যোতির্ময়, যে প্রভা দ্বারা পূর্ণিমার শশধরের ন্যায় দশ দিক্ উদ্দীপিত করিতেছিল ॥ ১৫ ॥

অনন্তর ঐ বিমান মধ্যে দুইটী শ্রেষ্ঠ দেব দেখিতে পাইলেন, তাঁহারা দুই জনেই শ্যামবর্ণ, চতুর্ভুজ এবং তরুণ বয়স, দুই জনেরই নয়ন অরুণ বর্ণ কমলের তুল্য, বসন অতি সুশোভন, উভয়ে মনোহর কিরীট, হার, অঙ্গদ এবং কুণ্ডলে অলঙ্কৃত হইয়া গদাবলম্বনে দণ্ডায়মান হইয়াছিলেন ॥ ১৬ ॥

ধ্রুব তাঁহাদিগকে পুণ্যশ্লোক ভগবানের কিঙ্কর বোধ করিয়া তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলেন এবং তাঁহারা মধুসূদনের প্রধান পার্ষদ এই বিবেচনা করিয়া অঞ্জলি বন্ধন পূর্ব্বক ভগবানের নাম সকল উচ্চারণ করিতে করিতে প্রণাম করিলেন, ব্যস্ততা প্রযুক্ত তাঁহাদের যথাবিধি পূজা করিতে তাঁহার স্মরণ হইল না। বৎস বিদুর! ভগবানের যে দুই পার্ষদ বিমানে আরোহণ করিয়া আগমন করিলেন, তাঁহাদের নাম সুনন্দ ও নন্দ, দুই জনেই ভগবানের অতি প্রিয়পাত্র। তাঁহারা নিকটে আসিয়া দেখি-

তং কৃষ্ণপাদাভিনিবিষ্টচেতসং বদ্ধাঞ্জলিং প্রশ্রয়নম্রকন্ধরং।
সুনন্দনন্দাবুপসৃত্য সস্মিতং প্রীত্যোচতুঃ পুষ্করনাভসম্মতৌ ॥ ১৭ ॥
ভো ভো রাজন্ সুভদ্রং তে বাচোনোঽবহিতঃ শৃণু। যং পঞ্চবর্ষস্তপসা ভবান্ দেবমতীতৃপৎ ॥ ১৮
তস্যাখিল জগদ্ধাতু দে´বদেবস্য শার্ঙ্গিণঃ। পার্ষদাবিহ সংপ্রাপ্তৌ নেতুং ত্বাং ভগবৎপদং ॥ ১৯ ॥
সুদুর্জয়ং বিষ্ণুপদং জিতং ত্বয়া যৎ সূরয়োঽপ্রাপ্য বিচক্ষতে পরং।
আতিষ্ঠ তচ্চন্দ্র দিবাকরাদয়ো গ্রহর্ক্ষ তারাঃ পরিযন্তি দক্ষিণং।
অনাস্থিতং তে পিতৃভিরন্যৈরপ্যঙ্গ কর্হিচিৎ। আতিষ্ঠ জগতাং বন্দ্যং তদ্বিষ্ণোঃ পরমং পদং॥২০

শ্রীধরস্বামী।

পূজা ক্রমো যেন। কেবলং তস্য নামানি গৃণন্ ননাম ॥ ১৭ ॥

সুভদ্রন্ত ইতি সশরীরস্যৈব বিষ্ণুপদারোহণাভিপ্রায়ং অতীতৃপৎ তর্পিতবান্ ॥ ১৮ ॥

আবাং তস্য পার্ষদৌ ॥ ১৯ ॥

সুদুর্জয়ত্বে হেতুঃ সূরয়ঃ সপ্তর্ষয়োপি যদপ্রাপ্য কেবলমধঃ স্থিতাঃ পশ্যন্তি। যচ্চ চন্দ্রাদয়ঃ প্রদক্ষিণং যথা ভবতি তথা পরিক্রামন্তি তদাতিষ্ঠ অধিতিষ্ঠ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভো ভো ইত্যর্দ্ধকং ॥

যং পঞ্চেতি সার্দ্ধকং ॥ ১৮ । ১৯ ॥

সুদুর্জয়মিতি। যদপ্রাপ্যৈব পরং ব্রহ্মাদ্যেষয়ন্তি নতু তৎ প্রাপ্যাপি। তস্যৈব পরব্রহ্ম রূপত্বাৎ সূর্য্যাদীনাং স্বগত্যা বামাবর্ত্তত্বেপি প্রাপ্তিঃ পরিযন্তি দক্ষিণমিতি জ্যোতিশ্চক্রগত্যাব্যপদিশ্যতে। ধ্রুবপদস্য তদসক্তত্বাৎ ॥ ২০ । ২১ । ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুভদ্রং ত ইতি সশরীরস্যৈব বিষ্ণোঃ পদারোহণাভিপ্রায়ঃ ॥ ১৮ । ১৯ ॥

সূরয়ঃ সপ্তর্ষয়োপি যদপ্রাপ্য কেবলমধঃ স্থিতাঃ পশ্যন্তি। চন্দ্রাদয়ঃ দক্ষিণং পরিযন্তি প্রদক্ষিণী কুর্ব্বন্তি ॥ ২০ ॥

লেন, ধ্রুবের চিত্ত শ্রীকৃষ্ণচরণারবিন্দেই একান্ত নিবিষ্ট, আমাদের অভ্যর্থনা নিমিত্ত কৃতাঞ্জলি ও বিনয়ে নত কন্ধর হইয়া দণ্ডায়মান মাত্র। এতদবলোকনে প্রীতি পূর্ব্বক সহাস্য বদনে কহিলেন ॥ ১৭ ॥

অহে রাজন্! তোমার মঙ্গলের পরিসীমা নাই, যে হেতু সশরীরে বিষ্ণুপদে আরোহণ করিবে, অবহিত হইয়া আমাদের বাক্য শ্রবণ কর। তুমি পঞ্চবর্ষ বয়সের সময় তপস্যা দ্বারা যাঁহাকে পরিতুষ্ট করিয়াছিলে ॥ ১৮ ॥

আমরা সেই অখিল জগতের ধারণ কর্ত্তা দেবদেব ভগবান্ শার্ঙ্গধন্বার পার্ষদ, তোমাকে ভগবানের স্থানে লইয়া যাইবার নিমিত্ত এখানে আসিলাম ॥ ১৯ ॥

রাজন্! তুমি দুর্জয় বিষ্ণুপদ জয় করিয়াছ, অতএব সপ্তর্ষিরাও যে স্থানে যাইতে পারেন না অধঃস্থলে অবস্থিত হইয়া কেবল দর্শন করিতে থাকেন এবং চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র ও তারা সকল যাহাকে প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করিতেছেন, সেই স্থানে অধিষ্ঠান করিবে, চল। হে অঙ্গ! তোমার পিতৃগণ অথবা অন্য কোন লোক এ পর্য্যন্ত কখন ঐ স্থানে অবস্থান করিতে সমর্থ হন্ নাই, উহা ভগবান্ বিষ্ণুর পরম পদ, অতএব জগতের পরম বন্দনীয়, যাহা হউক, তুমি তাহা জয় করিয়াছ, তাহাতে অধিষ্ঠান কর ॥ ২০ ॥

এতদ্বিমানপ্রবরমুত্তমঃশ্লোকমৌলিনা । উপস্থাপিতমায়ুষ্মন্নধিরোঢ়ুং ত্বমর্হসি ॥ ২১ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
নিশম্য বৈকুণ্ঠনিযোজ্য মুখ্যয়োর্মধুচ্যুতাং বাচমুরুক্রমপ্রিয়ঃ ।
কৃতাভিষেকঃ কৃতনিত্যমঙ্গলো মুনীন্ প্রণম্যাশিষমভ্যবাদয়ৎ ॥ ২২ ॥
পরীত্যাভ্যর্চ্চ্য ধিষ্ণ্যাগ্র্যং পার্ষদাবভিবন্দ্যচ । ইয়েষ তদধিষ্ঠাতুং বিভ্রদ্রূপং হিরণ্ময়ং ।
তদাদুন্দুভয়ো নেদুর্মৃদঙ্গ পণবাদয়ঃ । গন্ধর্ব্বমুখ্যাঃ প্রজগুঃ পেতুঃ কুসুমবৃষ্টয়ঃ ॥ ২৩ ॥
সচ স্বর্লোকমারোক্ষ্যন্ সুনীতিং জননীং ধ্রুবঃ । অন্বস্মরদগং হিত্বা দীনাং যাস্যে ত্রিপিষ্টপং॥২৪

শ্রীধরস্বামী ।

আয়ুষ্মন্নিত্যপি সশরীরযানাভিপ্রায়মেব ॥ ২১ ॥

মধু চ্যবতে স্রবতীতি মধুচ্যুৎ তাং । মধুচ্যুতামিতি পাঠে মধুচ্যুতং যস্যাং অমৃতস্রাবিণীমিত্যর্থঃ । কৃতং নিত্যং কর্ম্ম মঙ্গলং চালঙ্করণং যেন অভ্যবাদয়ৎ বাচয়ামাস ॥ ২২ ॥

তদেব রূপং হিরণ্ময়ং বিভ্রৎ সন্ ইয়েষ ঐচ্ছৎ ॥ ২৩ ॥

দীনাং হিত্বা অগং দুর্গমং ত্রিপিষ্টপং যাস্যামীত্যন্বস্মরৎ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ ।

তদেবং রূপং হিরণ্ময়ং শুদ্ধসত্ত্বতেজো বিশেষ রূপং ॥ ২৩ । ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

আয়ুষ্মন্নিত্যপি সশরীর গমনাভিপ্রায়ঃ ॥ ২১ ॥

নিযোজ্যাঃ কিঙ্করাঃ মধু চ্যবতে স্রবতীতি মধু চ্যুৎ তাং মধুচ্যুতামিতি পাঠে মধুচ্যুতং যস্যাং তাং অভ্যবাদয়ৎ বাচয়ামাস ॥২২

পরীত্য বিমানং প্রদক্ষিণীকৃত্য অভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাদিভি র্ভগবদ্বিমানায় নম ইতি সংপূজ্য তদেব স্বীয়ং রূপং হিরণ্ময়ং তেজো বহুলং বিভ্রৎ সন্ আরোঢ়ুমৈচ্ছৎ ॥ ২৩ ॥

অগং সর্ব্বাগম্যং ত্রিপিষ্টপং বিষ্ণুপদং ॥ ২৪ ॥

হে আয়ুষ্মন্ ! পুণ্যশ্লোক শিখামণি ভগবান্ তোমার নিমিত্ত এই শ্রেষ্ঠ বিমান পাঠাইয়া দিয়াছেন, সশরীরে ইহাতে আরোহণ কর ॥ ২১ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর ! ভগবান্ বৈকুণ্ঠনাথের সেই দুই কিঙ্করের ঐ সমস্ত বাক্যে যেন অমৃত ক্ষরিতেছিল, পরম ভাগবত ধ্রুব তাহা শ্রবণ করিয়া অবগাহন পূর্ব্বক নিত্য কর্ম্ম সমাপন করিলেন, তদনন্তর অলঙ্কৃত হইয়া প্রণাম করত মুনিগণকে আশীর্ব্বাদ করিতে কহিলেন ॥ ২২ ॥

তাহার পর বিমান প্রদক্ষিণ ও অভ্যর্চ্চনা করিয়া সেই দুই পার্ষদকে অভিবাদন করিলেন, পরে হিরণ্ময় অর্থাৎ তেজোময় রূপ ধারণ পূর্ব্বক সেই বিমানে আরোহণ করিতে তাঁহার অভিলাষ হইল । বিদুর ! ধ্রুবের স্বাভাবিক যে রূপ রূপ ছিল তাহাই বিষ্ণুপদাধিরোহণ সময়ে হিরণ্ময় হইল । বৎস ! ঐ সময়ে দুন্দুভি মৃদঙ্গ পণবাদি বহুবিধ বাদ্য বাদিত হইল, প্রধান প্রধান গন্ধর্ব্বগণ সঙ্গীত আরম্ভ করিল এবং স্বর্গ হইতে পুষ্প বৃষ্টি পতিত হইতে লাগিল ॥ ২৩॥

অনন্তর ধ্রুব যখন স্বর্গলোক আরোহণ করেন ইত্যবসরে স্বীয় জননী সুনীতিকে স্মরণ হইল, তাহাতে মনে মনে এই চিন্তা করিলেন, আমার জননী অতিশয় দুঃখিনী, তিনি কোথায় রহিলেন, তাঁহাকে পরিত্যাগ করিয়া কি রূপে সর্ব্বাগম্য বিষ্ণুপদে গমন করিব ? ॥ ২৪ ॥

ইতি ব্যবসিতং তস্য ব্যবসায় সুরোত্তমৌ। দর্শয়ামাসতু দেবীং পুরো যানেন গচ্ছতীং।
তত্র তত্র প্রশংসদ্ভিঃ পথি বৈমানিকৈঃ সুরৈঃ। অবকীর্য্যমাণো দদৃশে কুসুমৈঃ ক্রমশো গ্রহান্॥ ২৫॥
ত্রিলোকীং দেবযানেন সোঽতিব্রজ্য মুনীনপি। পরস্তাদযদ্ ধ্রুবগতি র্বিষ্ণোঃ পদমথাভ্যগাৎ॥ ২৬
যদ্ভ্রাজমানং স্বরুচৈব সর্ব্বতো লোকা স্ত্রয়োহ্যনুবিভ্রাজন্ত এতে।
যন্নাব্রজন্ জন্তুষু যেঽননুগ্রহা ব্রজন্তি ভদ্রাণি চরন্তি যেঽনিশং॥ ২৭॥
শান্তাঃ সমদৃশঃ শুদ্ধাঃ সর্ব্বভূতানুরঞ্জনাঃ। যান্ত্যঞ্জসাচ্যুতপদমচ্যুতপ্রিয়বান্ধবাঃ।
ইত্যুত্তানপদঃ পুত্রো ধ্রুবঃ কৃষ্ণপরায়ণঃ। অভূত্ত্রয়াণাং লোকানাং চূড়ামণিরিবামলঃ॥ ২৮॥

শ্রীধরস্বামী।

ব্যবসিতমভিপ্রায়ং ব্যবসায় জ্ঞাত্বা॥ ২৫॥

দেবযানেন দেবমার্গেণ বিমানেনেতি বা মুনীন্ সপ্তর্ষীনপি। ততঃ পরস্তাৎ যদ্বিষ্ণোঃ পদং তদভ্যগাৎ ধ্রুবা গতির্যস্য সঃ॥২৬

যদ্ভ্রাজমানমনু যস্য রুচা লোকাঃ বিভ্রাজন্তে জন্তুষু যেঽননুগ্রহাঃ নিষ্কৃপাস্তে যন্নাব্রজন্ ন গতবন্তঃ॥ ২৭॥

অচ্যুতপ্রিয়া বান্ধবা যেষাং॥ ২৮॥

ক্রমসন্দর্ভঃ।

দেবীং ধ্রুববদ্ধিরণ্ময় স্বরূপামিত্যর্থঃ॥ ২৫। ২৫। ২৬। ২৭। ২৮। ২৯। ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যবসিতমভিপ্রায়ং ব্যবসায়ং জ্ঞাত্বা॥ ২৫॥

মুনীন্ সপ্তর্ষীনপি ততঃ পরস্তাৎ যদ্বিষ্ণোঃ পদং তদভ্যগাৎ। ধ্রুবা গতি র্যস্য সঃ॥ ২৬॥

যদ্ভ্রাজমানমনু যৎ পশ্চাৎ যস্য রুচা লোকা বিভ্রাজন্তে॥ ২৭। ২৮॥

ভগবানের যে দুই পার্ষদ ধ্রুবকে লইতে আসিয়াছিলেন, তাঁহারা ধ্রুবের অভিপ্রায় বুঝিতে পারিলেন, অতএব তাঁহার মাতা যিনি অগ্রে বিমান যোগে গমন করিতেছিলেন তাঁহাকে দেখাইয়া দিলেন। জননীকে অগ্রে যাইতে দেখিয়া ধ্রুবের চিত্ত সুস্থির হইল, পরে সানন্দ মনে যাইতে যাইতে ক্রমশঃ গ্রহ সকল দৃষ্টিগোচর হইতে লাগিল। বিদুর। ধ্রুবের গমন সময়ে পথি মধ্যে স্থানে স্থানে বিমানচারি সুরগণ প্রশংসা করিতে করিতে কুসুম বর্ষণ দ্বারা তাঁহাকে আচ্ছন্ন করিয়াছিলেন॥ ২৫॥

সে যাহা হউক, তিনি বিমানযোগে ক্ষণকাল মধ্যে ত্রিলোকী এবং সপ্তর্ষিদিগকেও অতিক্রমণ করিয়া তৎপরে যে বিষ্ণুর স্থান ছিল তথায় গিয়া উপস্থিত হইলেন। বৎস! তাঁহার স্থান নিত্য, ঐ স্থান হইতে কখন পতন হইবে না॥ ২৬॥

বিদুর! ঐ স্থানের প্রভাব কি বর্ণন করিব, তাহা আপনার জ্যোতি দ্বারা সততই দীপ্তিমান্, তাহার কিরণে ঐ সকল লোক সর্ব্বতো ভাবে দীপ্তি পাইতেছিল। যে সকল ব্যক্তি প্রাণিদিগের প্রতি নির্দ্দয়, তাহারা কখন সে স্থানে যাইতে পারে না, নিরন্তর শুভচারি ব্যক্তিদেরই ঐ স্থান প্রাপ্তি হয়॥ ২৭॥

অর্থাৎ যাঁহারা শান্ত, সর্ব্বত্র সমদর্শী, বাহ্যাভ্যন্তরে পবিত্র, ভূত সকলের মনোরঞ্জক এবং ভগবান্ অচ্যুতই যাঁহাদের প্রিয়বান্ধব, তাঁহারাই যথার্থ রূপে ভগবানের ধাম প্রাপ্ত হয়েন। হে বিদুর! এই প্রকারে উত্তানপাদ রাজার পুত্র কৃষ্ণপরায়ণ ধ্রুব বিষ্ণুপদে উপস্থিত হইয়া ত্রিলোকের নির্ম্মল চূড়ামণি তুল্য হইলেন॥ ২৮॥

গম্ভীরবেগোঽনিমিষং জ্যোতিষাং চক্রমাহিতং । যস্মিন্ ভ্রমতি কৌরব্য মেধ্যামিব গবাঙ্গণঃ ॥ ২৯

মহিমানং বিলোক্যাস্য নারদো ভগবানৃষিঃ । আতোদ্যং বিনুদন্ শ্লোকান্ সত্রেঽগায়ৎ প্রচেতসাং ॥ ৩০

নূনং সুনীতেঃ পতিদেবতায়াস্তপঃ প্রভাবস্য সুতস্য তাং গতিং ।
দৃষ্ট্বাভ্যুপায়ানপি বেদবাদিনো নৈবাধিগন্তুং প্রভবন্তি কিং নৃপাঃ ॥ ৩১ ॥
যঃ পঞ্চবর্ষো গুরুদারবাক্‌শরৈর্ভিন্নেন যাতো হৃদয়েন দূয়তা ।
বনং মদাদেশকরোঽজিতং প্রভুং জিগায় তদ্ভক্তগুণৈঃ পরাজিতং ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী ।

অনিমিষং অনলসং জ্যোতিষাং চক্রং যস্মিন্ । আহিতং অর্পিতং সৎ ভ্রমতি মেধ্যাং আহিতঃ গম্ভীরবেগো গবাং গণ ইব ॥ ২৯

আতোদ্যং বীণাং বিনুদন্ বাদয়ন্ প্রচেতসাং ব্রহ্মসত্রে ভগবন্মাহাত্ম্য প্রসঙ্গেন ধ্রুবমহিম প্রতিপাদন পরান্ ত্রীন্ শ্লোকান্ অগায়ৎ নূনমিত্যাদীন্ ॥ ৩০ ॥

পতিরেব দেবতা যস্যাঃ তস্যাঃ সুতস্য যস্তপঃ প্রভাবঃ তস্য তাং গতিং ফলমধিগন্তুং বেদবদন শীলা ব্রহ্মর্ষয়োপি নৈব প্রভবন্তি । অভ্যুপায়ান্ ভগবদ্ধর্ম্মান্ দৃষ্ট্বাপি কিং পুন র্নৃপাঃ ॥ ৩১ ॥

তপঃ প্রভাবং গতিঞ্চ বিশিনষ্টি দ্বাভ্যাং । গুরুদারাঃ পিতৃপত্নী সুরুচি স্তস্যা বাক্‌শরৈ র্নির্ভিন্নেন হৃদয়েন বনং গতঃ সন্ অজিতমপি জিগায় বশীকৃতবান্ ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ ।

নূনমিতি । তাং গতিং দৃষ্ট্বাপি তস্য অভ্যুপায়ান্ অন্তরঙ্গসাধনান্যপ্যধিগন্তুং বেদবাদনশীলা ব্রহ্মর্ষয়োপি নৈব প্রভবন্তি কিমুত তাং । যদ্যপ্যেবং তেপি ন তর্হি কিমুত তরাং নৃপা ইত্যর্থঃ দৃষ্ট্বাভ্যুপায়া ইতি চিৎসুখঃ ॥ ৩১ । ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অনিমিষং স্বাগ্রদেব কাল রূপং গম্ভীরবেগোগবাং গণ ইব ॥ ২৯ ॥

আতোদ্যং বীণাং বিনুদন্ বাদয়ন্ ॥ ৩০ ॥

তপঃ প্রভাব রূপস্য সুতস্য তাং প্রসিদ্ধাং গতিং ফলং দৃষ্ট্বাপি তস্যা অভ্যুপায়ান্ অন্তরঙ্গ সাধনান্যপ্যধিগন্তুং ন প্রভবন্তি কিমুত তাং । যদ্যেবং তেপি ন তর্হি কিমুততরাং নৃপা ইত্যর্থঃ ॥ ৩১ ॥

দূয়তা দূয়মানেন ॥ ৩২ ॥

হে কুরুশ্রেষ্ঠ বিদুর ! ধ্রুব যে স্থান প্রাপ্ত হইলেন তথায় জ্যোতিশ্চক্র অর্পিত হইয়া, গো সকল যেমন গম্ভীর বেগে মেধিতে (মেই কাষ্ঠে) ভ্রমণ করে তাহার ন্যায়, নিরন্তর ভ্রমণ করিতেছে ॥ ২৯ ॥

সে যাহা হউক, দেবর্ষি নারদ প্রচেতাদিগের ব্রহ্মসত্রে ধ্রুবের এই মহিমা অবলোকন করিয়া বীণাবাদন করিতে করিতে ভগবন্মাহাত্ম্য প্রসঙ্গে ধ্রুবের মহিমা প্রতিপাদক তিনটী শ্লোক গান করিলেন ॥ ৩০ ॥

তাহার অর্থ এই, অহো ! পতিপরায়ণা সুনীতির পুত্র ধ্রুবের কি তপঃ প্রভাব ! আমার বোধ হয় বেদাধ্যয়ন শীল ব্রহ্মর্ষিগণ অভ্যুপায় অর্থাৎ ভগবদ্ধর্ম্ম দর্শন করিয়াও ঐ তপঃ প্রভাবের ফল পাইতে সমর্থ হয়েন না, ইহাতে রাজাদের কথা কি ? ॥ ৩১ ॥

কি আশ্চর্য্য ! তিনি পাঁচ বৎসর বয়সের সময় বিমাতার বাক্য রূপ বাণ দ্বারা হৃদয় বিদীর্ণ হওয়াতে বিষণ্ণ ও ভগ্ন মনে, বন গমন করিয়া অজিত ভগবানকে জয় অর্থাৎ বশীভূত করেন। তাঁহার এই প্রভাব দর্শনে আমার বোধ হইতেছে ভগবানের অন্যান্য ভক্তগণ তাঁহার নিকট পরাভূত হইলেন ॥ ৩২

যঃ ক্ষত্রবন্ধুর্ভুবি তস্যাধিরূঢ়মন্বারুরুক্ষেদপি বর্ষপূগৈঃ।
ষট্ পঞ্চবর্ষো যদহোভিরল্পৈঃ প্রসাদ্য বৈকুণ্ঠমবাপ তৎপদং ॥ ৩৩ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

এতত্তেভিহিতং সর্ব্বং যৎপৃষ্টোহমিহ ত্বয়া। ধ্রুবস্যোদ্দাম যশসশ্চরিতং সম্মতং সতাং ॥ ৩৪ ॥
ধন্যং যশস্যমায়ুষ্যং পুণ্যং স্বস্ত্যয়নং মহৎ। স্বর্গ্যং ধ্রৌব্যং সৌমনস্যং প্রশস্যমঘমর্ষণং ॥ ৩৫ ॥
শ্রুত্বৈতচ্ছ্রদ্ধয়াভীক্ষ্ণমচ্যুতপ্রিয়চেষ্টিতং। ভক্তির্ভবেদ্ভগবতি যয়া স্যাৎ ক্লেশসংক্ষয়ঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

তস্যাধিরূঢ়ং তেন প্রাপ্তং পদং যো ভুবি ক্ষত্রবন্ধুঃ ক্ষত্রিয়ো ভবেৎ স তমনু বর্ষ সমূহৈরপি আরোঢ়ুমিচ্ছেদপি কিং। তৎ সংকল্পোপ্যশক্যঃ দূরত আরোহণমিত্যর্থঃ। কথং ভূতং পদং ষড়্বা পঞ্চবা বর্ষাণি যস্য সঃ অল্পৈরেবাহোভির্বৈকুণ্ঠং প্রসাদ্য যৎ তস্য পদমবাপ তৎ ॥ ৩৩ ॥

উদ্দামং উৎকৃষ্টং যশো যস্য সঃ ॥ ৩৪ ॥

ধনাদের্নিমিত্তং ধ্রৌব্যং ধ্রুবস্থানপ্রাপকং প্রশস্যং প্রশংসার্হং অঘমর্ষণং পাপনাশনং ॥ ৩৫ ॥

অচ্যুতপ্রিয়স্য ধ্রুবস্য চেষ্টিতং শ্রুত্বা যো বর্ত্ততে তস্য ভক্তির্ভবেৎ ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

য ইত্যত্র ক ইতি কচিৎ চিৎসুখসম্মতশ্চ। কিন্তু স্বাম্যসম্মতঃ ॥ ৩৩ ॥

এতদিতি যুগ্মকং। যৎ পৃষ্টোহমিত্যনুসারেণ ধ্রুবস্য চরিতমপি পৃষ্টমিত্যবগন্তব্যং ॥ ৩৪। ৩৫। ৩৬। ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষত্রবন্ধুঃ ক্ষত্রিয়োত্তমোপি তমপেক্ষ্য ক্ষত্রিয়াধমো যঃ তস্য রূঢ়ং পদং অনুপশ্চাৎ আরোঢ়ুং ইচ্ছেৎ স কিং বর্ষসমূহৈরপি আরোহেদিতি শেষঃ। যদ্বস্মাৎ ষড়্বা পঞ্চ বা বর্ষাণি বয়াংসি যস্যেতি বয়ঃ শব্দস্য বৃত্তাবন্তর্ভাবঃ ॥ ৩৩। ৩৪ ॥

ধনাদি কামনাবতাং ধন্যমিত্যাদি ধ্রৌব্যং ধ্রুবস্থানপ্রাপকং সুমনসো দেবা তদর্হং তেভ্যোপ্যেতৎ শ্রোতুং বক্তুঞ্চার্হন্তীত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রুত্বা স্থিতস্যেতি শেষঃ ॥ ৩৬ ॥

অহো! তিনি যে পদ প্রাপ্ত হইয়াছেন ক্ষিতিতলে অন্যান্য যে সকল ক্ষত্রিয় আছে তাহারা কি তাঁহার অনুগামী হইয়া বহু বহু বর্ষেও সেই পদে আরোহণার্থ ইচ্ছা করিতে পারে? অর্থাৎ ঐ পদের নিমিত্ত সংকল্প করাও তাহাদের অসাধ্য, তাহাতে আরোহণের কথা ত দূরে থাকুক্। তিনি পাঁচ বা ছয় বৎসরমাত্র বয়সে, তপস্যায় প্রবৃত্ত হইয়া অত্যল্প দিবসের মধ্যেই ভগবানকে প্রসন্ন করত তদীয় পদ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৩৩ ॥

মুনিবর মৈত্রেয় এতাবন্মাত্র বৃত্তান্ত বর্ণন করিয়া বিদুরকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, বৎস! আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে তৎ সমুদায় তোমার নিকট বর্ণন করিলাম। হে কৌরব্য! পরম ভাগবত ধ্রুব অতি যশস্বী, তাঁহার এই চরিত্র সাধু ব্যক্তিদিগের সম্মত ॥ ৩৪ ॥

বৎস! এই ধ্রুবচরিত্র যশঃ প্রাপক, আয়ু বর্দ্ধক এবং ধনাদির হেতু, আর ইহা অতি পবিত্র, পাপ নাশক ও মহৎ স্বস্ত্যয়ন স্বরূপ, ইহাতে স্বর্গ ও ধ্রুব স্থান প্রাপ্তি হয় অতএব অতিশয় প্রশংসনীয় ॥ ৩৫ ॥

বৎস! অচ্যুতপ্রিয় ধ্রুবের এই চরিত্র, যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া নিরন্তর শ্রবণ করেন, তাঁহার ভগবানের প্রতি সেই ভক্তি উৎপন্না হয়, যাহাতে ক্লেশ সকল বিনাশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩৬ ॥

মহত্ত্বমিচ্ছতস্তীর্থং শ্রোতুঃ শীলাদয়ো গুণাঃ। যত্র তেজস্তদিচ্ছূনাং মনো যত্র মনস্বিনাং ॥ ৩৭ ॥
প্রযতঃ কীর্ত্তয়েৎ প্রাতঃ সমবায়ে দ্বিজন্মনাং। স্বায়ঞ্চ পুণ্যশ্লোকস্য ধ্রুবস্য চরিতং মহৎ।
পৌর্ণমাস্যাং শিনীবাল্যাং দ্বাদশ্যাং শ্রবণেঽথ বা। দিনক্ষয়ে ব্যতীপাতে সংক্রমেঽর্কদিনেপি বা॥৩৮
শ্রাবয়েৎ শ্রদ্দধানানাং তীর্থপাদপ্রিয়াশ্রয়ঃ। নেচ্ছং স্তত্রাত্মনাত্মানং সংতুষ্ট ইতি সিধ্যতি ॥ ৩৯
জ্ঞানমজ্ঞাততত্ত্বায় যোদদ্যাৎ সৎপথেঽমৃতং। কৃপালো র্দীননাথস্য দেবাস্তস্যানুগৃহ্নতে ॥ ৪০ ॥
ইদং ময়া তেঽভিহিতং কুরূদ্বহ ধ্রুবস্য বিখ্যাতবিশুদ্ধকর্ম্মণঃ।
হিত্বার্ভকক্রীড়নকানি মাতু র্গৃহঞ্চ বিষ্ণুং শরণং জগাম ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

তীর্থং মহত্ত্বাবাপ্তি স্থানং গুণা যত্র ভবন্তি ॥ ৩৭ ॥

সমবায়ে সভায়াং ॥ ৩৮ ॥

নেচ্ছন্ নিষ্কামঃ তত্র শ্রবণে আত্মৈবাত্মানং প্রতি সন্তুষ্টো ভবতীতি হেতোঃ সিদ্ধিং প্রাপ্নোতি ॥ ৩৯ ॥

কিঞ্চ সৎপথে ভগবন্মার্গে অমৃতরূপং জ্ঞানং যোদদ্যাৎ ॥ ৪০ ॥

ধ্রুবস্য চরিতং ময়াভিহিতং মাতুর্গৃহঞ্চ হিত্বা ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রযত ইতি যুগ্মকং। ৩৮। ৩৯ ॥

জ্ঞানমিতি। সৎপথে সন্মার্গান্তর্মুখজনায়। য ইতি ক্বচিন্নাস্তি ॥ ৪০। ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তীর্থমিদং কারণং যত্র শ্রুতে সতি ॥ ৩৭। ৩৮ ॥

শ্রদ্দধানানামিতি দ্বিতীয়ার্থে ষষ্ঠী নেচ্ছন্ তদ্বেতনং কিমপি দ্রব্যং ন প্রতিগৃহ্নন্ তত্র হেতুঃ আত্মানং প্রতি আত্মনৈব সন্তুষ্টঃ তত্র শ্রাবণে মৎকথ্যমানাং কৃষ্ণকথাং ভক্তঃ শ্রদ্ধয়া শৃণোতীত্যেতদেব মম বেতনমিতি মন্যমানঃ ইত্যতএব সিদ্ধিং প্রাপ্নোতি ॥ ৩৯ ॥

জীবনিস্তারকং কিমপি জ্ঞানং শ্রাবয়ত এব মহাফলং কিমুত ধ্রুবচরিতমিত্যাহ জ্ঞানেতি ॥ ৪০। ৪১ ॥

তদর্থ সকল স্থান হইতে জন সকল আভিষেচনিক দ্রব্য আহরণ করিতে লাগিল। সরিৎ, সাগর, ভূধর, নাগ, গো, খগ, মৃগ এবং পৃথিবী, আকাশ ও সকল প্রাণী যথোপযুক্ত উপায়ন আনিয়া উপস্থিত করিল। অনন্তর মহারাজ পৃথু শোভন বসন পরিধান করিয়া ও সুন্দর রূপে অলঙ্কৃত হইয়া যথাবিধি রাজসিংহাসনে অভিষিক্ত হইলেন, তদনন্তর সর্ব্বালঙ্কারে অলঙ্কৃতা অর্চ্চিঃ নাম্নী পত্নীর সহিত অপর অগ্নির ন্যায় দীপ্তি পাইতে লাগিলেন ॥ ৯ ॥

হে বীর! মহারাজ পৃথুর নিমিত্ত ধনাধিপ কুবেরের কাঞ্চন ময় আসন আহরণ করিলেন এবং জলাধিপতি বরুণ শশিতুল্য শুভ্রবর্ণ ছত্র আনিয়া দিলেন। বিদুর! বরুণের ঐ ছত্র অতি চমৎকার, সতত তাহা হইতে সলিল ক্ষরিত হইত ॥ ১০ ॥

অপর বায়ু দুইটী ব্যজন প্রদান করিলেন। ধর্ম্ম কীর্ত্তিময়ী মালা, আর ইন্দ্র উৎকৃষ্ট কিরীট ও সংযমনীপতি যম দমনসাধন দণ্ড আনিয়া উপহার দিলেন ॥ ১১ ॥

অপিচ ব্রহ্মা বেদময় কবচ, ভারতী মনোহর হার, হরি সুদর্শন চক্র এবং তাঁহার পত্নী লক্ষ্মী অনপায়িনী সম্পত্তি প্রদান করিলেন ॥ ১২ ॥

অধিকন্তু ভগবান্ রুদ্র তাঁহাকে একখানি অসি দিলেন, সেই অসির কোশে দশটী চন্দ্রাকার প্রতিবিম্ব ছিল। অম্বিকাও এক চর্ম্ম আনিয়া উপহার দিলেন, তাহাতে শত শত চন্দ্রের আকার অঙ্কিত ছিল। অপর সোম অমৃতময় অশ্ব এবং ত্বষ্টা অত্যুৎকৃষ্ট এক খানি রথ আনিয়া দিলেন ॥ ১৩ ॥

অগ্নিরাজগবং চাপং সূর্য্যো রশ্মিময়ানিষূন্ । ভূঃ পাদুকে যোগময্যৌ দ্যৌঃ পুষ্পাবলিমন্বহং ॥ ১৪
নাট্যং সুগীতং বাদিত্রমন্তর্ধানঞ্চ খেচরাঃ । ঋষয়শ্চাশিষঃ সত্যাঃ সমুদ্রঃ শঙ্খমাত্মজং ।
সিন্ধবঃ পর্ব্বতা নদ্যোরথবীথী র্মহাত্মনঃ ॥ ১৫ ॥
সূতোথ মাগধোবন্দী তং স্তোতুমুপতস্থিরে ॥ ১৬ ॥
স্তাবকাংস্তানভিপ্রেত্য পৃথুর্বৈণ্যঃ প্রতাপবান্ । মেঘনির্হ্রাদায়া বাচা প্রহসন্নিদমব্রবীৎ ॥ ১৭ ॥
শ্রীপৃথুরুবাচ ॥
ভোঃ সূত হে মাগধ সৌম্য বন্দিন্ লোকেঽধুনাস্পষ্টগুণস্য মে স্যাৎ ।

শ্রীধরস্বামী ।

অজস্য গোশ্চ শৃঙ্গাভ্যাং নির্ম্মিতং চাপং যোগময্যৌ পাদস্পর্শ মাত্রেণাভীষ্টদেশ প্রাপিকে ॥ ১৪ ॥
নাট্যাদি কৌশলং খেচরাঃ । আত্মজং স্বভবং ॥ ১৫ ॥
তং স্তোতুমুপস্থিতাঃ ॥ ১৬ ॥
স্তাবকান্ স্তোতুমুদ্যতান্ অভিপ্রেত্য জ্ঞাত্বা ॥ ১৭ ॥
লোকেঽস্পষ্টগুণস্য সতো মে স্তুতিঃ স্যাৎ । অধুনাতু কিমাশ্রয়োমে স্তবো যোজ্যতাং । অতোবো গিরোঽধুনা ময়ি বিতথা মাভূবন্ । যদ্বা লোকেঽধুনাস্পষ্টগুণস্য মে কিমাশ্রয়ঃ স্তবঃ স্যাৎ অতএব ক্রিয়মাণঃ স্তবঃ অমে মদন্যস্য যোজ্যতাং নতু মে বিতথা-

ক্রমসন্দর্ভঃ ।

সূত ইত্যর্দ্ধকং ॥ ১২ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অজস্য গোশ্চ শৃঙ্গাভ্যাং নির্ম্মিতং চাপং । যোগময্যৌ পাদস্পর্শমাত্রেণাভীষ্টদেশপ্রাপিকে ॥ ১৪ ॥
আত্মজং স্বভবং ॥ ১৫ । ১৬ । ১৭ ॥
লোকে অধুনা অস্পষ্টগুণস্য মে স্তবোঽয়ং কিমাশ্রয়ঃ স্যাৎ কং গুণং মে দৃষ্ট্বা স্তবেধ্ব ইত্যর্থঃ। স্তবং বিনা স্থাতুং নশক্নুম ইতি চেৎ অমে মত্তিন্নস্য কস্যচিদ্যোগ্য জনস্য এষ ক্রিয়মাণঃ স্তবোযোজ্যতাং নতু মে । নন্থ কোঽত্র তে দোষস্থং কিং বিভেষীতি তত্র নমে-

আর অগ্নি ছাগ ও গো শৃঙ্গে নির্ম্মিত ধনুঃ এবং সূর্য্য রশ্মিময় বাণ ও ভূমি যোগময়ী পাদুকা (পাদ স্পর্শ মাত্রে অভীষ্ট দেশ প্রাপ্তি করায়) তাঁহাকে উপহার প্রদান করিলেন । আর আকাশ সর্ব্বদাই পুষ্পাঞ্জলি আনিয়া দিত ॥ ১৪ ॥

বিদুর ! তৎপশ্চাৎ খেচরগণ তাঁহাকে নাট্য, গীত, বাদ্য এবং অন্তর্দ্ধান বিদ্যা সমর্পণ করিলেন । আর ঋষিগণ আশিষ্ এবং সমুদ্র সকল স্ব স্ব সলিলোৎপন্ন শঙ্খ ও সিন্ধু, পর্ব্বত, নদী, ইত্যাদি সকল ঐ মহাত্মাকে রথবর্ত্ম প্রদান করিল ॥ ১৫ ॥

অনন্তর সূত, মাগধ এবং বন্দিগণ স্তব করিবার নিমিত্ত আসিয়া উপস্থিত হইল ॥ ১৬ ॥

পরন্তু যখন মহা প্রতাপশালী বেণাঙ্গজ পৃথু জানিতে পারিলেন যে ঐ সকল ব্যক্তি স্তব করিতে আসিয়াছে, তখন হাসিতে হাসিতে মেঘ গর্জন তুল্য গভীর বচনে কহিতে লাগিলেন ॥ ১৭ ॥

অহে সূত ! হে মাগধ ! অহে বন্দিগণ ! তোমারা সকলেই ধীর ব্যক্তি, লোক মধ্যে আমার গুণ ব্যক্ত হইলে স্তব করা উচিত হয়, এখন তোমরা কোন্ বিষয় লইয়া স্তব করিবে ? অতএব আমা

কিমাশ্রয়োগে স্তবএষ যোজ্যতাং মামযাভূবন্ বিতথা গিরো বঃ ॥ ১৮ ॥
তস্মাৎ পরোক্ষেঽস্মদুপশ্রুতান্যলং করিষ্যথ স্তোত্রমপীচ্যবাচঃ।
সত্যুত্তমঃশ্লোকগুণানুবাদে জুগুপ্সিতং ন স্তবয়ন্তি সভ্যাঃ ॥ ১৯ ॥
মহদ্গুণানাত্মনি কর্ত্তুমীশঃ কঃ স্তাবকৈ স্তাবয়তে সতোপি।

শ্রীধরস্বামী।

ভিধানাপত্তেরিত্যর্থঃ ॥ ১৮ ॥

তস্মাৎ পরোক্ষে কালান্তরে স্পষ্টেষু গুণেষু সৎসু অস্মাকমুপাশ্রিতানি যশাংসি প্রতিস্তোত্রমলমত্যর্থং করিষ্যথ। হে অপীব্যবাচঃ মধুরগিরঃ। সভ্যৈঃ প্রেরিতা বয়ং ত্বামেব স্তুম ইতি চেত্তত্রাহ উত্তমঃ শ্লোকস্য গুণানুবাদে কার্য্যে সতি জুগুপ্সিতমর্ব্বাচীনং নস্তাবয়ন্তি ॥ ১৯ ॥

নন্থ সম্ভাবিতৈরেব গুণৈরাত্মানং জনঃ স্তাবয়তীতি চেৎ তত্রাহ। মহতাং গুণানাত্মনি সম্পাদয়িতুং শক্তোপি অসতো গুণান্ সম্ভাবনা মাত্রেণ কঃ স্তাবয়তি। যদ্বা আদাবেব সতোপি কঃ স্তাবয়তে। অতএব প্রখ্যাতি সিদ্ধেঃ অন্যস্ত মিথ্যাগুণ স্তুতি শ্লাঘী

ক্রমসন্দর্ভঃ।

তস্মাৎ পরোক্ষে কালে ন ব্যবধানে দেশে ন বা স্পষ্টেষু গুণেষু সৎসু অস্মাকমুপশ্রুতানি যশাংসি প্রতিস্তোত্রং অলমত্যর্থং করিষ্যথ। হে অপীচ্যবাচঃ মধুরগিরঃ অপীচ্যেতি চিৎসুখঃ। ঈড্যা পূজ্যা বাচো যেষাং। অথ পরোক্ষেচাপরোক্ষে চৈতদেব যুক্তমিত্যাহ। সতীতি ॥ ১৯ ॥

অন্যস্তু সর্ব্বথা তুচ্ছ ইত্যাহ। মহদিতি ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দোষঃ কিন্তু যুষ্মাকমেব দোষঃ প্রসক্তে বিভেমীত্যাহ মেতি ময়ি বিষয়ে বোগিরো মাবিতথা ভবন্তু ॥ ১৮ ॥

নন্থ ভো গুণরত্নাকর ভবতো নিখিলা এবৈতে গুণাঃ স্পষ্টী ভবিষ্যন্ত্যেবেতি প্রাগেব স্তুম ইতি চেত্তত্রাহ তস্মাদিতি। যস্মাম্মদ্গুণা ভবিষ্যন্তি তস্মাৎ অস্মদুপশ্রুতানি যশাংসি প্রতি স্তোত্রং অলমত্যর্থং করিষ্যথৈব নতু কুরুথ তদা কে যুষ্মান্নিষেৎস্যন্তীতি ভাবঃ। তদাপি পরোক্ষএব নতু মৎ সাক্ষাৎ। হে অপীব্যবাচঃ মনোজ্ঞ বাক্কৌশলাভিজ্ঞাঃ। নহি স্তবাঃ সংমুখএব স্তব্যা স্তুপয়িতুং যুজ্যন্ত ইতি ভাবঃ। নন্থ কিং কুর্ম্মঃ সভ্যৈঃ প্রেরিতা বয়মধুনারভ্যৈব ত্বামেব স্তুম ইতি চেন্মৈবৈব ক্রথেত্যাহ উত্তমঃ শ্লোকস্য গুণানুবাদে সদৈব সর্ব্বৈথৈব স্তবনীয়ে সতি জুগুপ্সিতমর্বাচীনং মদ্বিধং জনং নস্তাবয়ন্তি সভ্যাস্তান্যথানুপপত্তেরিতি ভাবঃ। ১৯

নন্থ সন্তূত্তমঃশ্লোকো ভবানেবেতি তত্রাহ মহতো ভগবতো গুণান্ আত্মনি স্বস্মিন্ কর্ত্তুং শিরঃশেখরী কর্ত্তুং ঈশঃ সমর্থোপি কোঽতিজ্ঞঃ আত্মানং স্তাবয়তে ন কোপি। সতো বর্ত্তমানানপি কিং পুনরবর্ত্তমানান্। মন্দস্ত অনীশোপি অবর্ত্তমানানপি স্তাবয়ত এবেতি ভাবঃ। সচ কুমতি র্জনাবহাসং ন বেদ। কীদৃশঃ তেঽহস্যেতি যদ্যয়ং শস্ত্র শাস্ত্র কলাভ্যাসাদিকমকরিষ্যত্তদা বীরঃ

ব্যতীত অন্য কাহারও স্তব কর, আমার প্রতি মিথ্যা বাক্য প্রয়োগ করিতে হইবে না ॥ ১৮ ॥

অহে! তোমরা সকলেই মধুর ভাষী এখন স্তব থাকুক, এক্ষণে আমার গুণ অব্যক্ত রহিয়াছে, কালান্তরে ব্যক্ত হইবে, সে সময় স্তব করিও, তখন প্রত্যেক স্তোত্রে আমার যশঃ অলঙ্কৃত হইবে। অহে! তোমাদিগকে কে এখানে পাঠাইয়াছে? সভ্যেরা স্তবার্থ নিযুক্ত করিয়াছেন এমত বলিতে পারি না, কারণ উত্তমঃশ্লোক ভগবানের গুণানুবাদ করণীয়, তাহা থাকিতে তাঁহারা কখন তোমাদিগকে অর্ব্বাচীনের স্তব করিতে কহিবেন না ॥ ১৯ ॥

এ বিষয়ে আমার আপনারও চেষ্টা নাই, কারণ আপনাতে মহতের গুণ সম্পাদন করিতে সমর্থ হইয়া কোন্ ব্যক্তি অসৎ গুণের সম্ভাবনা মাত্রে স্তব করাইয়া থাকে; আর যে ব্যক্তি মিথ্যা গুণ স্তবে আত্ম শ্লাঘা জ্ঞান করে সে মূঢ়, নিতান্ত কুবুদ্ধি, শাস্ত্রাভ্যাস করিলে তোমার বিদ্যা হইত এই রূপ

তেঽস্যাভবিষ্যন্নিতি বিপ্রলব্ধো জনাবহাসং কুমতি র্ন বেদ ॥ ২০ ॥
প্রভবোহ্যাত্মনঃ স্তোত্রং জুগুপ্সন্ত্যপি বিশ্রুতাঃ। হ্রীমন্তঃ পরমোদারাঃ পৌরুষং বা বিগর্হিতং ॥ ২১ ॥
বয়ং ত্ববিদিতালোকে সূতাদ্যাপি বরীমভিঃ। কর্ম্মভিঃ কথমাত্মানং গাপয়িষ্যাম বালবৎ ॥ ২২ ॥

॥ ✻ ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ✻ ॥ ১৫ ॥ ✻ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

মন্দ ইত্যাহ ত ইতি। যদ্যয়ং শাস্ত্রাভ্যাসাদিকমকরিষ্যৎ তর্হি তে অস্য বিদ্যাদয়ো গুণা অভবিষ্যন্নিতি ক্রিয়াভিপত্ত্যা বিপ্রলব্ধো জনানামবহাসং ন বেদ ॥ ২০ ॥

কিঞ্চ প্রভবোপি বিশ্রুতা অপি হ্রীমন্তো জুগুপ্সন্তি বেতি দৃষ্টান্তে যথা অতিস্তুতৌ ক্রিয়মাণায়াং বিগর্হিতং ব্রাহ্মণ বধাদি পৌরুষং নিন্দন্তি। তথা উচিতামপি স্তুতিং ন সহন্ত ইত্যর্থঃ ॥ ২১ ॥

বরীমভিরিতি দীর্ঘত্বমার্ষং। ভবিতৃ প্রধানশ্চায়ং নির্দ্দেশঃ বরিষ্ঠৈঃ কর্ম্মভিরবিদিতা ইত্যর্থঃ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চদশঃ ॥ * ॥

ষোড়শে সর্ব্বলোকেশৈঃ সংস্কৃতং ভার্য্যয়া যুতং। মুনিপ্রযুক্তাঃ সূতাদ্যাঃ স্তবন্তি স্মেতি বর্ণ্যতে ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অন্যেতু প্রভবস্তারয়িতুং যোগ্যাঃ স্বস্তোত্রং জুগুপ্সন্তি। তথাপি বিশ্রুতাঃ তত্তদ্গুণৈরবিখ্যাতাঃ তে কে তত্রাহ। হ্রীমন্তঃ পরমা মহান্তশ্চেতি ॥ ২১ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে পঞ্চদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পণ্ডিতো বিদগ্ধোপ্যভবিষ্যদিতি ক্রিয়াতিপত্ত্যা বিপ্রলব্ধঃ উপহসিতঃ ॥ ২০ ॥

হে স্বস্তাবকাঃ প্রভবো ন জ্ঞেয়াঃ যতঃ প্রভবোহীত্যাদি। বা শব্দ ইবার্থে বিগর্হিতং পৌরুষমিব যথায়ং সতাং ধর্ম্মধ্বংসে পরম সমর্থ ইত্যাদি স্তোত্রং নিন্দন্তি ॥ ২১ ॥

বরীমভিরিতি দীর্ঘত্বমার্ষং বরিমভিঃ শ্রেষ্ঠৈর্ব্বয়মবিদিতা অবিখ্যাতাঃ। অতঃ কথং কর্ম্মভিরাত্মানং গাপয়িষ্যাম ॥ ২২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মুনিপ্রযুক্তাঃ সূতাদ্যাঃ ষোড়শে তুষ্টুবুঃ পৃথুং। স্তবশ্চ পৃথ্বীদোহাদি ভাবি তদ্বৃত্তিসূচকঃ ॥ ০ ॥

রাক্যেও সে স্তব বোধ করে, অতএব লোকদের উপহাসও বুঝিতে পারে না ॥ ২০ ॥

এই কারণে বিখ্যাত সমর্থ ব্যক্তিরাও আপনাদের স্তবে লজ্জা বোধ করিয়া তাহা নিন্দা করিয়া থাকেন অর্থাৎ যেমন কোন ব্যক্তি অতিস্তুতি করিতে থাকিলে তন্মধ্যে বিগর্হিত ব্রাহ্মণবধাদি পৌরুষ নিন্দনীয় জ্ঞান হয় তাহার ন্যায়, ঐ রূপ যথার্থ স্তুতিও সহ্য হয় না ॥ ২১ ॥

সে যাহা হউক, হে সূতাদিগণ! আমরা কোন প্রধান কর্ম্মের দ্বারা লোকে বিখ্যাত হই নাই, কি প্রকারে বালকের ন্যায় আত্মগুণ কীর্ত্তন করাইব? ॥ ২২ ॥

॥ ✻ ॥ ইতি চতুর্থে পঞ্চদশ ॥ ✻ ॥

ষোড়শাধ্যায়ে মুনিগণের অনুমত্যনুসারে সূতাদি কর্ত্তৃক সভার্য্য পৃথুর স্তব ॥ ০ ॥

ইতি ব্রুবাণং নৃপতিং গায়কা মুনিচোদিতাঃ। তুষ্টুবুস্তুষ্টমনসস্তদ্বাগমৃতসেবয়া ॥ ১ ॥
নালং বয়ং তে মহিমানুবর্ণনে যোদেববর্য্যোঽবততার মায়য়া।
বেণাঙ্গজাতস্যচ পৌরুষাণি তে বাচস্পতীনামপি বভ্রমুর্ধিয়ঃ ॥ ২ ॥
অথাপ্যুদারশ্রবসঃ পৃথোর্হরেঃ কলাবতারস্য কথামৃতাদৃতাঃ।
যথোপদেশং মুনিভিঃ প্রচোদিতাঃ শ্লাঘ্যানি কর্ম্মাণি বয়ং বিতন্মহি।
এষ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো লোকং ধর্ম্মেঽনুবর্ত্তয়ন্। গোপ্তাচ ধর্ম্মসেতূনাং শাস্তা তৎপরিপন্থিনাং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

গায়কাঃ সূতাদয়ঃ ॥ ১ ॥

নালং সমর্থাঃ যোভবান্ অবতারেষ্বপ্যস্যাধিক্যমাহঃ। বেণস্যাঙ্গাজ্জাতস্য তে পৌরুষাণি প্রতি অবিতর্ক্য তয়া ব্রহ্মাদীনামপি ধিয়ো বভ্রমুঃ কুতঃ পুনর্ব্বয়ং তদ্বর্ণনে সমর্থা ভবেম ॥ ২ ॥

তথাপি যথাবৎ বর্ণয়িতুমশক্তা অপি কথামৃতে সাদরাঃ মুনিভিরুপদেশং যোগবলেন হৃদি প্রকাশনং তমনতিক্রম্য বিতন্মহি বিস্তারয়ামঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

বেণাঙ্গজস্যাপীতি চকারেণ লভ্যতে ॥ ১। ২ ॥

স্বয়ং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠোলোকং চ ধর্ম্মেঽনুবর্ত্তয়ং স্তৎ পরিপন্থিনাং শাস্তেতি। ধর্ম্মসেতূনাং গোপ্তেত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নালং ন সমর্থাঃ মায়য়া কৃপয়া। যদ্বা। সশক্ত্যা অর্চ্চিষা সহ তে তব পৌরুষাণি প্রতি ব্রহ্মাদীনামপি ধিয়ো বভ্রমুঃ ॥ ১। ২ ॥

যথোপদেশং মুনিভিরস্মদন্তঃকরণং প্রবিশ্য কৃতমুপদেশমনতিক্রম্য ॥ ৩ ॥

মৈত্রেয় কহিলেন পৃথু রাজা এই প্রকার কহিলেও সূতাদি গায়কগণ মুনিদিগের প্রেরণায় তাঁহার স্তব করিতে আরম্ভ করিল। পৃথুর বাক্য রূপ অমৃত সেবনেই তাহাদের চিত্ত পরিতৃপ্ত হইতে লাগিল ॥ ১ ॥

তাহারা কহিল মহারাজ! আপনার মহিমা বর্ণনে আমাদের সামর্থ্য নাই, আপনি প্রধান দেব, মায়া দ্বারা এই অবতার গ্রহণ করিয়াছেন। হে রাজন্! আপনি বেণের অঙ্গ হইতে উৎপন্ন হইলেও আপনার পৌরুষ এমন অবিতর্ক্য যে তদ্বিষয়ে ব্রহ্মাদিরও বুদ্ধি ভ্রান্ত হইয়া পড়ে, ইহাতে আমরা বর্ণন করি আমাদের সাধ্য কি? ॥ ২ ॥

মহাত্মা পৃথু উদার কীর্ত্তি এবং ভগবান্ হরির অংশে অবতীর্ণ, ইহাঁর গুণ সমূহ যথাবৎ বর্ণন করিতে যদিও আমাদের সাধ্য নাই, তথাচ ইহাঁর কথা রূপ অমৃতে আমাদের অতিশয় আদর জন্মিয়াছে, অপর এই সকল মুনি আমাদিগকে নিয়োগ করিতেছেন, ইহাঁরা যোগবলে আমাদের হৃদয়ে যে রূপ প্রকাশ করিয়া দিতেছেন আমরা তদ্রূপই এই মহাত্মার প্রশংসনীয় কর্ম্ম সকল বর্ণন করি। ইনি ধর্ম্মজ্ঞ জন দিগের অগ্রগণ্য হইয়া লোক সকলকে ধর্ম্মের অনুবর্ত্তী করিবেন এবং ধর্ম্মের যে যে সেতু আছে তাঁহাদের রক্ষক ও ধর্ম্মদ্রোহি উৎপথগামিদিগের শাস্তা হইবেন ॥ ৩ ॥

এষ বৈ লোকপালানাং বিভর্ত্ত্যেকস্তনৌ তনূঃ। কালে কালে যথাভাগং লোকয়োরুভয়োর্হিতং ॥ ৪
বসুকাল উপাদত্তে কালেচায়ং বিমুঞ্চতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু প্রতপন্ সূর্য্যবদ্বিভুঃ ॥ ৫ ॥
তিতিক্ষত্যক্রমং বৈণ্য উপর্য্যাক্রামতামপি। ভূতানাং করুণঃ শশ্বদার্ত্তানাং ক্ষিতিবৃত্তিমান্ ॥ ৬ ॥
দেবে বর্ষত্যসৌ দেবো নরদেববপুর্হরিঃ। কৃচ্ছ্রপ্রাণাঃ প্রজাহ্যেষ রক্ষিষ্যত্যঞ্জসেন্দ্রবৎ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তনৌ স্বদেহে লোকপালানাং তনূর্মূর্ত্তীঃ কালে কালে বিভর্ত্তি যথাভাগং পালনপোষণানুরঞ্জনাদি কার্য্যানুসারেণ যজ্ঞাদি প্রবর্ত্তনেন স্বর্গস্য হিতং বৃষ্ট্যাদি প্রবর্ত্তনেন ভূর্লোকস্যচ হিতং যথা ভবতি তথা ॥ ৪ ॥

সূর্য্যাদি তনূধারণমেবাহ অষ্টভিঃ। বসু ধনং করাদান কালে আদত্তে দুর্ভিক্ষাদি কালে বিমুঞ্চতিচ। অষ্টৌ মাসান্ সূর্য্যোযথা বসু জলমাদত্তে বিমুঞ্চতি বর্ষাসু তদ্বৎ ॥ ৫ ॥

মস্তকে পাদেনাক্রামতামপি আর্ত্তানাং ভূতানাং অতিক্রমং সহিষ্যতে। ক্ষিতের্বৃত্তিঃ সর্ব্বসহ নং সা বৃত্তি র্যস্যাস্তি স তথা ॥ ৬ ॥

দেবেঽবর্ষত্যেষ কৃচ্ছ্রং গতাঃ প্রাণা যাসাং তাঃ প্রজাঃ স্বয়ং বৃষ্টিং কৃত্বা রক্ষিষ্যতি। তত্র হেতুঃ অসৌ নরদেববপুর্হরিরিতি ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তনূঃ শক্তীঃ ॥ ৪। ৫। ৬। ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এক এবৈষ তনৌ স্বমূর্ত্তাবেব লোকপালানাং তনূর্মূর্ত্তী র্বিভর্ত্তি কালে কালে প্রতিসময়ং লোকয়োরিতি যজ্ঞাদি প্রবর্ত্তনেন স্বর্গস্য বৃষ্ট্যাদিনা ভূর্লোকস্যচ হিতং ভাগং ভগসম্বন্ধি যথা স্যাত্তথা। ভগং শ্রী কাম মাহাত্ম্য বীর্য্য যত্নার্ক কীর্ত্তিষিত্যমরঃ ॥ ৪ ॥

সূর্য্যাদি তনু ধারণমাহাষ্টভিঃ। বসু ধনং করাদানকালে আদত্তে দুর্ভিক্ষাদি কালে বিমুঞ্চতিচ। অষ্টৌ মাসান্ সূর্য্যো যথা বসু জলমাদত্তে বিমুঞ্চতিচ বর্ষাসু তদ্বৎ ॥ ৫ ॥

অক্রমমনতিক্রমং তিতিক্ষতি সহতে। ক্ষিতিবৃত্তিমান্ পৃথ্বী স্বভাবযুক্তঃ ॥ ৬ ॥

রক্ষিষ্যতি স্বয়মেব বৃষ্টিং দত্বা পালয়িষ্যতি ॥ ৭ ॥

অপর ইনি এক হইয়াও কালে কালে পালন ও অনুরঞ্জনাদি কার্য্যানুসারে আপনার দেহে লোকপাল সকলের মূর্ত্তি এ প্রকারে ধারণ করিবেন যে তাহাতে প্রজাদের পক্ষে উভয় লোক অর্থাৎ যজ্ঞাদি প্রবর্ত্তন দ্বারা স্বর্গে এবং বৃষ্ট্যাদি প্রবর্ত্তন দ্বারা পৃথিবী মধ্যে হিত সম্পাদন হইবে ॥ ৪ ॥

আমরা এই মহাত্মার গুণ কত বর্ণন করিব, ইনি সকল প্রাণির প্রতি সমান হইয়া দিবাকর তুল্য সর্ব্বত্র সমান প্রতাপ বিস্তার করিবেন এবং সূর্য্য যেমন আটমাস পৃথিবীর রস আকর্ষণ করিয়া পুনরায় বর্ষাকালে তৎসমুদায় বর্ষণ করিয়া থাকেন তাহার ন্যায়, ইনিও করাদান সময়ে প্রজাপুঞ্জ হইতে ধন গ্রহণ করিয়া দুর্ভিক্ষাদি কালে পুনর্ব্বার মুক্তহস্তে বিতরণ করিবেন ॥ ৫ ॥

অপিচ ইনি আর্ত্ত প্রাণিদিগের প্রতি সর্ব্বদাই করুণান্বিত হইবেন, আপনার মস্তকোপরি আর্ত্ত ব্যক্তিরা চরণ দ্বারা আক্রমণ করিলেও তাহাদের আক্রমণ সহ্য করিবেন, অতএব পৃথিবী তুল্য ইহাঁর সহিষ্ণুতা হইবে ॥ ৬ ॥

ইনি নরদেব দেহধারী স্বয়ং হরি। অতএব দেবতা বর্ষণ না করিলে যদি প্রজাজন কষ্টে পড়ে ইনি স্বয়ং ইন্দ্রতুল্য বৃষ্টি করিয়া প্রজাদিগের রক্ষা করিবেন ॥ ৭ ॥

আপ্যায়য়ত্যসৌ লোকং বদনামৃতমূর্ত্তিনা। সানুরাগাবলোকেন বিশদস্মিতচারুণা ॥ ৮ ॥
অব্যক্তবর্ত্মৈষ নিগূঢ়কার্য্যো গম্ভীরবেধা উপগুপ্তবিত্তঃ।
অনন্তমাহাত্ম্যগুণৈকধামা পৃথুঃ প্রচেতা ইব সংবৃতাত্মা ॥ ৯ ॥
দুরাসদো দুর্ব্বিষহ আসন্নোপি বিদূরবৎ। নৈবাভিভবিতুং শক্যো বেণারণ্যুত্থিতোঽনলঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

বদনমেবামৃতমূর্ত্তিশ্চন্দ্রস্তেন সানুরাগোঽবলোকো যস্মিন্ তেন বিশদং যৎ স্মিতং তেন চারুণা। অত্রচ কচ্চিদ্বর্ত্তমান নির্দ্দেশো বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমানবদ্বেতি ভূত নির্দ্দেশশ্চাশংসায়াং ভূতবচ্চেতি দ্রষ্টব্যঃ ॥ ৮ ॥

নব্যক্তং বর্ত্ম প্রবেশ নির্গমনয়োর্মার্গো যস্য নিগূঢ়ং নিষ্পত্তেঃ পূর্ব্বমবিজ্ঞাতং কার্য্যং তস্য তচ্চ কার্য্যং গম্ভীরং কিমর্থমেতৎ কৃতমিতি অন্যৈরজ্ঞাতাভিপ্রায়ং বিধত্তে ইতি তথা উপগুপ্তং সুরক্ষিতং বিত্তং যস্য অনন্ত মাহাত্ম্যশ্চাসৌ গুণানামেকং ধাম বিষ্ণুর্যস্মিন্ সঃ। অনন্তমাহাত্ম্যোপেতা গুণা এব ধাম স্থানং যস্যেতি বা। সংবৃতাত্মা সংযতমূর্ত্তিঃ সমুদ্রচরত্বেন বরুণস্যাপ্যেতে গুণা দ্রষ্টব্যাঃ ॥ ৯ ॥

দুরাসদঃ শত্রো র্মনসাপি প্রাপ্তুমশক্যঃ। দুর্ব্বিষহঃ শত্রুভিঃ সোঢ়ুমশক্যঃ। বিদূরবৎ পৌরুষেণাপ্যভিভবিতুমশক্যঃ। বেণএবারণি স্তস্মাদুত্থিতঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সংবৃতাত্মেতি চিৎস্বরূপঃ পরিপূর্ণ রূপ ইত্যর্থঃ ॥ ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বদনমেবামৃত মূর্ত্তিশ্চন্দ্র স্তেনেতি চন্দ্রতনুধারণমুক্তং ॥ ৮ ॥

নব্যক্তং বর্ত্ম অন্তঃ প্রবেশ নির্গময়োর্মার্গো যস্য সঃ। নিগূঢ়ং নিষ্পত্তেঃ পূর্ব্বমবিজ্ঞাতং কার্য্যং যস্য সঃ। তচ্চ কার্য্যং গম্ভীরমন্যৈরজ্ঞাতাভিপ্রায়ং যথাস্যাত্তথা বিধত্তে ইতি বেধাঃ। উপ আধিক্যেন গুপ্তং বিত্তং ধনং জ্ঞানঞ্চ যস্য সঃ। অনন্তস্য বিষ্ণোরিব মাহাত্ম্যং গুণাশ্চ একং মুখ্যং ধাম প্রভাবশ্চ যস্য সঃ। সংবৃতাত্মা অন্যালক্ষিত স্বভাবঃ প্রচেতা বরুণ ইবেতি সমুদ্রচরত্বেন বরুণস্যাপ্যেতে গুণা দ্রষ্টব্যাঃ ॥ ৯ ॥

দুরাসদঃ দুষ্টতমৈঃ শত্রুবর্গৈরনিকটঃ দুর্ব্বিষহঃ শত্রুশার্দ্দূলৈঃ সোঢ়ুমশক্যঃ। বেণ এবারণি স্তন্মথনাদুত্থিতঃ ॥ ১০ ॥

আহা! ইহাঁর এই বদন সুধাকর কি চমৎকার! ইহাতে কেমন সুন্দর অনুরাগ যুক্ত অবলোকন বিরাজ করিতেছে এবং বিশদ হাস্যে ইহা কেমন মনোহর হইয়া রহিয়াছে। ইনি বদন সুধাংশু দ্বারা ভুবনমণ্ডল আপ্যায়িত করিতেছেন ॥ ৮ ॥

অপর ইনি বরুণের তুল্য হইবেন, যে হেতু ইহাঁরও বরুণের ন্যায় অন্তর প্রবেশ এবং তাহা হইতে নির্গম এই দুই মার্গ অব্যক্ত থাকিবে, আর নিষ্পত্তির পূর্ব্বে ইহাঁরও কার্য্য কেহ জানিতে পারিবে না, ইনি সমস্ত কার্য্য অতি গম্ভীর ভাবে অর্থাৎ কি নিমিত্ত কৃত হইতেছে কেহ না জানিতে পারে এ প্রকারে বিধান করিবেন। ইহাঁরও বিত্ত অতি সুরক্ষিত হইবে। অপর অনন্ত মাহাত্ম্য সম্পন্ন এবং গুণ সকলের এক আলয় যে ভগবান্ বিষ্ণু, তিনি ইহাঁতে অধিষ্ঠিত থাকিবেন। আর ইহাঁর শরীর সততই সংযত হইবে। জলাধিপ বরুণেরও এই সকল গুণ, অতএব ইনি তাঁহার সমান হইবেন ॥ ৯ ॥

অপিচ এই মহাত্মা অতিশয় দুরাসদ হইবেন অর্থাৎ বিপক্ষ পক্ষ মনের দ্বারাও ইহাঁকে প্রাপ্ত হইতে সমর্থ হইবে না এবং ইহাঁর তেজঃ দুর্ব্বিষহ হইবে অর্থাৎ বৈরিকুল কোন ক্রমে সহ্য করিতে পারিবে না। অপর আশ্চর্য্যের বিষয় এই, ইনি নিকটে থাকিলেও দূরবর্ত্তির ন্যায়, কেহ পৌরুষ দ্বারা অভিভব করিতে সমর্থ হইবে না। ইহাঁর প্রতাপ দর্শনে বোধ হয় বেণরূপ অরণি (কাষ্ঠ বিশেষ) হইতে অগ্নি উত্থিত হইয়াছেন ॥ ১০ ॥

অন্তর্বহিশ্চ ভূতানাং পশ্যন্ কর্ম্মাণি চারণৈঃ। উদাসীন ইবাধ্যক্ষো বায়ুরাত্মেব দেহিনাং॥ ১১ ॥
নাদণ্ড্যং দণ্ডয়ত্যেষ সুতমাত্মদ্বিষামপি। দণ্ডয়ত্যাত্মজমপি দণ্ড্যং ধর্ম্মপথে স্থিতঃ॥ ১২ ॥
অস্যাপ্রতিহতং চক্রং পৃথোরামানসাচলাৎ। বর্ত্ততে ভগবানর্কো যাবত্তপতি গোগণৈঃ॥ ১৩ ॥
রঞ্জয়িষ্যতি যল্লোকময়মাত্মবিচেষ্টিতৈঃ। অথামুমাহূরাজানং মনোরঞ্জনকৈঃ প্রজাঃ।
দৃঢ়ব্রতঃ সত্যসন্ধো ব্রহ্মণ্যোবৃদ্ধসেবকঃ। শরণ্যঃ সর্ব্বভূতানাং মানদোদীনবৎসলঃ॥ ১৪ ॥
মাতৃভক্তিঃ পরস্ত্রীষু পত্ন্যাগর্দ্ধ ইবাত্মনঃ। প্রজাসু পিতৃবৎস্নিগ্ধঃ কিঙ্করো ব্রহ্মবাদিনাং॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

চারণৈ র্গুপ্তভৃত্যৈঃ পশ্যন্নপি স্বস্তুতি নিন্দাদাবুদাসীন ইব বর্ত্তিষ্যতে। যথা দেহিনামধ্যক্ষোঽধিকৃত আত্মভূতো বায়ুঃ সূত্রাত্মা তদ্বৎ॥ ১১ ॥

আত্মদ্বিষাং সুতমিতি সুতগ্রহণং স্বাত্মজ সাম্যার্থং ধর্ম্মপথে যমস্য বৃত্তে স্থিতঃ॥ ১২ ॥

চক্রং আজ্ঞা সেনা বা রথস্য বা চক্রং মানসাচলমভিব্যাপ্য বর্ত্ততে। কিং পর্য্যন্তমিত্যাহ অর্কো রশ্মিগণৈ র্যাবত্তপতি তাবৎ॥১৩

যদ্যস্মাৎ রঞ্জয়িষ্যতি। অথ তস্মাম্মনো রঞ্জনৈ হেতুভিঃ অমুং রাজানমাহুঃ। মনোরঞ্জনকৈরিতি চেষ্টিতবিশেষণং বা॥ ১৪ ॥

মাতরীব ভক্তির্ভজনং যস্য আত্মনো দেহস্যার্দ্ধ ইব পত্ন্যাং প্রীতিমান্॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চারণৈশ্চেষ্টিতৈশ্চরৈশ্চ পশ্যন্ উদাসীনোঽনাসক্তঃ। পৃথুপক্ষে ভৃত্যামাত্যাদিষাসক্তোপি তৈরুদাসীন ইব লক্ষ্যমাণঃ। বায়ুঃ সূত্রাত্মেব আত্মা অন্তর্যামীব পৃথুরধ্যক্ষঃ॥ ১১ ॥

ধর্ম্মপথে যমস্য বৃত্তৌ॥ ১২ ॥

চক্রমাজ্ঞা সেনা বা রথস্য চক্রং বা। মানসোত্তর গিরিমভিব্যাপ্য বর্ত্ততে। কিং পর্য্যন্তমিত্যত আহ অর্কোযাবত্তপতীতি॥১৩

মনোরঞ্জনানি কানি সুখানি যেভ্যস্তৈরাত্মচেষ্টিতৈ র্যল্লোকং রঞ্জয়িষ্যতীত্যর্থঃ। অন্যস্তু রাজতীতি নিরুক্ত্যা অয়ন্ত রঞ্জয়তি রাজতীতি নিরুক্তিদ্বয়েনৈব রাজেতি ভাবঃ॥

সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। ব্রতসন্ধয়োঃ শাস্ত্রীয়লৌকিকত্বাভ্যাং ভেদোজ্ঞেয়ঃ॥ ১৪ ॥

পত্ন্যামাত্মনো দেহস্যার্দ্ধে ইব প্রীতিমানিতি শেষঃ॥ ১৫ ॥

অপর ইনি গুপ্ত চরদিগের দ্বারা প্রাণি সমূহের অন্তর ও বাহ্যের কর্ম্ম সকল অবলোকন করিয়াও দেহধারিদিগের অধিকৃত বায়ুর তুল্য অর্থাৎ সূত্রাত্মার ন্যায়, স্বীয় স্তুতি নিন্দা ইত্যাদি বিষয়ে উদাসীনের ন্যায় থাবিবেন॥ ১১ ॥

আর ইহাঁর ব্যবহার ধর্ম্মরাজের ন্যায় হইবে, তাহাতে আপনার শত্রুর সন্তানও যদি দণ্ড পাইবার অযোগ্য হয়, কদাপি দণ্ড করিবেন না, অপর আপনার পুত্রও দণ্ডনীয় হইলে তাহারও দণ্ড করিবেন॥ ১২

অধিকন্তু ইহাঁর রথচক্র কোথাও প্রতিহত হইবে না, ভগবান্ সূর্য্য যতদূর পর্য্যন্ত কিরণ সমূহ দ্বারা উত্তাপ দেন মানসাচল ব্যাপিয়া তত দূর পর্য্যন্ত ইহাঁর রথচক্রের গতি হইবে॥ ১৩॥

এই পৃথু মনোরঞ্জক কর্ম্ম দ্বারা সকল লোকের মনোরঞ্জন করিবেন এই কারণে প্রজারা ইহাঁকে রাজা বলিয়া আহ্বান করিবে। অপিচ ইনি দৃঢ়ব্রতঃ, সত্য প্রতিজ্ঞ, ব্রাহ্মণভক্ত, বৃদ্ধসেবী, সর্ব্ব প্রাণির রক্ষক, সকলের মানদাতা এবং দীনজনের প্রতি সাতিশয় স্নেহবান্ হইবেন॥ ১৪॥

আর পরস্ত্রীতে ইহাঁর মাতৃভক্তি এবং আত্ম পত্নীতে দেহার্দ্ধ তুল্য প্রীতি আর প্রজা সকলে পিতৃবৎ স্নেহ হইবে। অধিকন্তু ইনি বেদজ্ঞ ব্রাহ্মণদিগের নিকট কিঙ্কর তুল্য হইয়া রহিবেন॥ ১৫॥

দেহিনামাত্মবৎ প্রেষ্ঠঃ সুহৃদাং নন্দিবর্দ্ধনঃ। মুক্তসঙ্গপ্রসঙ্গোয়ং দণ্ডপাণিরসাধুষু ॥ ১৬ ॥
অয়ং তু সাক্ষাদ্ভগবাং স্ত্র্যধীশঃ কূটস্থ আত্মা কলয়াবতীর্ণঃ।
যস্মিন্নবিদ্যারচিতং নিরর্থকং পশ্যন্তি নানাত্বমপি প্রতীতং ॥ ১৭ ॥
অয়ং ভুবোমণ্ডলমোদয়াদ্রের্গোপ্তৈকবীরো নরদেবনাথঃ।
আস্থায় জৈত্রং রথমাত্তচাপঃ পর্য্যেষ্যতে দক্ষিণতো যথার্কঃ ॥ ১৮ ॥
অস্মৈ নৃপালাঃ কিল তত্র তত্র বলিং হরিষ্যন্তি সলোকপালাঃ।

শ্রীধরস্বামী।

নন্দিং সুখং বর্দ্ধয়তীতি তথা মুক্তসঙ্গেষু প্রকৃষ্টঃ সঙ্গোযস্য। দণ্ডপাণিরিত্যপরাধানুপেক্ষণমুচ্যতে। নাদণ্ড্যমিত্যত্রতু পক্ষপাতাভাব উক্তঃ ॥ ১৬ ॥

অয়মিতি তু শব্দেন নিরুপমত্বং দর্শয়তি। কোসাবাত্মা তমাহ যস্মিন্ প্রতীতমপি নানাত্বমর্থশূন্যং পশ্যন্তি ॥ ১৭ ॥

আ উদয়াদ্রেঃ তৎপর্য্যন্তং গোপ্তা গোপায়িষ্যতি তদর্থং পর্য্যেষ্যতে পর্য্যটিষ্যতি প্রদক্ষিণী করিষ্যতীত্যর্থঃ ॥ ১৮ ॥

অস্মৈ তথা প্রদক্ষিণং কুর্ব্বতে মংস্যন্তে জ্ঞাস্যন্তি। তস্য যশ উদ্ধরস্ত্যঃ উদাহরন্ত্যঃ কীর্ত্তয়ন্তঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

এষ দোগ্ধেতি পদ্যং পুনরুক্তমিব পরেণ। অতঃ পৃথগ্নাঙ্গীকৃতঃ। দেবমনুজান্তরেষ্বপি তে গুণাঃ সন্তীতি ন তৎসাম্যমিত্যাহ। অয়ং তু সাক্ষাদিতি। যতঃ সএব কলয়া শক্ত্যা সহ অবতীর্ণোঽস্মিন্ প্রবিষ্টঃ আত্মা পরমাত্মা সর্ব্বাতিশয়গুণত্বমেবাহঃ যস্মিন্ ভগবতি সাক্ষাৎ সতি নানাত্বং স্বাত্মনি দেবমনুষ্যত্বাদিভেদং নিরর্থকং পুরুষার্থ শূন্যং পশ্যন্তি। অবিদ্যা কল্পিতত্বেনাতি তুচ্ছত্বাদিতি ভাবঃ ॥ ১৭। ১৮ ॥

স্ত্রিয় ইতি। স্ত্রিয়োপীত্যর্থঃ। উদ্ধরন্ত্য ইত্যেব পাঠঃ স্বামিসম্মতঃ মধ্যে উদাহরন্ত্য ইতি ব্যাখ্যানোপাদানাৎ ॥ ১৯। ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্দি সুখং বর্দ্ধয়তীতি সঃ মুক্তসঙ্গেষু বিরক্তেষ্বেব প্রসঙ্গো যস্য সঃ ॥ ১৬ ॥

যস্মিন্ বর্ত্তমানা মুনয়োঽবিদ্যয়া চরিতমেকস্যাপি জীবস্য স্থূল সূক্ষ্ম দেহাধ্যাসাৎ নানাত্বং স্বপ্নেচ নানাত্বং প্রতীতমপি নিরর্থকমবস্ত্বেব পশ্যন্তি ॥ ১৭ ॥

ওদয়াদ্রেরুদয়াদ্রিমভিব্যাপ্য দক্ষিণতঃ পর্য্যেষ্যতে প্রাদক্ষিণ্যেন পর্য্যটিষ্যতি ॥ ১৮ ॥

মংস্যন্তে জ্ঞাস্যন্তি উচ্চরন্ত্যঃ কীর্ত্তয়ন্তঃ ॥ ১৯ ॥

ইনি দেহধারি প্রাণিমাত্রেরই আত্মতুল্য প্রিয় হইয়া সুহৃজ্জনের আনন্দ বর্দ্ধন করিবেন। অপর যে সকল ব্যক্তি সঙ্গ পরিত্যাগী তাঁহাদের সঙ্গে ইহাঁর প্রকৃষ্ট রূপ সংসর্গ হইবে। পরন্তু যাহারা অসাধু তাহাদের অপরাধানুসারে দণ্ড বিধান করিতে ইনি ত্রুটি করিবেন না ॥ ১৬ ॥

ফলতঃ ইনি গুণত্রয়ের অধীশ্বর, নির্ব্বিকার আত্মা স্বরূপ সাক্ষাৎ ভগবান্, অংশে অবতীর্ণ হইয়াছেন মাত্র, ইহাঁতে অবিদ্যা দ্বারা নানাত্ব রচিত হইয়া প্রতীত হয় সত্য, কিন্তু পণ্ডিতেরা তাহাকে অর্থ শূন্য অবস্তু স্বরূপ অবলোকন করেন ॥ ১৭ ॥

এই রাজাধিরাজ পৃথু ধরাতলে অদ্বিতীয় বীর হইয়া উদয়াচল পর্য্যন্ত অখণ্ড ভূমণ্ডল রক্ষা করিবেন। তদর্থ জয়শীল রথে আরোহণ করিয়া সশর শরাসন গ্রহণ পূর্ব্বক সূর্য্যবৎ অহরহ সকল স্থান প্রদক্ষিণ করিতে যাইবেন ॥ ১৮ ॥

ইনি এই প্রকারে যখন ভূমণ্ডল প্রদক্ষিণ করিবেন তখন তত্তৎ প্রদেশের নরপাল সকল লোকপাল-

মংস্যন্ত এষাং স্ত্রিয় আদিরাজং চক্রায়ুধং তদ্যশ উদ্ধরন্ত্যঃ ॥ ১৯ ॥
অয়ং মহীং গাং দুদুহেঽধিরাজঃ প্রজাপতি র্বৃত্তিকরঃ প্রজানাং ।
যো লীলয়াদ্রীন্ স্বশরাসকোট্যা ভিন্দন্ সমাঙ্গামকরোদ্যথেন্দ্রঃ ॥ ২০ ॥
বিস্ফূর্জয়ন্নাজগবং ধনুঃ স্বয়ং যদাচরৎ ক্ষামবিষহ্য আজৌ ।
তদা নিলিল্যু র্দিশি দিশ্যসন্তো লাঙ্গূলমুদ্যম্য যথা মৃগেন্দ্রঃ ॥ ২১ ॥
এষোঽশ্বমেধান্ শতমাজাহার সরস্বতী প্রাদুরভাবি যত্র ।
অহারষীদ্যস্য হয়ং পুরন্দরঃ শতক্রতুশ্চরমে বর্ত্তমানে ।
এষ স্বসদ্মোপবনে সমেত্য সনৎকুমারং ভগবন্তমেকং ।
আরাধ্য ভক্ত্যা লভতামলং তজ্জ্ঞানং যতো ব্রহ্মপরং বিদন্তি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী ।

ইন্দ্র ইব অদ্রীনভিন্দন্ ॥ ২০ ॥

নাঙ্গূলমুদম্য উন্নমষ্য যথা মৃগেন্দ্রশ্চরতি তথা ধনু র্বিস্ফূর্জয়ন্ যদা ক্ষামচরৎ ॥ ২১ ॥

যত্র প্রাদুরভাবি প্রাদুর্ভূতা কর্ম্মকর্ত্তরি চেণ তত্রাহার্ষীৎ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ ।

স্বমিত্যত্র স্বয়মিতি কচিৎ ॥ ২১ ॥

প্রাদুরভাবি প্রাদুর্ভাবিতা পৃথুনৈব ॥

বিদন্তীত্যত্র ব্রুবন্তীতি চিৎসুখঃ ॥ ২২ । ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তাসাং কিমাকারমেতদ্যশঃ কীর্ত্তনমিত্যাকাঙ্ক্ষায়ামাহঃ । শ্লোকচতুষ্কং । অয়মিতি শরাসকোট্যা শরাসনাগ্রেণ ইন্দ্র ইবাদ্রীনভিন্দন্ ॥ ২০ ॥

লাঙ্গূলমুন্নময্য যথা মৃগেন্দ্রশ্চরতি তথা ধনু র্বিস্ফূর্জ্জয়ন্ যদা ক্ষামচরৎ ॥ ২১ । ২২ ॥

দিগের সহিত উপস্থিত হইয়া ইহাঁকে উপহার প্রদান করিবেন এবং সেই সমস্ত রাজমহিষীগণ চক্র অস্ত্র দেখিয়া ইহাঁর যশঃ কীর্ত্তন করিতে করিতে আদিরাজ বলিয়া মান্য করিবে ॥ ১৯ ॥

ইনি অধিরাজ হইয়া প্রজাপতির ন্যায় প্রজাগণের বৃত্তি বিধানার্থ পৃথিবী দোহন করিবেন। আর ইন্দ্রের তুল্য অবলীলাক্রমে ধনুর অগ্রভাগ দ্বারা পর্ব্বত সকল ভগ্ন করিয়া পৃথিবীকে সমান করিয়া দিবেন ॥ ২০ ॥

অপর মৃগেন্দ্র যেমন পুচ্ছ উচ্চ করিয়া ভ্রমণ করে, তাহার ন্যায়, যখন ইনি আজগব ধনু বিস্ফূর্জিত করিয়া অবনীমণ্ডলে বিচরণ করিবেন, তখন অসৎলোকে ইহাঁর তেজঃ সহ্য করিতে না পারিয়া দিকে দিকে লুক্কায়িত হইবে ॥ ২১ ॥

এই রাজা শত সংখ্যক অশ্বমেধ যজ্ঞ আহরণ করিবেন। ইহাঁর সেই যজ্ঞে স্বয়ং সরস্বতীর প্রাদুর্ভাব হইবে। কিন্তু অন্তিম যজ্ঞটী সমাপ্ত না হইতে হইতে দেবরাজ ইন্দ্র ইহাঁর যজ্ঞীয় অশ্ব হরণ করিবেন। তদনন্তর ইনি আপনার গৃহে প্রত্যাবৃত্ত হইয়া পরম ভক্তিভাবে ভগবান্ সনৎকুমারের আরাধনা করিবেন, তাহাতে ইহাঁর সেই জ্ঞান লাভ হইবে পণ্ডিতেরা যাঁহাকে পরম ব্রহ্ম বলিয়া জানেন ॥ ২২ ॥

তত্র তত্র গির স্তাস্তা ইতি বিশ্রুতবিক্রমঃ। শ্রোষ্যত্যাত্মাশ্রিতা গাথাঃ পৃথুঃ পৃথুপরাক্রমঃ ॥ ২৩॥

দিশোবিজিত্যাপ্রতিরুদ্ধচক্রঃ স্বতেজসোৎপাটিত লোকশল্যঃ।
সুরাসুরেন্দ্রৈরুপগীয়মান মহানুভাবো ভবিতা পতির্ভুবঃ ॥ ২৪॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুস্তবঃ ষোড়শোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৬ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

এবং স ভগবান্ বৈণ্যঃ খ্যাপিতোগুণকর্ম্মভিঃ। ছন্দয়ামাস তান্ কামৈঃ প্রতিপূজ্যাভিনন্দ্যচ ॥ ১

শ্রীধরস্বামী।

বিশ্রুতা বিক্রমা যস্য গাথাশ্চ প্রবন্ধান্ ॥ ২৩ ॥
উপগীয়মানো মহানুভাবোযস্য ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ষোড়শঃ ॥ * ॥

ততঃ সপ্তদশে লোকক্ষুধাং প্রশময়ন্ পৃথুঃ। গ্রস্তবীজাং মহীং হন্তুং যত্তোভিত্যা তয়া স্তুতঃ ॥ ০ ॥
ছন্দয়ামাস তোষিতবান্ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভবিতা পতির্ভুব ইত্যত্র জয়তাং পৃথুর্ভবেতি চিৎসুখঃ ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ষোড়শোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

অথেদৃশলোক সাহায্যায় ভবিষ্যামীতি সংজাত সুখস্য তস্য বৃত্তমাহ। এবমিতি ॥ ১। ২। ৩। ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইতি তত্র তত্র দেশে তাভিরুক্তাস্তাস্তা লোকপ্রসিদ্ধা গিরঃ। গাথা আত্মাশ্রিতাঃ স্বীয় কবিতয়া বর্ণিতাঃ কথাশ্চ। অতএব হুহুহে ইত্যাদি বৎ ভূতকাল প্রয়োগ স্তুত্যুক্তিকালে তত্তৎ কর্ম্মণামভীতত্বাৎ ॥ ২৩। ২৪ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষোড়শোঽয়ং চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পৃথুঃ সপ্তদশে লোকৈঃ ক্ষুধার্ত্তৈরভ্যর্থিতঃ। ধরাং গ্রস্তসমস্তানাং নিঘ্নন্ ভীত্যা তয়া স্তুতঃ ॥ ০ ॥
ছন্দয়ামাস তোষিতবান্ ॥ ১ ॥

এই মহীপতি পৃথুর বিক্রম অতি বিখ্যাত এবং পরাক্রম অতি বিপুল হইবে, ইনি নানা স্থানে আপন পরাক্রমের প্রশংসা ও আত্মগুণ সম্বন্ধীয় প্রবন্ধ শ্রবণ করিবেন ॥ ২৩ ॥

ইহাঁর রথচক্র কোথাও প্রতিরুদ্ধ হইবে না, নিজ তেজঃ দ্বারা লোকপাল সকলের শল্য উৎপাটন করিয়া দিবেন, অতএব সুর অসুর সকলেই ইহাঁর মাহাত্ম্য কীর্ত্তন করিবেন ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ষোড়শ ॥ * ॥

সপ্তদশাধ্যায়ে লোক সকলকে ক্ষুধায় কাতর দেখিয়া গ্রস্তবীজা পৃথিবীর বধার্থ পৃথুর উদ্যোগ ও ধরণী কর্ত্তৃক পৃথুর স্তব ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন, হে কুরুনন্দন! বেণাঙ্গজ পৃথু আপনার গুণ ও কর্ম্মের ঐ প্রকার বর্ণনা শুনিয়া পরম পরিতোষ প্রাপ্ত হইলেন এবং আহ্লাদ প্রকাশ পূর্ব্বক সমাদর করিয়া সমুচিত পারিতোষিক দান দ্বারা স্তুতি পাঠকদিগকে সন্তুষ্ট করিলেন ॥ ১ ॥

ব্রাহ্মণপ্রমুখান্ বর্ণান্ ভৃত্যামাত্যপুরোধসঃ। পৌরান্ জানপদান্ শ্রেণীঃ প্রকৃতীঃ সমপূজয়ৎ ॥ ২ ॥

শ্রীবিদুর উবাচ ॥

কস্মাদ্দধার গোরূপং ধরিত্রী বহুরূপিণী। যাং দুদোহ পৃথুস্তত্র কো বৎসো দোহনঞ্চ কিং ॥ ৩ ॥

প্রকৃত্যা বিষমা দেবী কৃতা তেন সমা কথং। তস্য মেধ্যং হয়ং দেবঃ কস্য হেতোরপাহরৎ ॥ ৪ ॥

সনৎকুমারাদ্ভগবতো ব্রহ্মন্ ব্রহ্মবিদুত্তমাৎ। লব্ধা জ্ঞানং সবিজ্ঞানং রাজর্ষিঃ কাং গতিং গতঃ ॥৫

যচ্চান্যদপি কৃষ্ণস্য ভবেদ্ভগবতঃ প্রভোঃ। শ্রবঃসুশ্রবসঃ পুণ্যং পূর্ব্বদেহকথাশ্রয়ং ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

ভৃত্যান্ অমাত্যান্ পুরোধসঃ পুরোহিতাংশ্চ শ্রেণীঃ তৈলিক তাম্বূলিকাদীন্ পৌরবিশেষান্ প্রকৃতী র্নিয়োগিনঃ ॥ ২ ॥

দোহনং পাত্রং ॥ ৩ ॥

মেধ্যং যজ্ঞার্হং ॥ ৪ ॥

সবিজ্ঞানং অপরোক্ষজ্ঞানসহিতং ॥ ৫ ॥

পূর্ব্বদেহঃ পৃথ্বতারঃ তৎকথাশ্রয়ং শ্রবো যশঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

কাং গতিং ব্রহ্মরূপাং ভগবদ্রূপাং বা ॥ ৫ ॥

যচ্চান্যদিতি দ্বয়েন শ্রীবিদুরস্য সর্ব্বত্রাপ্যেতদেব হার্দ্দং ব্যক্তং। ভবেদিত্যত্র ভবানিতি ক্বচিৎ চিৎসুখ সম্মতোয়ং। দেহত্বং আবেশাবতারত্বং পূর্ব্বত্বং প্রাক্ প্রকাশাপেক্ষয়ৈব ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রেণীস্তৈলিক তাম্বুলিকাদীন্ প্রকৃতী র্নিয়োগবর্ত্তিনঃ সমপূজয়ৎ ধন্যাঃ স্থ ভো ধন্যাঃ স্থ যুষ্মানহং সাধু পালয়ানীত্যেতদেব মৎ কর্ত্তৃকং যুষ্মৎ পরিচরণং ভূয়াদিতি মধুরমভ্যভাষত ॥ ২।৩।৪।৫।৬ ॥

তদনন্তর ব্রাহ্মণাদি বর্ণ সকলকে এবং ভৃত্য, অমাত্য ও পুরোহিতদিগকে তথা পৌরজন ও জানপদ বর্গ এবং তৈলিক, তাম্বূলিক প্রভৃতি পৌর বিশেষদিগকে ও নিযুক্ত ব্যক্তিগণকে যথোচিত পুরস্কার দিলেন ॥ ২ ॥

বিদুর জিজ্ঞাসা করিলেন হে ঋষিবর! বহুরূপ ধারিণী ধরণী কি কারণে গোরূপ ধারণ করিয়াছিলেন? অপর শ্রুত আছে মহারাজ পৃথু পৃথিবী দোহন করিয়াছিলেন? সেই দোহন সময়ে কে বৎস ও কি দোহন পাত্র হইয়াছিল? ॥ ৩ ॥

আর এই দেবী ধরিত্রী স্বভাবতঃ বিষমা, পৃথু ইহাঁকে কি প্রকারে সমান করিলেন? আর তাঁহার যজ্ঞীয় অশ্ব ইন্দ্র কেন হরণ করেন? ॥ ৪ ॥

অপিচ হে ব্রহ্মন্! ঐ রাজর্ষি ব্রহ্মজ্ঞ প্রধান ভগবান্ সনৎকুমারের নিকট অপরোক্ষ জ্ঞানসহ জ্ঞান লাভ করিয়া কি রূপ গতি প্রাপ্ত হন? ॥ ৫ ॥

মুনে! ঐ সকল বিষয় এবং ভগবান্ শ্রীকৃষ্ণের পৃথু অবতারের কথা সংক্রান্ত অন্যান্য যে যে পবিত্র যশঃ আছে তৎসমুদায় ॥ ৬ ॥

ভক্তায় চানুরক্তায় তব চাধোক্ষজস্যচ । বক্তুমর্হসি যোহদুহদ্বৈণ্যরূপেণ গামিমাং ।
শ্রীসূত উবাচ ॥
চোদিতো বিদুরেণৈবং বাসুদেবকথাং প্রতি । প্রশস্য তং প্রীতমনা মৈত্রেয়ঃ প্রত্যভাষত ॥ ৭ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
যদাভিষিক্তঃ পৃথুরঙ্গ বিপ্রৈরামন্ত্রিতো জনতায়াশ্চ পালঃ ।
প্রজা নিরন্নে ক্ষিতিপৃষ্ঠ এত্য ক্ষুৎক্ষামদেহাঃ পতিমভ্যবোচন্ ॥ ৮ ॥
বয়ং রাজন্ জাঠরেণাভিতপ্তা যথাগ্নিনা কোটরস্থেন বৃক্ষাঃ ।
ত্বামদ্য যাতাঃ শরণং শরণ্যং যঃ সাধিতো বৃত্তিকরঃ পতির্নঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী ।

অদুহৎ দুগ্ধবান্ ॥ ৭ ॥

জনতায়া ত্বং পালঃ ইত্যামন্ত্রিতো নিযুক্তঃ তদা নিরন্নে ক্ষিতিতলে ক্ষুধাক্ষামাঃ ক্ষীণদেহা যাসাং তাঃ প্রজা এত্য পতিং পৃথুমব্রুবন্ ॥ ৮ ॥

জাঠরেণাগ্নিনাভিতপ্তাঃ । যঃ সাধিতঃ বিপ্রৈঃ মন্থনেন সম্পাদিতঃ তং ত্বাং শরণং যাতাঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ ।

বাসুদেবোঽত্র শ্রীকৃষ্ণএব ॥ ৭ । ৮ । ৯ । ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অদুহতেত্যার্ষমধোক্ ॥ ৭ ॥

জনতায়াস্ত্বং পাল ইত্যামন্ত্রিতো নিযুক্তশ্চ তদা ॥ ৮ ॥

যস্ত্বং সাধিতঃ বিপ্রৈর্মন্থনেন সংপাদিতঃ ॥ ৯ ॥

অনুগ্রহ বিতরণ পূর্ব্বক আমার নিকট বর্ণন করুন । ব্রহ্মন্ ! আমি আপনার ও ভগবান্ অধোক্ষজের ভক্ত এবং অনুরক্ত শিষ্য, ভগবান্ই বেণতনয় রূপী হইয়া পৃথিবী দোহন করিয়া থাকিবেন, তাঁহার বৃত্তান্ত শ্রবণ করিতে আমার বড় শ্রদ্ধা হইতেছে ।

সূত কহিলেন, বিদুর এই প্রকার আগ্রহ প্রকাশ করিয়া ভগবান্ বাসুদেবের কথা কথনার্থ অনুনয় করিলে মুনিবর মৈত্রেয়ের মহতী প্রীতি জন্মিল ও সন্তুষ্ট চিত্তে তাঁহার বাক্যের প্রশংসা করিয়া ঐ সকল কথা কহিতে আরম্ভ করিলেন ॥ ৭ ॥

মৈত্রেয় কহিলেন বৎস ! ব্রাহ্মণেরা পৃথুরাজাকে, "তুমি জন সমূহের পালক হইলে" বলিয়া আমন্ত্রণ পূর্ব্বক যখন রাজ্যে অভিষিক্ত করিলেন সেই সময়ে পৃথ্বী নিরন্ন হইয়া থাকাতে প্রজাবর্গ ক্ষুধায় ক্ষীণকায় হইয়া তাঁহার নিকট গমন করিল এবং কাতর্য্য প্রকাশ পূর্ব্বক কহিতে লাগিল ॥ ৮ ॥

মহারাজ ! বৃক্ষ সকল যেমন কোটরস্থ অগ্নি দ্বারা সন্তপ্ত হয় আমরা তদ্রূপ জঠরানল দ্বারা সন্তাপিত হইতেছি । ব্রাহ্মণেরা আপনাকে আমাদের বৃত্তিপ্রদ পতি বলিয়া স্তব করিয়াছেন অতএব আপনি আমাদের শরণ্য আমরা আপনার শরণাপন্ন হইলাম ॥ ৯ ॥

তন্নোভবানীহতুরাতবেঽন্নং ক্ষুধার্দ্দিতানাং নরদেবদেব ।
যাবন্ননঙ্ক্ষ্যামহ উজ্ঝিতোর্জ্জা বার্ত্তাপতিস্ত্বং কিল লোকপালঃ ॥ ১০ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

পৃথুঃ প্রজানাং করুণং নিশম্য পরিদেবিতং । দীর্ঘং দধ্যৌ কুরুশ্রেষ্ঠ নিমিত্তং সোন্বপদ্যত ॥ ১১ ॥
ইতি ব্যবসিতো বুদ্ধ্যা প্রগৃহীত শরাসনঃ । সন্দধে বিশিখং ভূমেঃ ক্রুদ্ধস্ত্রিপুরহা যথা ॥ ১২ ॥
প্রবেপমানা ধরণী নিশাম্যোদায়ুধঞ্চ তং । গৌঃ সত্যপাদ্রবদ্ভীতা মৃগীব মৃগয়ুদ্রুর্তা ।
তামন্বধাবত্তদ্বৈণ্যঃ কুপিতোঽত্যরুণেক্ষণঃ । শরং ধনুষি সন্ধায় যত্র যত্র পলায়তে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী ।

তৎ তস্মান্নো ঽস্মাকং অন্নং রাতবে রাতুং দাতুং ঈহতু ঈহতাং যত্নং করোতু উজ্ঝিতোর্জা ত্যক্তান্নাঃ সত্যঃ । বার্ত্তায়াঃ জীবিকায়াঃ পতিঃ ॥ ১০ ॥

পরিদেবিতং বিলাপং নিমিত্তং হেতুং অন্বপদ্যত জ্ঞাতবান্ ॥ ১১ ॥

পৃথিব্যা ওষধি বীজানি গ্রস্তানি ইতি ব্যবসিতো নিশ্চিতবান্ সন্ ॥ ১২ ॥ মৃগয়ুণা দ্রুতা অনুগতা মৃগীব ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

নিমিত্তং বক্ষ্যমাণানুসারেণ পৃথিব্যা গ্রস্তবীজত্বং ॥ ১১ ॥

ইতি বক্ষ্যমাণ তৎ কর্ত্তব্য ব্যবসিতো নিশ্চিতবান্ । মমাভিষেকে সংজাতেপি বীজানি গোপায়তীতি ক্রুদ্ধঃ ॥ ১২ । ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তত্তস্মান্নোঽস্মাকমস্মভ্যং অন্নং রাতবে রাতুং দাতুং ঈহতু ঈহতাং যত্নং করোতু । অত্র মাবিলম্ব্যতামিত্যাহঃ । যাবদিতি উজ্ঝিতোর্জ্জাস্ত্যক্তান্নাঃ সত্যঃ । বার্ত্তাপতি জীবিকাকর্ত্তা ॥ ১০ ॥

নিমিত্তং হেতুং পৃথিব্যৈব ওষধি বীজানি গ্রস্তানীতি অন্বপদ্যত জ্ঞাতবান্ ॥ ১১ ॥

মমাভিষেকে জাতেপি যদীয়ং বীজানি গোপায়তি তদস্যাং চতুর্থমুপায়মেব করবাণীতি ব্যবসিতং নিশ্চয়ো যস্য সঃ । ভূমে ভূমিং প্রতি ॥ ১২ ॥

মৃগয়ুণা দ্রুতা অনুগতা মৃগীব ॥ তত্তদা ॥ ১৩ ॥

হে নরদেবদেব ! আমরা ক্ষুধায় অতিশয় পীড়িত হইতেছি যাবৎ অন্নাভাবে বিনষ্ট না হই তাবৎ পর্য্যন্ত আপনি অন্ন প্রদান করিয়া আমাদিগকে রক্ষা করুন । রাজন্ ! আপনি অখিল লোকের পালক এবং সকলের জীবিকা দাতা ॥ ১০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর ! রাজাধিরাজ পৃথু প্রজাপুঞ্জের ঐ প্রকার সকরুণ বচন শ্রবণ করিয়া অনেক ক্ষণ অনন্য চিত্তে চিন্তা করিলেন, তাহাতে প্রজাদের ক্লেশের হেতু জ্ঞাত হইল ॥ ১১ ॥

এবং বিবেচনা দ্বারা এই নিশ্চয় করিলেন পৃথিবী ওষধি সকলের বীজ গ্রাস করিয়া থাকিবে তাহাতেই শস্যাদি উৎপন্ন হইতেছে না, সুতরাং দুর্ভিক্ষ বশতঃ প্রজাদের ক্লেশ হইতেছে, অতএব কুপিত ত্রিপুরারির ন্যায়, শরাসন গ্রহণ পূর্ব্বক পৃথিবীকে লক্ষ্য করিয়া শর সন্ধান করিলেন ॥ ১২ ॥

পৃথুকে অস্ত্র উদ্যম করিতে দেখিয়া ধরণীর হৃদয় কাঁপিয়া উঠিল, ভীতা হইয়া গোরূপ ধারণ পূর্ব্বক ব্যাধ কর্ত্তৃক অনুদ্রুতা মৃগীর ন্যায়, পলায়ন পরায়ণা হইলেন । পৃথুও ক্রোধে অরুণ লোচন হইয়া ধনুকে শর যোজনা পূর্ব্বক পৃথিবী যেখানে যেখানে পলাইতে লাগিলেন সেই সেই স্থানে পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন ॥ ১৩ ॥

সা দিশো বিদিশো দেবী রোদসী চান্তরং তয়োঃ। ধাবন্তী তত্র তত্রৈনং দদর্শানূদ্যতায়ুধং।
লোকেনাবিন্দত ত্রাণং বৈণ্যান্মৃত্যোরিব প্রজাঃ। ত্রস্তা তদা নিববৃতে হৃদয়েন বিদূয়তা।
উবাচ চ মহাভাগ ধর্ম্মজ্ঞাপন্নবৎসল। ত্রাহি মামপি ভূতানাং পালনেবস্থিতো ভবান্॥ ১৪॥
স ত্বং জিঘাংসসে কস্মাদ্দীনামকৃতকিল্বিষাং। অহনিষ্যৎ কথং যোষাং ধর্ম্মজ্ঞ ইতি যো মতঃ।
প্রহরন্তি নবৈ স্ত্রীষু কৃতাগঃস্বপি জন্তবঃ। কিমুত ত্বদ্বিধা রাজন্ করুণা দীনবৎসলাঃ॥ ১৫॥
মাং বিপাট্যাজরাং নাবং যত্র বিশ্বং প্রতিষ্ঠিতং। আত্মানঞ্চ প্রজাশ্চেমাঃ কথমম্ভসি ধাস্যসি॥ ১৬
শ্রীপৃথুরুবাচ॥
বসুধে ত্বাং বধিষ্যামি মচ্ছাসনপরাঙ্মুখীং। ভাগং বর্হিষি যা বৃঙ্ক্তে ন তনোতি চ নোবসু॥ ১৭

শ্রীধরস্বামী।

রোদসী দ্যাবাপৃথিব্যৌ তয়োরন্তরমন্তরীক্ষং অনুপৃষ্ঠত উদ্যতং আয়ুধং যেন তং॥ ১৪॥

যো ধর্ম্মজ্ঞ ইতি মতঃ স ভবান্ যোষাং মাং কথমহনিষ্যৎ হনিষ্যতি॥ ১৫॥

অজরাং দৃঢ়াং ধাস্যসি ধারয়িষ্যসি॥ ১৬॥

বর্হিষি যজ্ঞে যা ভবতী দেবতা রূপেণ ভাগং বৃঙ্ক্তে ভজতে বসু ধান্যাদিকং॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

তদিতি তত্র তত্রেত্যর্থঃ তামেবাম্বদ্রবদিতি পাঠঃ কচিৎ॥ ১৪॥

জন্তবঃ সাধারণ জন্তু তুল্যা মূঢ়া অপি মনুষ্যা ইত্যর্থঃ॥ ১৫। ১৬॥

বসুধেত্যাদি বাক্যমপি বিভীষিকামাত্রং॥ ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রোদসী দ্যাবাপৃথিব্যৌ তয়োরন্তরমন্তরীক্ষং অনু স্ব পৃষ্ঠদেশে উদ্যতায়ুধং এনং পৃথুং দদর্শ॥

নিববৃতে পৃথোরভিমুখী বভূব॥ ১৪॥

অহনিষ্যৎ হনিষ্যতি॥ ১৫॥

বিপাট্য বিদার্য্য অজরাং দৃঢ়াং। অম্ভসীতি ময়ি মৃতায়াং সত্যাং গর্ভোদ এব স্থাস্যতীত্যর্থঃ॥ ১৬॥

বর্হিষি যজ্ঞে যা ভবতী দেবতা রূপিণী ভাগং বৃঙ্ক্তে ভজতে বসু ধান্যাদিকং॥ ১৭॥

অতএব অবনী দিক্ বিদিক্ ও অন্তরীক্ষে যে কোন স্থানে দৌড়িয়া যান সেই সেই স্থানেই পৃথুকে উদ্যতাস্ত্র দেখিতে পান। সুতরাং যেমন মৃত্যু হইতে প্রজাদের পরিত্রাণ হয় না তাহার ন্যায়, কুত্রাপি বেণতনয় পৃথু হইতে পৃথিবী আপনার পরিত্রাণ দেখিতে পাইলেন না। অতএব ভীতা হইয়া কাতর হৃদয়ে পলায়নে ক্ষান্তা হইলেন এবং সবিনয় বচনে বলিতে লাগিলেন। হে মহাভাগ! আপনি ধর্ম্মজ্ঞ এবং বিপন্ন বৎসল, সকল প্রাণির পালনার্থ অবস্থিত হইয়াছেন, আমাকেও রক্ষা করুন॥ ১৪॥

প্রভো! লোকে আপনাকে ধর্ম্মজ্ঞ বলিয়া মান্য করে,আপনি তদ্রূপ হইয়া কি রূপে এই দীনা অন পরাধিনী অবলার প্রাণ বধ করিবেন? মহারাজ! আপনার সদৃশ কারুণিক ও দীনবৎসল ব্যক্তির কথা কি! সামান্য ব্যক্তিরাও স্ত্রীজনের অপরাধ পাইলেও তাহাদের প্রতি প্রহার করে না॥ ১৫॥

অপর হে রাজন্! আপনি প্রজাপালনার্থ আমাকে নষ্ট করিতে উদ্যত হইয়াছেন আমি এই ব্রহ্মাণ্ডের দৃঢ়তর তরণী স্বরূপ হইয়াছি, কারণ আমার উপরেই এই বিশ্ব প্রতিষ্ঠিত আছে, আমাকে বিদীর্ণ করিয়া জলমধ্যে আপনি আপনার আত্মাকে ও এই সমস্ত প্রজাকে কি প্রকারে ধারণ করিবেন?॥ ১৬

পৃথিবীর এই সকল কাতর বচন শ্রবণ করিয়া পৃথ্বীপতি পৃথু উত্তর করিলেন, অবনি! তুমি আমার

যবসং জগ্ধ্যনুদিনং নৈব দোগ্ধ্যৌধসং পয়ঃ। তস্যামেবহি দুষ্টায়াং দণ্ডো নাস্মিন্ ন শস্যতে ॥ ১৮
ত্বং খল্বোষধি বীজানি প্রাক্ সৃষ্টানি স্বয়ম্ভুবা। নমুঞ্চস্যাত্ম রুদ্ধানি মামবজ্ঞায় মন্দধীঃ ॥ ১৯ ॥
অমূষাং ক্ষুৎপরীতানামার্ত্তানাং পরিদেবিতং। শময়িষ্যামি মদ্বাণৈ র্ভিন্নায়া স্তব মেদসা ॥ ২০ ॥
পুমান্ যোষিদুত ক্লীব আত্মসম্ভাবনোধমঃ। ভূতেষু নিরনুক্রোশো নৃপাণাং তদ্বধোঽবধঃ ॥ ২১ ॥
তাং স্তব্ধাং দুর্ম্মদাং নীত্বা মায়াগাং তিলশঃ শরৈঃ। আত্মযোগবলেনেমা ধারয়িষ্যাম্যহং প্রজাঃ ॥ ২২

শ্রীধরস্বামী।

যা গোরূপেণ যবসং তৃণং জগ্ধি অত্তীত্যর্থঃ। পয়স্তনৈব দোগ্ধি দুগ্ধং নস্রবতি অস্মিন্নপরাধে ॥ ১৮ ॥

আত্মনি দেহে রুদ্ধানি ॥ ১৯ ॥

মদ্বধে সর্ব্বথা অন্নং নস্যাদিতি চেদত আহ অমূষাং প্রজানাং মেদসা মাংসেন ॥ ২০ ॥

যদুক্তং যোষাং কথং হনিষ্যতীতি তত্রাহ পুমানিতি। তস্য বধোঽবধ এব ॥ ২১ ॥

যচ্চোক্তং কথমস্তসি ধাস্যসীতি তত্রাহ তামিতি। তিলশঃ তিলপ্রমাণানি খণ্ডানীত্যেবং ভূতামবস্থাং নীত্বা ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গোরূপেণ যবসং তৃণং জগ্ধি অত্তি পয়স্তু নদোগ্ধি ন পূরয়তি ন দদাতীতি যাবৎ। কামপূরোস্ম্যহং বৃণামিতি বৎ। তস্যামেবদুষ্টায়াং স্বধ্যপরাধিন্যাং ॥ ১৮। ১৯ ॥

মেদসা মাংসেন ॥ ২০ ॥

যদুক্তং যোষাং কথং হনিষ্যসীতি তত্রাহ। পুমানিতি আত্মসম্ভাবনোমিথ্যাহঙ্কার মত্তঃ নিরনুক্রোশো নির্দ্দয়ঃ। তস্য বধোঽবধএব ॥ ২১ ॥

ননু গোবধং কথং করিষ্যসি গোমাংসং বা কথং ভোজয়িষ্যসীতি তত্রাহ মায়য়ৈব গাং নতু বস্তুতঃ। যচ্চোক্তং কথমস্তসি ধাস্যসীতি তত্রাহ। তিলশঃ তিল প্রমাণ সহস্র খণ্ডতামবস্থাং নীত্বা ॥ ২২। ২৩ ॥

আজ্ঞা পালন কর না, এই কারণে আমি তোমাকে বধ করিব। কি আশ্চর্য্য যজ্ঞে দেবতা রূপে ভাগ লইতেছ অথচ আমাদের ধান্যাদি বস্তু বিস্তার কর না! ॥ ১৭ ॥

যে গোরূপিণী হইয়া অহরহঃ তৃণ ভোজন করে কিন্তু কিঞ্চিন্মাত্র দুগ্ধ দেয় না, এই অপরাধে কি সেই দুষ্টার প্রতি দণ্ড বিধান উচিত হয় না? অবশ্যই হয় ॥ ১৮ ॥

ব্রহ্মা অগ্রে যে সকল ওষধি বীজ সৃষ্টি করিয়াছেন তৎ সমুদায়ই তুমি আপনার দেহে রুদ্ধ করিয়া রাখিয়াছ আমাকে অবজ্ঞা করিয়া সে সকল ত্যাগ করিতেছ না, তুমি বড় মন্দ বুদ্ধি ॥ ১৯ ॥

অতএব বাণ দ্বারা তোমার শরীর ছিন্ন ভিন্ন করি, তাহা হইলে আমি তোমার মাংস দিয়া এই সকল ক্ষুধাতুর প্রাণির আর্ত্তনাদ শান্তি করিতে পারিব ॥ ২০ ॥

যে ব্যক্তি প্রাণিমাত্রে দয়াহীন এবং আত্মম্ভরি, তাহার তুল্য অধম আর নাই, সে পুরুষই হউক অথবা স্ত্রীই হউক কিম্বা ক্লীবই বা হউক তাহার প্রাণ বধ করিলে নৃপতিদের সেই বধ বধ নহে অর্থাৎ তাহাকে হত্যা করিলে হত্যা জন্য পাপ হয় না ॥ ২১ ॥

তুমি অতি স্তব্ধ এবং দুর্ম্মদ তোমাকে এই বাণ দ্বারা ছেদন করিয়া তিল তিল বিভাগ করি, পরে যোগ বলে আমি আপনিই এই সকল প্রজা ধারণ করিব ॥ ২২ ॥

এবং মন্যুময়ীং মূর্ত্তিং কৃতান্তমিব বিভ্রতং। প্রণতা প্রাঞ্জলিঃ প্রাহ মহী সঞ্জাতবেপথুঃ ॥ ২৩ ॥
শ্রীপৃথিব্যুবাচ ॥
নমঃ পরস্মৈ পুরুষায় মায়য়া বিন্যস্ত নানা তনবে গুণাত্মনে।
নমঃ স্বরূপানুভবেন নির্ধুত দ্রব্যক্রিয়া কারক বিভ্রমোর্ম্ময়ে ॥ ২৪ ॥
যেনাহমাত্মায়তনং বিনির্ম্মিতা ধাত্রা যতোঽয়ং গুণসর্গসংগ্রহঃ।
সএব মাং হন্তুমুদায়ুধঃ স্বরাডুপস্থিতোঽন্যং শরণং কমাশ্রয়ে ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

মন্যুময়ীং মূর্ত্তিং বিভ্রতং কৃতান্ত তুল্যত্বমুচ্যতে। নতু কৃতান্তস্য মন্যুময়ী মূর্ত্তিরিতি। শুদ্ধসত্ত্বতনুং দেবমকস্মাদতিদারুণং। বীক্ষ্যমাণা পৃথুং পৃথ্বী তুষ্টাব করুণোক্তিভিঃ ॥ ২৩ ॥

মায়য়া বিন্যস্তা রচিতা নানা ঘোরাদি তনবোযেন। গুণাত্মনে গুণময়ত্বেন প্রতীয়মানায়। বস্তু তস্তু নির্দ্ধুতাঃ নিরস্তা দ্রব্য ক্রিয়া কারকেষু অধিভূতাধ্যাত্মাধিদৈবেষু বিভ্রমো হহঙ্কারঃ তন্নিমিত্তা ঊর্ম্ময়ো রাগদ্বেষাদয়শ্চ যস্মিন্ তস্মৈ ॥ ২৪ ॥

অহো সর্ব্বজীবাশ্রয়ত্বেন সৃষ্টাং মাং কথং হন্তুং প্রবর্ত্তসে ইত্যাহ। যেন বিধাত্রা আত্মনাং জীবানামায়তনং অহং বিনির্ম্মিতা। যতো যস্যাং ময়ি গুণসর্গস্য চতুর্ব্বিধভূতগ্রামস্য সংগ্রহোধারণং স্বরাট্ স্বতন্ত্রঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

মন্যুময়ীং মন্যুপ্রচুরাং মূর্ত্তিং বিভ্রতং তন্ময় তয়া সংপাদয়ন্তমিত্যর্থঃ ॥ ২৩ ॥

পৃথিব্যুবাচেত্যেব পাঠঃ পুরুষায় ভূয়সে বিন্যস্তমায়েতি সম্বন্ধোক্তিঃ ॥ ২৪ । ২৫ । ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিন্যস্তা নির্ম্মিতা নানা ভূতাস্মদাদ্যাস্তনু র্যস্য তস্মৈ যতো গুণাত্মনে গুণময়ায়। যদুক্তং মহীতলং তজ্জঘনমিত্যাদি। ননু তর্হি স্বতনুং ত্বাং কিমহং হন্মীতি তত্রাহ। স্বরূপানুভবেনেতি যাবৎ স্বরূপশক্তেরনুভবো ন স্যাত্তাবদেব মায়াশক্তি মত স্তবাস্মদাদ্যাস্তনুঃ স্বরূপানুভবে নতু বিনির্ধুতানি নিরস্তানি দ্রব্য ক্রিয়া কারকাণি অধিভূতাধ্যাত্মাধিদৈবানি তৈর্বিভ্রমোর্ম্মিঃ সংসারতরঙ্গশ্চ যস্মাত্তস্মৈ। যদুক্তং। যাবন্ন জায়েত পরাবরেস্মিন্ বিশ্বেশ্বরে দ্রষ্টরি ভক্তিযোগঃ। তাবৎ স্থবীয়ঃ পুরুষস্য রূপং ক্রিয়াবসানে প্রযতঃ স্মরেতেতি। অমুনী ভগবদ্রূপে ময়া তে হ্যনুবর্ণিতে। উভে অপি নগৃহ্নন্তি মায়াসৃষ্টে বিপশ্চিতঃ। ইতিচ ॥ ২৪॥

এবঞ্চেত্তর্হি ত্বদুক্তি প্রামাণ্যেনৈব ত্বয়ি মম নাস্তি মমতেত্যত ত্বাং হন্মোবেত্যত আহ যেনেতি নহি স্বহস্তেনারোপিতা বল্লী স্বহস্তেনৈব ছিদ্যতে ইতি ভাবঃ। তত্রাপ্যুপকারিকাস্মীত্যাহ আত্মনাং জীবানাং আয়তনং যতো যস্যাং ময়ি গুণসর্গস্য চতুর্ব্বিধ ভূতগ্রামস্য সংগ্রহো ধারণং স্বরাট্ স্বতন্ত্রঃ ॥ ২৫ ॥

বৎস বিদুর! পৃথু রাজা এই প্রকারে কৃতান্তের ন্যায়, মন্যুময়ী মূর্ত্তি ধারণ করিয়া ঐরূপ কহিলে পৃথিবী ভয়ে কম্পিত কলেবরা হইয়া প্রণামানন্তর করপুটে বলিতে লাগিলেন ॥ ২৩ ॥

আমি এই পরম পুরুষকে নমস্কার করি, ইনি মায়া দ্বারা নানা প্রকার শরীর রচনা করিয়া গুণময়ত্ব রূপে প্রতীয়মান হয়েন। কিন্তু বস্তুতঃ আপনার স্বরূপ অনুভব হেতু দ্রব্য ক্রিয়া কারকে অর্থাৎ অধিভূত, অধ্যাত্ম এবং অধিদৈব ইত্যাদিতে ইহাঁর অহঙ্কার ও তন্নিমিত্ত রাগ দ্বেষাদি কিছুই নাই, অতএব ইহাঁকে নমস্কার ॥ ২৪ ॥

অহো! যিনি আমাকে জীব সকলের আধার করিয়া নির্ম্মাণ করিয়াছেন, যাহাতে আমি জরায়ুজ প্রভৃতি চতুর্ব্বিধ ভূত সকল ধারণ করিতেছি, তিনিই যদি অস্ত্র উত্তোলন করিয়া এক্ষণে আমার প্রাণ বধ করিতে উপস্থিত হইলেন, তবে আর কোন ব্যক্তিকে শরণার্থ আশ্রয় করিব ॥ ২৫ ॥

য এতদাদাবসৃজচ্চরাচরং স্বমায়য়াত্মাশ্রয়য়া বিতর্ক্যয়া।
তয়ৈব সোঽয়ংকিল গোপ্তু মুদ্যতঃ কথং নু মাং ধর্ম্মপরোজিঘাংসতি ॥ ২৬ ॥
নূনং বতেশস্য সমীহিতং জনৈস্তন্মায়য়া দুর্জয়য়া কৃতাত্মভিঃ।
ন লক্ষ্যতে যস্ত্বকরোদকারয়দ্‌যোনেক একঃ পরতশ্চ ঈশ্বরঃ ॥ ২৭ ॥
সর্গাদি যোঽস্যানুরুণদ্ধি শক্তিভির্দ্রব্যক্রিয়া কারক চেতনাত্মভিঃ।
তস্মৈ সমুন্নদ্ধ বিরুদ্ধ শক্তয়ে নমঃ পরস্মৈ পুরুষায় বেধসে ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

সৃষ্টি সংহারাবেককর্ত্তৃকাবিতিচেত্তথাপি প্রজাপালনে প্রবৃত্তস্য মদ্বধোঽনুচিত এবেত্যাহ এতদিতি। আত্মাশ্রয়য়া জীব বিষয়িণ্যা ॥ ২৬ ॥

অতো দুর্জ্ঞেয়মীশ্বরচেষ্টিতমিত্যাহ নূনমিতি। অকৃতাত্মভিঃ বিক্ষিপ্তচিত্তৈঃ য ঈশ্বরঃ স্বতন্ত্রঃ অকরোৎ ব্রহ্মাণং। পরত ইতি তেন ব্রহ্মণা চরাচরমকারয়ৎ। যশ্চ স্বত একঃ পরতো মায়য়া অনেকঃ ॥ ২৭ ॥

তস্মাদচিন্ত্য শক্তয়ে কেবলং নম ইত্যাহ সর্গাদি জন্মস্থিতি ভঙ্গং অস্য জগতঃ অনুরুণদ্ধি অনুবর্ত্ততে করোতি। দ্রব্যাণি মহাভূতানি ক্রিয়া ইন্দ্রিয়াণি কারকা দেবতাঃ চেতনা বুদ্ধিঃ আত্মা অহঙ্কারঃ তৈঃ স্বশক্তি স্বরূপৈঃ সমুন্নদ্ধাঃ সমুৎকটাঃ বিরুদ্ধাঃ শক্তয়ো যস্য ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

নূনমিতি তচ্ছব্দতদুপাধি বিশিষ্টত্বেন স্বয়মেব ভগবানেক এবানেকঃ সন্ জগদকরোৎ তদসংসর্গিত্বেনতু স্বয়মেক এব স্যা তত্তদ্দ্বারাকারয়ৎ ন কেবলমেতাবদেব তদৈশ্বর্য্যং। পরতো জগতঃ পরস্মিন্ বৈকুণ্ঠেপি ঈশ্বর ইতি। অতো যুক্তমেবালক্ষন্ চেষ্টিতত্বমিত্যর্থঃ স্ব ঈশ্বর ইতি চিৎ সম্বন্ধৌ স্ব স্বরং ॥ ২৭ ॥

কারকাঃ প্রকৃতি প্রবর্ত্তকা দেবাঃ ॥ ২৮। ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু ময়ৈব জগৎ সৃজ্যতে সংহ্রিয়তে চেতি সত্যং তদপি সংপ্রতিপালনে প্রবৃত্তস্য তব মদ্বধোঽনুচিত ইত্যাহ য ইতি ॥ ২৬ ॥

নমু তর্হি ত্বং মামধর্ম্মিণং ব্রূষে তত্র নহি নহি কিন্তু দুর্লক্ষ্য মেতদৈশ্বর্য্যমিত্যাহ নূনমিতি অকৃতাত্মভি র্বিক্ষিপ্ত চিত্তৈঃ। য ঈশ্বরোঽকরোৎ সর্গং অকারয়দ্বিসর্গং। স্বতএকঃ পরতো মায়য়া অনেকশ্চ ॥ ২৭ ॥

তস্মাদচিন্ত্যশক্তয়ে কেবলং নম ইত্যাহ। অনুরুণদ্ধি ভক্তজীবস্যানুরোধেন করোতি। দ্রব্য ক্রিয়া কারকাণি ভূতেন্দ্রিয় দেবতাঃ। চেতনা বুদ্ধিঃ আত্মাহঙ্কারস্তৈঃ। সমুন্নদ্ধাঃ প্রবলাঃ পরস্পর বিরুদ্ধাশ্চ শক্তয়ো যস্যেতি পালন সংহার শক্তী উভে অপি প্রবলে ইত্যতঃ পালয়িতুং সংহর্ত্তুঞ্চ ত্বং প্রভুর্যথেচ্ছসি তথা কুরু তুভ্যং নম এবেতি ভাবঃ ॥ ২৮ ॥

এ কি ? যিনি অচিন্ত্য মায়া দ্বারা অগ্রে এই সমস্ত চরাচর সৃষ্টি করিয়াছেন তিনি সেই মায়া দ্বারা সকলের রক্ষার্থ উদ্যত হইয়াছেন, তাদৃশ ধর্ম্মপরায়ণ পুরুষ অদ্য কি প্রকারে আমার প্রাণ সংহার করিতে উদ্যম করিতেছেন ? ॥ ২৬ ॥

অথবা ঈশ্বর চেষ্টিত অতি দুর্জ্ঞেয়, তাঁহার মায়ায় জীব সকলের চিত্ত বিক্ষিপ্ত হইয়াছে, একারণ কেহ তাঁহার চেষ্টা বুঝিয়া উঠিতে পারে না, তিনি স্বয়ং ব্রহ্মাকে সৃষ্টি করেন এবং ব্রহ্মা দ্বারা এই চরাচর জগৎকে নির্ম্মাণ করান্, অপর স্বতঃ এক হইয়াও মায়া দ্বারা অনেক হইয়া থাকেন ॥ ২৭ ॥

অধিকন্তু আপনার শক্তি স্বরূপ যে সকল মহাভূত, ইন্দ্রিয়, দেবতা, বুদ্ধি, অহঙ্কার ইত্যাদি দ্বারা এই বিশ্বের সৃষ্টি স্থিতি লয় করিতেছেন, তাঁহার ঐ শক্তি নিরন্তর বৃদ্ধিশীল, সেই বিধাতা পুরুষকে আমি কেবল নমস্কার করি ॥ ২৮ ॥

স বৈ ভবানাত্মবিনির্ম্মিতং জগদ্ ভূতেন্দ্রিয়ান্তঃকরণাত্মকং বিভো ।
সংস্থাপয়িষ্যন্নজ মাং রসাতলাদভ্যুজ্জহারাম্ভস আদিশূকরঃ ॥ ২৯ ॥
অপামুপস্থে ময়ি নাব্যবস্থিতাঃ প্রজাভবানদ্য রিরক্ষিষুঃ কিল ।
স বীর মূর্ত্তিঃ সমভূদ্ধরাধরো যোমাং পয়স্যুগ্রশরো জিঘাংসসি ॥ ৩০ ॥
নূনং জনৈরীহিতমীশ্বরাণামস্মদ্বিধৈস্তদ্গুণসর্গমায়য়া ।

শ্রীধরস্বামী ।

প্রাণিনাং ধারণার্থং মাং রসালাতদুদ্ধৃত্য ইদানীং প্রজারক্ষণে প্রবৃত্তস্য মদ্বধো ন যুক্ত ইতি সকরুণমাহ দ্বাভ্যাং । হে অজ যঃ সৃষ্টবান্ সএব ভবান্ স্বনির্ম্মিতং চরাচরং জগৎ সম্যক্ স্থাপয়িতুং আদিশূকরঃ সন্ মামভ্যুজ্জহার ॥ ২৯ ॥

সএব ধরাধরো বরাহঃ অদ্য অপামুপস্থে উপরি ময়ি নাবি আধারভূতায়ামবস্থিতাঃ প্রজারক্ষিতুমিচ্ছুঃ বীরমূর্ত্তিঃ পৃথুরূপঃ সমভূৎ য এবং সতু ত্বং পয়সি নিমিত্তে মাং জিঘাংসতীতি চিত্রমিত্যর্থঃ ॥ ৩০ ॥

তস্মাদীশ্বরচেষ্টিতং দুর্জ্ঞেয়মিতি কৈমুত্য ন্যায়েনোপসংহরতি নূনমিতি । তস্যেশ্বরস্য গুণসর্গ রূপয়া মায়য়া মোহিতং চিত্তমেব বর্ম্ম যেষাং মোহিতানি চিত্তবর্ম্মানি যেয়ামিতি বা । তৈর্জনৈরীশ্বরাণাং হরিভক্তানামেব তাবদীহিতং নজ্ঞায়তে কিং পুনস্তস্য পরমেশ্বরস্য । অতঃ পরমেশ্বরবৎ তেভ্যোপি নম এব কেবলং । বীরাণাং জিতেন্দ্রিয়াণাং যশঃ কুর্ব্বন্তি যে তেভ্যো

ক্রমসন্দর্ভঃ ।

যোমামিত্যাদৌ গোপায়সে অগ্রসর ইতি সম্বন্ধঃ ॥ ৩০ ॥

ঈশ্বরাণামন্যেষামপি । বীরযশস্করেভ্য ইতি তথাপি ভদ্রমেব তে করিষ্যন্তীতি ভাবঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স্বস্মিন্ কারুণ্যমুৎপাদয়ন্তী পূর্ব্ববৃত্তং স্মারয়তি সবা ইতি দ্বাভ্যাং ॥ ২৯ ॥

উপস্থে উপরিস্থায়াং ময়ি নাবি নৌকারূপায়াং সএব ধরাধর আদি শূকরো মৎস্বামী ত্বং যোমাং স্বভার্য্যাং পয়সি নিমিত্তে জিঘাংসসি । অয়মর্থঃ । ইমাস্ত্বৎ প্রজামদপত্যান্যেব মদুৎসঙ্গে স্থিতানি নিত্যমহং স্তন্যং পয়ঃ পায়য়াম্যেব সাম্প্রতমেতদ্দুর্ব্বৃত্তমালক্ষ্য শীলং শিক্ষয়ন্তী মাতাপ্যহং ক্রুদ্ধা পয়ো নপায়য়ামীতি ত্বং গৃহপতির্মাং তাড়য়সীতি ॥ ৩০ ॥

কিঞ্চ ত্বং মাং হনিষ্যসীতি বিশ্বসত্যপ্যহং ন বিশ্বসিমি ঈশ্বরাণাং খলু কা স্ত্রী কে বা পুত্র ভৃত্যাদয় ইত্যাহ নূনমিতি তস্যেশ্বরস্য গুণসর্গমায়য়া গুণেষু দেব মনুষ্য তির্য্যগ্‌যোনিষু সর্গা যত স্তয়া মায়য়া অবিদ্যয়া মোহিতং ভ্রমিতং চিত্তবর্ম্ম ত্বচ্চরণোন্মুখং যেষাং

বিভো ! যিনি এই চরাচর বিশ্ব সৃজন করিয়াছেন, আপনি সেই পুরুষ । হে অজ ! আপনি স্বনির্ম্মিত ভূত, ইন্দ্রিয়, অন্তঃকরণ স্বরূপ এই চরাচর জগৎকে আমার উপরে সম্যক্‌রূপে স্থাপন করিবার নিমিত্ত আদি শূকর মূর্ত্তি গ্রহণ পূর্ব্বক জলময় রসাতল হইতে আমাকে উদ্ধার করেন ॥ ২৯ ॥

আপনি সেই ধরাধর বরাহ, জলের উপরে নৌকা স্বরূপ হইয়া আছি যে আমি, আমাতে অবস্থিত এই সমস্ত প্রজা রক্ষণ বাসনায় সম্প্রতি বীরমূর্ত্তি পৃথুরূপে অবতীর্ণ হইয়াছেন, কি আশ্চর্য্য ! সেই আপনি এক্ষণে দুগ্ধের নিমিত্ত ভয়ঙ্কর শর ধারণ করিয়া আমাকে বধ করিতে উদ্যত হইতেছেন ! ॥ ৩০

প্রভো ! অস্মদ্বিধ জন সমূহের চিত্তবর্ম্ম ঈশ্বরের গুণ সৃষ্টি স্বরূপা মায়া দ্বারা অসংশয় মোহিত হইয়াছে, এই কারণে অস্মদ্বিধজনে ভগবদ্ভক্ত ব্যক্তিবর্গেরই চেষ্টা জানিতে সমর্থ হয় না, পরমেশ্বরের চেষ্টিত অবগত হইবে, সম্ভাবনা কি ? অতএব আমরা যেমন পরমেশ্বরের প্রতি সতত প্রণত হই তদ্রূপ তাঁহার ভক্তজনকেও নমস্কার করি । তাঁহারা জিতেন্দ্রিয় পুরুষদিগের যশঃ বর্দ্ধন করুন অর্থাৎ

ন জ্ঞায়তে মোহিত চিত্তবর্ত্মভি স্তেভ্যো নমো বীর যশস্করেভ্যঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে ধরানিগ্রহো নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৭ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইত্থং পৃথুমভিষ্টূয় রুষা প্রস্ফুরিতাধরং। পুনরাহাবনির্ভীতা সংস্তভ্যাত্মানমাত্মনা ॥ ১ ॥

সংনিযচ্ছাভিভো মন্যুং নিবোধ শ্রাবিতঞ্চ মে। সর্ব্বতঃ সারমাদত্তে যথা মধুকরো বুধঃ ॥ ২ ॥

অস্মিঁল্লোকেঽথবামুষ্মিন্ মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ। দৃষ্টা যোগাঃ প্রযুক্তাশ্চ পুংসাং শ্রেয়ঃ প্রসিদ্ধয়ে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

যথা বীরাণাং যশোবর্দ্ধেত তথা চেষ্টতাং নতু যথেষ্টমিতি ভাবঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তদশঃ ॥ * ॥

অষ্টাদশে মহী বাক্যাৎ বৎস পাত্রাদিভেদতঃ। পৃথ্বাদিভিস্তু ক্রমশঃ সাচ দুগ্ধা ইতীর্য্যতে ॥ ১ ॥

হে অভিভো প্রভো যদ্বা ভো দেব অভি অভয়ং যথা ভবতি এবং মন্যুং সংনিযচ্ছ শ্রাবিতং বিজ্ঞাপিতং ন মদ্বাক্যে ঽনাদরঃ কর্ত্তব্য ইত্যাহ বুধোহি সর্ব্বতঃ সারমাদত্তে ॥ ২ ॥

ময়ি জীর্ণা ওষধী রূপা যেন গৃহাণেতি বক্তুং উপায়েন সর্ব্বং সিদ্ধ্যতি নান্যথেত্যাহ অস্মিন্নিতি ত্রিভিঃ। পুংসাং শ্রেয়সঃ পুরুষার্থস্য প্রসিদ্ধয়েঽস্মিন্ লোকে কৃষ্যাদয়ঃ অমুষ্মিংশ্চ লোকেঽগ্নিহোত্রাদয়ঃ যোগা উপায়া দৃষ্টাঃ প্রযুক্তা অনুষ্ঠিতাশ্চ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য সপ্তদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

নূনমিতি। পূর্ব্ব পূর্ব্ব কল্পেষু পূর্ব্ব পূর্ব্ব পৃথুভির্দৃষ্টেন শাস্ত্র দ্বারা জ্ঞানেন যোগেনোপায়েন ॥ ১। ২। ৪। ৫। ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তৈরস্মদ্বিধৈর্জনৈঃ। বীরাণাং দয়াবীরাণাং যশঃ কুর্ব্বন্তীতি তেভ্য ইতি ত্বক্তেস্মাং ন দয়সে তদা দয়াবীরাণাং যশএব যাস্যতীতি ভাবঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। সপ্তদশশ্চতুর্থেঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অষ্টাদশে ঽবনীং কামধেনুং দুগ্ধা স্বমীপ্সিতং। বৎস পাত্রাদি ভেদেন দুগ্ধঃ সর্ব্বেপি লেভিরে ॥ ১ ॥

হে অভিভো প্রভো সর্ব্বত ইতি যদ্যপ্যহং নিকৃষ্টা তদপি মমাপি বাচং শৃণু। মদ্বাচি সারমস্তিতি চেত্তং গৃহাণ নান্যথেত্যর্থঃ ॥ ২

গবাং দুগ্ধপূর্ণাদপ্যাপীনাদুপায়েন দোহনেনৈব দুগ্ধং লভ্যতে নতু গালিতাদ্বিদারিতাদ্বা তস্মাদিত্যতো ময়ি স্থিতান্যন্নানি সর্ব্বাণি ত্বমুপায়েন গৃহাণেতি বক্তুমুপায়স্য প্রামাণ্যং দর্শয়তি। অস্মিন্নিতি যোগা উপায়া অস্মিন্ লোকে কৃষ্যাদয়ঃ অমুষ্মিংশ্চ লোকে অগ্নিহোত্রাদয়ঃ দৃষ্টাঃ প্রযুক্তা অনুষ্ঠিতাশ্চ ॥ ৩ ॥

যে প্রকারে ঐ সকল ব্যক্তির যশঃ বৃদ্ধিশীল হয় তদ্রূপ চেষ্টান্বিত হউন ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তদশ ॥ * ॥

অষ্টাদশাধ্যায়ে বৎস পাত্রাদি ভেদে ক্রমশঃ অবনী রূপ কামধেনুর দোহন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! অবনী এই প্রকারে স্তব করিলে পর তখনও রোষ বশতঃ পৃথুর অধর স্ফুরিত হইতেছে অতএব ভীতা হইয়া আপনিই আপনাকে সংস্তম্ভিত করত পুনর্ব্বার কহিলেন ॥ ১

মহারাজ! ক্রোধ সম্বরণ করুন, অবলার প্রতি কোপ করা উচিত হয় না, আমার বিজ্ঞাপিত বাক্যে মনোযোগ করুন। রাজন্! আমার কথায় অনাদর করিবেন না, পণ্ডিত ব্যক্তিরা মধুকরের ন্যায় সকল হইতেই সার গ্রহণ করিয়া থাকেন ॥ ২ ॥

তত্ত্বদর্শি মুনিগণ লোকদিগের পুরুষার্থ সিদ্ধির নিমিত্ত ইহলোকে কৃষ্যাদি ও পরলোকে অগ্নিহোত্র যজ্ঞাদি উপায় সকল প্রদর্শন করিয়াছেন এবং আপনারাও ঐ ঐ উপায় অনুষ্ঠান করিয়াগিয়াছেন ॥ ৩ ॥

তানাতিষ্ঠতি যঃ সম্যগুপায়ান্ পূর্ব্বদর্শিতান্। অবরঃ শ্রদ্ধয়োপেত উপেয়ান্ বিন্দতেঽঞ্জসা ॥ ৪ ॥
তাননাদৃত্য যোবিদ্বানর্থানারভতে স্বয়ং। তস্য ব্যভিচরন্ত্যর্থা আরব্ধাশ্চ পুনঃ পুনঃ ॥ ৫ ॥
পুরা সৃষ্টা হ্যোষধয়ো ব্রহ্মণা যা বিশাম্পতে। ভুজ্যমানা ময়া দৃষ্টা অসদ্ভিরধৃতব্রতৈঃ ॥ ৬ ॥
অপালিতানাদৃতাচ ভবদ্ভির্লোকপালকৈঃ। চৌরীভূতেঽথলোকেঽহং যজ্ঞার্থেঽগ্রসমোষধীঃ ॥ ৭
নূনং তা বীরুধঃ ক্ষীণা ময়ি কালেন ভূয়সা। তত্র দৃষ্টেন যোগেন ভবানাদাতুমর্হতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বৈ র্দর্শিতান্ অবরো ঽর্ব্বাচীনঃ ॥ ৪ ॥

অবিদ্বান্ বিদ্বানপীতিবা ব্যভিচরন্তি নসিদ্ধ্যন্তি ॥ ৫ ॥

সহেতুকমুপায়মাহ পুরেতি ষড়্ভিঃ ॥ ৬ ॥

ভবদ্ভিরিতি রাজসামান্যাভিপ্রায়েণ। অপালিতা চৌরাদ্যনিবারণাৎ অনাদৃতাচ যজ্ঞাদি প্রবর্ত্তনাভাবাৎ। যজ্ঞার্থে অগ্রসং গিলিতবতী অন্যথা অব্রতধরৈঃ ভুক্তান্ শ্রোষ্যন্তে। ততশ্চ যজ্ঞাদয়ো নসিদ্ধেরন্নিতি ভাবঃ ॥ ৭ ॥

ক্ষীণা জীর্ণাঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অবরোঽর্ব্বাচীনঃ। উপেয়ান্ সাধ্যবস্তূনি ॥ ৪। ৫ ॥

প্রকৃতমাহ পুরেতি ষড়্ভিঃ ॥ ৬ ॥

ভবদ্ভিরিতি বেণং মনাস কৃত্বা তৎ পুত্রে পৃথাবুপালম্ভঃ অপালিতা যজ্ঞাদি প্রবর্ত্তনাভাবাৎ প্রত্যুত বিধর্ম্ম প্রবর্ত্তনাদনাদৃতা। অথ অনন্তরং চৌরীভূতং ইতি বেণে মৃতে সতীত্যর্থঃ। অগ্রসমিতি যদি নাগ্রসিষ্যং তদাহমদ্য কথং প্রাপ্স্য ইত্যর্থঃ। যজ্ঞার্থে ত্বৎপ্রবর্ত্তয়িষ্যমাণানাং যজ্ঞানাং কৃতে ॥ ৭ ॥

ক্ষীণাঃ সূক্ষ্মতয়া স্থিতাঃ। দৃষ্টেন যোগেন বক্ষ্যমাণেনোপায়েন ॥ ৮ ॥

যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া পূর্ব্বতন মুনিদের প্রদর্শিত সেই সকল উপায় সম্যক্ প্রকারে অনুষ্ঠান করে সে অর্ব্বাচীন হইলেও অনায়াসে শ্রেয়োলাভ করিতে পারে ॥ ৪ ॥

কিন্তু সেই সকল উপায়ে অনাদর করিয়া যদ্যপি বিদ্বান্ ব্যক্তিও কোন বিষয় আরম্ভ করেন তবে তাঁহারও সে বিষয় কখন সিদ্ধ হয় না, যত বার আরম্ভ করেন প্রত্যেক বারেই বিফল হইয়া যায় ॥ ৫ ॥

মহারাজ! পূর্ব্বে ব্রহ্মা আমার পৃষ্ঠে যে সমস্ত ওষধি সৃষ্টি করিয়াছিলেন আমি দেখিলাম অধৃত ব্রত অসৎ লোকেই সে সকল ভোগ করিতেছে ॥ ৬ ॥

আর আপনার সদৃশ লোকপালেরাও চৌরাদি নিবারণ দ্বারা আমার পালন এবং যজ্ঞাদি প্রবর্ত্তন দ্বারা আমার আদর করিতেছেন না, সকল লোকেই চৌর হইয়া উঠিতেছে অতএব যজ্ঞার্থ সেই সমস্ত ওষধি গ্রাস করিয়া রাখিয়াছি। নরনাথ! যদি আমি এ রূপ না করিতাম তবে অসদ্ব্যক্তিরা সমুদায় ভক্ষণ করিয়া ফেলিত ওষধি সকলের নামও শুনিতে পাইতেন না। ইহার পর আর যজ্ঞাদি সিদ্ধিও হইতে পারিত না ॥ ৭ ॥

সেই সকল ওষধি আমার উদরস্থ হইয়া থাকাতে কাল বশতঃ জীর্ণ হইতেছে সন্দেহ নাই কিন্তু আপনি বক্ষ্যমাণ উপায় দ্বারা সে সকল আকর্ষণ করুন, আমাকে বধ করিলে কি হইবে ॥ ৮ ॥

বৎসং কল্পয় মে বীর যেনাহং বৎসলা তব। ধোক্ষ্যে ক্ষীরময়ান্ কামাননুরূপঞ্চ দোহনং॥
দোগ্ধারঞ্চ মহাবাহো ভূতানাং ভূতভাবন। অন্নমীপ্সিতমূর্জ্জস্বদ্ভগবান্ বাঞ্ছতে যদি॥ ৯॥
সমাঞ্চ কুরু মাং রাজন্ দেববৃষ্টং যথা পয়ঃ। অপর্ত্তাবপি ভদ্রন্তে উপাবর্ত্তেত মে বিভো।
ইতি প্রিয়হিতং বাক্যং ভুব আদায় ভূপতিঃ। বৎসং কৃত্বা মনুং পাণাবদুহৎ সকলৌষধীঃ॥ ১০॥
তথাপরেচ সর্ব্বত্র সারমাদদতে বুধাঃ॥ ১১॥
ততোহন্যেচ যথা কামং দুদুহুঃ পৃথুভাবিতাং॥ ১২॥

শ্রীধরস্বামী।

বৎসং দোহনং দোহপাত্রং দোগ্ধারঞ্চোপকল্পয়। ধোক্ষ্যে প্রপূরয়িষ্যামি ভূতানামভীপ্সিতমন্নং ঊর্জস্বৎ বলপ্রদং॥ ৯॥
অপগতেপি বর্ষর্ত্তৌ যথা মে ময়ি সর্ব্বতো বর্ত্তেত॥ ১০॥
প্রসঙ্গাদর্থান্তরমাহ তথেতি। যথা পৃথুঃ এবং সর্ব্বত্র বাক্যে। অপরেপি সারমাদদতে॥ ১১॥
প্রস্তুত মনুবর্ণয়তি ততো হন্যেচ ঋষ্যাদয়ঃ পঞ্চদশ দুদুহুঃ। পৃথুনা ভাবিতাং বশীকৃতাং॥ ১২॥

ক্রমসন্দর্ভঃ।

বৎসমিতি যুগ্মকং॥ ৯॥

সকলৌষধী স্তত্তদ্বীজময়ানি পয়াংসি। তৎ সেকমাত্রেণ সর্ব্বৌষধি প্রভাবাৎ মনোর্বৎসত্বং সর্ব্বভূভৃদ্গণমুলত্বাত্তৎ সম্বন্ধেন তত্তস্যা স্তদুদ্ভাবনভাবোৎপত্তেঃ। এবমুত্তরত্রাপি শ্রীপৃথুপাণেঃ পাত্রত্বং তত্র তৎপালনশক্তিপ্রকাশাৎ তৎ প্রভাবাৎ পয়সশ্চাক্ষয়ত্বং জ্ঞেয়ং॥ ১০। ১১। ১২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দোহনং দোহপাত্রং ধোক্ষ্যে প্রপূরয়িষ্যামি। উর্জ্জস্বৎ বলপ্রদং॥ ৯॥

অপর্ত্তৌ অপগতেপি বর্ষর্ত্তৌ॥ ১০॥

প্রসঙ্গাদর্থান্তরমাহ তথেতি। যথা পৃথুঃ পৃথিব্যা বাক্যসারং জগ্রাহ গৃহীত্বাচ স্বকার্য্যং সাধয়ামাস তথা অপরেচ বুধাঃ সর্ব্বত্র সর্ব্বেষামেব সর্ব্ব বাক্যেষু সারং গৃহ্ণন্তীতি নীতিঃ॥ ১১॥

বেণরাজ্যেহরাজকেচ ধর্ম্মলোপাৎ সর্ব্বেষামপি সর্ব্বং হারিতং বস্তু সর্ব্ব এব পুনঃ প্রাপুরিত্যাহ তত ইতি অন্যেচ ঋষ্যাদয়ঃ পঞ্চদশ। পৃথুনা ভাবিতাং সর্ব্বমহং দাস্যামীতি দিৎসুতা ভাববতীং কৃতাং সতুবস্তান্বিচা রূপং॥ ১২॥

হে বীর! আমি আপনার প্রতি সাতিশয় বৎসলা হইয়াছি আপনি আমার বৎস, দোহন পাত্র, এবং দোগ্ধা আনিয়া উপস্থিত করুন, তাহা হইলে আমি বাসনানুরূপ ক্ষীরময় দোহন সকল প্রদান করিব, আর যদি ভগবানের ইচ্ছা হয় তবে প্রাণি সকলের অভীপ্সিত এবং বলপ্রদ অন্নও নিঃসৃত করিয়া সকলের অভিলাষ পূর্ণ করিব॥ ॥ ৯॥

মহারাজ! অগ্রে আমাকে সমান করুন, আপনার মঙ্গল, হউক, দেবতা যেমন সর্ব্বত্র সমান ভাবে জল বর্ষণ করেন তাহার ন্যায় যেন আমার দুগ্ধ (ওষধ্যাদি) বর্ষা অপগত হইলেও সর্ব্বস্থানে সমান রূপ দৃষ্ট হয়। পৃথিবীর এই সমস্ত প্রিয় অথচ হিতবচন শ্রবণ করিয়া পৃথ্বীপতি পৃথুর পরিতোষ জন্মিল, মনুকে বৎস করিয়া আপনার হস্ত রূপ পাত্রে ওষধি সকল দোহন করিলেন॥ ১০॥

বৎস বিদুর! যেমন পৃথু দোহন করিলেন তেমনি অন্যান্য ব্যক্তিরাও সর্ব্বত্র দোহন করিয়া পৃথিবী হইতে সার গ্রহণ করিতে লাগিলেন॥ ১১॥

পৃথুর দোহনানন্তর ঋষি প্রভৃতি অন্যান্য পঞ্চদশ ব্যক্তি যাঁহার যেমন অভিলাষ তদনুসারে পৃথুর বশীভূতা পৃথ্বী দোহন করিতে আরম্ভ করিলেন॥ ১২॥

ঋষয়ো দুদুহুর্দেবীমিন্দ্রিয়েষ্বথ সত্তমাঃ। বৎসং বৃহস্পতিং কৃত্বা পয়শ্ছন্দোময়ং শুচি ॥ ১৩ ॥
কৃত্বা বৎসং সুরগণা ইন্দ্রং সোমমদূদুহন্। হিরণ্ময়েন পাত্রেণ বীর্য্যমোজো বলং পয়ঃ ॥ ১৪ ॥
দৈতেয়া দানবা বৎসং প্রহ্লাদমসুরর্ষভং। বিধায় দুদুহুঃ ক্ষীরময়ঃ পাত্রে সুরাসবং ॥ ১৫ ॥
গন্ধর্ব্বাপ্সরোঽধুক্ষন্ পাত্রে পদ্মময়ে পয়ঃ। বৎসং বিশ্বাবসুং কৃত্বা গন্ধং মধু সসৌভগং ॥ ১৬ ॥
বৎসেন পিতরোঽর্য্যম্না কব্যং ক্ষীরমধুক্ষত। আমপাত্রে মহাভাগ শ্রদ্ধয়া শ্রাদ্ধদেবতাঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

দেবীং পৃথ্বীং বাঙ্মনঃ শ্রবণৈর্ব্বেদ গ্রহণাদিন্দ্রিয়াণাং পাত্রত্বং ॥ ১৩ ॥
সোমমমৃতং বীর্য্যং মনঃ শক্তিং ওজ ইন্দ্রিয়শক্তিং বলং দেহশক্তিং তদেব পয়ঃ ॥ ১৪ ॥
সুরাং আসবঞ্চ তালাদি মদ্যং ॥ ১৫ ॥
মধু বাঙ্মাধুর্য্যং সৌভগং সৌন্দর্য্যং তৎসহিতং ॥ ১৬ ॥
কব্যং পিতৃণামন্নং আমপাত্রে অপক্বে মৃণ্ময়ে অধুক্ষত দুদুহুঃ ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

যথা পৃথ্ব্যা গোরূপত্বং তথা পয়সোঽপি সাক্ষাদ্দুগ্ধত্বমেব। তস্য ছন্দোময়ত্বঞ্চ তদুপলম্ভমাত্রেণ ছন্দসাং সহসা প্রাদুর্ভাবাৎ। তৎ প্রাদুর্ভাব যোগ্যানি তু বাঙ্মনঃ শ্রবণ রূপাণীন্দ্রিয়াণি। তেষাং পাত্রত্বং তত্তদ্গোলকে সেকেন তৎ প্রাদুর্ভাবাৎ। তত্র ব্রহ্মিষ্ঠানাং বৃহস্পতিরিতি ন্যায়েন প্রথমাধিকারী বৃহস্পতিরিতি সএব বৎসঃ কৃত ইত্যাদিকং সর্ব্বত্রানুসন্ধেয়ং ॥ ১৩ ॥

বীর্য্যাদি হেতুং সোমমমৃতরূপং পয়ঃ ॥ ১৪ ॥

শ্রীমতঃ প্রহ্লাদস্য ভাবিত্বেপি পৃথিব্যুপদেশেন সোয়ং প্রহ্লাদো দৈত্যানাং ভাবনাময়োজ্ঞেয়ঃ অয়ঃ পাত্র ইতি দোহস্য নিকৃষ্টাপেক্ষয়া। পূর্ব্বস্ত দোহস্ত প্রকৃষ্টত্বাপেক্ষয়া হিরণ্ময়েত্যুক্তং ॥ ১৫ ॥

গন্ধং সৌরভ্যময়ং মধু তদ্রূপং পয়ঃ তচ্চ সসৌভগং সৌন্দর্য্য সহিতং। তত্র সসৌভগসৌন্দর্য্যাভ্যাং তত্তৎ প্রকাশোজাতঃ অধুনা গানমাধুর্য্যমিতি জ্ঞেয়ং পদ্মস্য পাত্রত্বং চ তৎ ত্রয়াস্পদত্বেনোপোদ্বলকত্বাৎ ॥ ১৬ ॥

আমপাত্রস্য পিতৃ সন্তর্পণ স্বভাবত্বাত্তদুপযোগঃ ॥ ১৭। ১৮। ১৯ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবীং পৃথ্বীং বাঙ্মনঃ শ্রবণৈ র্বেদগ্রহণাদিন্দ্রিয়াণাং পাত্রত্বং ॥ ১৩ ॥
সোমমমৃতং বীর্য্যং মনঃ শক্তিং ওজ ইন্দ্রিয়শক্তিং বলং শরীর শক্তিং তদেব পয়ঃ ॥ ১৪ ॥ সুরৈব আসবোমাদকঃ পদার্থস্তং ॥১৫
মধু মাধুর্য্যং গান্ধর্ব্বমিতি পাঠে গানং ॥ ১৬ ॥ কব্যং পিতৃণামন্নং আমপাত্রে অপক্বমৃণ্ময়ে ॥ ১৭ ॥

পৃথুর পরে ঋষিগণ বৃহস্পতিকে বৎস কল্পনা করিয়া আপনাদের বাক্য মনঃ শ্রোত্রাদি রূপ পাত্রে পৃথিবী হইতে বেদময় পবিত্র দুগ্ধ দোহন করিলেন ॥ ১৩ ॥

অনন্তর দেবতা সকল ইন্দ্রকে বৎস করিয়া হিরণ্ময় পাত্রে অমৃত, মানসিক শক্তি, ইন্দ্রিয় শক্তি এবং দেহ শক্তি রূপ পয়ঃ দোহন করিলেন ॥ ১৪ ॥

তাহার পর দৈত্য ও দানব সকল অসুরশ্রেষ্ঠ প্রহ্লাদকে বৎস কল্পনা করিয়া লৌহময় পাত্রে সুরা ও আসব (তালাদি মদ্য) দোহন করিলেন ॥ ১৫ ॥

পশ্চাৎ গন্ধর্ব্ব ও অপ্সরা সকল বিশ্বাবসুকে বৎস করিয়া পদ্মময় পাত্রে সৌন্দর্য্য ও মাধুর্য্য সহিত মধু দোহন করিয়া লইলেন ॥ ১৬ ॥

হে মহাভাগ! তদনন্তর শ্রাদ্ধদেব পিতৃগণ অর্য্যমাকে বৎস কল্পনা করিয়া অপক্ব মৃণ্ময় পাত্রে শ্রদ্ধা পূর্ব্বক কব্য (পিতৃলোকের অন্ন) দোহন করিলেন ॥ ১৭ ॥

প্রকল্প্য বৎসং কপিলং সিদ্ধাঃ সংকল্পনাময়ীং। সিদ্ধিং নভসি বিদ্যাঞ্চ যেচ বিদ্যাধরাদয়ঃ ॥ ১৮ ॥
অন্যেচ মায়িনো মায়ামন্তর্দ্ধানাদ্ভুতাত্মনাং। ময়ং প্রকল্প্য বৎসন্তে দুদুহুর্ধারণাময়ীং ॥ ১৯ ॥
যক্ষ রক্ষাংসি ভূতানি পিশাচাঃ পিশিতাশনাঃ। ভূতেশবৎসা দুদুহুঃ কপালে ক্ষতজাসবং ॥ ২০ ॥
তথাহয়ো দন্দশূকাঃ সর্পা নাগাশ্চ তক্ষকং। বিধায় বৎসং দুদুহু র্বিলপাত্রে বিষং পয়ঃ ॥ ২১ ॥
পশবো যবসং ক্ষীরং বৎসং কৃত্বাচ গোবৃষং। অরণ্যপাত্রে চাধুক্ষন্ মৃগেন্দ্রেণ চ দংষ্ট্রিণঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

সংকল্পনাময়ীং অণিমাদিসিদ্ধিং। যে বিদ্যাধরাদয়ঃ তেচ তমেব বৎসং প্রকল্প্য নভস্যেব পাত্রে খেচরত্বাদিরূপাং বিদ্যাং দুদুহুঃ ॥ ১৮ ॥

অন্যেচ কিং পুরুষাদয়ঃ অন্তর্দ্ধানেনাদ্ভুতাত্মনাং সম্বন্ধিনীং মায়াং ধারণাময়ীং সংকল্পমাত্র প্রভবাং ॥ ১৯ ॥

ভূতেশো রুদ্রঃ সএব বৎসো যেষাং ক্ষতজং রুধিরং তদেবাসবং ॥ ২০ ॥

অহয়ো নিষ্ফণাঃ দন্দশূকা বৃশ্চিকাদয়ঃ। সর্পাঃ সফণাঃ তএব কদ্রুসন্ততিজা নাগাঃ বিলপাত্রে মুখে ॥ ২১ ॥

যবসং তৃণং গোবৃষং রুদ্রবাহং বৃষভং। মৃগেন্দ্রেণেত্যন্তরেণান্বয়ঃ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

পশ্বাদয়স্তত্তদ্দেবতাঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সঙ্কল্পনাময়ীমণিমাদি সিদ্ধিং নভসি পাত্রে বিদ্যাঞ্চ খেচরত্বাদি রূপাং ॥ ১৮ ॥

অন্যেচ কিংপুরুষাদয়ঃ। অন্তর্দ্ধানেনাদ্ভুতাত্মনাং অদ্ভুতস্বভাবানাং সম্বন্ধিনীং মায়াং ধারণাময়ীং সঙ্কল্পমাত্র প্রভবাং ॥ ১৯ ॥

ভূতেশোরুদ্রঃ ক্ষতজং রুধিরং তদেবাসবং ॥ ২০ ॥

অহয়ো নিষ্ফণাঃ দন্দশূকা বৃশ্চিকাদয়ঃ। সর্পাঃ সফণাঃ তএব কদ্রুসন্ততিজা নাগা বিলপাত্রে মুখে ॥ ২১ ॥

যবসং তৃণং গোবৃষং রুদ্রবাহং বৃষভং। মৃগেন্দ্রেণ সিংহেন বৎসীকৃতেনেত্যন্তরেণান্বয়ঃ ॥ ২২ ॥

তাহার পর সিদ্ধগণ ভগবান্ কপিলকে বৎস করিয়া সংকল্পময়ী সিদ্ধি অর্থাৎ অণিমাদি সিদ্ধি দোহন করেন এবং বিদ্যাধর প্রভৃতি যে সকল খেচর, তাঁহারাও ঐ কপিলকেই বৎস কল্পনা করিয়া আকাশ রূপ পাত্রে খেচরত্বাদি রূপ বিদ্যা দোহন করিয়া লয়েন ॥ ১৮ ॥

পরে কিংপুরুষাদি অন্যান্য মায়াবি ব্যক্তিরা ময় নামক দানবকে বৎস করিয়া যে সকল ব্যক্তি অন্তর্দ্ধান দ্বারা অদ্ভুতাত্মা তাহাদের মায়া দোহন করিয়া লইল, ঐ মায়া অতি আশ্চর্য্য, সংকল্পমাত্রে উৎপন্ন হয় ॥ ১৯ ॥

তৎপশ্চাৎ যক্ষ রাক্ষস ভূত পিশাচাদি যে সকল মাংসাশি ব্যক্তি তাহারা ভগবান্ রুদ্রকে বৎস কল্পনা করিয়া কপাল (মস্তকের খুলি) পাত্রে রুধির রূপ আসব দোহন করিল ॥ ২০ ॥

তথা ফণাহীন অহিগণ এবং সফণ সর্পজাতি ও বৃশ্চিকাদি দন্দশূক সকল তক্ষককে বৎস করিয়া বিলপাত্রে অর্থাৎ মুখে স্ব স্ব জাতির বিষময় পয়ঃ দোহন করিয়া লইল ॥ ২১ ॥

বিদুর! তৎপশ্চাৎ পশুগণ ধরণী দোহনার্থ রুদ্রবাহন বৃষভকে বৎস কল্পনা করিয়া অরণ্য পাত্রে তৃণময় ক্ষীর দোহন করিল ॥ ২২ ॥

ক্রব্যাদাঃ প্রাণিনঃ ক্রব্যং দুদুহুঃ স্বকলেবরে। সুপর্ণ বৎসা বিহগাশ্চরঞ্চাচরমেবচ ॥
বটবৎসাশ্চ তরবঃ পৃথগ্রসময়ং পয়ঃ। গিরয়ো হিমবদ্বৎসা নানা ধাতূন্ স্বসানুষু ॥ ২৩ ॥
সর্ব্বে স্বমুখ্য বৎসেন স্বে স্বে পাত্রে পৃথক্ পয়ঃ। সর্ব্বকামদুঘাং পৃথ্বীং দুদুহুঃ পৃথুভাবিতাং ॥ ২৪ ॥
এবং পৃথ্বাদয়ঃ পৃথ্বীমন্নাদাঃ স্বন্নমাত্মনঃ। দোহ বৎসাদিভেদেন ক্ষীরভেদং কুরূদ্বহ ॥ ২৫ ॥
ততো মহীপতিঃ প্রীতঃ সর্ব্বকামদুঘাং পৃথুঃ। দুহিতৃত্বে চকারেমাং প্রেম্না দুহিতৃবৎসলঃ ॥ ২৬॥

শ্রীধরস্বামী।

ক্রব্যং মাংসং চরং কীটাদি অচরং ফলাদি ॥ ২৩ ॥
অনুক্তসংগ্রহার্থমাহ। সর্ব্বে স্বজাতৌ যোমুখ্য স্তেন বৎসেন ॥ ২৪ ॥
উপসংহরতি এবমিতি। স্বন্নং অভীষ্টমন্নং তমেব ক্ষীরভেদং দুদুহুঃ দোহঃ পাত্রং ॥ ২৫ ॥
ইমাং পৃথ্বীং ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বকলেবরে স্ব স্ব ভক্ষ্যকলেবরে ইত্যর্থঃ। সুপর্ণোয়ং বৈনতেয়ঃ কিন্তু শ্রীপ্রহ্লাদবদ্ভাবনাময়ঃ ॥ ২৩। ২৪ ॥
পৃথ্বীং মর্য্যাদ্যা ইতি কচিৎ ॥ ২৫। ২৬। ২৭। ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্রব্যং মাংসং সুপর্ণো গরুড়ঃ। চরং কীটাদি অচরং ফলাদি ॥ ২৩ ॥
অনুক্ত সর্ব্ব সংগ্রহার্থমাহ স্বজাতৌ যো মুখ্যস্তেন বৎসেন ॥ ২৪ ॥
উপসংহরতি এবমিতি। স্বন্নমভীষ্টমন্নং তমেব ক্ষীরভেদং দুদুহুঃ দোহঃ পাত্রং ॥ ২৫ ॥
ইমাং পৃথ্বীং দুহিতৃত্বে ইতি স্বহস্তেনৈবান্নময় দুগ্ধাদানাৎ স্ত্রীভাবস্থানৌচিত্যং শরহস্তেন স্বেন দণ্ডকরণান্মাতৃ ভাবস্থাপ্যনৌচিত্যমালক্ষ্য পারিশেষ্যাত্তস্যাং বাৎসল্যোদয়াচ্চ দুহিতৃত্বমেব রসাবহমিতি জ্ঞেয়ং ॥ ২৬। ২৭ ॥

এই রূপে বৃহদ্দন্ত বিশিষ্ট মাংসভোজি জন্তুগণ মৃগেন্দ্রকে বৎস করিয়া স্ব স্ব শরীর রূপ পাত্রে মাংস রূপ দুগ্ধ দোহন করিয়া লইল। তথা পক্ষিগণ গরুড়কে বৎস কল্পনা করিয়া চর (কীটাদি) এবং অচর (ফলাদি) রূপ দুগ্ধ দোহন করিল। এই প্রকার তরু নিকর বট বৃক্ষকে বৎস করিয়া প্রত্যেকের পৃথক্ পৃথক্ রসরূপ দুগ্ধ আকর্ষণ করিয়া লইল। অপর পর্ব্বত সকল হিমালয়কে বৎস করিয়া স্ব স্ব সানুরূপ পাত্রে বিবিধ ধাতু দোহন পূর্ব্বক গ্রহণ করিল ॥ ২৩ ॥

অহে বিদুর! বিস্তার করিয়া কত বলিব সকলেই স্ব স্ব জাতির প্রধান ব্যক্তিকে বৎস কল্পনা করিয়া পৃথুর বশীভূতা সর্ব্বকাম দোগ্ধ্রী পৃথিবী হইতে স্বীয় স্বীয় পাত্রে পৃথক্ পৃথক্ বস্তুরূপ দুগ্ধ দোহন করিয়াছিল ॥ ২৪ ॥

হে কুরুশ্রেষ্ঠ! এই প্রকারে অন্নভোজি পৃথু রাজা প্রভৃতি এই পৃথিবী হইতে বৎস পাত্রাদি ভেদে স্ব স্ব অভীষ্ট অন্ন দোহন করিয়া লয়েন ॥ ২৫ ॥

সে যাহা হউক, যখন উক্ত প্রকারে সকলের অভীষ্ট দোহন হইল, তখন পৃথ্বীপতি পৃথু পৃথিবীর প্রতি সাতিশয় সন্তোষ প্রকাশ করিলেন এবং দুহিতৃ বাৎসল্য প্রদর্শন করত স্নেহ পূর্ব্বক তাঁহাকে দুহিতা বলিয়া সম্বোধন করিতে লাগিলেন ॥ ২৬ ॥

চূর্ণয়ংশ্চ ধনুষ্কোট্যা গিরিকূটানি রাজরাট্ । ভূমণ্ডলমিদং বৈণ্যঃ প্রায়শ্চক্রে সমং বিভুঃ ।
অথাস্মিন্ ভগবান্ বৈণ্যঃ প্রজানাং বৃত্তিদঃ পিতা । নিবাসান্ কল্পয়াঞ্চক্রে তত্র তত্র যথার্হতঃ ॥ ২৭ ॥
গ্রামান্ পুরঃ পত্তনানি দুর্গাণি বিবিধানিচ । ঘোষান্ ব্রজান্ সশিবিরানাকরান্ খেটখর্ব্বটান্ ।
প্রাক্ পৃথোরিহ নৈবৈষা পুরগ্রামাদিকল্পনা । যথা সুখং বসন্তিস্ম তত্র তত্রাকুতোভয়াঃ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথ্বীদোহোঽষ্টাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৮ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী ।

ধনুষোঽগ্রেণ গিরিশৃঙ্গাণি চূর্ণয়ন্ রাজ্ঞাং রাজা । ২৭ ॥

গ্রামা হট্টাদি শূন্যাঃ । পুরো হট্টাদিমত্যঃ । তা এব মহত্যঃ পত্তনানি দুর্গাণি বিবিধানি যথাহ বৃহস্পতিঃ । ঔদকং পার্ব্বতং বার্ক্ষ মৌরণং ধান্বনং তথেতি । ঘোষান্ আভীরাণাং নিবাসান্ ব্রজান্ গবাং নিবাসান্ শিবিরং সেনানিবাস স্থানং তৎসহিতান্ আকরান্ স্বর্ণাদি স্থানানি । খেটাঃ কর্ষকগ্রামাঃ খর্ব্বটাঃ পর্ব্বতপ্রান্ত গ্রামাস্তাংশ্চ তাংশ্চ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি চতুর্থে অষ্টাদশঃ ॥ * ॥

উনবিংশে হশ্বমেধাঙ্গহয়াপহরণাৎ পৃথোঃ । ইন্দ্রং হন্তুং প্রবর্ত্তস্য ধাত্রা বারণমুচ্যতে ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য অষ্টাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

গ্রামা হট্টাদি শূন্যাঃ পুরোহট্টাদিমত্যঃ । তাশ্চ মহত্যঃ পত্তনানি । দুর্গাণি বিবিধানি । যথাহ বৃহস্পতিঃ ঔদকং পার্ব্বতং বার্ক্ষ নৈরিণং ধান্বনং তথেতি ঘোষান্ আভীরাণাং স্থানানি ব্রজান্ গবাং শিবিরাণি সেনায়াঃ আকরাঃ সুবর্ণরূপ্যাদ্যুদ্ভবস্থ খেটাঃ কর্ষকাণাং খর্ব্বটাঃ পর্ব্বতপ্রান্তবর্ত্তিনাং ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । চতুর্থেঽষ্টাদশোধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

উনবিংশেঽশ্বমেধস্য হয়হারি হরে র্মুহুঃ । পাষণ্ড সৃষ্টির্ঋত্বিগ্‌ভি স্তদ্বধং কোন্যবারয়ৎ ॥ ০ ॥

বেণতনয় রাজরাজ পৃথু স্বীয় ধনুর অগ্রভাগ দ্বারা পর্ব্বত শৃঙ্গ সকল চূর্ণ করাতে পৃথিবী প্রায় সমীকৃত হইলেন এবং তাহাকে দোহন করিয়া ঐ রাজা প্রজাদের জীবনোপায় করিয়া দিলেন অতএব তদনন্তর তিনি অবনীর উপরে নানা স্থানে যেখানে যাহার বাস উপযুক্ত হয়, বিবেচনা করিয়া প্রজাদিগের পৃথক্ পৃথক্ নিবাস স্থান নির্দ্দিষ্ট করিতে আরম্ভ করিলেন ॥ ২৭ ॥

তাহাতে গ্রাম,(হট্টাদি শূন্য জনস্থান) পুর (হট্টাদি বিশিষ্ট লোকালয়) পত্তন (বৃহৎ বৃহৎপুরী) বিবিধ দুর্গ (গড়) ঘোষ (গোপজাতির নিবাস স্থান) ব্রজ, (গোনিবাস স্থান) শিবির,(সেনানিবাস স্থান) আকর, (স্বর্ণাদি ধাতু স্থান) খেট (কর্ষক গ্রাম) খর্ব্বট, (পর্ব্বতপ্রান্ত গ্রাম) ইত্যাদি সকল নির্ম্মিত হইল। অহে বিদুর! পৃথুর পূর্ব্বে পৃথ্বীতলে এ প্রকার পুর গ্রামাদি ছিল না। পৃথু রাজা ঐ প্রকার ভিন্ন ভিন্ন বাস স্থান নির্ম্মাণ করিয়া দেওয়াতে প্রজা সকল অকুতোভয় হইয়া স্ব স্ব স্থানে পরমসুখে বাস করিতে লাগিল ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি চতুর্থে অষ্টাদশ ॥ * ॥

উনবিংশ অধ্যায়ে অশ্বমেধ যজ্ঞের অশ্ব অপহরণ করাতে পৃথুর ইন্দ্রবধার্থ উদ্যম এবং ব্রহ্মা কর্ত্তৃক নিবারণ ॥ ০ ॥

অথাদীক্ষত রাজর্ষির্হয়মেধ শতেন সঃ। ব্রহ্মাবর্ত্তে মনোঃ ক্ষেত্রে যত্র প্রাচী সরস্বতী ॥ ১ ॥
তদভিপ্রেত্য ভগবান্ কর্ম্মাতিশয়মাত্মনঃ। শতক্রতুর্ন মমৃষে পৃথোর্যজ্ঞমহোৎসবং ॥ ২ ॥
যত্র যজ্ঞপতিঃ সাক্ষাদ্ভগবান্ হরিরীশ্বরঃ। অন্বভূয়ত সর্ব্বাত্মা সর্ব্বলোকগুরুঃ প্রভুঃ।
অন্বিতো ব্রহ্ম সর্ব্বাভ্যাং লোকপালৈঃ সহানুগৈঃ। উপগীয়মানো গন্ধর্ব্বৈর্মুনিভিশ্চাপ্সরোগণৈঃ ॥ ৩॥
সিদ্ধা বিদ্যাধরা দৈত্যা দানবা গুহ্যকাদয়ঃ। সুনন্দ নন্দ প্রমুখাঃ পার্ষদপ্রবরা হরেঃ।
কপিলোনারদোদত্তো যোগেশাঃ সনকাদয়ঃ। তমন্বীয়ুর্ভাগবতা যে চ তৎ সেবনোৎসুকাঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

হয়মেধ শতেন নিমিত্তেন অদীক্ষত দীক্ষিতোঽভূৎ। শতাশ্বমেধ সংকল্পমকরোদিত্যর্থঃ ব্রহ্মাবর্ত্তে। সরস্বতী দৃশদ্বত্যো র্দেবনদ্যো র্যদন্তরং। তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে ইত্যুক্ত লক্ষণে ॥ ১ ॥

আত্মনঃ স্বস্য কর্ম্ম অতিশেত ইত্যতিশয়ং। অভিপ্রেত্য জ্ঞাত্বা তদিতি তং পৃথো র্যজ্ঞ মহোৎসবং ন মমৃষে ন সেহে ॥ ২ ॥

অতিশয়মেব দর্শয়তি যত্রেতি সপ্তভিঃ। যত্র ক্রতৌ সাক্ষাদন্বভূয়ত প্রত্যক্ষেণাদৃশ্যত ॥ ৩ ॥

সিদ্ধাদয়শ্চ তং হরিমন্বিয়ু রিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পৃথো স্তদ্যজ্ঞমহোৎসব রূপং কর্ম্ম স্বাত্মনোতিক্রামকং জ্ঞাত্বা অত্র টীকায়াং কর্ম্মাতিশয়মিতি সমস্ত পদ বক্তব্যে অতিশয়মাত্রং যদুক্তং তন্নেদং বিগ্রহ বাক্যং কিন্ত্বর্থদর্শনমাত্রং যথা কর্ম্ম পর্য্যন্তং পৃথগ্‌যোজিতং অতিশয়মিতি চ পৃথগেব নিরুক্তং। কর্ম্মণোতিশয়মিতিতু স্বয়মূহং ॥ ১ । ২ ॥

যত্রেতি যুগ্মকং ॥ ৩ । ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সরস্বতী দৃষদ্বত্যোর্দেবনদ্যোর্যদন্তরং। তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে। তত্র হয়মেধশতেন নিমিত্তেন ॥ ১ ॥
আত্মনঃ সকাশাৎ ॥ ২ ॥
কর্ম্মাতিশয়মেব দর্শয়তি যত্রেতি সপ্তভিঃ ॥ ৩ । ৪ । ৫ ॥

মৈত্রেয় কহিলেন অনন্তর রাজর্ষি পৃথু যজ্ঞ করিতে মানস করিয়া মনুর ক্ষেত্র ব্রহ্মাবর্ত্তদেশে যেখানকার পূর্ব্বভাগে সরস্বতী নদী প্রবাহিতা আছেন, তথায় বেদি নির্ম্মাণ পূর্ব্বক শত অশ্বমেধের সংকল্প করিয়া দীক্ষা গ্রহণ করিলেন ॥ ১ ॥

ভগবান্ ইন্দ্র এই ব্যাপার অবগত হইয়া বিবেচনা করিলেন আমিই শত অশ্বমেধ করিয়াছিলাম, তাহাতে আমারই নাম শতক্রতু হইয়াছে, এ ব্যক্তি আবার আমার অপেক্ষা অতিশয় কর্ম্ম করিতে উদ্যত হইল ? অতএব তিনি পৃথুর ঐ যজ্ঞ মহোৎসব সহ্য করিতে পারিলেন না ॥ ২ ॥

ফলেও পৃথুর যজ্ঞের আয়োজন অতিশয় গুরুতর হইয়াছিল ভগবান্ বিষ্ণু তাহাতে সাক্ষাৎ যজ্ঞ পতি রূপে দৃষ্টিগোচর হইয়াছিলেন। তিনি আবার একাকী নহেন ব্রহ্মা এবং শিব তাঁহার সহিত বর্ত্তমান ছিলেন। আর মুনিগণ, গন্ধর্ব্ব নিকর ও অপ্সরা সকল স্ব স্ব অনুচরবর্গ ও লোকপালদের সহিত সেই স্থানে উপস্থিত হইয়া ভগবানের যশঃ গান করিতেছিলেন ॥ ৩ ॥

অপর সিদ্ধ বিদ্যাধর দৈত্য দানব এবং গুহ্যক তথা সুনন্দ নন্দ প্রভৃতি ভগবানের প্রধান প্রধান পার্ষদ, তথা কপিল, নারদ, দত্তাত্রেয় এবং সনকাদি যোগীশ্বর এই সমস্ত মহাভাগবত ব্যক্তি, আর যাঁহারা ভগবানের সেবনার্থ উৎসুক, তাঁহারাও ঐ যজ্ঞস্থলে তাঁহার অনুগামী হইয়া আসিয়াছিলেন ॥ ৪

যত্র ধর্ম্মদুঘা ভূমিঃ সর্ব্বকামদুঘা সতী। দোগ্ধিস্মাভীপ্সিতানর্থান্ যজমানস্য ভারত ॥ ৫ ॥
উহুঃ সর্ব্বরসান্নদ্যঃ ক্ষীরদধ্যন্ন গোরসান্। তরবো ভূরি বর্ষ্মাণঃ প্রাসূয়ন্ত মধুচ্যুতঃ ॥ ৬ ॥
সিন্ধবো রত্ননিকরান্ গিরয়োঽন্নং চতুর্ব্বিধং। উপায়নমুপাজহ্রুঃ সর্ব্বলোকাঃ সপালকাঃ ॥ ৭ ॥
ইতিচাধোক্ষজেশস্য পৃথোস্তৎপরমোদয়ং। অসূয়ন্ ভগবানিন্দ্রঃ প্রতীঘাতমচীকরৎ ॥ ৮ ॥
চরমেণাশ্বমেধেন যজমানে যজুষ্পতিং। বৈণ্যে যজ্ঞপশুং স্পর্দ্ধন্নপোবাহ তিরোহিতঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

ধর্ম্মদুঘা হবির্দোগ্ধ্রী ধেনুঃ সতী ॥ ৫ ॥

উহুঃ বহন্তিস্ম সর্ব্বরসান্ ইক্ষু দ্রাক্ষাদিরসান্। ক্ষীরঞ্চ দধিচ অন্নঞ্চ পানকাদি গোরসো ঘৃতঞ্চ তক্রঞ্চ তাংশ্চ ভূরীণি বিস্তৃতানি বর্ষ্মাণি শরীরাণি যেষাং তে ফলাদি প্রাসূয়ন্ত মধুচ্যুতঃ মধুস্রাবিণঃ সন্তঃ ॥ ৬ ॥

চতুর্ব্বিধং ভক্ষ্যং ভোজ্যং চোষ্যং লেহ্যঞ্চ ॥ ৭ ॥

অধোক্ষজ ঈশো নাথো যস্য পরম উদয়োঽতিবৃদ্ধির্যস্মিন্ তৎকর্ম্ম অসূয়ন্ অসহমানঃ। প্রতিঘাতং বিঘ্নং চকারেত্যর্থঃ ॥ ৮ ॥

বৈণ্যে যজুষ্পতিং বিষ্ণুং যজমানে সতি স্পর্দ্ধমান ইন্দ্রস্তিরোহিতঃ সন্ অপহৃতবান্ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যত্র ধর্ম্মেতি। ধর্ম্মং ঘৃতক্ষীরাদীতি শর্ম্ম ॥ ৫।৬॥

টীকায়াং ভক্ষ্যং চর্ব্ব্যং ভোজ্যং চর্ব্বণাদিকং বিনাভ্যবহারার্থং ॥ ৭।৮।৯।১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভূরিবর্ষ্মাণঃ বহু প্রমাণাঃ ফলাদিকং প্রাসূয়ন্ত মধূনাং চ্যুৎ ক্ষরণং যেষু তে বর্ষ্ম দেহ প্রমাণয়োরিত্যমরঃ ॥ ৬।৭ ॥

পৃথোস্ত্বিতি পৃথোস্তদিতি পাঠদ্বয়ং ॥ ৮ ॥

যজুঃপতিং বিষ্ণুং অপোবাহ অপজহার ॥ ৯ ॥

সেই স্থানে সর্ব্বকামদুঘা ভূমি যজ্ঞীয় হবির্দোগ্ধ্রী ধেনুরূপা হইয়া যজমানের বাঞ্ছিত যাবন্ত অর্থও নিঃসারণ করিতেছিল ॥ ৫ ॥

তাহাতে তথাকার নদী সকল ইক্ষু দ্রাক্ষাদির সমস্ত রস বহন করিতেছিল এবং তরু সকল প্রকাণ্ড কলেবর ও মধুক্ষরণ শীল হইয়া দধি দুগ্ধ ঘৃত তক্র এবং বাবক্রাদি অন্ন প্রসব করিতেছিল ॥ ৬ ॥

সিন্ধু সকল রত্ন নিকর এবং পর্ব্বত সকল চর্ব্ব্য চোষ্য লেহ্য পেয় চতুর্ব্বিধ অন্ন ভূরি পরিমাণে উপায়ন আহরণ করিতেছিল। অপর লোকপালদিগের সহিত সকল লোক বিবিধ দ্রব্য আনিয়া দিতেছিল ॥ ৭ ॥

পৃথুরাজা ভগবান্ অধোক্ষজকে আপনার নাথ বলিয়া আশ্রয় করাতে তাঁহার যজ্ঞ কর্ম্মের ঐ রূপ অত্যাশ্চর্য্য বৃদ্ধি হইল, কিন্তু দেবরাজ ইন্দ্র সহ্য করিতে না পারিয়া তাহাতে ব্যাঘাত করিলেন ॥ ৮ ॥

বেণাঙ্গজ পৃথু যখন চরম অশ্বমেধ দ্বারা ভগবান্ বিষ্ণুর অর্চ্চনা করেন সেই সময়ে অমরাধিপ তিরোহিত হইয়া ঈর্ষা বশতঃ যজ্ঞ পশুটী অপহরণ করিয়া লইয়া গেলেন ॥ ৯ ॥

তমত্রির্ভগবানৈক্ষৎ ত্বরমাণং বিহায়সা। আমুক্তমিব পাষণ্ডং যোঽধর্ম্মে ধর্ম্মবিভ্রমঃ।
অত্রিণা চোদিতো হন্তুং পৃথুপুত্রোমহারথঃ। অন্বধাবত সংক্রুদ্ধস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥ ১০ ॥
তং তাদৃশাকৃতিং বীক্ষ্য মেনে ধর্ম্মং শরীরিণং। জটিলং ভস্মনাচ্ছন্নং তস্মৈ বাণং ন মুঞ্চতি ॥১১
বধান্নিবৃত্তং তং ভূয়ো হন্তবেঽত্রিরচোদয়ৎ। জহি যজ্ঞহনং তাত মহেন্দ্রং বিবুধাধমং।
এবং বৈণ্যসুতঃ প্রোক্তস্ত্বরমাণং বিহায়সা। অন্বধাবদতিক্রুদ্ধো গৃধ্ররাড়িব রাবণং ॥ ১২ ॥
সোঽশ্বং রূপঞ্চ তদ্ধিত্বা তস্মা অন্তর্হিতঃ স্বরাট্। বীরঃ স্বপশুমাদায় পিতুর্যজ্ঞমুপেয়িবান্ ॥ ১৩

শ্রীধরস্বামী।

ত্বরমাণং ধাবন্তং আমুক্তঃ প্রতিমুক্তশ্চ পিনদ্ধশ্চাপিনদ্ধবৎ। সংনদ্ধো বর্ম্মিতঃ সর্জ্জো দংশিত ইত্যমরঃ। পাষণ্ডবেশং কবচমিব গৃহীতবন্তমিত্যর্থঃ। অধর্ম্মে ধর্ম্মবিভ্রমঃ ধর্ম্মোয়মিতি ভ্রান্তিকরো যঃ ॥ ১০ ॥

নমুঞ্চতি স্ম ॥ ১১ ॥

হন্তবে হন্তুং যজ্ঞহনং যজ্ঞং হতবন্তং ॥ ১২ ॥

তস্মৈ হিত্বা তদর্থমুৎসৃজ্য ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

তং তাদৃশাকৃতিমিতি শ্রীশিবাদিষু দর্শনাৎ কস্যচিদ্ধর্ম্মস্যায়মপি বেশো ভবেৎ ইতি ভ্রমাদিতি ভাবঃ ॥ ১১ । ১২ । ১৩ । ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অত্রিরৈক্ষদিতি তদীক্ষণভীত্যা ত্বরমাণং পলায্য ধাবন্তং পাষণ্ডং পাষণ্ডবেশং কবচমিব আমুক্তং গৃহীতবন্তং আমুক্তঃ প্রতিমুক্তশ্চ পিনদ্ধশ্চেত্যমরঃ। অধর্ম্মেপি ধর্ম্ম বিশিষ্টোভ্রমো যতঃ সএব যঃ ॥ ১০ ॥

তং তাদৃশাকৃতিমিতি শ্রীশিবাদিষু দর্শনাৎ কস্যচিদ্ধর্ম্মস্যায়মপি বেশোভবেদিতি ভাবনয়া ॥ ১১ ॥

হন্তবে হন্তুং ॥

ত্বরমাণমিন্দ্রং গৃধ্ররাট্ জটায়ুঃ ॥ ১২ । ১৩ ॥

তিনি অশ্বমেধের অশ্ব লইয়া আকাশমার্গে পলাইয়া যাইতেছিলেন মহর্ষি অত্রি দেখিতে পাইলেন। অধর্ম্মেধর্ম্ম বলিয়া যে ভ্রম আছে তাহা বর্ম্মধারী পাষণ্ড তুল্য, অত্রি দেখিয়াই বিরক্ত হইয়া পৃথুকে বলিলেন অশ্বাপহারককে ধারণ কর। তাহাতে মহারথ পৃথু তনয় ক্রুদ্ধ হইয়া ইন্দ্রের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন এবং “থাক থাক” এই কথা বারম্বার বলিতে লাগিলেন ॥ ১০ ॥

কিন্তু ইন্দ্রের আকার দেখিয়া রাজকুমারের বোধ হইল, ইনি বুঝি শরীরধারী ধর্ম্ম যে হেতু ইহাঁকে জটিল ও ভস্মাচ্ছন্ন দেখিতেছি, যাহা হউক, নৃপনন্দন দেবরাজের প্রতি বাণ পরিত্যাগ করিলেন না ॥ ১১

অত্রি দেখিলেন পৃথু তনয়ত অশ্বাপহারকের প্রাণ সংহার না করিয়াই নিবর্ত্ত হন অতএব পুনরায় বধার্থ নিয়োগ করত উচ্চৈঃস্বরে বলিতে লাগিলেন। বৎস! এই দেবাধম ইন্দ্র তোমার পিতার যজ্ঞ বিনাশকারী ইহাঁকে বধ কর ॥

মহর্ষি অত্রির এই বাক্য শুনিয়া রাজকুমার আপন ক্রোধ প্রজ্বলিত করত গৃধ্ররাজ জটায়ুঃ যেমন রাক্ষসাধম রাবণের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়াছিলেন তাহার ন্যায়, অশ্বাপহারি অমররাজের পশ্চাৎ পশ্চাৎ দৌড়িয়া গেলেন। বিদুর! সে সময় ইন্দ্র অশ্ব লইয়া আকাশমার্গে অতি ত্বরান্বিত হইয়া যাইতেছিলেন ॥ ১২ ॥

পৃথুতনয়কে ধনুর্ব্বাণ গ্রহণ পূর্ব্বক পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়া আসিতে দেখিয়া তাঁহার নিমিত্ত

তত্তস্য চাদ্ভুতং কর্ম্ম বিচক্ষ্য পরমর্ষয়ঃ। নামধেয়ং দদুস্তস্মৈ বিজিতাশ্ব ইতি প্রভো ॥ ১৪ ॥
উপসৃজ্য তমস্তীব্রং জহারাশ্বং পুনর্হরিঃ। চষাল যূপতশ্ছন্নো হিরণ্যরসনং বিভুঃ।
অত্রিঃ সন্দর্শয়ামাস ত্বরমাণং বিহায়সা। কপাল খট্বাঙ্গধরং বীরো নৈনমবাধত।
অত্রিণা চোদিতস্তস্মৈ সন্দধে বিশিখং রুষা। সোশ্বং রূপঞ্চ তদ্ধিত্বা তস্মা অন্তর্হিতঃ স্বরাট্।
বীরশ্চাশ্বমুপাদায় পিতুর্যজ্ঞমথাব্রজৎ ॥ ১৫ ॥
তদবদ্যং হরে রূপং জগৃহুর্জ্ঞান দুর্ব্বলাঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বিচক্ষ্য দৃষ্ট্বা ॥ ১৪ ॥

উপসৃজ্য সৃষ্ট্বা তেন ছন্নঃ সন্। চষালো যূপাগ্রে নিক্ষিপ্তকাষ্ঠকটকঃ তদযুক্তাৎ যূপাৎ। হিরণ্যনির্ম্মিতা রসনা যস্য তং। রসনায়া দৃঢ়ত্বেন ছেদাশক্ত্যা রসনা সহিতমেবোদ্ধৃত্য যূপাগ্রান্নীতবানিত্যর্থঃ। বিভুঃ সমর্থঃ ॥ ১৫ ॥

অবদ্যং নিন্দিতং রূপং মন্দপ্রজ্ঞা জগৃহুঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞানদুর্ব্বলা জগৃহুরিতি প্রথমং তাদৃশ বেশেন যজ্ঞাদি দূষকমতেন চ পরিতঃ স্বসংপ্রদায়ং রচয়িত্বা পশ্চাচ্চোর্য্যপ্রবৃত্তেঃ ॥১৫।১৬।১৭

এবমিতি যুগ্মকং। উপধর্ম্মেম্বিতি। নগ্নাদিষু উপধর্ম্মাস্তেম্বিতি যোজ্যং ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মৈ তং পৃথুপুত্রমন্তর্দ্ধানবিদ্যাং শিক্ষয়িতুমিত্যগ্রিম গ্রন্থ দৃষ্ট্যা ব্যাখ্যেয়ং ॥ ১৪ ॥

উপসৃজ্য তমোঽন্ধকারং পাষণ্ড বেশেন ছন্নঃ সন্ চষালো যূপাগ্রে নিক্ষিপ্তঃ কাষ্ঠকটকঃ। তদযুক্তাৎ যূপাৎ হিরণ্যরসনমিতি রসনায়া দৃঢ়ত্বেন ছেদাশক্ত্যা রসনা সহিতমেবোদ্ধৃত্য যূপাগ্রান্নীতবানিত্যর্থঃ ॥ ১৫ ॥

জ্ঞানদুর্ব্বলা ইতি পৃথু পুত্রেণাবধাৎ স্বেষামবধ্যত্বমভিমন্যমানাঃ। যজ্ঞাদি দূষকমতপ্রবর্ত্তকং স্বসংপ্রদায়ং রচয়িত্বা পরধনাকর্ষণান্তর্দ্ধানাদি ক্ষুদ্র সিদ্ধীরেব সাধ্যত্বেন নিরচৈষুরিত্যর্থঃ ॥ ১৬ ॥

অশ্ব এবং আপনার ঐ পাষণ্ড রূপ পরিত্যাগ করিয়া অন্তর্হিত হইলেন, অতএব বীরবর রাজপুত্র স্বীয় অশ্ব গ্রহণ করিয়া পিতার যজ্ঞস্থানে আসিয়া উপস্থিত হইলেন ॥ ১৩ ॥

বৎস বিদুর! নৃপনন্দনের ঐ অদ্ভুত কর্ম্ম অবলোকন করিয়া ঋষি সকল যথেষ্ট প্রসংশা করিতে লাগিলেন এবং তুষ্ট হইয়া তাহার নাম বিজিতাশ্ব রাখিলেন ॥ ১৪ ॥

দেবরাজ রাজতনয়ের ভয়ে পৃথু রাজার যজ্ঞীয় পশু পরিত্যাগ করিয়া গেলেন বটে, কিন্তু যজ্ঞ বিঘ্ন করিবার বাসনা সম্পূর্ণই রহিল, অতএব সেই অশ্ব যখন যূপ কাষ্ঠে বদ্ধ হইল সেই সময় ঘোরতর অন্ধকার সৃষ্টি করিয়া তাহার দ্বারা আপনার শরীর আচ্ছন্ন করত কাষ্ঠময় কটকে সুশোভিত যূপ হইতে পুনর্ব্বার হরণ করিয়া লইয়া গেলেন। বিদুর! সেই অশ্ব স্বর্ণ শৃঙ্খলে বদ্ধ ছিল, অমরাধিপ শৃঙ্খল ছেদন করিতে না পারিয়া তাহা সমেত উঠাইয়া লইলেন। সে যাহা হউক, ইন্দ্র অশ্ব লইয়া আকাশ পথে যাইতে লাগিলে মহর্ষি অত্রি পুনর্ব্বার দেখিতে পাইলেন, অতএব পৃথুপুত্রকে পুনর্ব্বার দেখাইয়া দিয়া প্রত্যানয়নার্থ প্রেরণ করিলেন। দেবরাজ কপাল ও খট্বাঙ্গ ধারণ করিয়া দৌড়িতেছিলেন এবার বীরবর পৃথুতনয় তাঁহার পশ্চাৎ ধাবমান হইলেন না, অত্রির কথায় তাঁহার প্রতি সরোষে খরতর শর নিক্ষেপ করিলেন। তাহাতে অমরাধিপ তাঁহার নিমিত্ত অশ্ব এবং আপনার ঐ রূপ পরিত্যাগ করিয়া পুনর্ব্বার অন্তর্হিত হইলেন ॥ ১৫ ॥

বৎস বিদুর! ইন্দ্র যে যে রূপ পরিত্যাগ করিলেন তাহা অতি নিন্দনীয়, জ্ঞান দুর্ব্বল ব্যক্তিরা ঐ সকল গ্রহণ করিল ॥ ১৬ ॥

যানি রূপাণি জগৃহে ইন্দ্রো হয়জিহীর্ষয়া। তানি পাপস্য খণ্ডানি লিঙ্গং খণ্ডমিহোচ্যতে ॥ ১৭
এবমিন্দ্রে হরত্যশ্বং বৈণ্যযজ্ঞজিঘাংসয়া। তদ্গৃহীত বিসৃষ্টেষু পাষণ্ডেষু মতির্নৃণাং।
ধর্ম্ম ইত্যুপধর্ম্মেষু নগ্ন রক্তপটাদিষু। প্রায়েণ সজ্জতে ভ্রান্ত্যা পেশলেষুচ বাগ্মিষু।
তদভিজ্ঞায় ভগবান্ পৃথুঃ পৃথুপরাক্রমঃ। ইন্দ্রায় কুপিতো বাণমাদত্তোদ্যতকার্ম্মুকঃ ॥ ১৮ ॥
তমৃত্বিজঃ শক্রবধাভিসন্ধিতং বিচক্ষ্য দুষ্প্রেক্ষ্যমসহ্য রংহসং।
নিবারয়ামাসু রহো মহামতে ন যুজ্যতেঽত্রান্যবধঃ প্রচোদিতাৎ ॥ ১৯ ॥
বয়ং মরুত্বন্তমিহার্থ নাশনং হ্বয়ামহে ত্বচ্ছ্রবসা হতত্বিষং।

শ্রীধরস্বামী।

তদেব পাষণ্ড নাম নিরুক্ত্যা দর্শয়তি যানীতি। বহু বচনেনান্যান্যপি গৃহীতানীত্যুক্তং ॥ ১৭ ॥

তৎপ্রভৃতি পাষণ্ড মার্গাঃ প্রবৃত্তা ইত্যাহ এবমিতি তেন গৃহীতেষু পুনর্বিসৃষ্টেষু। নগ্না জৈনাঃ রক্তপটা বৌদ্ধা আদি শব্দেন কাপালিকাদয়শ্চ তেষু উপধর্ম্মেষু ধর্ম্মোপমেষু ধর্ম্ম এবায়মিতি মতিঃ সজ্জত ইতি দ্বয়োরন্বয়ঃ। পেশলেষু আপাততো রম্যেষু বাগ্মিষু হেতুক্তি চতুরেষু ॥ ১৮ ॥

শক্রবধে অভিসন্ধিতং কৃতাভিপ্রায়ং প্রচোদিতাৎ পশোর্ব্বধাৎ অন্যস্য বধস্তব নযুজ্যতে ॥ ১৯ ॥

তদ্বধশ্চ বয়ং করিষ্যাম ইত্যাহুঃ। বয়মিতি অর্থনাশনং যজ্ঞনাশকং ত্বৎকীর্ত্ত্যৈব হতপ্রভমিন্দ্রং আহ্বয়ামহে কৈঃ অযাতযামৈঃ

ক্রমসন্দর্ভঃ।

তদিতি। অশ্বমেধাদি ভাগে যস্যাপীন্দ্রস্য বধোদ্যমোয়ং শ্রীভগবচ্ছক্তি বিশেষস্যৈব মূলেন্দ্রদমনাৎ ॥ ১৮। ১৯। ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পাষণ্ডনাম নির্বক্তি যানীতি বহুবচনেন বহব এব পাষণ্ডপ্রভেদাঃ প্রবৃত্তা ইত্যুক্তং ॥ ১৭ ॥

তেনেন্দ্রেণাদৌ গৃহীতেষু পশ্চাদ্বিসৃষ্টেষু নগ্না জৈনাঃ রক্তপটা বৌদ্ধা আদিশব্দেন কাপালিকাদয়ঃ। উপধর্ম্মেষু ধর্ম্মোপমেষু নতু ধর্ম্মেষু। পেশলেষাপাততোরম্যেষু বাগ্মিষু হেতূক্তি চতুরেষু ॥ ১৮ ॥

শক্রবধেভিসন্ধিঃ সংঘাতো যস্য তং। বিচক্ষ্য দৃষ্ট্বা প্রচোদিতাৎ শাস্ত্রবিহিতাৎ পশোর্ব্বধাদন্যস্য বধো ন যুজ্যতে ॥ ১৯ ॥

নহু তর্হ্যত্র কঃ প্রতীকার স্তদাহুঃ বয়মিতি। অযাতযামৈরগতবীর্য্যৈঃ উপহূতৈরাহ্বানমন্ত্রৈঃ। অত্র তদানীং তত্তেন্দ্রস্য

ইন্দ্র অশ্বাপহরণ বাসনায় ঐ সকল রূপ ধারণ করিয়াছিলেন অতএব ঐ সকলই পাপময় এবং পাষণ্ডের চিহ্ন ॥ ১৭ ॥

ফলেও পৃথুর যজ্ঞে ব্যাঘাত জন্মাইবার বাসনায় ইন্দ্র অশ্ব অপহরণ করত যে যে রূপ গ্রহণ করিয়া ত্যাগ করেন, সে সকল জৈন, বৌদ্ধ ও কাপালিক ইত্যাদি পাষণ্ড মত হইয়াছে। যদিও সে সকল যথার্থ ধর্ম্মবর্ত্ম নহে অধর্ম্মের আভাসমাত্র, তথাপি ভ্রম বশতঃ ধর্ম্ম বলিয়া প্রায় ঐ সকলেই মানবদিগের বুদ্ধি আসক্ত হয়। বিদুর! ঐ সকল মত আপাতত রমণীয় এবং হেতুবাদ বিষয়ে চতুর, ইহাতেই আশু মনঃ আকর্ষণ করে। সে যাহা হউক এই সকল ব্যাপার যখন বিপুল বিক্রমশালি পৃথুর সুগোচর হইল তখন তিনি দেবরাজের প্রতি সাতিশয় কুপিত হইলেন। ধনুঃ উদ্যম করিয়া শর সন্ধানের উপক্রম করিলেন ॥ ১৮ ॥

যজ্ঞস্থলে যে সকল ঋত্বিক্ যজ্ঞ করিতেছিলেন তাঁহারা পৃথুকে ইন্দ্র বধার্থ ক্রোধে দুষ্প্রেক্ষ্য হইতে দেখিয়া নিবারণ করত কহিতে লাগিলেন। মহারাজ! এ সময় শাস্ত্র বিহিত পশুবধ ব্যতীত অন্যবধ করা আপনার উচিত হয় না ॥ ১৯ ॥

শতক্রতু ঈর্ষা করিয়া আপনার যজ্ঞ নষ্ট করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, আপনার প্রতাপ দ্বারাই

অযাতযামোপহবৈস্তমগ্নয়ে প্রসহ্য রাজন্ জুহবাম তে হিতঃ ॥ ২০ ॥
ইত্যামন্ত্র্য ক্রতুপতিং বিদুরাস্যর্ত্বিজো রুষা । স্রুগ্‌ঘস্তাঞ্জুহ্বতোঽভ্যেত্য স্বয়ম্ভুঃ প্রত্যষেধত ॥ ২১
নবধ্যো ভবতামিন্দ্রো যদযজ্ঞো ভগবত্তনুঃ । যং জিঘাংসথ যজ্ঞেন যস্যেষ্টাস্তনবঃ সুরাঃ ॥ ২২ ॥
তদিদং পশ্যত মহদ্ধর্ম্মব্যতিকরং দ্বিজাঃ । ইন্দ্রেণানুষ্ঠিতং রাজ্ঞঃ কর্ম্মৈতদ্বিজিঘাংসতা ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী ।

অগত বীর্য্যৈরাহ্বানমন্ত্রৈঃ । অনন্তরঞ্চ তবাহিতং জুহবাম হোষ্যামঃ ॥ ২০ ॥

অস্য পৃথোঃ স্রুক্ হস্তে যেষাং তান্ ॥ ২১ ॥

যমিন্দ্রং যজ্ঞেন জিঘাংসথ যজ্ঞেনেষ্টাঃ সর্ব্বে সুরাঃ যস্য তনবঃ । স ইন্দ্রো ভবতাং বধার্হো নভবতি যৎযস্মাৎ যজ্ঞো নামায়মিন্দ্রো ভগবতস্তনুঃ অবতারঃ । ততঃ সপ্তম আকূত্যাং রুচের্যজ্ঞো ভ্যজায়ত ইত্যাদ্যুক্তত্বাৎ ॥ ২২ ॥

অতোবলীয়সাঽনেন সখ্যমেব কর্ত্তব্যং । অন্যথা ভূয়ঃ পাষণ্ডং স্রক্ষ্যতীত্যাশয়েনাহ । তদিদমিন্দ্রেণানুষ্ঠিতং মহদন্যায্যং পশ্যত । কিমিত্যপেক্ষায়ামাহ । ধর্ম্মস্য ব্যতিকরঃ ধর্ম্মবিপর্য্যয়ঃ পাষণ্ডপথঃ ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

প্রভ্যভাষতেতি চিৎসুখঃ ॥ ২১ ॥

যমিন্দ্রং যজ্ঞেন জিঘাংসথ স ইন্দ্রো ভবতাং ন বধ্যঃ । কুতঃ যদযস্মাৎ যজ্ঞো যাগো ভগবতস্তনুঃ সুরাশ্চেন্দ্রাদ্যা যস্য ইষ্টাস্তনবঃ । তস্মাদেকাং তনুং হত্বা নান্যা রক্ষিতুং যুক্তাঃ কিন্তু দ্বয়মপি রক্ষিতুং যুক্তমিতি ভাবঃ ॥ ২২ । ২৩ । ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ভগবদবতারত্বেপি বিপ্রাণাঞ্চ তেষামবহির্মুখত্বেপি তথাভূতোক্ত্যা কর্ম্মমার্গস্য স্বভাব এব তৈর্দ্যোতিতো যত্তত্র প্রবৃত্তা বিবেকিনোপ্যন্ধা ভবন্তীতি যথা ব্রহ্মণা কামস্য শ্রীরুদ্রেণ ক্রোধস্য শ্রীবিষ্ণুনাপি যজ্ঞাবতারে তস্মিন্ মাৎসর্য্য কৌটিল্যাদিকমীহমানেনেন্দ্রত্বস্য স্বভাবোদ্যোতিত ইতি ॥ ২০ ॥

অস্য পৃথোঃ ॥ ২১ ॥

ভগবত্তনুরিতি নহি ভগবদ্বিগ্রহো বিপ্রৈর্হন্তু মধ্যবস্যতে ভবতাং তর্হি বিপ্রত্বমেব কুতঃ বং যজ্ঞেন জিঘাংসথেতি স খলু যজ্ঞঃ কথং যজ্ঞেন বধ্যো ভবেদ্যথা ক্ষীরাব্ধিঃ ক্ষীরপ্রস্থক্ষেপেণেতি কিঞ্চ যস্য যজ্ঞস্যেন্দ্রস্য চ তনবঃ সুরা স্তেচ যজ্ঞেন যুষ্মাভিরিষ্টা ইজ্যন্তে স্মেতি কথং স মরিষ্যতীত্যেতদপি বিবেকং নকুরুথেতি ভাবঃ ॥ ২২ ॥

কিঞ্চ তদ্বেশেনাধর্ম্ম এব বর্দ্ধিষ্যতে তঞ্চাধর্ম্মমস্য রাজ্ঞো মূর্ত্তমেব প্রবৃত্তং পশ্যতেত্যাহ তদিদমিতি ধর্ম্মস্য ব্যতিকরং পাষণ্ডপথং ॥ ২৩ ॥

তিনি হতপ্রভ হইলেন, আমরা বীর্য্যবান্ আহ্বান মন্ত্র দ্বারা তাঁহাকে এখানে আনিতেছি, আগমন করিলে পর আমরাই অগ্নিতে আহুতি দিয়া সংহার করিব। তাহা হইলে তিনি যেমন অহিত চেষ্টা করিতেছেন তদুপযুক্ত প্রতিফল পাইবেন ॥ ২০ ॥

বৎস বিদুর ! ঋত্বিকেরা যজমানকে এই প্রকার কহিয়া ক্রোধে স্রুক্ গ্রহণ পূর্ব্বক হোম আরম্ভ করিলেন। এমত সময়ে ব্রহ্মা তথায় উপনীত হইয়া নিষেধ করত কহিলেন ॥ ২১ ॥

অহে ঋত্বিক্ সকল ! তোমরা যজ্ঞে আহুতি দিয়া যাহাকে বধ করিতে ইচ্ছা করিতেছ যজ্ঞ দ্বারা পূজিত সমস্ত দেবতা তাঁহার শরীর, সেই ইন্দ্র তোমাদের বধ্য হইতে পারেন না, যে হেতু তাঁহার একটী নাম যজ্ঞ, সেই যজ্ঞ ভগবানের অবতার, অতএব যজ্ঞ দ্বারা কি যজ্ঞের, বিনাশ হয় ? ॥ ২২ ॥

অপর হে দ্বিজগণ ! ইন্দ্র অতিশয় বলবান্ তাঁহার সহিত সখ্য করাই উচিত হয়, নতুবা পুনর্ব্বার পাষণ্ড পথ সৃষ্টি করিতে পারেন, দেখনা এই একবার অন্যায় করিয়া রাজার যজ্ঞ বিনষ্ট করিবার বাসনায় সুমহৎ ধর্ম্ম বিপর্য্যয় অনুষ্ঠান করিলেন ॥ ২৩ ॥

পৃথুকীর্ত্তেঃ পৃথোর্ভূয়াত্তর্হ্যেকোন শতক্রতুঃ। অলং তে ক্রতুভিঃ স্বিষ্টৈ র্যদ্ভবান্ মোক্ষধর্ম্মবিৎ॥২৪
নৈবাত্মনা মহেন্দ্রায় রোষমাহর্ত্তুমর্হসি। উভাবপি হি ভদ্রন্তে উত্তমঃশ্লোকবিগ্রহৌ ॥ ২৫ ॥
মাস্মিন্মহারাজ কৃথাঃ স্ম চিন্তাং নিশাময়াস্মদ্বচ আদৃতাত্মা।
যদ্ধ্যায়তো দৈবহতং নু কর্ত্তুং মনোতিরুষ্টং বিশতে তমোন্ধং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তর্হি কিমত্র যুক্তমিত্যত আহ পৃথুকীর্ত্তেরিতি। একেনোনং শতং যস্মিন্ তাদৃশঃ ক্রতু প্রয়োগঃ পৃথোর্ভূয়াৎ। পৃথুরিতি পাঠে একোন শতং ক্রতবো যস্য তাদৃশোপি মহেন্দ্রাৎ পৃথুকীর্ত্তি র্ভূয়াদিত্যর্থঃ। তদেবমৃত্বিজঃ প্রত্যুক্ত্বা পৃথুং প্রত্যাহ অলমিতি ॥ ২৪ ॥

আত্মনৈবাত্মনে মহেন্দ্রায় রোষং কর্ত্তুং নার্হসি। তত্র হেতুঃ উভাবপীতি ॥ ২৫ ॥

তথাপি ক্রতু সমাপ্তিমেব ধ্যায়ন্তং প্রত্যাহ। অস্মিন্ যজ্ঞবিঘ্নে চিন্তাং মাস্ম কৃথাঃ। যদযস্মাৎ দৈবহতং কার্য্যং কর্ত্তুং ধ্যায়তো মনঃ নু নিশ্চিতং অতি কষ্টঃ সৎ অন্ধং তমো মোহং বিশতি নতু শান্তিং লভতে ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মনেতি সম্বন্ধোক্তিঃ আত্মনা মনসেতি ব্যাখ্যানাৎ। স্বামি ব্যাখ্যায়াং সন্দেহ এব। পূর্ব্বন্যায়েনৈবাহ। উভাবপীতি ॥ ২৫ ॥

কিঞ্চ দেবেষু দুরবগ্রহো বিরোধহেতুরয়ং ক্রতু র্বিরমতু। নন্থ তদ্বিরোধে কা ক্ষতিস্তত্রাহ। ধর্ম্মব্যতিকরো ধর্ম্মব্যাঘাতঃ ধর্ম্মোদূষিতঃ স্যাদিত্যর্থঃ ॥ ২৬। ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি কিং তবাভিপ্রেতমিত্যত আহ পৃথ্বিতি। একোন শতক্রতুরপি পৃথুরয়ং শতক্রতোরিন্দ্রাদপি পৃথুকীর্ত্তি র্বিপুল যশাভূয়াদিতি ক্রতুভি র্যশএব সাধ্যং তচ্চ মদাশীর্ব্বাদাদেব ভবিষ্যতীতি ভাবঃ। পৃথুকীর্ত্তেঃ পৃথোরিতি ষষ্ঠ্যন্ত পাঠে একোন শতমেব ক্রতুর্ভূয়াদিত্যেকত্বং জাত্যপেক্ষয়া একোনশতমিতি সংখ্যা ব্যক্ত্যপেক্ষয়া সিদ্ধং ক্রতুশতস্ত সঙ্কল্পোঽপূর্ণোপি মদাশীর্ব্বাদাদেকোনত্বেপি পূর্ণো ভবত্বিত্যর্থঃ। ঋত্বিজঃ প্রত্যুক্ত্বা পৃথুঃ প্রত্যাহ অলমিতি ॥ ২৪ ॥

আত্মনে ইত্যত্র হেতুঃ। উভাবপীতি দ্বয়োরপি যুবয়ো র্ভগবদবতারত্বাদিত্যর্থঃ ॥ ২৫ ॥

তদপি ক্রত্বসমাপ্তিং ধ্যায়ন্তং তং প্রত্যাহ মাস্মিন্নিতি। যদ্দৈব হতং কর্ম্ম তৎকর্ত্তুং ধ্যায়তঃ পুংসঃ নু নিশ্চিতং মনোঽতিরুষ্টং সৎ অন্ধতমোমোহং বিশতি নতু শান্তিং লভতে ॥ ২৬ ॥

অতএব আর যজ্ঞ করিও না, রাজার একোনশত যাগ যাহা সম্পন্ন হইয়াছে তাহাই থাকুক, একোনশত যজ্ঞ দ্বারাই ইহাঁর কীর্ত্তি মহেন্দ্র অপেক্ষা বিপুল হইবে। অনন্তর পৃথুকে সম্বোধন করিয়া বলিলেন, রাজন্! তুমি মোক্ষধর্ম্মজ্ঞ, মুক্তির অভিলাষ কর, তোমার সকল যজ্ঞ সর্ব্বাঙ্গ সম্পূর্ণ অনুষ্ঠান করিবার প্রয়োজন কি? অনেক হইয়াছে ক্ষান্ত হও ॥ ২৪ ॥

তোমার মঙ্গল হউক, ইন্দ্র তোমার আত্মা স্বরূপ, আত্মা দ্বারা আত্মাকে ক্রোধিত করা যোগ্য হয় না। রাজন্! ইন্দ্র এবং তুমি দুই জনেই ভগবানের শরীর অতএব তোমরা পরস্পর অভিন্ন ॥ ২৫ ॥

হে মহাভাগ! তোমার যজ্ঞে এই যে বিঘ্ন হইল এ বিষয়ে আর চিন্তা করিও না, মনোযোগ পূর্ব্বক আমার বাক্য শ্রবণ কর, যে কর্ম্ম দৈব কর্ত্তৃক বিনষ্ট, তাহা করিবার নিমিত্ত যে ব্যক্তি চিন্তা করে তাহার মনঃ অতিশয় রুষ্ট হইয়া ঘোরতর মোহে প্রবিষ্ট হয় কখন শান্তি লাভ করিতে পারে না ॥ ২৬ ॥

ক্রতুর্ব্বিরমতামেষ দেবেষু দুরবগ্রহঃ। ধর্ম্মব্যতিকরো যত্র পাষণ্ডৈরিন্দ্রনির্ম্মিতৈঃ ॥ ২৭ ॥
এভিরিন্দ্রোপসংসৃষ্টৈঃ পাষণ্ডৈর্হারিভির্জনঃ। হ্রিয়মাণং বিচক্ষ্বৈনং যস্তে যজ্ঞধ্রুগশ্বমুট্ ॥ ২৮ ॥
ভবান্ পরিত্রাতুমিহাবতীর্ণো ধর্ম্মঞ্চ নানা সময়ানুরূপং।
বেণাপচারাদবলুপ্তমদ্য তদ্দেহতো বিষ্ণুকলাসি বৈণ্য ॥ ২৯ ॥
স ত্বং বিমৃশ্যাস্য ভবং প্রজাপতে সংকল্পনাং বিশ্বসৃজাং পিপীপৃহি।
ঐন্দ্রীঞ্চ মায়ামুপধর্ম্মমাতরং প্রচণ্ডপাষণ্ডপথং প্রভো জহি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

অতএব ক্রতুর্বিরমতু। নম্বু ইন্দ্রঃ কিং ননিবার্য্যতে অত আহ যতো দেবেষু দুরবগ্রহো ভবতীতি যত্র ক্রতৌ ॥ ২৭ ॥

ইন্দ্রদুরবগ্রহকৃতমনর্থং পশ্যেত্যাহ। এভিরিন্দ্রেণোপসৃষ্টৈঃ অধিষ্ঠিতৈঃ হারিভিশ্চিত্তাকর্ষকৈঃ। য ইন্দ্রঃ। তেহশ্বং মুষ্ণাতীতি তথা যজ্ঞায় দ্রুহ্যতীতি তথা তেনোপসৃষ্টৈঃ ॥ ২৮ ॥

ততো মম কিমিতি চেত্তত্রাহ ভবানিতি দ্বাভ্যাং। সাংখ্যযোগাদি নানা সিদ্ধান্তানুরূপং ধর্ম্মং বেণস্যান্যায়াদবলুপ্তং পরিত্রাতুং তদ্দেহাদ্বিষ্ণোঃ কলৈব ত্বং অবতীর্ণোসি ॥ ২৯ ॥

অস্য বিশ্বস্য উদ্ভবং বিচার্য্য যৈরুৎপাদিতোসি তেষাং বিশ্বসৃজাং সংকল্পং পিপীপৃহি আর্ষঃ প্রয়োগঃ পূরয়েত্যর্থঃ। প্রচণ্ডো যঃ পাষণ্ড মার্গঃ সৈব ঐন্দ্রী মায়া উপধর্ম্মজননী তাং জহি ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

পাষণ্ডানাং বলং দর্শয়তি। এভিরিতি ॥ ২৮ ॥

তর্হি পাষণ্ডান্যপ্যুপেক্ষণীয়ান্যেবেত্যাহ। ভবানিতি দ্বাভ্যাং ॥ ২৯। ৩০। ৩১। ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতএব ক্রতুর্বিরমতাং নম্বিন্দ্রঃ কিমিতি ন নিবার্য্যতে তত্রাহ দেবেষু মধ্যেঽয়ং দুরাগ্রহো ভবতি যত্র ক্রতৌ ॥ ২৭ ॥

ইন্দ্রদুরাগ্রহ কৃতমনর্থং দর্শয়তি এভিরিতি। হারিভিশ্চিত্তাকর্ষকৈঃ। য ইন্দ্রস্তে অশ্বং মুষ্ণাতীতি তথা যজ্ঞায় দ্রুহ্যতীতি তথা তেন সৃষ্টৈঃ ॥ ২৮ ॥

ত্বত্তঃ সকাশাৎ ধর্ম্মএব প্রবর্ত্তিতুমর্হতি নত্বধর্ম্ম ইত্যাহ ভবানিতি ॥ ২৯ ॥

অস্য বিশ্বস্য ভবং কল্যাণং হে প্রজাপতে বিশ্বসৃজাং যৈর্ম্মথনাদুৎপাদিতোসি তেষাং সঙ্কল্পনাং সঙ্কল্পং পিপীপৃহি আর্ষঃ প্রয়োগঃ পূরয়েত্যর্থঃ। উপধর্ম্মস্য মাতরং জনয়িত্রীং কীদৃশীং প্রচণ্ডস্য পাষণ্ডস্য পন্থানং আবিষ্টলিঙ্গত্বাদনুক্তং পুংস্ত্বং ॥ ৩০ ॥

অতএব যজ্ঞ করণে ক্ষান্ত হও, ইন্দ্রকে নিবারণ করিতে আমার সাধ্য নাই, কারণ তাহা করিলে দেবতাদের প্রতি অনাস্থা প্রকাশ হইবে। রাজন্! যজ্ঞ করণে ক্ষান্ত হইতে বলিবার অভিপ্রায় এই, ইন্দ্র কর্ত্তৃক যে সকল পাষণ্ড সৃষ্ট হইয়াছে তদ্দারা ধর্ম্ম সঙ্কীর্ণ হইয়া পড়িবে ॥ ২৭ ॥

এই দেখনা যে ইন্দ্র অশ্ব হরণ করিয়া তোমার যজ্ঞদ্রোহী হইয়াছিলেন তাঁহার অধিষ্ঠিত এই সকল চিত্তাকর্ষক পাষণ্ড এই ব্যক্তিকে (ধর্ম্মকে) হরণ করিয়া লইয়া যাইতেছে ॥ ২৮ ॥

নরদেব! তুমি ধর্ম্মের পরিত্রাণ নিমিত্ত অবতীর্ণ হইয়াছ, সাংখ্য যোগাদি নানা সিদ্ধান্তানুরূপ এই ধর্ম্ম তোমার পিতা বেণের অন্যায়াচরণে লুপ্ত হইতেছিল, ইহার পরিত্রাণার্থ বেণদেহ হইতে তোমার উৎপত্তি হইয়াছে, তুমি সাক্ষাৎ বিষ্ণুর অংশ ॥ ২৯ ॥

অতএব হে প্রজাপতে! এই বিশ্বের উদ্ভবের বিষয় বিচার করিয়া যাহাদের মন্থন দ্বারা তুমি উৎপন্ন হইয়াছ সেই সকল বিশ্বস্রষ্টা ঋষির সংকল্প পূর্ণ কর। রাজন্! এই যে পাষণ্ড মার্গ, ইহা ইন্দ্র সম্বন্ধিনী মায়া, ইহা উপধর্ম্মের জননী ইহাকে বিনষ্ট কর ॥ ৩০ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইত্থং স লোকগুরুণা সমাদিষ্টো বিশাম্পতিঃ। তথাচ কৃত্বা বাৎসল্যং মঘোনাপিচ সন্দধে ॥৩১

কৃতাবভৃথ্যস্নানায় পৃথবে ভূরি কর্ম্মণে। বরান্ দদুস্তে বরদা যে তদ্বর্হিষি তর্পিতাঃ।

বিপ্রাঃ সত্যা শিষস্তুষ্টাঃ শ্রদ্ধয়া লব্ধদক্ষিণাঃ। আশিষো যুযুজুঃ ক্ষত্তরাদিরাজায় সৎকৃতাঃ ॥ ৩২

ত্বয়াহূতা মহাবাহো সর্ব্ব এব সমাগতাঃ। পূজিতা দানমানাভ্যাং পিতৃদেবর্ষি মানবাঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুবিজয়ে ব্রহ্মবাক্যমেকোনবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

তথাকৃত্বা যজ্ঞাগ্রহং চ হিত্বা বাৎসল্যং স্নেহঞ্চ কৃত্বা ইন্দ্রেন সহ সন্ধানঞ্চ কৃতবান্ ॥ ৩১ ॥

কৃতমবভৃথ সম্বন্ধি স্নানং যেন তস্মৈ ॥ ৩২ ॥

তুষ্টানাং বাক্যং ত্বয়েতি ॥ ৩৩ ॥

॥ * ॥ চতুর্থে একোনবিংশঃ ॥ * ॥

বিংশেতু বিষ্ণুনা সাক্ষাৎ পৃথোর্যজ্ঞেঽনুশাসনং। বরদান প্রসঙ্গেন প্রীতিশ্চান্যোন্যমীর্য্যতে ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

চিৎসুখ মতেতু অত্রোনবিংশোধ্যায়ঃ। তথাচ কৃতবান্ সর্ব্বমিতি চিৎসুখঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য উনবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চএবার্থে যথা ব্রহ্মণ আজ্ঞা তথৈব বাৎসল্যঃ কৃত্বেতি যজ্ঞস্য বয়ো বৃদ্ধত্বেপি দেবেন্দ্রত্বেপিচ ব্রহ্মণ এবাজ্ঞয়া তত্র পৃথো র্বাৎসল্যং সাচ তয়ো র্বিশুদ্ধসত্বেন তুল্যত্বেপি পৃথোর্ভক্ত্যুৎকর্ষেণাভ্যর্হিতত্বমালক্ষ্যেব কৃত্বেতি জ্ঞেয়ং সন্দধে সন্ধিঃ চকার ॥ ৩১ ॥ ৩২ ॥

তুষ্টানাং বাক্যং ত্বয়েতি ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। উনবিংশশ্চতুর্থেঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বিংশে প্রীতিং সহেন্দ্রেণ বিষ্ণুনা বোধিতঃ পৃথুঃ। চকার তুষ্টাবচ তং স দত্বাগাদ্বরং প্রভুঃ ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন লোকগুরু ব্রহ্মা এই প্রকার আদেশ করিলে পৃথুরাজা যজ্ঞ করণরিষয়ে আগ্রহ পরিত্যাগ করিলেন, পরে স্নেহ প্রকাশ করাতে ইন্দ্রের সহিত তাঁহার সন্ধি হইল ॥ ৩১ ॥

অনন্তর ভূরি কর্ম্মা পৃথু অবভৃথ স্নান (যজ্ঞ সমাপনান্তে কর্ত্তব্য স্নান) করিয়া উপবিষ্ট হইলে যে সকল দেব ও ঋষি তাঁহার যজ্ঞে তর্পিত হইলেন, তাঁহারা স্বয়ং বরদ হইয়া বর প্রদান করিতে লাগিলেন। বৎস বিদুর! যে সকল ব্রাহ্মণদের আশীর্ব্বাদ অব্যর্থ তাঁহারা শ্রদ্ধার সহিত দক্ষিণা প্রাপ্ত হওয়াতে পরম পরিতুষ্ট হইয়া শুভাশীঃ প্রয়োগ করত কহিলেন ॥ ৩২ ॥

মহারাজ! আপনি যে সমস্ত পিতৃ দেব ঋষি এবং মনুষ্যদিগকে আহ্বান করিয়াছিলেন আপনকার যজ্ঞে তাঁহাদের সমাগম হইয়াছিল, এবং দান মান দ্বারা সকলেই উত্তম রূপে পূজিত হইয়াছেন ॥ ৩৩

॥ * ॥ চতুর্থে ঊনবিংশ ॥ * ॥

বিংশ অধ্যায়ে যজ্ঞে বরদান প্রসঙ্গে ভগবান্ বিষ্ণু কর্ত্তৃক পৃথুর প্রতি সাক্ষাৎ উপদেশ প্রদান এবং তাঁহার আজ্ঞা ক্রমে ইন্দ্রের সহিত পরস্পর প্রীতির বিষয় বর্ণন ॥ ০ ॥

ভগবানপি বৈকুণ্ঠঃ সাকং মঘবতা বিভুঃ। যজ্ঞৈর্যজ্ঞপতিঃ স্বিষ্টো যজ্ঞভুক্ তমভাষত ॥ ১ ॥
এষ তেঽকারষীদ্ভঙ্গং হয়মেধশতস্য হ। ক্ষমাপয়ত আত্মানমমুষ্য ক্ষন্তুমর্হসি ॥ ২ ॥
সুধিয়ঃ সাধবো লোকে নরদেব নরোত্তমাঃ। নাভিদ্রুহ্যন্তি ভূতেভ্যো যর্হি নাত্মা কলেবরঃ।
পুরুষা যদি মুহ্যন্তি তাদৃশা দেবমায়য়া। শ্রম এব পরং জাতো দীর্ঘয়া বৃদ্ধসেবয়া ॥ ৩ ॥
অতঃ কায়মিমং বিদ্বানবিদ্যা কাম কর্ম্মভিঃ। আরব্ধ ইতি নৈবাস্মিন্ প্রতিবুদ্ধোঽনুসজ্জতে ॥ ৪

শ্রীধরস্বামী।

মঘবতা সাকং ইন্দ্রেণ সহ বর্ত্তমানঃ ॥ ১ ॥

আত্মানং স্বাং ক্ষমাং কারয়তঃ অমুষ্য ॥ ২ ॥

যর্হি যস্মাৎ কলেবরমাত্মা ন ভবতি অতস্তদভিমানেন ভূতেভ্যো নাভিদ্রুহ্যন্তি ॥ ৩ ॥

অবিদ্যা স্বরূপাজ্ঞানং ততঃ কামঃ ততঃ কর্ম্মতৈরারব্ধ ইতি বিদ্বান্ অতএব প্রতিবুদ্ধঃ আত্মজ্ঞঃ। অস্মিন্নৈবানুষজ্জতে ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

এষ তে হ্যকরোদিতি ক্বচিৎ পাঠঃ ॥ ১ । ২ ॥

প্রথম জ্ঞান দ্বারা তং সান্ত্বয়তি। সুধিয় ইত্যাদিভিঃ। কলেবরমত্র স্থূলসূক্ষ্মাত্মকঃ ॥ ৩ । ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততশ্চ ভগবানপি প্রাদুর্ভূয় স্বাংশমিন্দ্রমুপানীয় সন্ধিং কারয়ন্ পৃথুং প্রবোধয়ামাসেত্যাহ ভগবানপীতি ॥ ১ ॥

আত্মানং স্বাং ক্ষমাং কারয়তোঽমুষ্য ॥ ২ ॥

যর্হি যতঃ কলেবরমাত্মা ন ভবতি অতস্তত্রাভিমানানৌচিত্যাৎ। কুতোভূতদ্রোহঃ সংভবেদিত্যর্থঃ ॥

ভগবন্মায়য়া মোহনাদেব ভবেদিতি চেত্তত্রাহ পুরুষা ইতি ॥ ৩ ॥

অতো বৃদ্ধসেবয়ৈব মায়ানাবরণাৎ প্রতিবুদ্ধঃ প্রতিবোধমেবাহ অবিদ্যয়ৈব কামঃ কামাদেব কর্ম্মাণি তৈরারব্ধোঽয়মিতি ইমং কায়ং বিদ্বান্ জানন্ ॥ ৪ । ৫ ॥

মৈত্রেয় কহিলেন ভগবান্ যজ্ঞপতিও পৃথুর যজ্ঞে ইন্দ্রের সহিত বর্ত্তমান হইয়া বিবিধ যজ্ঞ দ্বারা সুন্দর রূপে পূজিত হইলেন, পরে দেবরাজকে অগ্রবর্ত্তি করিয়া পৃথুকে কহিতে লাগিলেন ॥ ১ ॥

রাজন্! ইনি তোমার শত অশ্বমেধের ব্যাঘাত করিয়াছিলেন এক্ষণে ক্ষমা প্রার্থনা করিতেছেন ইহাঁকে ক্ষমা কর ॥ ২ ॥

হে নরদেব! এই জগতীতলে যে সকল ব্যক্তি সুবুদ্ধি, সাধু ও প্রধান, তাঁহারা কোন প্রাণির হিংসা করেন না যে হেতু তাঁহাদের এ রূপ জ্ঞান আছে যে শরীর আত্মা নহে, সুতরাং দেহাভিমান বশতঃ পরের অনিষ্টাচরণে প্রবৃত্ত হয়েন না। রাজন্। তোমার সদৃশ পুরুষেরাও যদি দেবমায়ায় মোহিত হয় অর্থাৎ তাহাদেরও যদি মোহ বশতঃ ঐরূপ কার্য্যে প্রবৃত্তি দেখিতে পাওয়া যায়, তবে তোমাদের দীর্ঘকাল বৃদ্ধসেবা কেবল শ্রমমাত্র, তাহার কি ফল হইল? ॥ ৩ ॥

অতএব বিদ্বান্ ব্যক্তিরা এই দেহকে প্রথমত অবিদ্যায় অর্থাৎ স্বরূপাজ্ঞানে, তদনন্তর কাম, তাহার পর কর্ম্ম দ্বারা আরব্ধ বলিয়া জানেন, সুতরাং আত্মজ্ঞান হওয়াতে আর তাঁহাদের দেহে আসক্তি হয় না ॥ ৪ ॥

অসংসক্তঃ শরীরেস্মিন্নমুনোৎপাদিতে গৃহে। অপত্যে দ্রবিণে চাপি কঃ কুর্য্যান্মমতাংবুধঃ ॥ ৫ ॥
একঃ শুদ্ধঃ স্বয়ংজ্যোতির্নির্গুণো হসৌ গুণাশ্রয়ঃ। সর্ব্বগোহনাবৃতঃ সাক্ষী নিরাত্মাত্মাত্মনঃ পরঃ ॥ ৬
য এবং সন্তমাত্মানমাত্মস্থং বেদ পূরুষঃ। নাজ্যতে প্রকৃতিস্থোপি তদ্গুণৈঃ স ময়ি স্থিতঃ ॥ ৭ ॥
যঃ স্বধর্ম্মেণ মাং নিত্যং নিরাশীঃ শ্রদ্ধয়ান্বিতঃ। ভজতে শনকৈস্তস্য মনোরাজন্ প্রসীদতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তথাপি পুত্রাদি মমত্বেন ভূতদ্রোহো ভবেত্তত্রাহ অসংসক্ত ইতি ॥ ৫ ॥

প্রতিবোধক্রমং বিবৃণ্বন্ দেহেনুষঙ্গাভাবমাহ এক ইতি দ্বাভ্যাং। অসাবাত্মা আত্মনো দেহাৎ পরোভিন্নঃ তত্র নবধা বৈলক্ষণ্যেন ভেদং সাধয়তি এক ইতি নবভিঃ পদৈঃ। দেহোহি বালযুবাদি ভেদাদনেকঃ। মলিনশ্চ জড়শ্চ সগুণশ্চ স্বকারণভূতগুণাশ্রিতশ্চ পরিচ্ছিন্নশ্চ গৃহাদিভিরাবৃতশ্চ দৃশ্যশ্চ আত্মাচ আত্মাতু নৈবং অতোভিন্নঃ ॥ ৬ ॥

আত্মস্থং দেহস্থং যোবেদ স দেহস্থোপি তদ্বিকারৈর্নলিপ্যতে। যতঃ স ময়ি ব্রহ্মণি স্থিতঃ ॥ ৭ ॥

ইয়মবস্থা কস্য উৎপদ্যতে ইত্যপেক্ষায়ামাহ যঃ স্বধর্ম্মেণেতি চতুর্ভিঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্রাসংসক্ত ইত্যাদিনা দেহদ্বয়বিলক্ষণং শুদ্ধং জীবাত্মানং কিঞ্চিৎ প্রবোধায় সূচয়িত্বা সম্যক্ প্রতিবোধায় পরমাত্মানমুপদিশতি। এক ইতি। অসৌ জীবাবধি শক্যগোচর আত্মা পরমাত্মাখ্য আত্মা আত্মনঃ শুদ্ধাৎ জীবাদপরঃ যতোহসৌ একঃ জীবস্তু নানা অসৌ শুদ্ধঃ অসম্ভাব্য দোষ সঙ্গঃ সতু অজ্ঞান দোষ লিপ্তত্বেন দৃষ্টঃ মণ্ডলস্থানীয়ত্বাদসৌ মুখ্যত্বেন স্বয়ং জ্যোতিঃ সতু রশ্মি স্থানীয়ত্বাদাপেক্ষিকতয়া। অসৌ গুণেভ্যো নির্গতঃ সর্ব্বথৈব সিদ্ধঃ স তু অজ্ঞানেন তদভিমান সংবদ্ধঃ অসৌ সূর্য্য ইবাভাসঃ। বর্ণানাং গুণানামাশ্রয় এব নতু তদ্ব্যাপ্যঃ সতু তদ্ব্যাপ্যঃ অসৌ বিভুঃ সত্বণুঃ অসৌ দেহাদিস্থোপ্যনাবৃতঃ সত্বাবৃতঃ অসৌ সাক্ষাদ্দ্রষ্টৃত্বাৎ সাক্ষী সতু তদনুগ্রহময় শক্তিত্বাদেব। অগাবেবাত্মান্তর রহিতঃ সতু তদাত্মকঃ ॥ ৫ ॥

আত্মস্থং শুদ্ধজীবান্তর্যামিত্বেন স্থিতং। ময়ি স্থিতো মদাশ্রিতত্বেনানুসন্ধায়ী ॥ ৬। ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনাসক্তেঃ কারণমাত্মজ্ঞানমতঃ পরমাত্ম জ্ঞানমুপদিশতি এক ইতি আত্মা পরমাত্মা আত্মনো দেহাৎ জীবাচ্চ পরোভিন্ন একঃ। দেহোজীবশ্চানেকঃ। এবমশুদ্ধঃ প্রকাশ হীনঃ সগুণঃ গুণজন্যত্বাৎ গুণাধীনত্বাচ্চ গুণাশ্রিতঃ জড়ত্বাদনু রূপত্বাচ্চাসর্ব্বগঃ। দেহেন গৃহাদিভিশ্চাবৃতঃ অচেতনত্বাৎ সলেপদ্রষ্টৃত্বাচ্চ সাক্ষী। সজীবত্বাৎ স পরমাত্মকত্বাচ্চ সাত্মেতি দেহ জীবাভ্যাং নবধা বৈলক্ষণ্যং পরমাত্মন উক্তং। এতেনৈব জীবস্য দেহেন সহ নবধা বৈলক্ষণ্যং চ দর্শিতমিতি ॥ ৬ ॥

সপ্রকৃতিস্থঃ দেহস্থোপি দেহগুণৈর্নাজ্যতে ইতি ন দেহস্থ ইত্যর্থঃ ॥ ৭ ॥

অয়মুক্ত লক্ষণঃ প্রবোধো ভক্তিমিশ্রেণ জ্ঞানেন যতমানস্য ভবতীতি তৎ সাধনমাহ য ইতি ॥ ৮ ॥

রাজন্! শরীরের প্রতি আসক্তি পরিত্যাগ হইলে তদ্দ্বারা উৎপন্ন গৃহ সম্পদ্ এবং পুত্রাদিতে আর কোন্ ব্যক্তির মমতা হইবে ? ॥ ৫ ॥

ফলে এই আত্মা দেহ হইতে ভিন্ন, যে হেতু ইনি এক, শুদ্ধ, স্বপ্রকাশ, নির্গুণ, কারণ ভূত গুণের আধার, সর্ব্বগত ও সর্ব্বত্র অনাবৃত এবং সাক্ষি স্বরূপ কিন্তু দেহ এরূপ নহে সে বাল যুবাদি ভেদে অনেক এবং মলিন, জড়, সগুণ, কারণ ভূত গুণের আশ্রিত,পরিচ্ছিন্ন, গৃহাদি দ্বারা আবৃত এবং দৃশ্য ॥৬

এই প্রকারে দেহস্থিত আত্মাকে যিনি জানিতে পারেন তিনি দেহধারী হইলেও দেহের বিকার দ্বারা লিপ্ত হয়েন না, ব্রহ্ম স্বরূপ যে আমি আমাতেই তাঁহাকে অবস্থিত জানিবে ॥ ৭ ॥

হে রাজন্। এই রূপ অবস্থা সকলের হয় না, যে ব্যক্তি নিষ্কাম ও শ্রদ্ধান্বিত হইয়া স্বধর্ম্ম দ্বারা নিত্য আমার উপাসনা করে তাহার মনঃ ক্রমে ক্রমে প্রসন্ন হয় ॥ ৮ ॥

পরিত্যক্তগুণঃ সম্যগ্দর্শনো বিশদাশয়ঃ। শান্তিং মে সমবস্থানং ব্রহ্মকৈবল্যমশ্নুতে ॥ ৯ ॥
উদাসীনমিবাধ্যক্ষং দ্রব্যজ্ঞানক্রিয়াত্মনাং। কূটস্থমিমমাত্মানং যোবেদাপ্নোতি সোঽভবং ॥ ১০
ভিন্নস্য লিঙ্গস্য গুণপ্রবাহো দ্রব্যক্রিয়া কারক চেতনাত্মনঃ।
দৃষ্টাসু সম্পৎসু বিপৎসু সূরয়ো ন বিক্রিয়ন্তে ময়ি বদ্ধসৌহৃদাঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

যর্হি বিশদাশয়ঃ প্রসন্নমনাঃ তদা পরিত্যক্তগুণঃ সন্ সম্যগ্দর্শনো ভূত্বা শান্তিমশ্নুতে। শান্তিমেবাহ মে মম সম্যগৌদাসীন্যেনাবস্থানমেব ব্রহ্ম তদেব কৈবল্যমশ্নুতে ॥ ৯ ॥

সম্যগ্দর্শনমেবাহ উদাসীনমেবাত্মানং দ্রব্যজ্ঞান ক্রিয়াত্মনাং দেহজ্ঞান কর্ম্মেন্দ্রিয় মনসাং অধ্যক্ষমিব স্থিতমাত্মানং যোবেদ ॥১০

সংসারিণঃ কথং কূটস্থত্বং অত আহ। ভিন্নস্য লিঙ্গস্য দেহস্য গুণপ্রবাহঃ সংসারো ভিন্নত্বে হেতুঃ দ্রব্যাদ্যাত্মকস্য তত্র চেতনা চিদাভাসঃ। অতোদৃষ্টাসু প্রাপ্তাসু হর্ষশোকাদিভি র্ন বিক্রিয়ন্তে ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

মম সমবস্থানং শক্ত্যাদ্যবিশিষ্ট তয়াবির্ভাব বিশেষঃ তদেব ব্রহ্মকৈবল্যমশ্নুতে অনুভবতি ॥ ৯ ॥

কৈবল্যত্বমেব দর্শয়তি। উদাসীনমিতি। অধ্যক্ষমিব স্থিতমপ্যুদাসীনং যোবেদেত্যন্বয়ঃ। অভবং মোক্ষমিতি সম্বন্ধোক্তিঃ সোঽভয়মিতি চিৎসুখঃ শোভনমিতি গৌড়ীয়ঃ পাঠঃ ॥ ১০ ॥

অথ ভক্তিপক্ষেণাপি তং সান্ত্বয়তি। ভিন্নস্যেতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তৎ ফলমাহ পরীতি সার্দ্ধাভ্যাং শান্তিং অশ্নুতে শান্তিমেবাহ মে সমবস্থানং মম সমং নির্ভেদমবস্থানং সামান্যাবস্থাং ভাগুরিমতেঽকারলোপঃ। তদ্ব্রহ্ম তদেব কৈবল্যং ॥ ৯ ॥

সম্যগ্দর্শনমেবাহ দ্রব্য জ্ঞান ক্রিয়াত্মনাং অধিভূতাধিদৈবাধ্যাত্মমনসাং অধ্যক্ষং জীবাত্মানং উদাসীনমিব তেষ্বনাসক্তমিব যো বেদ। স ইমং কূটস্থমাত্মানং পরমাত্মানং বেদ যঃ পরমাত্মানং বেদ স অভবং প্রাপ্নোতীত্যাবৃত্যান্বয়ঃ। অত্রৈবকারেণ সম্যগুদাসীনত্বাভাবেপি সাধনদশায়াং জ্ঞানসিদ্ধিং সূচয়তি ॥ ১০ ॥

নম্বু দ্রব্যাদীনামধ্যক্ষত্বেপি জীবস্য তেষ্বৌদাসীন্যমাত্রএব কথং সংসারাভাব ইত্যত আহ ভিন্নস্য জীবাদন্যস্য লিঙ্গদেহস্যৈব গুণপ্রবাহঃ সংসার ভিন্নত্বে হেতুঃ দ্রব্যাদ্যাত্মকস্য অধিভূতাধ্যাত্মাধি দৈব বুদ্ধ্যাদি স্বরূপস্য অয়মর্থঃ। লিঙ্গদেহস্য খল্বভিমানেনৈব জীবস্য সংসারো নত্বৌদাসীন্যেনেতি তত্রাধ্যক্ষত্বেপি নজীবস্য ক্ষতি র্লিঙ্গস্যাপি তদেবালিঙ্গত্বমিতি। এবঞ্চ যঃ স্বধর্ম্মেণেত্যাদিনা ভক্তিমিশ্রেণ জ্ঞানেন যতমানানাং সংসারাভাবমুক্ত্বা কেষাঞ্চিৎ কেবলয়ৈব ভক্ত্যা জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণমনলো যথেতি ন্যায়েন সংসারনিবৃত্তয়ে যত মানানামপি সংসারাভাবমাহ। দৃষ্টাস্বিতি আসক্ত্যভাবাৎ প্রাকৃত সম্পদ্বিপদো র্ন বিক্রিয়ন্তে আসক্ত্যভাবে হেতুঃ। ময়ি বদ্ধেতি সৌহৃদবদ্ধস্য কেবলয়ৈব ভক্ত্যা ভবেদিত্যুপপাদিতং তৃতীয়স্কন্ধে ॥ ১১ ॥

মহারাজ! মনঃ প্রসন্ন হইলেই গুণ সকল পরিত্যাগ করিয়া সম্যগ্দর্শী হয়, তখন আমার ঔদাসীন্য রূপে অবস্থান রূপ যে শান্তি যাহার নাম কৈবল্য,তাহাই অনুভব করিতে থাকে ॥ ৯ ॥

ফলতঃ আত্মা উদাসীন হইলেও কূটস্থ, এই আত্মাকে যাঁহারা দেহ, জ্ঞান, কর্ম্ম, ইন্দ্রিয় এবং মনের অধ্যক্ষ স্বরূপে অবস্থিত বোধ করেন তাঁহাদের আর সংসার ভয় হয় না ॥ ১০ ॥

ঐ সকল জ্ঞানি ব্যক্তির অন্তঃকরণে এমত বোধ উদিত হয় যে লিঙ্গ, শরীর, দ্রব্য, ক্রিয়া, কারক এবং চেতনা স্বরূপ, ঐ দেহেরই সংসার হইয়া থাকে অতএব সম্পদই উপস্থিত হউক বা বিপদই আপতিত হউক, হর্ষ শোকাদি দ্বারা তাঁহাদের কোন বিকার হয় না, আমাতেই সৌহৃদ্য বদ্ধ করিয়া নিশ্চল হইয়া থাকেন ॥ ১১॥

সমঃ সমানোত্তম মধ্যমাধমঃ সুখেচ দুঃখেচ জিতেন্দ্রিয়াশয়ঃ।
ময়োপকৢপ্তাখিললোকসংযুতো বিধৎস্ব বীরাখিললোকরক্ষণং ॥ ১২ ॥
শ্রেয়ঃ প্রজাপালনমেব রাজ্ঞো যৎ সম্পরায়ে সুকৃতাৎ ষষ্ঠমংশং।
হর্ত্তান্যথা হৃতপুণ্যঃ প্রজানামরক্ষিতা করহারোঘমত্তি ॥ ১৩ ॥
এবং দ্বিজাগ্র্যানুমতানুবৃত্ত ধর্ম্মপ্রধানোন্যতমোবিতাস্যাঃ।

শ্রীধরস্বামী।

ত্বঞ্চ সূরিঃ অতএব সুখে দুঃখেচ সমঃ সন্ সমানা উত্তম মধ্যমাধমা যস্য জিতানীন্দ্রিয়াণ্যাশয়শ্চ যেন স ত্বং অখিললোক রক্ষণং বিধৎস্ব। কথমেকেন ময়া রক্ষণং কর্ত্তুং শক্যং তত্রাহ। ময়া ঈশ্বরেণ উপকৢপ্তাঃ সম্পাদিতা যে অখিলা লোকা অমাত্যাদয় স্তৈঃ সংযুতঃ ॥ ১২ ॥

ননু রক্ষণং দণ্ডাদি সাপেক্ষং অতস্তপোঽন্যদ্বা পুণ্যং করিষ্যামি ইতি চেদত্ত আহ শ্রেয় ইতি। যৎ যস্মাৎ সংপরায়ে পরলোকে প্রজাভিঃ কৃতাৎ সুকৃতাৎ ষষ্ঠমংশং হর্ত্তা হরতি। অরক্ষণে দোষমাহ অন্যথা প্রজাভিঃ হৃতং পুণ্যং যস্য সঃ। প্রজানামঘমত্তি পাপং ভুঙ্ক্তে অন্যথেত্যস্য বিবরণং করহারঃ সন্ন রক্ষিতা চেৎ ॥ ১৩ ॥

এবঞ্চ মোক্ষোপ্যনায়াসেন ভবিষ্যতীত্যাহ। দ্বিজাগ্র্যাণামনুমতশ্চাসৌ অনুবৃত্তশ্চ পরম্পরা প্রাপ্তো যোধর্ম্ম সএব প্রধানং অর্থকামৌ তু প্রাসঙ্গিকৌ যস্য। অন্যতমঃ অতিশয়েনান্যঃ ধর্ম্মাদিষনাসক্ত ইত্যর্থঃ। ধর্ম্মপ্রধানান্যতম ইতি পাঠে ধর্ম্ম

ক্রমসন্দর্ভঃ।

অথ কর্ত্তব্যমুপদিশতি। সম ইতি লোকেত্যত্র সন্ধেতি চিৎসুখঃ ॥ ১২ ॥

উত্তরকালে তস্য স্বভক্তি নিষ্ঠাং স্বভক্তেষু বিখ্যাপয়িতুমিচ্ছয়া অন্যেষু জ্ঞানাদি প্রবর্ত্তনেচ্ছয়াচ তস্য কর্ত্তব্যং সূচয়তি। এবমিতি ॥ ১৩ । ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্বঞ্চ ময়ি বদ্ধসৌহৃদ ইত্যতোময়িদেশ এব বর্ত্তস্বেত্যাহ সম ইতি চতুর্ভিঃ। প্রাকৃত সম্পদ্বিপদোঃ সমবুদ্ধিঃ। সমানাঃ সত্বাদিগুণৈরুত্তম মধ্যমাধমা যস্য সঃ। ময়েশ্বরেণোপকৢপ্তাঃ সংপাদিতা যেঽখিল লোকা অমাত্যাদয়স্তৈঃ সংযুতঃ। ঈশ্বর দত্তৈশ্বর্য্যোঽহমীশ্বরাজ্ঞাপালন রূপং প্রজা রক্ষণং করোমীতি বুদ্ধ্যেত্যর্থঃ ॥ ১২ ॥

অস্যাপি রাজ্ঞঃ প্রজাপালনমেব ধর্ম্ম ইত্যাহ। সাংপরায়ে পরলোকে প্রজানাং সুকৃতাৎ হর্ত্তা গৃহীতা ॥ ১৩ ॥

রাজন্! তুমি অতিশয় জ্ঞানী, সুখ দুঃখে সমান ও উত্তম মধ্যম অধমে সমবুদ্ধি হইয়া ইন্দ্রিয় এবং মনঃ জয় করত এই সকল লোকের রক্ষণাবেক্ষণ কর। মহারাজ! একাকী কিরূপে সমুদায় পরিরক্ষণ করিব এমত আশঙ্কা করিও না। আমি তোমার অমাত্যাদি সমুদায় রাজ্যাঙ্গ প্রস্তুত করিয়া রাখিয়াছি,যাও তাহাদের সহিত মিলিত হও ॥ ১২ ॥

হে রাজন্! রাজার পক্ষে তপস্যা অথবা অন্য প্রকার পুণ্য কর্ম্মের অনুষ্ঠান অপেক্ষা প্রজা পালনই শ্রেয়ঃ, যেহেতু প্রজারা যে সকল পুণ্যানুষ্ঠান করে, পরলোকে রাজা তাহার ষষ্ঠ অংশ প্রাপ্ত হয়েন। কিন্তু যিনি রাজা হইয়া রক্ষণাবেক্ষণ না করেন তাঁহার পুণ্য প্রজারা হরণ করিয়া লয়। তিনি যে প্রজাদিগের নিকট কর গ্রহণ করেন, তাহা কেবল তাঁহার প্রজাবর্গের পাপ ভোজন করা হয় ॥ ১৩ ॥

রাজন্! তুমি যদি এই প্রকারে পরম্পরায় আগত এবং দ্বিজাগ্র্যদিগের অনুমত এই ধর্ম্মকেই প্রধান ও অর্থকামকে প্রাসঙ্গিক বোধ করিয়া এই ধর্ম্মেই অনুরাগ প্রকাশ পূর্ব্বক পৃথিবীর রক্ষা কর

হ্রস্বেন কালেন গৃহোপযাতান্ দ্রষ্টাসি সিদ্ধাননুরক্তলোকঃ ॥ ১৪ ॥
বরঞ্চ মৎ কঞ্চন মানবেন্দ্র বৃণীষ্ব তেঽহং গুণশীলযন্ত্রিতঃ ।
নাহং মখৈর্বৈ সুলভস্তপোভির্যোগেন বা যৎ সমচিত্তবর্ত্তী ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
স ইত্থং লোকগুরুণা বিষ্বক্সেনেন বিশ্বজিৎ । অনুশাসিত আদেশং শিরসা জগৃহে হরেঃ ॥ ১৫
স্পৃশন্তং পাদয়োঃ প্রেম্ণা ব্রীড়িতং স্বেন কর্ম্মণা । শতক্রতুং পরিষ্বজ্য বিদ্বেষং বিসসর্জ্জহ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী ।

প্রধানাবন্যতমাবর্থকামৌ যস্য ইত্যর্থঃ । অস্যাঃ পৃথিব্যা অবিতা সন্ অল্পেন কালেন গৃহাগতান্ সনকাদীন্ দ্রক্ষ্যসি অনুরক্তো লোকো যস্মিন্ সঃ ॥ ১৪ ॥

মৎ মত্তঃ সকাশাৎ কঞ্চিৎ বরং বৃণীষ্ব । গুণাঃ শমাদয়ঃ শীলং নির্ম্মৎসরত্বাদিস্বভাবঃ তৈরহং যন্ত্রিতঃ বশীকৃতঃ তত্ররহিতৈস্তু মখাদিভির্নাহং সুলভঃ যতঃ সমং চিত্তং যেষাং তেষ্বেব বর্ত্তিতুং শীলং যস্য সোঽহং ॥ ১৫ ॥

ক্ষমাপয়িতুং পাদয়োঃ স্পৃশন্তং স্বেন কর্ম্মণা অশ্বাপহরণেন ব্রীড়িতং প্রেম্ণা পরিষ্বজ্য ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ ।

সংপ্রত্যপি পূর্ব্বেচ্ছয়াহ । বরঞ্চেতি । গুণশীলে অত্র ভক্ত্যুত্থে এব জ্ঞেয়ে । তত্র গুণাঃ গুরূপসত্তি প্রাপ্তাঃ পাণ্ডিত্যাদয়ঃ । শীলন্তু সুস্বভাবো বিনয়াদিঃ সমস্বঞ্চ নারায়ণপরাঃ সর্ব্ব ইত্যাদি রীত্যা তদুত্থমেব নতু যোগাদ্যুত্থানি তানি । নরোধয়তি মাং যোগ ইত্যাদেঃ ॥ ১৫ ॥

তদেবং শ্রীভগবত আদেশত্রয়ং জাতং ইন্দ্রেণ প্রীতিঃ সিদ্ধানুগমনঞ্চাত্রাস্বীকারশ্চেতি । তদেব ত্রয়মপি স্বীচকারেত্যাহ । স ইত্থমিতি । তত্রান্তিমদ্বয়ং স্বানুকূলেন প্রকার বিশেষেণ প্রথমং তু যথাবদেব স্বীচকারেত্যাহ । স্পৃশন্তমিতি । প্রেম্ণেতি ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

দ্বিজাগ্রৈঃ শাস্ত্রাভিজ্ঞৈ র্বিপ্রৈরনুমতোঽথচানুবৃত্তঃ পরম্পরা প্রাপ্তো ধর্ম্মএব প্রধানং যস্য সঃ । অন্যতম স্তত্রানাসক্ত ঐক পদ্য পাঠে কর্ম্মধারয়ঃ অস্যাঃ পৃথিব্যাঃ ॥ ১৪ ॥

অত্যনুকম্পা বিগত গাম্ভীর্য্য আহ । বরঞ্চেতি । গুণশীলাভ্যাং যন্ত্রিতো বশীকৃতঃ প্রাকৃতাভ্যাং তাভ্যাং বশীকারাসম্ভবাদ প্রাকৃতে ভক্ত্যুত্থে এব জ্ঞেয়ে গুণো দয়া ক্ষমাদিঃ । শীলং বিনয়স্নেহাদিময়ঃ স্বভাবঃ । নাহমিতি নরোধয়তি মাং যোগ ইত্যাদেঃ যদ্যস্মাৎ সমং তুল্যমেব সর্ব্বেষাং চিত্তবর্ত্তী চিত্তাধিষ্ঠাতা সর্ব্বত্রোদাসীন এব নতু কস্যাপি বশ ইত্যর্থঃ ॥ ১৫ ॥

স্বেনাশ্বাপহরণেন ॥ ১৬ ॥

তাহা হইলে লোক সকল তোমার প্রতি অনুরক্ত হইবে এবং অল্প কালের মধ্যে সনকাদি সিদ্ধ মহর্ষিদিগকে আপনার গৃহে উপস্থিত দেখিতে পাইবে । অতএব এই ধর্ম্মে তোমার অনায়াসে মোক্ষও হইতে পারে ॥ ১৪ ॥

হে মানবেন্দ্র ! আমি তোমার শমাদি গুণ ও নির্ম্মৎসরত্বাদি স্বভাব দ্বারা বশীকৃত হইয়াছি, আমার নিকট কোন বর প্রার্থনা কর । মহারাজ ! যজ্ঞ অথবা তপস্যা কিম্বা যোগ দ্বারা আমি সুলভ নহি, যাহাদের চিত্ত সমান তাহাদের মধ্যেই আমি বর্ত্তমান থাকি ॥ ১৫ ॥

কর্ম্ম স্বরূপতোঽশুদ্ধং জড়ং রাজসমপি ভগবদর্পিতং সৎ তদ্রূপ গুণীভূত ভক্ত্যংশেন বিশুদ্ধ সত্বং চৈতন্যমেব ফলতো ভবতীতি ভক্তিমিশ্রং কর্ম্মোপদিশতি দ্বাভ্যাং । অসাবিতি তর্জ্জন্যা প্রস্তুত মধ্বরং দর্শয়তি অসাবধ্বরোঽনেকগুণো নানা বিশেষণবান্ রাজসোঽপি ভগবদর্পণ রূপ ভক্তি মাহাত্ম্যাত্তৎফল দশায়ামগুণোগুণাতীতো ভবন্ স্বরূপতো বিশুদ্ধ বিজ্ঞান ঘনঃ ব্রহ্মানন্দ রূপত্বেন সংপদ্যতে কর্ম্মণোঽস্য মোক্ষফলকত্বাদিতি ভাবঃ । তেন সাক্ষাত্তদীয় শ্রবণ কীর্ত্তনাদিস্ত প্রথমতএব বিশুদ্ধ বিজ্ঞান ঘনঃ সত্ সর্ব্বতোপি শ্রেষ্ঠ ইতি দ্যোতিতং যদ্বা অসৌ ভগবানেব স্বরূপতো বিশুদ্ধ বিজ্ঞান ঘনোপি অগুণোপি অস্মিন্ কর্ম্মমার্গেঽনেক গুণোঽধ্বরো যজ্ঞঃ সংপদ্যতে । অনেক গুণত্বমাহ পৃথগ্বিধানি যানি দ্রব্যাদীনি তৈঃ তত্র দ্রব্যাণি ব্রীহ্যাদীনি গুণাঃ শুক্লাদয়ঃ । ক্রিয়া অবঘাতাদয়ঃ উক্তয়ো মন্ত্রাঃ । অর্থোঽঙ্গ সাধ্য উপকারঃ আশয়ঃ সঙ্কল্পঃ লিঙ্গং পদার্থানাং শক্তিঃ নাম জ্যোতিষ্টোমাদি তৈশ্চ ॥ ৩২ ॥

দেহের কর্ম্ম অর্থাৎ ধ্যান স্তব পরিচর্য্যা দ্বারা নিত্য তাঁহার উপাসনা কর । তাঁহার চরণ পদ্ম হইতে সকল কামই দোহন হইবে । তোমরা এমত মনে করিও না যে তিনি কেবল ব্রহ্মাদিরই সেব্য আমাদের উপাস্য নহেন, তোমাদের যেমন অধিকার আছে তদনুরূপ উপাসনা কর, তাহাতেই প্রয়োজন সিদ্ধি হইবে ॥ ৩১ ॥

অহে ! সেই নির্গুণ ভগবান্ যদিও স্বরূপত বিজ্ঞানঘন এবং নির্ব্বিশেষণ তথাপি পৃথক্ পৃথক্, দ্রব্য, গুণ, ক্রিয়া, মন্ত্র, তথা অর্থ (অঙ্গসাধ্য উপকার) আশয় (সংকল্প) লিঙ্গ (পদার্থ সকলের শক্তি) নাম (জ্যোতিষ্টোমাদি) এই সকল দ্বারা নানা বিশেষণ বিশিষ্ট হওত কর্ম্মমার্গে যজ্ঞ রূপ হইয়া থাকেন । অতএব যাবতীয় যাগ যজ্ঞ ও তত্তাবতের অঙ্গ সকলে ভগবদ্দৃষ্টি রাখিয়া কর্ম্ম করা কর্ত্তব্য ॥ ৩২ ॥

প্রধান কালাশয় ধর্ম্ম সংগ্রহে শরীর এষ প্রতিপদ্য চেতনাং।
ক্রিয়াফলত্বেন বিভু র্বিভাব্যতে যথাঽনলো দারুষু তদ্গুণাত্মকঃ ॥ ৩৩ ॥
অহো মমামী বিতরন্ত্যনুগ্রহং হরিং গুরুং যজ্ঞভুজামধীশ্বরং।
স্বধর্ম্মযোগেন যজন্তি মামকা নিরন্তরং ক্ষৌণিতলে দৃঢ়ব্রতাঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

যাগফলস্যাপি ভগবদ্রূপতামাহ প্রধানেতি এষ বিভুঃ পরমানন্দোপি শরীরে চেতনাং বিষয়াকারাং বুদ্ধিং প্রতিপদ্য তদভিব্যঙ্গ্য আনন্দ রূপঃ সন্ ক্রিয়াফলত্বেন প্রতীয়তে এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তীতি শ্রুতেঃ। যথানলোদারুষু স্থিতঃ তদ্গুণাত্মকঃ দারুধর্ম্ম দৈর্ঘ্য হ্রস্বত্বাদিমান্ তদ্বৎ কথম্ভূতে শরীরে প্রধানং অব্যক্তং কালঃ ক্ষোভকঃ আশয়ো বাসনা ধর্ম্মোঽদৃষ্টং তৈঃ সংগৃহ্যতে জন্যতে ইতি তথা তস্মিন্ ॥ ৩৩ ॥

তদেবমপ্রবৃত্তান্ ভগবদ্ভজনে প্রবর্ত্ত্য স্বতঃ প্রবৃত্তানাং প্রবৃত্তিমভিনন্দনেন দ্রঢ়য়তি অহো ইতি বিতরন্তি কুর্ব্বন্তি ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

চেতনাং জীবস্য বুদ্ধিং প্রতিপদ্য নিয়ন্তৃ রূপেণ প্রকাশকত্বেন চাবিশ্য তত্তাদাত্ম্যাপন্ন স্বশক্ত্যা স্বয়মেব বহিরপি স্বানন্দাংশ রূপক্রিয়া ফলত্বেন বিভাব্যতে প্রকাশতে কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ ॥ ৩৩ । ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভগবদর্পিতস্য কর্ম্মণ স্তন্মিশ্র ভক্তেশ্চ ফলং ভগবৎ প্রাপ্তি রেবেত্যাহ। প্রধানমব্যক্তং কালঃ ক্ষোভকঃ আশয়োবাসনা ধর্ম্মোঽদৃষ্টং তৈঃ সংগৃহ্যতে জন্যত ইতি তথা তস্মিন্ শরীরে চেতনাং স্বার্পিত কর্ম্মকরণে বুদ্ধিং প্রতিপদ্য অন্তর্ভাবিত ণ্যর্থত্বাৎ নিষ্পাদ্যেত্যর্থঃ। কৃপয়া কর্ম্ম ফলত্বেন বিভুঃ স্বয়মেব ভগবান্ বিভাব্যতে প্রকাশতে কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ। যদত্র ক্রিয়তে কর্ম্ম ভগবৎ পরিতোষণং। জ্ঞানং যত্তদধীনং হি ভক্তিযোগ সমন্বিতমিতি বচনাত্তদর্পিত কর্ম্মা ভক্তিমিশ্রজ্ঞান দ্বারা তমেব প্রাপ্নোতীত্যর্থঃ। কিঞ্চ কর্ম্মার্পণ শ্রদ্ধাভক্তি তারতম্যেন জ্ঞান তারতম্যেনচ ভগবৎ প্রাপ্তি তারতম্যং ভবেদিত্যাহ যথা চন্দনাগুরুধব খদিরাদি স্থিতোঽগ্নি স্তত্তদ্গুণানুরূপো ভবেত্তথৈব ভগবানপ্যুপাসকস্যোপাসনা তারতম্যেন ফলপ্রদোভবেৎ ভক্তি মিশ্রকর্ম্মিণে নিষ্কামায় মোক্ষং কর্ম্মমিশ্র ভক্তিমতে শান্তরতিঞ্চৈবং ভক্তি তারতম্যবতে সালোক্যাদিকঞ্চ দদাতীতি ভক্তের্গুণ ভাব প্রাধান্যাদিকং দর্শিতং ॥ ৩৩ ॥

ভো মহারাজাধিরাজ প্রভো ভক্ত্যুপদেশেন বয়ং কৃতার্থী কৃতা স্তদ্বয়ং নিত্যং ভগবন্তং ভজাম ইত্যানন্দজন্মিনো জনান্ লক্ষী কৃত্যাহ অহো ইতি ॥ ৩৪ ॥

হে সভ্যগণ! যাগ যজ্ঞের ন্যায় ঐ সকলের ফলও ভগবানের স্বরূপ, যে হেতু তিনি বিভু অর্থাৎ পরমানন্দ স্বরূপ হইয়াও শরীরাভ্যন্তরে বিষয়াকারা বুদ্ধি প্রাপ্ত হইয়া, যেমন অগ্নি কাষ্ঠের মধ্যে অবস্থিত হইয়া কাষ্ঠের ধর্ম্ম দৈর্ঘ হ্রস্বাদি বিশিষ্ট হইয়া প্রকাশ পায় তাহার ন্যায়, ক্রিয়াও ফলরূপে প্রতীয়মান হয়, অহে মহোদয় গণ! এই দেহ প্রধান (অব্যক্ত) কাল (ক্ষোভক) আশয় (বাসনা) ধর্ম্ম (অদৃষ্ট) এই সকলের সহিত উৎপন্ন হইয়াছে, ইহাতে বিষয়াকারা বুদ্ধি হওয়া বিচিত্র নহে ॥ ৩৩ ॥

বৎস বিদুর! পৃথুরাজা এই প্রকারে অপ্রবৃত্ত ব্যক্তিদিগকে ভগবদ্ধর্ম্মে প্রবৃত্ত করিয়া পরে যে সকল ব্যক্তি আপনা হইতে তদ্বিষয়ে প্রবৃত্ত ছিলেন তাঁহার উৎসাহ বৃদ্ধি করত কহিলেন, আহা! এই সমস্ত পুরুষ আমার পরম আত্মীয়, ইহাঁরা আমার প্রতি যথেষ্ট অনুগ্রহ বিতরণ করেন, যে হেতু ইহাঁরা এই ক্ষিতিতলে দৃঢ়ব্রত হইয়া স্বধর্ম্ম যোগে নিরন্তর যজ্ঞভোগিদের অধীশ্বর ও সকলের গুরু ভগবান্ হরির আরাধনা করিয়া থাকেন ॥ ৩৪ ॥

মা জাতু তেজঃ প্রভবেন্মহর্দ্ধিভিস্তিতিক্ষয়া তপসা বিদ্যয়াচ ।
দেদীপ্যমানেঽজিতদেবতানাং কুলে স্বয়ং রাজকুলাদ্দ্বিজানাং ॥ ৩৫ ॥
ব্রহ্মণ্যদেবঃ পুরুষঃ পুরাতনো নিত্যং হরির্যচ্চরণাভিবন্দনাৎ ।
অবাপ লক্ষ্মীমনপায়িনীং যশো জগৎ পবিত্রঞ্চ মহত্তমাগ্রণীঃ ॥ ৩৬ ॥
যৎ সেবয়াশেষগুহাশয়ঃ স্বরাট্ বিপ্রপ্রিয় স্তুষ্যতি কামমীশ্বরঃ ।
তদেব তদ্ধর্ম্মপরৈর্ব্বিনীতৈঃ সর্ব্বাত্মনা ব্রহ্মকুলং নিষেব্যতাং ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী ।

ইদানীং হরিভক্তি দার্ঢ্যায় ব্রাহ্মণ ভক্তিং বিধত্তে মাজাত্বিত্যষ্টভিঃ মহত্যশ্চ তা ঋদ্ধয়শ্চ তাভিঃ। যদ্রাজ কুলস্য তেজঃ তত্তস্মাৎ সকাশাৎ দ্বিজানাং কুলে অজিতো দেবতা যেষাং বৈষ্ণবানাং তেষাঞ্চ কুলে মা জাতু প্রভবেৎ কদাচিদপি প্রভাবং ন করোতু। কথম্ভূতে সমৃদ্ধিভির্ব্বিনাপি স্বয়মেব তিতিক্ষাদিভির্দ্দেদীপ্যমানে ॥ ৩৫ ॥

ব্রাহ্মণান্ স্তবন্নাহ। যচ্চরণাভিবন্দনাৎ হরির্লক্ষ্মীং যশশ্চ অবাপ যৎ সেবয়া চেশ্বরঃ তুষ্যতি তদেব ব্রহ্মকুলং নিষেব্যতামিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৩৬ ॥

হরের্লোকসংগ্রহ রূপো যো ধর্ম্মস্তৎপরৈঃ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

মাজাত্বিত্যস্য টীকাবতারিকায়াং ব্রাহ্মণভক্তিমিতি বৈষ্ণবমাত্রস্যাপি ব্রাহ্মণান্তঃপাতোঽঙ্গীকৃতঃ পদ্যার্থে দ্বয়োরপি ব্যাখ্যাস্যমানত্বাৎ ॥ ৩৫ ॥

ব্রহ্মণ্যেতি স্তুতিমাত্রমিদমিতি টীকাভিপ্রায়ঃ। তথাপ্যস্য জ্ঞাত ভগবন্মহিমত্বাত্তাদৃশ্যুক্তিরনুচিতেতি। তত্রাবিষ্টোঽহরিরেব স্বয়ং লোক সংগ্রহায়াস্তৌদিত্যেবং সমাধেয়ং। যদ্বা। যচ্চরণাভিবন্দন লক্ষণাদ্বিনয় গুণানপায়িনীং লক্ষ্মীং সর্ব্বাশ্রয়ণীয়তা লক্ষণাং সংপত্তিমবাপ। ভৃগুপরীক্ষাদাবিত্যর্থঃ। ততোযশশ্চেতি ॥ ৩৬ ॥

বিনীতৈরিত্যত্র হিতং সদেতি ক্বচিৎ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদানীং ভক্তেঃ সুস্থিরত্বার্থং বৈষ্ণবব্রাহ্মণাবজ্ঞাং নিষিদ্ধ্যতি মা জাত্বিতি। মহর্দ্ধিভির্ম্মহা সম্পত্তিভির্হেতুভির্যদ্রাজকুলাৎ রাজকুলস্য তেজ স্তৎ জাতু কদাচিদপি মা প্রভবেৎ প্রভাবং মাকরোতু। কুত্র। অজিতদেবতানাং বৈষ্ণবানাং কুলে দ্বিজানাং কুলেচ কীদৃশে মহর্দ্ধিভির্ব্বিনাপি তিতিক্ষাদিভিঃ স্বয়মেব দেদীপ্যমানে ॥ ৩৫ ॥

ভক্তিদার্ঢ্যায় ব্রাহ্মণভক্তিং বিধত্তে সপ্তভিঃ। যচ্চরণেত্যাদিকং লোক সংগ্রহার্থক ভগবদ্বচনানুবাদমাত্রং জ্ঞেয়ং ॥ ৩৬ ॥

তদেব তস্মাদেব হেতোঃ ॥ ৩৭ ॥

আমি এক্ষণে প্রার্থনা করি যেন কোন রাজকুলের তেজঃ ব্রাহ্মণ ও বৈষ্ণবদের কুলে কখন আপন প্রভাব প্রকাশ না করে। অহো ! ঐ সকল ব্যক্তিদের কুল বিনা সমৃদ্ধিতেও তিতিক্ষা, তপস্যা ও বিদ্যা এই তিন মহর্দ্ধি দ্বারা আপনিই সর্ব্বদা দীপ্তি পায় ! ॥ ৩৫ ॥

তদনন্তর সভাসদ্গণকে সম্বোধন করিয়া কহিলেন, হে সভ্যগণ ! পুরাতন পুরুষ হরি মহত্তমদিগের অগ্রণী, সাক্ষাৎ ব্রহ্মণ্যদেব, তিনি যাঁহাদের চরণ নিত্য বন্দনা করিয়া অচলা লক্ষ্মী এবং জগতের পবিত্রকারি যশঃ লাভ করিয়াছেন ॥ ৩৬ ॥

অপর যাঁহাদের সেবায় সর্ব্বান্তর্যামী স্বপ্রকাশ বিপ্রপ্রিয় পরমেশ্বর পরম প্রীত হয়েন, তোমরা বিনীত ও লোকসংগ্রহ রূপ ভগবদ্ধর্ম্মে তৎপর হইয়া সর্ব্বান্তঃকরণে সেই ব্রাহ্মণকুলের সেবা করিও ॥ ৩৭

পুমাল্লঁভেতানতিবেলমাত্মনঃ প্রসীদতোঽত্যন্ত সমং স্বতঃ স্বয়ং।
যন্নিত্য সম্বন্ধ নিষেবয়া ততঃ পরং কিমত্রাস্তি মুখং হবির্ভুজাং ॥ ৩৮ ॥
অশ্নাত্যনন্তঃ খলুতত্ত্বকোবিদৈঃ শ্রদ্ধাহুতং যন্মুখ ইজ্য নামভিঃ।
ন বৈ তথা চেতনয়া বহিষ্কৃতে হুতাশনে পারমহংস্যপর্য্যগুঃ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

নন্থ ব্রহ্মকুল এব নিত্যং সেব্যমানে সর্ব্বদেবতামুখভূতেঽগ্নৌ যজ্ঞাদ্যনুষ্ঠানং ন স্যাৎ। নচ তেন বিনা চিত্তশুদ্ধিঃ নচ তয়া বিনা মোক্ষঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ পুমানিতি দ্বাভ্যাং। যস্য ব্রহ্মকুলস্য নিত্যং সম্বন্ধেন নিষেবয়া পুমান্ স্বয়মেব জ্ঞানাভ্যাসাদিকং বিনাপি অত্যুত্তমং শমং মোক্ষং লভেত কুতঃ যৎ সেবয়া স্বতএব অনতিবেলং শীঘ্রং প্রসীদতঃ শুধ্যতঃ আত্মনশ্চিত্তাৎ। ততঃ পরং শ্রেষ্ঠং দেবানাং কিং মুখমস্তি ব্রাহ্মণসেবয়ৈব যজ্ঞাদিফলং তৎ সর্ব্বং ভবতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

হরেরপি তদেব পরং মুখমিত্যাহ অশ্নাতীতি। ইজ্যানাং ইন্দ্রাদীনাং নামভিঃ যস্য মুখে শ্রদ্ধয়া হুতং হবিঃ অনন্তো যথাশ্নাতি তথা চেতনয়া রহিতে হুতাশনে হুতং নাশ্নাতি কৈর্হুতমশ্নাতি তত্ত্বকোবিদৈঃ সর্ব্বদেবময়শ্চৈতন্যমূর্ত্তিরনন্ত ইতি তত্ত্বং বিদ্বদ্ভিঃ কুত এবম্ভূতোসৌ তত্রাহ পারমহংস্যং জ্ঞানং তৎপরা নহ্যন্তি অধিকুর্ব্বন্তীতি পারমহংস্যপর্য্যাঃ তা গাবো বাচো যস্মিন্। উপনিষদ্ভির্জ্ঞানঘনত্বেনোক্ত ইত্যর্থঃ। যদ্বা পরমহংসানাং জ্ঞাননিষ্ঠানাং গম্যঃ পারমহংস্যঃ পরিতো ন গচ্ছন্তি গাবো যস্মাৎ স পর্য্যগুঃ ইন্দ্রিয় নিয়ন্তা সচাসৌ সচ পারমহংস্যপর্য্যগুঃ জ্ঞানরূপ সর্ব্বান্তর্যামীত্যর্থঃ ॥ ৩৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

ততঃ পরমিতি তু পরেণ যোজনীয়ং ॥ ৩৮ ॥

মুখ্যত্ব সিদ্ধঃ পর্য্যগুরিতি। গাব ইন্দ্রিয়াণি। তস্মাৎ যং পরিত্যজ্য হেতোর্বা পূর্ব্বত্র নগচ্ছন্তি স্বাতন্ত্র্যেণ নতিষ্ঠন্তীত্যর্থঃ। উত্তরত্র যমেবালম্ব্য বর্ত্তন্ত ইত্যর্থঃ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্থ ব্রহ্মকুলএব নিত্যং সেব্যমানে সর্ব্বদেবতামুখভূতেঽগ্নৌ যজ্ঞাদ্যনুষ্ঠানং ন স্যাৎ নচ তেন বিনা চিত্তশুদ্ধির্নচ তয়া বিনা মোক্ষঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ পুমানিতি দ্বাভ্যাং যস্য ব্রাহ্মণকুলস্য নিত্য সম্বন্ধেন নিষেবয়া আত্মনো মনসঃ প্রসীদতঃ ক্রমেণ প্রসন্নীভবতঃ অত্যন্ত শমং মোক্ষং স্বয়ং লভেত অনতিবেলং শীঘ্রমেব অতএব ততঃ পরং কিং হবির্ভুজাং দেবানাং মুখমস্তি ব্রাহ্মণ সেবয়ৈব যজ্ঞাদি ফলং জ্ঞানফলং চ সর্ব্বমেব সিদ্ধ্যতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

হরেরপি তদেব পরং মুখমিত্যাহ অশ্নাতীতি শ্রদ্ধয়াহুতং দত্তং ইজ্যানাং নামভিরিতি যথা ইন্দ্রায় স্বাহা আদিত্যায় স্বাহেতি ইজ্যানামিন্দ্রাদীনাং নাম্না বহ্ন্যাবাহুতি দীয়তে তথৈব তেষাং নাম্না যদি ব্রাহ্মণমুখে পক্বান্নানি সমর্পতি তদা অনন্ত এবাশ্নাতি তস্মিংশ্চ ভুক্তবতি তেষাং শাশ্বতী তৃপ্তিঃ প্রীতিশ্চস্যাদিত্যর্থঃ। চেতনয়া বহিষ্কৃতে রহিতে পারমহংস্য পরান্ জ্ঞানিনো ভক্তাংশ্চার্চ্চন্তীতি পারমহংস্যপর্য্যা গাবো বেদবাচোঽঙ্গ কিরণাশ্চ যস্য সঃ ॥ ৩৯ ॥

অহে সভ্যগণ! ব্রাহ্মণ কুলের নিত্য সেবা করিলে অতি শীঘ্রই চিত্ত শুদ্ধি হয়, তাহাতে জ্ঞানাভ্যাসাদি ব্যতিরেকেও পুরুষের পরম শান্তি অর্থাৎ মোক্ষ লাভ হয়। অতএব দেবতাদের পক্ষেও ব্রাহ্মণ অপেক্ষা শ্রেষ্ঠ বস্তু নাই, তোমরা বিপ্রকুলেরই সেবা কর, তাহা করিলেই যজ্ঞাদির ফল প্রাপ্ত হইবে ॥ ৩৮ ॥

হে সভ্যগণ! ব্রাহ্মণ জাতি ভগবান্ হরিরও মুখ "ভগবান্ অনন্ত সর্ব্ব দেবময় চৈতন্য মূর্ত্তি" এই তত্ত্ববেত্তা ব্যক্তিরা যজনীয় ইন্দ্রাদি দেবতার নাম দ্বারা শ্রদ্ধা পূর্ব্বক ব্রাহ্মণদের মুখে হোম করিলে ভগবান্ অনন্ত সেই হবিঃ যেমন ভোজন করেন, অচেতন হুতাশনে প্রক্ষেপ করিলে তাঁহার তেমন ভোজন হয় না, যে হেতু উপনিষদে তাঁহাকে জ্ঞানঘন করিয়া বলিয়াছেন ॥ ৩৯ ॥

যদ্ব্রহ্ম নিত্যং বিরজং সনাতনং শ্রদ্ধাতপো মঙ্গল মৌন সংযমৈঃ।
সমাধিনা বিভ্রতি হার্থ দৃষ্টয়ে যত্রেদমাদর্শ ইবাব ভাসতে ॥ ৪০ ॥
তেষামহং পাদসরোজরেণুমার্য্যাবহেয়াধি কিরীটমায়ুঃ।
যং নিত্যদা বিভ্রত আশু পাপং নশ্যত্যমুং সর্ব্বগুণা ভজন্তি ॥ ৪১ ॥
গুণায়নং শীলধরং কৃতজ্ঞং বৃদ্ধাশ্রয়ং সংবৃণুতেঽনুসম্পদঃ।
প্রসীদতাং ব্রহ্মকুলং গবাঞ্চ জনার্দ্দনঃ সানুচরশ্চ মহ্যং ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

ন কেবলং চেতনত্বেন হুতাশনাদ্বিশেষঃ কিন্তু বেদজ্ঞানাদপীত্যাহ। যদিত্যন্বয়ং যে ব্রহ্ম বেদং নিত্যং বিভ্রতি তেষামিত্যুত্তরেণান্বয়ঃ। মঙ্গলং নাম প্রশস্তাচরনং নিত্যমপ্রশস্তস্য বর্জ্জনং। এতদ্ধি মঙ্গলং প্রোক্তমৃষিভি স্তত্ত্বদর্শিভিঃ ইত্যুক্তং মৌনমধ্যয়ন বিরোধি বার্ত্তা ত্যাগঃ সমাধিনা চিত্তস্থৈর্য্যেণ। অর্থদৃষ্টয়ে বেদার্থমপি বিচারয়তীত্যর্থঃ। যত্র বেদে ইদং বিশ্বং ॥ ৪০ ॥

হে আর্য্যাঃ আ আয়ুঃ যাবজ্জীবং অধিকিরীটং মুকুটস্যোপরিবহেয়েতি প্রার্থনায়াং লিঙ্। যং রেণুঃ ॥ ৪১ ॥

গুণভজনস্য ফলমাহ গুণায়নমিতি। অনু সম্পদঃ সংবৃণুতে সম্যগ্ভজন্তি তস্মাৎ প্রসীদতাং প্রসীদতু গবাঞ্চ কুলং ॥ ৪২ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদ্ব্রহ্মেতেতি যুগ্মকং। যদিতি। জসো লুক্ ছান্দসঃ বোধিকীরীটমায়ুরিতি চিৎসুখঃ যো রেণুঃ ॥ ৪০। ৪১ ॥

বৃদ্ধাশ্রয়মিতি। তাদৃশং ব্রাহ্মণমেকমপ্যাশ্রিতবন্তমিত্যর্থঃ গুণায়নমিত্যাদিক মধিকারিণো বৃদ্ধাশ্রয়স্য বিশেষণং। গুনাশ্চাত্র শান্ত্যাদয়ঃ সংপদো বিদ্যাদয়শ্চ অতএব গুণশব্দেন পূর্ব্বত্রোক্তাঃ। অত্র ব্রাহ্মণানামেব সর্ব্বোপদেষ্টৃত্বাৎ প্রসাদ্যত্বে শ্রৈষ্ঠ্য-

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চেতনত্বেনৈব হুতাশনাদ্বিপ্রাণাং ন শ্রৈষ্ঠ্যং কিন্তু বেদজ্ঞানাদেবেত্যাহ যদস্মাদ্ব্রহ্ম বেদং শ্রদ্ধাদিভি র্বিভ্রতি মঙ্গলং নাম প্রশস্তাচরণং নিত্যমপ্রশস্তস্য বর্জ্জনং। যত্তদ্ধি মঙ্গলং প্রোক্তমৃষিভিস্তত্ত্বদর্শিভিঃ। মৌনমধ্যয়নবিরোধিবার্ত্তা ত্যাগঃ। সমাধিনা চিত্তস্থৈর্য্যেণ কিমর্থং অর্থানাং বস্তুমাত্রাণাং দৃষ্টয়ে জ্ঞানায়। কথমেব মত আহ যত্র বেদে ইদং জগৎ সর্ব্বমেব অবভাসতে জ্ঞানবিষয়ী ভবতি আদর্শে দর্পণে ইব ॥ ৪০ ॥

হে আর্য্যাঃ আ আয়ু র্যাবজ্জীবং অধিকিরীটং বহেয় প্রার্থনায়াং লিঙ্ যং রেণুং অমুং বিভ্রতঃ পুমাংসং ॥ ৪১ ॥

গুণভজনস্য ফলমাহ গুণায়নমিতি সম্যক্ স্বয়মেব বৃণুতে পতিম্বরা ইবেত্যর্থঃ। তস্মাৎ প্রসীদন্তাং প্রসীদতু ॥ ৪২ ॥

অপর যে বেদে আদর্শের ন্যায় এই বিশ্ব প্রকাশ পায়, যাঁহারা শ্রদ্ধা তপস্যা মঙ্গল (প্রশস্তাচরণ ও অপ্রশস্ত বর্জন) মৌন (অধ্যয়ন বিরোধি বার্ত্তা পরিত্যাগ) ইন্দ্রিয় সংযম এবং সমাধি (চিত্তের একাগ্রতা) দ্বারা সেই সনাতন নির্ম্মল দেবকে অর্থদর্শনার্থ নিত্য ধারণ করেন অর্থাৎ যথার্থ অর্থ নিঃসারণার্থ অহরহঃ বেদার্থেরও বিচার করিয়া থাকেন ॥ ৪০ ॥

হে আর্য্যসকল! আমি যেন যাবজ্জীবন সেই ব্রাহ্মণদিগের পাদরেণু আপনার মুকুটোপরি বহন করিতে পাই। ব্রাহ্মণদিগের চরণধুলি সামান্য বস্তু নহে, যে পুরুষ নিত্য ধারণ করেন তাঁহার পাপ আশু বিনষ্ট হইয়া যায় এবং সমস্ত গুণ স্বয়ং গিয়া তাঁহাকে ভজনা করিতে থাকে ॥ ৪১ ॥

হে মহোদয়গণ। ব্রাহ্মণ সেবী পুরুষ এই প্রকারে সকল গুণের অভিলষণীয় হওয়াতে আপনা হইতেই সুশীল কৃতজ্ঞ ও বৃদ্ধজনের আশ্রয় হয়, তাহাতে সম্প্রত্তি সকল স্বয়ং গিয়া তাঁহাকে অবলম্বন

ইতি ব্রুবাণং নৃপতিং পিতৃদেবদ্বিজাতয়ঃ। তুষ্টুবুর্হৃষ্ট মনসঃ সাধুবাদেন সাধবঃ ॥ ৪২ ॥
পুত্রেণ জয়তে লোকানিতি সত্যবতী শ্রুতীঃ। ব্রহ্মদণ্ডহতঃ পাপো যদ্বেণোঽত্যতরত্তমঃ।
হিরণ্যকশিপুশ্চাপি ভগবন্নিন্দয়া তমঃ। বিবিক্ষুরত্যগাৎসূনোঃ প্রহ্লাদস্যানুভাবতঃ।
বীরবর্য্য পিতঃ পৃথ্ব্যাঃ সমাঃ সংজীবশাশ্বতীঃ। যস্যেদৃশ্যঽচ্যুতে ভক্তিঃ সর্ব্বলোকৈকভর্ত্তরি ॥ ৪৩ ॥
অহোবয়ং হ্যদ্য পবিত্র কীর্ত্তে ত্বয়ৈব নাথেন মুকুন্দনাথাঃ।
য উত্তমঃশ্লোকতমস্য বিষ্ণোর্ব্রহ্মণ্যদেবস্য কথাং ব্যনক্তি ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

সাধুবাদমাহ পুত্রেণেতি ষড়্ভিঃ। যদ্যতোবেণোপি তমোনরকমত্যতরৎ অতিতত্তার ॥ ৪৩ ॥
মকুন্দনাথাঃ স্বঃ ত্বন্নাথত্বমেব মুকুন্দনাথত্বে পর্য্যবসিতমিত্যর্থঃ। তত্র হেতুঃ য ইতি ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

মভিপ্রেতমিতি। প্রসীদতাং ব্রহ্মকুলমিত্যন্তমুক্তের্ব গবামিত্যুক্তি ॥ ৪২ ॥
পুত্রেণেতি। সৎ পুত্রেণেত্যর্থঃ। তমঃ শ্রীপৃথুজন্মনঃ পূর্ব্বং কতেচিদ্দিনানি প্রাপ্তং নরকং ॥
অনুভাবতঃ শ্রীনৃসিংহাদি প্রাদুর্ভাব কারণাৎ ভক্তিলক্ষণাৎ প্রভাবাদিত্যর্থঃ। শ্রীবারাহাদ্যবতারেকারণান্তরমপ্যস্তি। অত্রতু সএব কারণমিতি ভাবঃ ॥ ৪৩ ॥
ব্যনক্তীতি ক্বচিৎ। ব্যনক্তীরিতি চিৎসুখঃ ॥ ৪৪। ৪৫। ৪৬। ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তমোনরকং ॥
হে পৃথ্ব্যাঃ পিতঃ ॥ ৪৩ ॥
মুকুন্দনাথা অভূম; ত্বৈব মুকুন্দত্বাৎ মুকুন্দভক্তি বিধায়কত্বাদ্বেতি ভাবঃ। বো ভবান্ ॥ ৪৪ ॥

করে। এই কারণে আমি সর্ব্বদা প্রার্থনা করি ব্রহ্মকুল এবং গোসকল অথবা অনুচরগণ সহ ভগবান্ জনার্দ্দন আমার প্রতি যেন সর্ব্বদা প্রসন্ন থাকেন। মৈত্রেয় কহিলেন বিদুর! পৃথ্বীপতি পৃথু ব্রাহ্মণ দিগের প্রতি এই প্রকার ভক্তি প্রকাশ করিলে পিতৃগণ দেবগণ ও বিপ্রগণ শুনিয়া অতিশয় সন্তুষ্ট হইলেন এবং সাধুবাদ করিয়া হৃষ্টান্তঃকরণে কহিতে লাগিলেন ॥ ৪২ ॥

অহো! "পুত্র দ্বারা লোক সকল জয় হয়" এই শ্রুতি যথার্থ, যে হেতু মহাপাপী বেণ ব্রহ্মদণ্ডে হত হইয়াছিল, সে ব্যক্তিও পুত্র দ্বারা নরক হইতে নিস্তার পাইল। অপর দৈত্যাপসদ হিরণ্যকশিপু ভগবানের নিন্দা করিয়া নরক প্রবেশোন্মুখ হইয়াছিল, পরে আপন পুত্র প্রহ্লাদের প্রভাবে তাহারও নিরয় পাত হইতে পরিত্রাণ হইয়াছে। যাহা হউক, হে মহারাজ! হে বীরবর্য্য! তুমি অতি শ্রেষ্ঠ এবং পৃথিবীর পিতা, তুমি শত শত বৎসর জীবিত থাক। আহা! সর্ব্বলোকের এক ভর্ত্তা ভগবান্ অচ্যুতের প্রতি তোমার ঈদৃশী ভক্তি, সাধু! সাধু! ॥ ৪৩ ॥

হে মহারাজ! তোমার কীর্ত্তি অতি পবিত্র, তুমি আমাদের নাথ হওয়াতে আমরা তোমার দ্বারাই মুকুন্দ নাথ হইলাম। আমাদের নিশ্চয় বোধ হইল, তুমি ভগবান্‌কে নাথ বলিয়া দৃঢ় রূপে আশ্রয় করিয়াছ, যে হেতু ব্রহ্মণ্যদেব ও উত্তমঃশ্লোক সেই ভগবান্ বিষ্ণুর কথা সকল ব্যক্ত করিতেছ ॥ ৪৪ ॥

নাত্যদ্ভুতমিদং নাথ তবাজীব্যানুশাসনং। প্রজানুরাগো মহতাং প্রকৃতিঃ করুণাত্মনাং ॥ ৪৫ ॥
অদ্য নস্তমসঃ পারস্ত্বয়োপাসাদিতঃ প্রভো। ভ্রাম্যতাং নষ্টদৃষ্টীনাং কর্ম্মভির্দৈবসঞ্জ্ঞিতৈঃ ॥ ৪৬ ॥
নমো বিশুদ্ধসত্ত্বায় পুরুষায় মহীয়সে। যো ব্রহ্মক্ষত্রমাবিশ্য বিভর্ত্তীদং স্বতেজসা ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে পৃথুবাক্যমেকবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

জনেষু প্রগৃণৎস্বেবং পৃথুং পৃথুল বিক্রমং। তত্রোপজগ্মুর্মুনয়শ্চত্বারঃ সূর্য্যবর্চ্চসঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

আজীবিনাং সেবকানাং আসম্যগনুশাসনং প্রজাস্বনুরাগঃ প্রকৃতিঃ স্বভাবঃ ॥ ৪৫ ॥

উপাসাদিতঃ প্রাপিতঃ কর্ম্মভির্ভ্রাম্যতাং ॥ ৪৬ ॥

ঈশ্বর দৃষ্ট্যা বিপ্রাদয়োপি প্রণমন্তি নম ইতি ব্রহ্মাবিশ্য ব্রাহ্মণজাতিমধিষ্ঠায়। ক্ষত্রং ক্ষত্রিয়ং বিভর্ত্তি ক্ষত্রঞ্চাবিশ্য ব্রহ্ম বিভর্ত্তি তদুভয়ঞ্চাবিশ্য ইদং বিভর্ত্তি ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশেতু পরং জ্ঞানং পৃথবে হরিশাসনাৎ। সনৎকুমারো ভগবানুপাদিশদিতীর্য্যতে ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য একবিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আজীবিনাং সেবকানাং আ সম্যগনুশাসনং প্রজাদ্যনুরাগঃ প্রকৃতিঃ স্বভাবঃ ॥ ৪৫। ৪৬ ॥

ঈশ্বর দৃষ্ট্যা বিপ্রাদয়োপি প্রণমন্তি নম ইতি ব্রহ্মাবিশ্য ব্রাহ্মণ জাতিমধিষ্ঠায় ক্ষত্রং ক্ষত্রিয়ং বিভর্ত্তি। ক্ষত্রঞ্চাবিশ্য ব্রহ্ম বিভর্ত্তি। তদুভয়ঞ্চাবিশ্য ইদং বিশ্বং বিভর্ত্তি ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একবিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বাবিংশে পরমং জ্ঞানং জ্ঞাপয়িত্বা ততঃ পরং। সনৎকুমারঃ পৃথবে শুদ্ধাং ভক্তিমুপাদিশৎ ॥ ০ ॥ প্রগৃণৎসু স্তুবৎসু ॥ ১ ॥

হে নাথ! আমরা তোমার সেবক, আমাদিগকে তুমি এ প্রকারে সদুপদেশ দিবে ইহা আশ্চর্য্য নহে, যে হেতু দয়াশীল মহদ্ব্যক্তিদিগের প্রজানুরঞ্জনই স্বভাব ॥ ৪৫ ॥

প্রভো! অদ্য আমরা তোমার প্রসাদে অজ্ঞানান্ধকারের পার প্রাপ্ত হইলাম, এতকাল দৈব নামক কর্ম্ম দ্বারা কেবল ভ্রমণ করিতেছিলাম তাহাতে আমাদের দৃষ্টি বিনষ্টা হইয়াছিল ॥ ৪৬ ॥

আহা! আমরা সেই উর্জ্জিত সত্ব মহীয়ান্‌পুরুষকে নমস্কার করি। যিনি ব্রাহ্মণজাতিতে অধিষ্ঠান করিয়া ক্ষত্রিয় জাতির এবং ক্ষত্রিয় জাতিতে অধিষ্ঠিত হইয়া ব্রাহ্মণদিগের পালন করেন। আর ব্রাহ্মণ ও ক্ষত্রিয় এই দুই জাতিতে অধিষ্ঠিত হইয়া আত্ম মায়ায় এই বিশ্বের রক্ষণাবেক্ষণ করিয়া থাকেন ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একবিংশ ॥ * ॥

দ্বাবিংশ অধ্যায়ে ভগবানের আদেশে মহর্ষি সনৎকুমার কর্ত্তৃক পৃথুর প্রতি নির্ম্মল জ্ঞানোপদেশ ॥ ০

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! যখন সভ্য লোকেরা মহাবল পরাক্রান্ত পৃথুকে ঐ প্রকার কহিতেছিলেন, সেই সময় সূর্য্য তুল্য তেজস্বি চারিটী ব্রহ্মর্ষি আগমন করিলেন ॥ ১ ॥

তাংস্তু সিদ্ধেশ্বরান্‌রাজা ব্যোম্নোঽবতরতোর্চ্চিষা।
লোকানপাপান্ কুর্ব্বাণান্ সানুগোঽচষ্টলক্ষিতান্ ॥ ২ ॥
তদ্দর্শনোদ্গতান্ প্রাণান্ প্রত্যাদিৎসুরিবোত্থিতঃ। সসদস্যানুগো বৈণ্য ইন্দ্রিয়েশো গুণানিব ॥ ৩
গৌরবাদযন্ত্রিতঃ সদ্য প্রশ্রয়া নতকন্ধরঃ। বিধিবৎ পূজয়াঞ্চক্রে গৃহীতাধ্যর্হণাসনান্ ॥ ৪ ॥
তৎপাদ শৌচ সলিলৈ মার্জিতালকবন্ধনঃ। তত্র শীলবতাং বৃত্তমাচরন্মানয়ন্নিব ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

অর্চ্চিষা লক্ষিতান্ সনকাদয় ইতি জ্ঞাপিতান্ অচষ্ট অপশ্যৎ ॥ ২ ॥

তেষাং দর্শনেনোদ্গতান্ প্রাপ্তুমিচ্ছুরিব। অয়ং ভাবঃ। ঊর্দ্ধং প্রাণাহ্যুৎক্রামন্তি যুনঃ স্থবির আগতে। প্রত্যুত্থানাভিবাদাভ্যাং পুনস্তান্ প্রতিপদ্যত ইতি স্মৃতেঃ। প্রাণাস্তত্তেজসাক্ষিপ্তা স্তান্ প্রত্যুদ্গচ্ছন্তি অতঃ স্বয়মনুগচ্ছতঃ প্রাণহানিঃ স্যাৎ ইতি ভয়াদিব সসম্ভ্রমঃ প্রত্যুদ্গমনঞ্চকারেতি। সদস্যৈরনুগৈশ্চ বর্ত্তমানঃ ইন্দ্রিয়েশোজীবঃ গুনান্ গন্ধাদীন্ প্রতি যথা উদ্গচ্ছতি ইতি ঔৎসুক্যে দৃষ্টান্তঃ ॥ ৩ ॥

যন্ত্রিতো বশীকৃতঃ গৃহীতমধ্যর্হণমর্ঘ্যমাসনঞ্চ যৈস্তান্ ॥ ৪ ॥

মার্জ্জিতং ক্ষালিতমলকবন্ধনং কেশবন্ধনং যস্য মানয়ন্নিব স্বয়ং চকার ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অর্চ্চিষা কথং ভূতয়া লোকানপাপান্ কুর্ব্বত্যেতি চিৎসুখঃ। কুর্ব্বাণানিতি ক্বচিৎ ॥ ১। ২ ॥

প্রত্যাদিৎসুরিতি চিৎসুখঃ প্রত্যায়িৎসুরিতি ক্বচিৎ ॥ ৩। ৪। ৫। ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অর্চিষা লক্ষিতান্ সনকাদয় ইতি জ্ঞাপিতান্। অচষ্ট অপশ্যৎ ॥ ২ ॥

অভ্যুত্থানমুৎপ্রেক্ষতে তেষাং দর্শনেন দর্শন তেজসা উদ্গতান্ প্রাণান্ প্রতি প্রাপ্তুমিচ্ছুরিব। ঊর্দ্ধং প্রাণাহ্যুৎ ক্রামন্তি যূনঃ স্থবির আগতে প্রত্যুত্থানাভিবাদাভ্যাং পুনস্তান্ প্রতিপদ্যত ইতি স্মৃতেরভ্যর্হিতানভ্যুত্থানত আয়ুঃ ক্ষয়োক্তেঃ। ইন্দ্রিয়েশো জীবো গুণান্ গন্ধাদীন্ প্রতীত্যোৎসুক্যে দৃষ্টান্তঃ ॥ ৩ ॥

যন্ত্রিতঃ সংকুচিত কায়িক বাচিকবৃত্তিঃ ॥ ৪ ॥

শীলবতাং বৃত্তমিতি শীলবদ্ভিরেবং বর্ত্তিতব্যমিতি স্বয়মাচরয়ন্ মানয়ন্নিব মনজ্ঞানে ॥ ৫ ॥

ঐ চারি সিদ্ধেশ্বর লোক সকলকে নিষ্পাপ করত আকাশ হইতে অবতীর্ণ হইতেছিলেন। জ্যোতিঃ দেখিয়া বোধ হইল তাঁহারা সনকাদি ঋষি, অতএব রাজা অনুচরগণ সহিত সাদরে অবলোকন করিতে লাগিলেন ॥ ২ ॥

সদস্য ও অনুচরবর্গ সমভিব্যাহারে মহারাজ পৃথুর গাত্রোত্থান করিবার অভিপ্রায় এই যে, ঋষিদিগের দর্শন দ্বারা প্রাণ যেন উদ্গত হইতেছিল, প্রত্যুত্থান করিয়া তাহা পুনঃ প্রাপ্ত হইবেন। ফলতঃ ঐ রূপ বিবেচনা করিয়াই জীব যেমন উৎসুক হইয়া গন্ধাদি গুণের প্রতি উদ্গত হয়, তাহার ন্যায়, রাজা ব্যস্ত সমস্ত হইয়া উত্থিত হইলেন ॥ ৩ ॥

তিনি ঋষিদিগের গৌরব স্মরণ করিয়াই বশীভূত হইয়াছিলেন। অতএব তাঁহারা অবতীর্ণ হইয়া অর্ঘ্য ও আসন গ্রহণ করিলে, বিনয়ে আপনার কন্ধর নত করত যথাবিধি পূজা করিলেন ॥ ৪ ॥

এবং তাঁহাদের পাদ প্রক্ষালন করিয়া সেই জলে আপনার কেশ ধৌত করিলেন, তাহাতে ইহাই প্রকাশ পাইল যেন শীলবান্ ব্যক্তিদিগের আচার মান্য করিয়া স্বয়ং তাহা আচরণ করিতেছেন ॥ ৫ ॥

হাটকাসন আসীনান্ স্বধিষ্ণ্যেষ্বিব পাবকান্ । শ্রদ্ধাসংযম সংযুক্তঃ প্রীতঃ প্রাহ ভবাগ্রজান্ ॥ ৬ ॥

শ্রীপৃথুরুবাচ ॥

অহো আচরিতং কিং মে মঙ্গলং মঙ্গলায়নাঃ । যস্য বো দর্শনং হ্যাসীদ্দুর্দর্শানাঞ্চ যোগিভিঃ ।
কিং তস্য দুর্ল্লভতরমিহলোকে পরত্রচ । যস্য বিপ্রাঃ প্রসীদন্তি শিবো বিষ্ণুশ্চ সানুগঃ ॥ ৭ ॥
নৈব লক্ষয়তে লোকো লোকান্ পর্য্যটতোঽপি যান্ । যথা সর্ব্বদৃশং সর্ব্ব আত্মানং যেস্য হেতবঃ ॥ ৮
অধনা অপি তে ধন্যাঃ সাধবো গৃহমেধিনঃ । যদ্গৃহাহ্যর্হ বর্য্যাম্বু তৃণভূমীশ্বরা বরাঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী ।

ভবস্যাপি অগ্রজত্বেন মান্যান্ ॥ ৬ ॥

প্রীতঃ প্রাহ ইত্যুক্তং তদেব প্রীতি পূর্ব্বকং বচনমাহ অহো ইতি দশভিঃ । হে মঙ্গলায়নাঃ মঙ্গলময়নং যেষাং । ময়া কিং মঙ্গলমাচরিতং যস্য মে যোগিভিরপি দুর্দ্দর্শানাং ॥ ৭ ॥

দুর্দ্দর্শত্বমাহ নৈবেতি । সর্ব্বদৃশমাত্মানং যথা সর্ব্বে দৃশ্যা ন লক্ষয়ন্তি যেঽস্য বিশ্বস্য হেতবো মহদাদয়ো মন্বাদয়ো বা । যদ্বা কথং ভূতান্ যে অস্য সর্ব্বদৃগাত্মদর্শনস্য হেতবস্তান্ ॥ ৮ ॥

যেষাং সাধূনাং গৃহা অর্হাণাং পূজ্যানাং বর্য্যাঃ বরণীয়াঃ স্বীকারার্হাঃ অম্ব্বাদয়ো যেষু তাদৃশাঃ । অম্বুচ তৃণঞ্চ ভূমিশ্চ ঈশ্বরো

ক্রমসন্দর্ভঃ ।

কিঞ্চ ত্বাদৃশাশ্চ বিপ্রাঃ সাধারণা নভবন্তীত্যর্থান্তরন্যাসেন ব্যনক্তি । কিন্তস্যেতি ॥ ৭ ॥

ব ইতি পূর্ব্বোক্তাং বিশিনষ্টি । নৈবেতি । আত্মানং পরমাত্মানং এবমস্য সাকারত্বং দর্শিতং ॥ ৮ ॥

তৃণ ভূমি সুবাগ্ধারা ইতি চিৎসুখঃ । ফলমূলৈ স্তৃণৈর্বাপি বাগ্‌ভিরস্তি বিলোচনৈঃ । পূজ্যন্তে তীর্থিনঃ সন্তি বিলুপ্ত বিভবৈরপি ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ভবস্যাপ্যগ্রজত্বেন মান্যান্ ॥ ৬ । ৭ ॥

দুর্দ্দর্শত্বমাহ নৈব লক্ষয়ন্তে ন পশ্যতি যথা সর্ব্বদৃশং সর্ব্ব দর্শিনং আত্মানং সর্ব্বোঽপি লোকো ন পশ্যতি লোকস্য কা বার্ত্তা যেঽস্য জগতো হেতবো ব্রহ্ম মরীচি প্রভৃতয়ঃ তেপি ন পশ্যন্তি ॥ ৮ ॥

যেষাং সাধূনাং গৃহাঃ অর্হাণাং পূজ্যজনানাং বর্য্যা বরণীয়াঃ স্বীকারার্হা অম্ব্বাদয়ো যেষু ভক্ষ্যদ্রব্যাভাবে পানার্থমম্বুচ তদভাবে শয্যার্থং তৃণানিচ তদভাবে আসনার্থং পরিক্রিয়মাণা ভূমিশ্চ তদভাবে প্রীতি বাগঞ্জল্যাদ্যর্থং ঈশ্বরো গৃহস্বামীচ তস্যাপ্যভাবে

বৎস বিদুর ! সেই চারিজন ঋষি ভগবান্ ভবের অগ্রজ এ নিমিত্ত মহামান্য, স্বস্থানস্থ পাবকের ন্যায় তাঁহারা স্বর্ণময় আসনে আসীন হইলে রাজা শ্রদ্ধা এবং সংযম সংযুক্ত হইয়া প্রীতি প্রকাশ পূর্ব্বক কহিতে লাগিলেন ॥ ৬ ॥

পৃথু কহিলেন অহো ! মহোদয়গণ ! মঙ্গলই আপনাদের স্থান, কিন্তু আমি এমন কি মঙ্গল অনুষ্ঠান করিয়াছিলাম যে আপনাদের দর্শন প্রাপ্ত হইলাম, আপনারা যোগিদেরও দুর্দ্দর্শ। অথবা যে ব্যক্তির প্রতি বিপ্রগণ এবং অনুচর বর্গের সহিত ভগবান্ শিব ও বিষ্ণু প্রসন্ন হয়েন তাঁহার ইহলোকে বা পরলোকে কোন বস্তু দুর্ল্লভ থাকে না ॥ ৭ ॥

হে মহাশয়গণ ! আপনারা এমত দুর্দ্দর্শ যে, সকল ভুবনে সর্ব্বদা পর্য্যটন করিয়া বেড়ান, তথাচ যেমন সকল দৃশ্য পদার্থ অর্থাৎ মন্বাদি, যাঁহারা এই বিশ্বের হেতু, তাঁহারা সর্ব্বদর্শি আত্মাকে দেখিতে পান না, তাহার ন্যায়, কোন ব্যক্তি আপনাদিগকে লক্ষ্য করিতে পারে না ॥ ৮ ॥

আহা ! সেই সকল সাধু গৃহস্থ অধন হইলেও ধন্য বলিতে হয়। পূজ্য ব্যক্তিরা যাহাদের গৃহে

ব্যালালয়দ্রুমা বৈ তেপ্যরিক্তাখিল সম্পদঃ। যদ্গৃহাস্তীর্থপাদীয় পাদতীর্থবিবর্জিতাঃ ॥ ১০ ॥
স্বাগতং বোদ্বিজশ্রেষ্ঠা যদ্ব্রতানি মুমুক্ষবঃ। চরন্তি শ্রদ্ধয়া ধীরা বালাএব বৃহন্তি বৈ ॥ ১১ ॥
কচ্চিন্নঃ কুশলং নাথা ইন্দ্রিয়ার্থার্থ বেদিনাং। ব্যসনাবাপ এতস্মিন্ পতিতানাং স্বকর্ম্মভিঃ ॥ ১২॥

শ্রীধরস্বামী।

গৃহস্বামীচ অবরাঃ ভৃত্যাদয়শ্চ ॥ ৯ ॥

ব্যালানামালয়া দ্রুমা এব তে অরিক্তাঃ পূর্ণা অখিলাঃ সম্পদো যেষু তাদৃশা অপি যদ্গৃহা যে গৃহাঃ তীর্থপাদীয়াঃ বৈষ্ণবাঃ তেষাং পাদতীর্থেন বিবর্জিতাঃ ॥ ১০ ॥

স্বাগতং ভদ্রমাগমনং জাতং যদ্যস্মাৎ বালাএব সন্তো ভবন্তো বৃহন্তি ব্রতানি চরন্তি। যদ্বা যেষাং বো ব্রতানি অন্যে বালাশ্চরন্তি ॥ ১১ ॥

ইন্দ্রিয়ার্থমেবার্থং পুরুষার্থং যে বিদন্তি তেষাং নঃ ব্যসনানি সমন্তাদুপ্যন্তে যস্মিন্ সংসারে ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্রেদং পদ্যং কচিৎ বর্ত্ততে তত্র বাক্যস্য টীকামত দশ পদ্যত্বাবিশেষ বোধশ্চ। কিন্তন্যেত্যাদি পদ্যাভাবাৎ। কিন্ত্বেতন্মতে টীকা সংবাদিতা স্যাৎ। কিন্তন্যেত্যাদিক মযোজয়িত্বৈব দুর্দ্দর্শনমাহ। সহসা যোজনাৎ শলাকা প্রাপ্তত্বভয়মেব ॥ ৯ ॥

তদেবং ব্রাহ্মণত্বেন স্তুত্বা বৈষ্ণবত্বেন স্তৌতি। ব্যালেতি। দ্রুমাহেত ইতি কচিৎ ॥ ১০ ॥

অথ তান্ বৈষ্ণবত্বেপি জ্ঞানপ্রধানাৎ। জ্ঞাত্বা তদংশেন স্তৌতি। স্বাগতং ইতি ত্রিভিঃ বালাএব বাল্যাবস্থামারভ্যেবেত্যর্থঃ। বৃংহতি সর্ব্বতো মহান্তি ব্রতানি পরিব্রাড়ুচিতানি ॥ ১১। ১২। ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অবরাশ্চ সাশ্রু প্রণিপাতাদ্যর্থং তৎ পুত্রকলত্রাদয়শ্চ যেষু তে ॥ ৯ ॥

ব্যালতুল্যানাং কটুবাগ্বিষবর্ষিণাং পুত্রকলত্রাদীনাং আলয়া যেষু তথা ভূতা দ্রুমাএব তে গৃহস্থা যেষাং ছায়াপি কৈরপি ভীত্যা নস্পৃশ্যত ইতি ভাবঃ। অরিক্তাঃ পূর্ণা অখিল সম্পদো যেষাং তথাভূতাঃ। তথাভূতা অপি যেষাং গৃহাস্তীর্থপাদীয়ানাং বৈষ্ণবানাং পাদতীর্থেন পাদক্ষালনোদকেন রহিতাঃ ॥ ১০ ॥

যদ্যস্মাৎ বৃহন্তি ব্রতানি ব্রহ্মচর্য্যাণি মুমুক্ষবঃ শ্রদ্ধয়া চরন্তি ভবন্তস্ত বালাএব মুক্তা এবেতি ব্রহ্মচর্য্য কষ্টং মুমুক্ষা কষ্টঞ্চ নজানন্তীতি ভাবঃ ॥ ১১ ॥

ইন্দ্রিয়ার্থং বিষয়সুখমেব পুরুষার্থং জানতাং অস্মাকং ব্যসনান্যুপ্যন্তে যস্মিন্ তস্মিন্ সংসারে ॥ ১২ ॥

উপস্থিত হইয়া জল, তৃণ, ভূমি, গৃহ, স্বামি ও ভৃত্যদিগকে স্বীকার করেন ॥ ৯ ॥

কিন্তু যে সকল গৃহ সাধু বৈষ্ণবদিগের পাদতীর্থে অর্থাৎ চরণোদকে বর্জ্জিত সে সকল আলয় যদিও অখিল সম্পদে পরিপূর্ণ হয়, তথাপি সর্পদিগের আবাস বৃক্ষের তুল্য ॥ ১০ ॥

সে যাহা হউক, যে দ্বিজোত্তম সকল! আপনাদের ত সুখে আগমন হইল? অথবা আপনাদিগকে এরূপ জিজ্ঞাসা করা বিফল, যে হেতু আপনারা ধীর, মুক্তির নিমিত্ত বাল্য কালাবধি বৃহৎ বৃহৎ ব্রত আচরণ করিতেছেন, ইহাতে সুখে আগমন না হইবার সম্ভাবনা কি? ॥ ১১ ॥

হে নাথগণ! এই সংসার সকল ব্যসনের বপন ক্ষেত্র, আমরা স্ব স্ব কর্ম্ম বশতঃ ইহাতে পতিত হইয়া ইন্দ্রিয় সকলের বিষয়কেই অর্থাৎ রূপ রসাদি বিষয় সুখকেই পরম পুরুষার্থ বলিয়া বোধ করিতেছি, আমাদের কি এখানে কোন কুশল সম্ভাবনা আছে? ॥-১২ ॥

ভবৎস্বকুশল প্রশ্ন আত্মারামেষু নেষ্যতে। কুশলাঽকুশলা যত্র নসন্তি মতিবৃত্তয়ঃ ॥ ১৩ ॥
তদহং কৃতবিশ্রম্ভঃ সুহৃদোঽত্র তপস্বিনাং। সংপৃচ্ছে ভব এতস্মিন্ ক্ষেমঃ কেনাঞ্জসা ভবেৎ ॥১৪
ব্যক্তমাত্মবতামাত্মা ভগবানাত্মভাবনঃ। স্বানামনুগ্রহায়েমাং সিদ্ধরূপী চরত্যজঃ ॥ ১৫ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

নম্বভ্যাগতানাং কুশলং পৃচ্ছন্তি লোকে নত্বাত্মনস্তত্রাহ ভবৎস্বিতি ॥ ১৩ ॥

তত্তস্মাৎ কৃতবিশ্বাসঃ সন্ তপস্বিনাং সন্তপ্তানাং সুহৃদো যুষ্মান্ পৃচ্ছামি ॥ ১৪ ॥

ন খল্বন্যযোগি তুল্যা যূয়ং কিন্তু সাক্ষাৎ ভগবানেবেত্যাহ। ব্যক্তং নিশ্চিতং আত্মবতাং ধীরাণাং আত্মা তেম্বাত্মত্বেন প্রকাশমানঃ আত্মানং ভাবয়তীতি তথা ইমাং পৃথ্বীং চরতি ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

পূর্ব্বং ন কাময়ে নাথ তদপ্যহং ক্বচিদিত্যাদৌ শুদ্ধভক্ত্যেকনিষ্ঠত্বেন ব্যক্তোপি স উত্তমঃ শ্লোকেত্যাদৌ ভগবল্লীলা শ্রবণমাত্রেণ সম্মতানুসঙ্গিক জ্ঞান প্রাপ্তিরপি স ইত্থং লোকগুরুণেতি পূর্ব্বোক্তং শ্রীভগবন্নির্দ্দেশ গৌরবেণ। তত্র শীলবতাং বৃত্তমাচরন্নিত্যত্রোক্ত মহদাদর স্বভাবেন চ তদ্বিবক্ষিতং। জ্ঞানমপি শ্রোতুমত্রানুমোদতে তদহমিতি ॥ ১৪ ॥

ভগবত্তদভেদ নির্দ্দেশেন তমুভয়মপি হেতুং স্বয়মেব দর্শয়তি। ব্যক্তমিতি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্বভ্যাগতান্ প্রতিকুশল প্রশ্নস্তেষামেব ক্রিয়তে নত্বাত্মন ইত্যত আহ ভবৎস্বিতি তেনাভ্যাগতেষু কুশল প্রশ্নস্যাবশ্যকত্বাৎ যুষ্মৎ সম্বন্ধি কুশল প্রশ্নস্যানৌচিত্যাৎ স্বসম্বন্ধ্যেব কুশলং পৃষ্টমিতি ভাবঃ ॥ ১৩ ॥

কিঞ্চ যুষ্মদাগমনমস্মদ্ধিতার প্রয়োজনকমেব বুদ্ধ্যতে তস্মাদাত্মকুশলপ্রশ্ন এব মম সংপ্রতি যুজ্যতে ইত্যত আহ তদহমিতি ক্ষেমঃ ক্ষেমং ॥ ১৪ ॥

ভবন্তং খলুমদিষ্ট দেবো ভগবান্নারায়ণ এবেত্যহং জানামীত্যাহ ব্যক্তমিতি আত্মা স্বয়মেব সেব্যত্বেন বর্ত্ততে যেষাং তে আত্মবন্তো ভক্তা স্তেষামাত্মা আত্মেব প্রীতিবিষয়ীভূত ইত্যর্থঃ। স্বানাং স্বেষাং ভক্তানামাত্মানং ভাবয়তি প্রকাশয়তীতি সঃ। ইমাং পৃথ্বীং। ১৫।

হে মহোদয়গণ! আপনারা আমার গৃহে অভ্যাগত হইয়াছেন, গ্রহস্থকে অভ্যাগতেরই কুশল প্রশ্ন করিতে হয়, আত্ম মঙ্গল জিজ্ঞাসা করা কর্ত্তব্য নহে, সত্য, কিন্তু আপনারা আত্মারাম, আত্মাতেই আপনাদের রতি, তাহাতে কুশল অথবা অকুশল কোন প্রকার বুদ্ধি বৃত্তিই নাই, সুতরাং আপনাদের কুশল জিজ্ঞাসা করা বিফল ॥ ১৩ ॥

অতএব আমি আপনাদিগকে আমার কুশলই জিজ্ঞাসা করি, এই সংসারে অনায়াসে কল্যাণ লাভ কি উপায়ে হইতে পারে? হে ঋষিগণ! আমার দৃঢ় বিশ্বাস আছে, যেআপনারা সংসার তপ্ত ব্যক্তিদিগের পরম বন্ধু, অনুগ্রহ করিয়া ঐ উপায় বলিয়া দিতে আজ্ঞা হউক ॥ ১৪ ॥

হে মহোদয়গণ! আপনারা অন্য যোগিদের তুল্য নহেন, আপনারা সাক্ষাৎ ভগবান্, ফলতঃ ভগবানই ধীর ব্যক্তিদিগের আত্মা, ঐ সকলে আত্মবৎ প্রকাশমান হইয়া ভক্তজনের প্রতি অনুগ্রহ *বিতরণার্থ* সিদ্ধরূপে অবনীমণ্ডল বিচরণ করিয়া থাকেন ॥ ১৫ ॥

পৃথোস্তৎ সূক্তমাকর্ণ্য সারং সুষ্ঠু মিতং মধু। স্ময়মান ইব প্রীত্যা কুমারঃ প্রত্যুবাচ হ ॥
সাধু পৃষ্টং মহারাজ সর্ব্বভূতহিতাত্মনা। ভবতা বিদুষা চাপি সাধূনাং মতিরীদৃশী ॥ ১৬ ॥
সঙ্গমঃ খলু সাধূনামুভয়েষাঞ্চ সম্মতঃ। যৎসম্ভাষণ সংপ্রশ্নঃ সর্ব্বেষাং বিতনোতি শং ॥ ১৭ ॥
অস্ত্যেব রাজন্ ভবতো মধুদ্বিষঃ পাদারবিন্দস্য গুণানুবাদনে।
রতিঃ সদা যা বিধুনোতি নৈষ্ঠিকী কামং কষায়ং মলমন্তরাত্মনঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

সূক্তং শোভনং বচনং সারং ন্যায্যং সুষ্ঠু গম্ভীরার্থং মিতমল্পাক্ষরং মধু শ্রোত্রপ্রিয়ং। মুখপ্রসত্ত্যা স্ময়মান ইব প্রতীয়মানঃ ॥ ১৬

স্বয়মপি পৃথোঃ সঙ্গমভিনন্দতি সঙ্গম ইতি। উভয়েষাং বক্তৄণাং শ্রোতৄণাঞ্চ যেষাং সম্ভাষণসহিতঃ সংপ্রশ্নঃ সর্ব্বেষাং শং সুখং বিস্তারয়তি ॥ ১৭ ॥

তদেবং সঙ্গমং প্রশ্নঞ্চাভিনন্দ্য অনুবাদ মুখেনৈব মোক্ষসাধনমুপদিশতি অস্ত্যেবেতি গুণানামনুবাদনে প্রশ্নদ্বারেণানুবাদ প্রবর্ত্তনে শ্রবণ ইত্যর্থঃ আত্মনো মনসোঽন্তঃস্থং কামাত্মকং মলং বিধুনোতি। কষায়ং ধাতুরাগবদনির্বর্ত্তং ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

সূক্তমুত্তম প্রতিপাদ্য বচনং শ্রীসনৎকুমারোপি তস্য তথৈব সিদ্ধজ্ঞানত্বং ব্যঞ্জয়তি। তথাপি তস্য তৎ পৃচ্ছায়াং পূর্ব্বোক্তং হেতুদ্বয়মনুক্ত্বা গৌরব বিশেষায় বক্ষ্যমাণ ভগবদভিপ্রেতান্যহিত রূপহেত্বন্তরমেব যোজয়তি চ সাধ্বিতি। অতঃ প্রকটো জ্ঞান ময়োঽর্থো ঽস্যান্ প্রতিপাদ্যঃ অপ্রকটো ভক্তিময়স্তু ভবদ্বিধান্ প্রতীতি ভাবঃ তত্র প্রথম টীকায়াং স্পষ্টঃ চরম ব্যত্যা বগন্তব্যঃ ॥ ১৬ ॥

কিং বক্তব্যং ভবাদৃশাং সাধূনাং সঙ্গমঃ সঙ্গঃ নৃণামেব সম্মতঃ পরম সুখপ্রদ ইতি। পরন্তু তদ্বক্তৃশ্রোতৄণামপি তাদৃশ ইত্যর্থঃ। তত্র হেতুঃ যদিতি ॥ ১৭ ॥

যতোঽস্মাভির্যদুপদেষ্টব্যং জ্ঞানং ততোপ্যুৎকৃষ্টা যা শ্রীভগবতি রতিঃ সৈব ত্বয্যস্তি। ততস্তৎ সাধনায় কামাদিনা সোপদেশস্তু সুতরাং পুনরুক্ত এবেত্যাহ। অস্ত্যেবেতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সারং ন্যায্যং সুষ্ঠু গম্ভীরার্থং মিতমল্পাক্ষরং মধু মধুরং স্ময়মান ইব প্রসন্ন মুখ ইত্যর্থঃ ॥ ১৬ ॥

ভো রাজন্ যথৈবাস্মৎ সঙ্গো ভবদভিবাঞ্ছিত স্তথৈব ভবৎ সঙ্গোপ্যস্মদভিবাঞ্ছিত ইত্যাহ সঙ্গম ইতি উভয়েষাং সঙ্গঃ নৃণাং সঙ্গম্যমানানাঞ্চ সম্মতঃ অভিলষিতঃ। সর্ব্বেষাং শ্রোতৃবক্তৃ সন্নিহিত তৎ সন্নিহিতানামপি ॥ ১৭ ॥

কিঞ্চ ত্বমাত্মনঃ ক্ষেমং পৃচ্ছসি তবতু ক্ষেমং ভগবতি নৈষ্টিকী রতি র্বিরাজমানৈব দৃশ্যত ইত্যাহ অস্ত্যেবেতি কষায়ং ধাতু রাগবদনিবর্ত্ত্যমপি কামং যথেষ্টং নির্ম্মূলমেব যা বিধুনোতি সা রতি স্তব সদেতি কষায়াসম্ভব উক্তঃ ॥ ১৮ ॥

মৈত্রেয় কহিলেন পৃথুর ঐ প্রকার অল্পাক্ষর গম্ভীরার্থ শ্রোত্র প্রিয়, অথচ ন্যায্য বচন শ্রবণ করিয়া ব্রহ্মর্ষি সনৎকুমারের বদন কমল আনন্দে যেন প্রফুল্ল হইল, পরম প্রীত হইয়া প্রতি বচন দান করত কহিলেন, মহারাজ! সাধু সাধু, ভাল জিজ্ঞাসা করিয়াছ, না হইবে কেন? সর্ব্ব প্রাণির হিত চিন্তাই তোমার স্বভাব এবং তুমি বিদ্বান্ ও সাধুপুরুষ, সাধুদিগের এই প্রকার মতিই হইয়া থাকে ॥ ১৬

হে রাজন্! তোমার সঙ্গে সঙ্গত হওয়াতে আমার অতিশয় হর্ষোদয় হইল। সাধুসঙ্গ বক্তা ও শ্রোতা উভয়েরই অভিলষণীয়, কারণ, সাধুজনেরা সম্ভাষণ পূর্ব্বক যে কোন প্রশ্ন করেন, তাহাতে সকলেরই সুখ বিস্তার হয় ॥ ১৭ ॥

হে রাজন্! ভগবান্ মধুরিপুর পদারবিন্দের গুণানুবাদ করণে অর্থাৎ পুনঃ পুনঃ কথন বিষয়ে প্রবৃত্তি দানে তোমার একান্ত রতি আছে আমি জানি, ঐ রতি সামান্য পদার্থ নহে, তাহা অন্তরাত্মার কামরূপ মল, যাহা অত্যন্ত কষায়, অর্থাৎ ধাতুরাগ তুল্য অনিবর্ত্ত্য, তাহাকেও বিনষ্ট করে ॥ ১৮ ॥

শাস্ত্রেষ্বিয়ানেব সুনিশ্চিতো নৃণাং ক্ষেমস্য সধ্র্যগ্বিমৃশেষু হেতুঃ।
অসঙ্গ আত্মব্যতিরিক্ত আত্মনি দৃঢ়া রতি ব্র্হ্মণি নির্গুণে চ যা ॥ ১৯ ॥
সা শ্রদ্ধয়া ভগবদ্ধর্ম্মচর্য্যয়া জিজ্ঞাসয়াধ্যাত্মিকযোগনিষ্ঠয়া।
য়োগেশ্বরোপাসনয়াচ নিত্যং পুণ্যশ্রবঃ কথয়া পুণ্যয়াচ ॥ ২০ ॥
অর্থেন্দ্রিয়ারাম সগোষ্ঠ্যতৃষ্ণয়া তৎসম্মতানামপরিগ্রহেণচ।

শ্রীধরস্বামী।

চিত্তশুদ্ধ্যৈব বহির্বৈরাগ্যমাত্মনি রতিশ্চ ভবতি। নচ ততোঽধিকং সাধনমস্তি শাস্ত্রেষু তয়োরেব মোক্ষহেতুত্বনিশ্চয়াদিত্যাহ শাস্ত্রেষ্বিতি সধ্র্যগ্বিমৃশেষু সম্যগ্বিচারবৎসু ক্ষেমস্য হেতুরেতাবানেব সুনিশ্চিতঃ কোঽসৌ আত্মব্যতিরিক্তে অসঙ্গো বৈরাগ্যং আত্মনিচ রতিঃ আত্মনো বিশেষণং নির্গুণে ব্রহ্মণীতি ॥ ১৯ ॥

নন্বেতাবদেব তাবদতিদুর্ল্লভমিত্যাশঙ্ক্য উত্তমাধিকারিণঃ শ্রবণমাত্রেণতু ভবতি অন্যস্যতু চিত্তশুদ্ধ্যনুসারেণ সাধন তারতম্যাৎ বর্দ্ধমানয়া ভক্ত্যেত্যভিপ্রেত্যাহ সেতি চতুর্ভিঃ। সা ব্রহ্মণি রতি রসঙ্গশ্চ শ্রদ্ধাদিভিঃ স্যাদিতি চতুর্থেনান্বয়ঃ। জিজ্ঞাসয়া তত্ত্বিশেষ বুভুৎসয়া পুণ্যং শ্রবো যশো যস্য তস্য হরেঃ পুণ্যয়া কথয়া চ ॥ ২০ ॥

অর্থারামা অর্থনিষ্ঠা তামসাঃ ইন্দ্রিয়ারামাঃ কামনিষ্ঠা রাজসাঃ তৈঃ সহ যা গোষ্ঠী তস্যামতৃষ্ণয়া তেষাং যে সম্মতাঃ অর্থাঃ কামাশ্চ

ক্রমসন্দর্ভঃ।

তথৈব যোজয়তি শাস্ত্রেষ্বিতি। কিমুতাপ্রকৃতানন্ত পরম কল্যাণ গুণাকৃষ্টাত্মারামগণে ভগবতীত্যর্থঃ ॥ ১৯ ॥

সেতি চতুষ্কং ॥ ২০ ॥

তথৈবাহ বিনা হরেরিতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদপি ত্বৎ প্রশ্নস্যোত্তরমবশ্যং দেয়মিতি ক্ষেমস্য হেতুং শৃণ্বিত্যাহ শাস্ত্রেষ্বিতি বহুবচনেন নকস্যাপ্যত্র বিপ্রতিপত্তিঃ সধ্র্যগ্বিমৃশেষু সম্যগ্বিচারবৎস্বিতি অবিচারিত শাস্ত্রা বিপ্রতিপদ্যন্তাং নাম কিন্তেরিতি ইয়ানেবেতি বতু প্রত্যয়ৈবকারাভ্যামেতয়োরেব সারত্বং সুনিশ্চিতং ইতি ন পুনরেতদর্থং শাস্ত্রাণি পুন র্দ্রষ্টব্যানীতি দ্যোতিতং। অসঙ্গোঽনাসক্তিঃ দৃঢ়া রতি রত্যাসক্তিঃ ক্ষেমশব্দেন সাযুজ্য শান্তরতি প্রেমাণোঽধিকারি ভেদেন দ্রষ্টব্যাঃ ॥ ১৯ ॥

তত্র প্রথমং ভক্তেঃ প্রাধান্যমাহ সেতি চতুর্ভিঃ সা রতিঃ শ্রদ্ধাদিভিঃ স্যাদিতি চতুর্থেনান্বয়ঃ। পুণ্যং শ্রবো যশো যস্য তস্য হরেঃ পুণ্যয়া কথয়া ॥ ২০ ॥

অর্থারামা ধনসংগ্রহেচ্ছবঃ। ইন্দ্রিয়ারামা ভোগাসক্তাস্তৈঃ সহ যা গোষ্ঠী তস্যামতৃষ্ণয়া বিনেতি হরেগুর্ণ পীযূষ পানং চেৎ

মহারাজ! শাস্ত্র সকলের সম্যগ্বিচার করিয়া ইহাই নিশ্চিত হইয়াছে যে আত্ম ভিন্ন পদার্থে আসক্তি ত্যাগ এবং নির্গুণ ব্রহ্ম স্বরূপ আত্মাতে রতি এই দুইটী মোক্ষের হেতু ॥ ১৯ ॥

হে রাজন্! আত্মব্যতিরিক্তে সঙ্গত্যাগ ও আত্মায় রতি এই দুইটী দুর্ল্লভ নহে। শ্রদ্ধা, ভগবদ্ধর্ম্মচর্য্যা, জিজ্ঞাসা, আধ্যাত্মিক যোগনিষ্ঠা, যোগেশ্বরদিগের উপাসনা, পুণ্য যশস্বি হরির পুণ্য কথা ॥ ২০ ॥

আর যে সকল ব্যক্তি অর্থপ্রিয় তামস এবং কামপ্রিয় রাজস, তাহাদের সহিত সহবাস করণে বিতৃষ্ণতা এবং ঐ সকল ব্যক্তির সম্মত অর্থ গ্রহণ ও আত্মাতে পরিতোষ জন্মিলে নির্জন স্থানে অবস্থা-

বিবিক্তরুচ্যা পরিতোষ আত্মনি বিনা হরে গু´ণপীযূষপানাৎ ॥ ২১ ॥
অহিংসয়া পারমহংস্যচর্য্যয়া স্মৃত্যা মুকুন্দাচরিতাগ্র্য শীধুনা।
যমৈরকামৈর্নিয়মৈরনিন্দয়া নিরীহয়া দ্বন্দ্ব তিতিক্ষয়া চ ॥ ২২ ॥
হরের্মুহুস্তৎপর কর্ণপূর গুণাভিধানেন বিজৃম্ভমাণয়া।
ভক্ত্যাহ্যসঙ্গঃ সদসত্যনাত্মনি স্যান্নির্গুণে ব্রহ্মণি চাঞ্জসা রতিঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

তেষামপরিগ্রহেণ বিবিক্তে বিজনে যা রুচিস্তয়া। আত্মন্যেব পরিতোষে চ সতি স্যাৎ কিন্তু হরের্গুণপীযূষপানাদ্বিনা তস্মিন্ সতি বিবিক্তে রুচি র্ন কার্য্যা ন চাত্মনি পরিতোষঃ কার্য্য ইত্যর্থঃ ॥ ২১ ॥

পারমহংস্যচর্য্যয়া উপশমাদি প্রধানয়া বৃত্ত্যা স্মৃত্যা আত্মহিতানুসন্ধানেন মুকুন্দাচরিতমেবাগ্র্যং শীধু শ্রেষ্ঠমমৃতং তচ্চরিত্র স্মৃতি সুখেনেত্যর্থঃ। মার্গান্তরস্যানিন্দয়া নিরীহয়া যোগক্ষেমার্থ ক্রিয়া রাহিত্যেন শীতোষ্ণাদিদ্বন্দ্ব সহনেন ॥ ২২ ॥

কথয়েত্যত্রোক্তমপি কথনং ভক্তাবন্তরঙ্গত্বেন পুনরুচ্যতে। তৎপরা হরিভক্তাঃ তেষাং কর্ণপূরাঃ কর্ণালঙ্কার ভূতা যে হরের্গুণা স্তেষামভিধানেন সদসতি কর্য্যকারণ রূপে ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

অনিন্দয়া শাস্ত্রীয়মার্গান্তরস্যাকুৎসনয়া। অনিন্দয়েতি চিৎসুখঃ। ঈশ্বর ধ্যানেনেতি চ তদ্ব্যাখ্যা ॥ ২২ ॥

নন্থ হরের্গুণশ্চেদীদৃশ স্তর্হি স এব পুরুষার্থঃ স্যাৎ কথং ব্রহ্মজ্ঞানং সাধনত্বেন নির্দ্দিশ্যতে। উচ্যতে। মুমুক্ষূণামেব। নতু তদেক পুরুষার্থিনামিত্যাহ। হরেরিতি। তৎপরাণাং তদেক ভূষণত্বে কর্ণপূররূপাঃ শ্লেষেণ কর্ণৌ পূরয়ন্তীত্যপেক্ষান্তর নাশকাশ্চ যে গুণা স্তেষামেবাস্য কর্তৃকেনান্য বিষয়েণ বাভিধানেন বিজৃম্ভমাণায়া ভক্তি র্মুমুক্ষাময়ী তয়ৈব কেবলয়া হি নিশ্চিতম সঙ্গো বৈরাগ্যঃ নির্গুণে ব্রহ্মণি চ রতিঃ স্যাদিতি যোজ্যঃ ॥ ২৩। ২৪। ২৫। ২৬ ॥ ২৭। ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লভ্যতে তদা বিবিক্তরুচি স্বতঃ পরিতোষৌ বিহায় জন সংসদ্যপি পরস্মাদপি গায়কাদেঃ সকাশাদপি কৃষ্ণলীলাস্বাদার্থ মাগচ্ছে দিত্যর্থঃ ॥ ২১ ॥

পারমহংস্য চর্য্যয়া উপশম প্রধানবৃত্ত্যা। স্মৃত্যা শ্রীগুরূপদিষ্ট সদাচারধারণেন মুকুন্দস্য চরিতং চরিত্রং তদেব অগ্র্যং শীধু মধু তেন স্বাদ্যমানেনেত্যর্থঃ ॥ ২২ ॥

কথয়েত্যত্রোক্তমপি কথনং ভক্তাবন্তরঙ্গত্বেন পুনরুচ্যতে। তৎপরা হরিভক্তাস্তেষাং কর্ণপূরাঃ কর্ণালঙ্কারভূতা যে হরের্গুণা স্তেষামভিধানেন। অনাত্মনি আত্মব্যতিরিক্তে সদসতি ভদ্রাভদ্রে জগতি অসঙ্গোঽনাসক্তিঃ ॥ ২৩ ॥

নার্থ অভিরুচি এই সকল দ্বারা অনায়াসেই আত্মরতি ও আত্মভিন্নে অনাসক্তি জন্মিতে পারে, কিন্তু যদি হরিগুণ পীযুষ পান সম্ভব না থাকে তাহা হইলে নির্জনে বাসেচ্ছা ও আত্মাতে পরিতোষও কর্ত্তব্য নহে ॥ ২১ ॥

অপর অহিংসা, পারমহংস্যচর্য্যা, অর্থাৎ উপশমাদি প্রধান বৃত্তি, স্মৃতি, (আত্মহিতানুসন্ধান) মুকুন্দ চরিতামৃতাস্বাদন, ইন্দ্রিয় দমন, কামাদি পরিত্যাগ, ব্রতাদি নিয়ম, শাস্ত্রীয় মার্গান্তরের অনিন্দা, যোগের কুশলার্থ চেষ্টা শূন্য, শীতোষ্ণাদি দ্বন্দ্ব সহন ॥ ২২ ॥

হরিভক্তদিগের কর্ণালঙ্কার স্বরূপ যে হরিগুণ তাহার বারম্বার উচ্চারণ এবং কার্য্য ও কারণ স্বরূপ, আর নির্গুণ ব্রহ্ম রূপ আত্মাতে উদ্রিক্তা ভক্তি, এই সকল দ্বারাও আত্মরতি ও আত্মভিন্নে অনাসক্তি থাকে ॥ ২৩ ॥

যদা রতি র্ব্রহ্মণি নৈষ্ঠিকী পুমানাচার্য্যবান্ জ্ঞান বিরাগ রংহসা ।
দহত্যবীর্য্যং হৃদয়ং জীবকোষং পঞ্চাত্মকং যোনিমিবোত্থিতোঽগ্নিঃ ॥ ২৪ ॥
দগ্ধাশয়ো মুক্ত সমস্ত তদ্গুণো নৈবাত্মনো বহিরন্তর্ব্বিচষ্টে ।
পরাত্মনো র্যদ্ব্যবধানং পুরস্তাৎ স্বপ্নে যথা পুরুষস্তদ্বিনাশে ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী ।

ভবত্বন্যত্রাসঙ্গ আত্মরতিশ্চ ততঃ কিমত আহ যদা নিষ্ঠাং প্রাপ্তা রতি র্ভবতি তদাচ আচার্য্যবান্ সন্ জ্ঞান বৈরাগ্যয়োর্বেগেন অবীর্য্যং নির্ব্বাসনং সৎ জীবস্য কোশমাবরকং হৃদয়মহঙ্কারং পুমান্ দহতি । কথম্ভূতং পঞ্চভূতপ্রধানং যদ্বা অবিদ্যাস্মিতা রাগ দ্বেষাভিনিবেশাঃ পঞ্চ তদাত্মকং । উত্থিতঃ প্রজ্বলিতোঽগ্নির্যোনিমরণিমিব । যদ্বা যদা রতিরাচার্য্যানুগ্রহশ্চ তদা জ্ঞান বিরাগ বলেন উত্থিতঃ সাক্ষাৎকারঃ অবীর্য্যং পুনঃ প্ররোহাক্ষমং যথা ভবতি এবং হৃদয়ং দহতি শেষং সমানং ॥ ২৪ ॥

ততঃ কিমত আহ । দগ্ধ আশয়ো হৃদয়মুপাধির্যস্য । অতএব মুক্তাঃ সমস্তা স্তদ্গুণাঃ কর্তৃত্বাদয়ো যেন আত্মনঃ সকাশাৎ বহির্ঘটাদি অন্তঃ সুখ দুঃখাদি নৈব বিচষ্টে ন পশ্যত্যেব কুত ইত্যপেক্ষায়াং দ্রষ্টৃ দৃশ্য ভেদপ্রতীতে রন্তঃকরণ হেতুকত্বাদিত্যাহ । পরোদৃশ্যঃ আত্মা দ্রষ্টা । তয়োর্যদ্ব্যবধানং ভেদকং পূর্ব্বমাসীত্তস্য নিরাসে সতি । যথা স্বপ্নে রাজাহমিত্যারোপিত সৈন্যাদি দ্রষ্টারং দৃশ্যং সৈন্যঞ্চ স্বপ্নাবস্থা নাশে ন পশ্যতি তদ্বৎ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ততঃ কিং স্যাদিত্যত আহ যদেতি আচার্য্যবান্ গুরুভক্তিমান্ রত্যুত্থয়ো র্জ্ঞান বৈরাগ্যয়ো র্বেগেন অবীর্য্যং নিস্প্রভাবং জীবস্য কোষমাবরকং হৃদয়মহঙ্কারাত্মকং লিঙ্গং দেহং পুমান্ দহতি কথম্ভূতং পঞ্চাত্মকং অবিদ্যা অস্মিতা রাগ দ্বেষাভিনিবেশাঃ পঞ্চ ক্লেশাস্তদাত্মকং যথা অরণাবুত্থিতোঽগ্নিঃ স্বযোনিমরণিমেব দহতি তথৈব প্রাকৃত বুদ্ধীন্দ্রিয়াদৌ লিঙ্গদেহ এব উত্থিতা রতিস্তমেব দহতি বহ্নিনা কাষ্ঠং দহতীত্যুক্তৌ বহ্নিরেব কাষ্ঠং দহতীতি বদ্দার্ষ্টান্তিক সঙ্গতিঃ ॥ ২৪ ॥

ততঃ কিমত আহ দগ্ধাশয়োদগ্ধলিঙ্গদেহঃ । অতএব মুক্তা স্ত্যক্তাঃ সমস্তা স্তদ্গুণাঃ কর্তৃত্বাদয়ো যেন সঃ । আত্মনঃ স্বস্য বহির্বাহ্যং শব্দ স্পর্শাদিকং ভোগ্যমর্থং অন্তঃশোক মোহাদিকঞ্চ নৈব বিচষ্টে । পরাত্মনোঃ পরমাত্ম জীবাত্মনো র্যদেব মধ্যে পুরস্তাৎ পূর্ব্বং ব্যবধানমাসীত্তন্ন পশ্যতীত্যব্যবহিতং পরমাত্মানমেব পশ্যতীত্যর্থঃ । যথা স্বপ্নে দৃষ্টং স্বপ্ন বিনাশে সতি ন পশ্যতি ॥ ২৫

হে রাজন্ ! যখন ঐ আত্মরতি ব্রহ্মে নিষ্ঠা প্রাপ্ত হয়,তখন পুরুষ আচার্য্যবান্ হইয়া যেমন জ্বলন্ত অগ্নি আপনার উৎপত্তি স্থান অরণিকে দগ্ধ করে তাহার ন্যায়, জ্ঞান ও বৈরাগ্য বলে বাসনা শূন্য হৃদয়কে অর্থাৎ অহঙ্কারাত্মক লিঙ্গ শরীরকে দগ্ধ করেন । মহারাজ ! অহঙ্কার রূপ লিঙ্গশরীরই জীবের আবরক এবং পৃথিব্যাদি পঞ্চভূত তাহার প্রধান অংশ ॥ ২৪ ॥

সে যাহা হউক, ঐ প্রকারে জীবের হৃদয় রূপ উপাধি দগ্ধ হইলে কর্তৃত্ব ভোক্তৃত্বাদি সমুদায় উপাধিগুণ পরিত্যক্ত হইয়া যায়, তাহাতে তিনি আত্ম ভিন্ন বাহ্য বিষয় ঘট পটাদি ও আন্তরিক বিষয় সুখ দুঃখাদি কিছুই দেখিতে পান না । কারণ দৃশ্য ও দ্রষ্টা এই দুইয়ের ভেদক যাহা পূর্ব্বে ছিল ঐ সময়ে তাহা নষ্ট হইয়া যায় অতএব স্বপ্নে যেমন আমি রাজা ইত্যাকার আরোপিত সৈন্যাদি দ্রষ্টা ও দৃশ্য এই ভেদ বুদ্ধির কারণ যে অন্তঃকরণ, তাহার নাশ হওয়াতে ঐ ভেদ বুদ্ধিও বিনষ্ট হইয়া যায়॥২৫

আত্মানমিন্দ্রিয়ার্থঞ্চ পরং যদুভয়োরপি। সত্যাশয় উপাধৌ বৈ পমান্ পশ্যতি নান্যদা ॥ ২৬ ॥
নিমিত্তে সতি সর্ব্বত্র জলাদাবপি পূরুষঃ। আত্মনশ্চ পরস্যাপি ভিদাং পশ্যতি নান্যদা ॥ ২৭ ॥
ইন্দ্রিয়ৈ র্বিষয়াকৃষ্টৈরাক্ষিপ্তং ধ্যায়তাং মনঃ। চেতনাং হরতে বুদ্ধেঃ স্তম্বস্তোয়মিব হ্রদাৎ ॥ ২৮

শ্রীধরস্বামী।

দ্রষ্টৃ দৃশ্য ভেদ প্রতীতে রন্তঃকরণ হেতুকত্বমন্বয়ব্যতিরেকাভ্যামুপপাদয়তি আত্মানং দ্রষ্টারং ইন্দ্রিয়ার্থং দৃশ্যং উভয়োস্তয়োঃ পরং সম্বন্ধ হেতু মহঙ্কারঞ্চ আশয়ে অন্তঃকরণে সত্যেব জাগ্রৎ স্বপ্নয়োঃ পশ্যতি নান্যদা সুষুপ্তৌ। তদুক্তং দৃশ্যানুরঞ্জিতং দ্রষ্টৃ দৃশ্যং দ্রষ্ট্রনুরঞ্জিতং। অহং বৃত্ত্যোভয়ং রক্তং তন্নাশেঽদ্বৈততাত্মন ইতি ॥ ২৬ ॥

একস্মিন্নাত্মনি দৃশ্যাদিভেদ প্রতীতিরৌপাধিকীতি দৃষ্টান্তেন স্পষ্টয়তি। লোকেপিচ সর্ব্বত্র জলদর্পণাদৌ ভেদ নিমিত্তে সত্যেব আত্মনো বিম্বভূতস্য পরস্য প্রতিবিম্বস্যচ ভেদং পশ্যতি নতু জলাদ্যভাবে ॥ ২৭ ॥

তদেবং চতুর্ভিঃ অসঙ্গাত্মরত্যোর্মোক্ষ হেতুত্বমুক্তং ইদানীমনাত্মরতেঃ সংসার হেতুত্বমাহ ইন্দ্রিয়ৈরিতি চতুর্ভিঃ। ধ্যায়তাং গুণারোপেণ স্মরতাং পুংসামিন্দ্রিয়াণি স্বৈতৈ র্বিষয়ৈরাকৃষ্যন্তে তৈশ্চ মন আক্ষিপ্যতে বিষয়াসক্তিং প্রাপ্যতে। তচ্চ বুদ্ধেঃ সকাশাৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লিঙ্গদেহ এব জীবস্যোপাধিঃ সএব ব্যবধান শব্দ বাচ্য স্তৎ সত্ত্বে তমেব পশ্যতি তদভাবে পরমাত্মানমেব পশ্যতীত্যাহ আত্মানং ভোক্তারমুপাধি ধর্ম্মগ্রস্তং জীবং। ইন্দ্রিয়ার্থং ভোগ্যঞ্চ পরং ভোগোত্থং সুখ দুঃখঞ্চ আশয়ে লিঙ্গদেহে উপাধৌ সত্যেব পুমান্ পশ্যতি নত্বন্যদা লিঙ্গদেহাভাবে তদা তু পরমাত্মানমেব পশ্যতীতি ভাবঃ ॥ ২৬ ॥

উপাধিসত্ব এবোপাধি ধর্ম্মাধ্যাসঃ। সচোপাধিঃ কর্ম্মবশান্মানুষ দেব তির্য্যগাদি র্ভবতি নতু তদভাব ইত্যত্র দৃষ্টান্তমাহ নিমিত্ত ইতি জল তৈল চক্ষুরাদৌ নিমিত্তে বিদ্যমানএব পুরুষঃ আত্মন স্বস্য পরস্যান্যস্যচ ভিদাং উপাধের্ম্মধামোত্তমাধম ভেদং পশ্যতি তত্র জলে চাঞ্চল্যং দর্পণে নৈর্ম্মল্যঞ্চক্ষুষি মালিন্যঞ্চ যথা পশ্যতি তথৈব মানুষ দেব তির্য্যক্ শরীরেষু ভদ্রাভদ্রং কেবল ভদ্রং কেবলাভদ্রঞ্চ পশ্যতি নান্যদেতি জ্ঞানেনোপাধি নাশেতু ন তথা পশ্যতি কিন্তু পরমাত্মানমেব পশ্যতি ভক্ত্যা উপাধ্যপগমেতু শুদ্ধো জীবো রতি মহিম্নৈব লব্ধচিদ্ঘনানন্দ বিগ্রহঃ পরমাত্মন এব তস্য নারায়ণ রামকৃষ্ণাদি চিদ্ঘনানন্দাকারস্য ষড়ৈশ্বর্য্য মাধুর্য্য বতঃ সৌন্দর্য্যাদিকং স্বীয় নয়নাদিভি রাস্বাদয়েদিতি মুখ্যঞ্চ ফলং দ্রষ্টব্যং। তস্মিন্ যযৌ পরমহংস মহামুনীনামন্বেষণীয় চরণৌ চলয়িত্যাদি পূর্ব্বোক্তঃ ॥ ২৭ ॥

ইদানীমাত্মব্যতিরিক্ত বস্ত্বাসক্তেঃ সংসার হেতুত্বমাহ ইন্দ্রিয়ৈরিতি চতুর্ভিঃ ধ্যাতুমনিচ্ছতামপ্যভ্যাস পারবশ্যেনৈব ধ্যায়তা মরণ্যেপি তিষ্ঠতাং পুংসামিন্দ্রিয়াণি বিষয়ৈঃ পুত্র কলত্রাদীনাং শব্দ স্পর্শাদিভিঃ স্মৃত্যারূঢ়ৈঃ প্রথমমাকৃষ্যন্তে ততো বিষয়া কৃষ্টৈ-

ফলতঃ অন্তঃকরণ রূপ উপাধি থাকাতেই পুরুষ জাগ্রৎ ও স্বপ্নাবস্থাতে আত্মা অর্থাৎ দ্রষ্টা, ইন্দ্রিয়ার্থ অর্থাৎ দৃশ্য এবং ঐ দুইয়ের পরস্পর সম্বন্ধের কারণ অহঙ্কার এই সকলকে দেখিতে পায়, অন্য অবস্থায় অর্থাৎ সুষুপ্তি কালে অন্তঃকরণ বিলীন হওয়াতে দ্বৈত জ্ঞান হয় না ॥ ২৬ ॥

মহারাজ! আত্মা বস্তুতঃ এক উপাধি বশতই তাহাতে দৃশ্যাদি ভেদ প্রতীতি হয়; লোকেতেও ইহার দৃষ্টান্ত পাওয়া যাইতেছে, দেখ, জল দর্পণ প্রভৃতি ভেদের কারণ পদার্থসকল থাকিলেই পুরুষ আত্মার ও প্রতিবিম্ব স্বরূপ অন্য একটীর ভেদ দেখিতে পায়, জল অথবা দর্পণাদি না থাকিলে ঐ রূপ ভেদ দর্শন হয় না ॥ ২৭ ॥

রাজন্! অসঙ্গ ও আত্মরতি যে প্রকারে মুক্তির কারণ হয় তাহা এই কহিলাম, সম্প্রতি অনাত্ম বস্তুতে রতি করিলে যে রূপে সংসারের হেতু হয় তাহাও বলি শ্রবণ কর। যে সকল পুরুষ বিষয়

ভ্রশ্যত্যনুস্মৃতিশ্চিত্তং জ্ঞানভ্রংশঃ স্মৃতিক্ষয়ে। তদ্রোধং কবয়ঃ প্রাহুরাত্মাপহ্নবমাত্মনঃ ॥ ২৯ ॥

নাতঃ পরতরো লোকে পুংসঃ স্বার্থব্যতিক্রমঃ। যদধ্যন্যস্য প্রেয়স্ত্বমাত্মনঃ স্বব্যতিক্রমাৎ ॥ ৩০ ॥

অর্থেন্দ্রিয়ার্থাভিধ্যানং সর্ব্বার্থাপহ্নবো নৃণাং। ভ্রংশিতো জ্ঞান বিজ্ঞানাদ্যেনাবিশতি মুখ্যতাং ॥ ৩১

শ্রীধরস্বামী।

তদ্ধর্ম্ম চেতনাং বিচার সামর্থ্যং হরতি। এতচ্চাবিবেকিনা ন লক্ষ্যতে ইতি দৃষ্টান্তেনাহ। তীরজঃ কুশাদি স্তম্বো যথা মূলৈঃ তোয়ং হ্রদাদপহরতি তদ্বৎ ॥ ২৮ ॥

চিত্তং চেতনামনু তস্যামপহৃতায়াং স্মৃতিঃ পূর্ব্বাপরানুসন্ধানং ভ্রশ্যতি এবং তদ্রোধং জ্ঞানভ্রংশং আত্মন এব হেতো রাত্মনোঽপহ্নবং নাশং প্রাহুঃ ॥ ২৯ ॥

যদধি যমধিকৃত্য অন্যস্য বিষয়স্য প্রিয়তমত্বং। আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতীতি শ্রুতেঃ। তস্যাত্মনঃ স্বেনৈব যোব্যতিক্রমঃ অপহ্নবঃ তস্মাদন্যঃ স্বার্থনাশঃ অতঃ পরতরঃ স্বার্থনাশো নাস্তি ॥ ৩০ ॥

কুত ইত্যত আহ। অর্থস্য ইন্দ্রিয়ার্থঃ কামস্তস্য চাভিধ্যানং সর্ব্বার্থনাশঃ। জ্ঞানং বিজ্ঞানঞ্চ পরোক্ষাপরোক্ষং যেন ধ্যানেন

ক্রমসন্দর্ভঃ।

আত্মনঃ সোপাধেঃ আত্মাপহ্নবং নিরুপাধেরাত্মনো স্ফূর্ত্তিমিত্যর্থঃ ॥ ২৯। ৩০ ॥

অর্থেতি চিৎসুখঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রিন্দ্রিয়ৈর্মন আক্ষিপ্তং ভবতি। তচ্চ বুদ্ধেশ্চেতনাং বিচার সামর্থ্যং হরতে। অলক্ষিত হরণে দৃষ্টান্তঃ। স্তম্বঃ কুশাদি গুচ্ছ স্তীরজঃ স্বমূলৈ স্তোয়ং হ্রদাদপহরতি তদ্বৎ ॥ ২৮ ॥

ততশ্চ চিত্তং চেতনামনু তস্যামপহৃতায়াং সত্যাং স্মৃতিঃ পূর্ব্বাপরানুসন্ধানং ভ্রশ্যতি। এবং তদ্রোধং জ্ঞানভ্রংশং আত্মন এব হেতোরাত্মনোঽপহ্নবং নাশং প্রাহুঃ ॥ ২৯ ॥

যদ্যস্মাৎ আত্মনঃ সকাশাৎ অন্যস্য দেহাদেঃ প্রেয়স্ত্বং কীদৃশং অধি অধিকং যদ্বা ন বিদ্যতে ধীঃ পরামর্শো যত্র তৎ। তচ্চ স্বেনৈব স্বতএব যো ব্যতিক্রমস্তস্মাৎ নত্বন্যদত্র কারণমস্তীত্যর্থঃ। জীবস্য তস্যাবিদ্যাসংসর্গোঽনাদি র্যাদৃচ্ছিক এবেতি প্রাক্ প্রতিপাদিতং। তস্মাজ্জীবাশ্রয়কঃ পরমাত্ম বিষয়কঃ প্রীত্যতিশয়ো যুজ্যতে। তদর্থং ভক্তিরেব কর্ত্তুমুচিতেতি ভাবঃ ॥ ৩০ ॥

যত্তু অর্থস্য ধনস্য ইন্দ্রিয়ার্থানাং বিষয়াণাঞ্চ ধ্যানং তদেব সর্ব্বার্থনাশঃ। যেনাভিধ্যানেন জ্ঞানাৎ বিজ্ঞানাচ্চ ভ্রংশিতো

স্মরণ করে তাহাদের ইন্দ্রিয় সেই বিষয় কর্ত্তৃক আকৃষ্ট হয়, সেই বিষয়াকৃষ্ট ইন্দ্রিয় মনকে বিষয়াসক্ত করিয়া দেয়। মনঃ বিষয়াসক্ত হইলে যেমন তীরস্থ কুশাদি স্তম্ব মূল দ্বারা হ্রদাদি হইতে জল আকর্ষণ করে তাহার ন্যায়, ঐ মনঃ বুদ্ধির নিকট হইতে তাহার ধর্ম্ম যে চেতনা অর্থাৎ বিচার সামর্থ্য তাহাকে হরণ করিয়া লয়, অবিবেকী পুরুষ এ সকল কিছুই দেখিতে পায় না ॥ ২৮ ॥

চেতনা অপহৃতা হইলে তাহার পরেই স্মৃতি অর্থাৎ পূর্ব্বাপরানুসন্ধান স্বয়ং বিনষ্ট হইয়া যায়, স্মৃতি নাশ হইলে সুতরাং জ্ঞান ভ্রংশ হয়। হে রাজন্! পণ্ডিতেরা ঐ জ্ঞান ভ্রংশকেই আত্মা হইতে আত্ম বিনাশ বলিয়া থাকেন ॥ ২৯ ॥

মহারাজ! আত্ম হইতে আত্ম নাশ যেমন ক্ষতি, তদপেক্ষা গুরুতর ক্ষতি আর কি কিছু আছে? ফলতঃ আত্মাকে অবলম্বন করিয়াই অন্য পদার্থ সকল প্রিয় হয়, কেন না শ্রুতিতে স্পষ্টই দৃষ্ট হইতেছে আত্মার নিমিত্তই সকল বস্তু প্রিয় হইয়া থাকে, অতএব সেই আত্মার আপনা হইতে বিনাশ হইলে তদপেক্ষা শ্রেষ্ঠতর স্বার্থ নাশ বা ক্ষতি আর কি অবশিষ্ট রহিল? ॥ ৩০ ॥

হে রাজন্! বিষয় ও কাম এই দুইয়ের যে বিস্তার, তাহাই মনুষ্যদের পক্ষে স্বার্থ নাশ, যে হেতু

ন কুর্য্যাৎ কর্হিচিৎ সঙ্গং তমস্তীব্রং তিতীরষুঃ। ধর্ম্মার্থকামমোক্ষাণাং যদত্যন্তবিঘাতকং ॥ ৩২ ॥
তত্রাপি মোক্ষ এবার্থ আত্যন্তিকতয়েষ্যতে। ত্রৈবর্গ্যোর্থো যতোনিত্যং কৃতান্তভয়সংযুতঃ ॥ ৩৩
পরেঽবরেচ যে ভাবা গুণব্যতিকরাদনু। ন তেষাং বিদ্যতে ক্ষেমমীশবিধ্বংসিতাশিষাং ॥ ৩৪ ॥
তত্ত্বং নরেন্দ্র জগতামথ তস্থুষাঞ্চ দেহেন্দ্রিয়াসুধিষণাত্মভিরাবৃতানাং।

শ্রীধরস্বামী।

মুখ্যতাং স্থাবরতাং ॥ ৩১ ॥

অনাত্মরতেরনর্থহেতুত্বমুক্তং সঙ্গস্থাপ্যাহ নেতি। যদ্বস্ত ধর্ম্মাদীনাং বিঘাতকং। তস্মিন্ সঙ্গং তমঃ সংসারং ॥ ৩২ ॥

তুল্যবন্নির্দ্দেশাৎ পুরুষার্থ সাম্যভ্রান্তিং বারয়তি। তত্রাপীতি। কৃতান্তঃ কালঃ ॥ ৩৩ ॥

ভয় সংযুক্তত্বমেবাহ। পরে ব্রহ্মাদয়ঃ অবরে অস্মদাদয়ঃ গুণক্ষোভাদনু পশ্চাদ্ভবন্তি। ঈশঃ কালঃ তেন বিধ্বংসিতা অশিষো যেষাং ॥ ৩৪ ॥

যস্মাদনাত্মরতিরনর্থ হেতুঃ তত্তস্মাজ্জগতাং জঙ্গমানাং তস্থুষাং স্থাবরাণাং চ দেহাদিভিঃ আত্মনা অহঙ্কারেণ চাবৃতানাং হৃদি যশ্চকাস্তি প্রকাশতে তমবেহি। কথং সোঽস্মীতি। সোঽস্তীতি পাঠে সএবৈকোস্তি ততোঽন্যদসদিত্যর্থঃ। নন্বু জীবো হৃদি

ক্রমসন্দর্ভঃ।

ধর্ম্মাদয়স্ত্রয়োপ্যত্র মোক্ষস্যানুকুলা জ্ঞেয়াঃ। ধর্ম্মস্যহ্যাপবর্গস্যেত্যাদি ন্যায়েন। তিতীরষু রিত্যত্র তিতীর্ষু রিতি ক্বচিৎ। বিঘাতন মিতি গৌড়াঃ নৈষ চিৎসুখমতঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥

তত্র হেতুঃ পর ইতি সম্বন্ধোক্তিঃ পরাবর ইতি চিৎসুখঃ ॥ ৩৪ ॥

তত্ত্বমিতি। অনাবৃতানামিতি চিৎসুখঃ। বিভ্রমতেতি সম্বন্ধোক্তিঃ সোস্মীতি তদংশত্বং নিত্যতদধিষ্ঠানত্বং বা। তস্মিন্

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মুখ্যতাং স্থাবরতাং ॥ ৩১ ॥

সঙ্গং ধর্ম্মশাস্ত্র নিষিদ্ধমেব নতু বিষয়াসক্তিমাত্রং নিষিদ্ধেতর বিষয়াসক্তিমতামেব ত্রিবর্গেঽধিকারাদিতি কেচিদাহুঃ। সঙ্গং বিষয়াসক্তিমাত্রমেব ধর্ম্মাদয়োপ্যত্র মোক্ষস্যানুকূলাএব গ্রাহ্যাঃ। ধর্ম্মস্য হ্যাপবর্গস্যেতি ন্যায়েন ইত্যন্যে। যৎ যঃ ॥ ৩২ ॥

তত্রাপি তেষপি মধ্যে ত্রৈবর্গ্যঃ ত্রিবর্গভবঃ ॥ ৩৩ ॥

ভয়সংযুক্তত্বমেবাহ পরে ব্রহ্মাদয়ঃ অবরে ইন্দ্রাদয়শ্চ যে গুণ ক্ষোভাদনু পশ্চাদ্ভবন্তি। ঈশঃ কালঃ ॥ ৩৪ ॥

সচ কেবল মোক্ষো ভক্তে র্গুণভাবেপি নির্ব্বেদ ব্রহ্ম জ্ঞান সিদ্ধ্যা স্যাদিত্যাহ। তত্তস্মাজ্জগতাং জঙ্গমানাং তস্থুষাং স্থাবরাণাঞ্চ দেহেন্দ্রিয় প্রাণ বুদ্ধ্যহঙ্কারৈরাবৃতানাং হৃদি যশ্চকাস্তি প্রকাশতে তং পরমাত্মানমবেহি জানীহি। জ্ঞান প্রকারমাহ সোঽস্মীতি

ঐ দুইয়ের চিন্তা দ্বারাই জ্ঞান ও বিজ্ঞান হইতে অর্থাৎ পরোক্ষ ও অপরোক্ষ হইতে ভ্রংশিত হইয়া স্থাবরতা প্রাপ্ত হয় ॥ ৩১ ॥

অতএব যে ব্যক্তি ঘোর সংসার পার হইতে অভিলাষ করেন তাঁহার পক্ষে যে বস্তু, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষের অত্যন্ত বিঘাতক, তাহাতে আসক্তি করা কদাচ কর্ত্তব্য হয় না ॥ ৩২ ॥

হে রাজন্ যদিও ধর্ম্মাদি চতুষ্টয়ই পুরুষার্থ তথাপি মোক্ষই আত্যন্তিক পুরুষার্থ বলিয়া গণ্য হইয়া থাকে। যে হেতু ধর্ম্মাদি ত্রিবর্গে দেদীপ্যমান কাল ভয় আছে ॥ ৩৩ ॥

ফলতঃ পর অর্থাৎ ব্রহ্মাদি যে সকল পদার্থ এবং অপর অর্থাৎ অস্মদাদি যে সমস্ত বস্তু, সকলই গুণ ক্ষোভের পশ্চাৎ উৎপন্ন, ইহাতে কাল তাহাদের সকলেরই মঙ্গল বিনষ্ট করিয়াছে অতএব তাহাদের আর কল্যাণ সম্ভাবনা নাই ॥ ৩৪ ॥

হে নরেন্দ্র! আত্ম ভিন্নে আসক্তি এই প্রকার অনর্থের হেতু, অতএব, যে ভগবান্ এই সকল স্থাবর জঙ্গম এবং দেহ, ইন্দ্রিয়, প্রাণ, বুদ্ধি ও অহঙ্কারে আবৃত, ইহাদের হৃদয়ে অন্তর্যামি রূপে প্রকাশ

যঃ ক্ষেত্রবিত্তপতয়া হৃদি বিশ্বগাবিঃ প্রত্যক্ চকাস্তি ভগবাংস্তমবেহি সোঽস্মি ॥ ৩৫ ॥
যস্মিন্নিদং সদসদাত্ম তয়া বিভাতি মায়াবিবেক বিধুতি স্রজিবাহি বুদ্ধিঃ।
তং নিত্যমুক্তপরিশুদ্ধবিশুদ্ধতত্ত্বং প্রত্যূঢ়কর্ম্মকলিলপ্রকৃতিং প্রপদ্যে ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

চকাস্তি নাস্য স্তত্রাহ। ক্ষেত্রবিদঃ জীবং তপতি নিয়ময়তীতি ক্ষেত্রবিত্তপঃ তস্য ভাবস্তত্তা তয়া অন্তর্যামি রূপেণ। যদ্বা ক্ষেত্রবিত্তে অহং মমতাস্পদে পাতীতি ক্ষেত্রবিত্তপঃ তেন রূপেণ। জীবস্তু পারতন্ত্র্যান্ন পাতি নন্থ কর্ম্ম জীবং নিযচ্ছতি ন আবিঃ প্রত্যক্ষঃ তর্হি বুদ্ধির্ন প্রত্যক্ প্রতিলোমং চকাস্তি বুদ্ধিস্ত পরাক্ বিষয়াকারেণ তর্হ্যহঙ্কারঃ ন বিষ্বক্ ব্যাপকত্বেন সতু পরিচ্ছিন্নঃ। এবম্ভূতো যো ভগবান্ তমবেহীতি ॥ ৩৫ ॥

স্থাবর জঙ্গমানাং হৃদি চকাস্তি ইত্যুক্তে তেষাং সত্ত্বং তৎ সম্বন্ধাদীশ্বরস্য মালিন্যঞ্চ প্রসক্তং নিরাকর্ত্তুমুদ্রিক্ত ভক্ত্যা তং প্রণমতি। যস্মিন্নিদং বিশ্বং সদসদাত্মতয়া উৎকৃষ্ট নিকৃষ্ট ভাবেন কার্য্য কারণ ভাবেন বা মাযৈয়ব বিভাতি। তং প্রপদ্যে মায়াত্বে হেতুঃ। বিবেকেন বিধুতি নিরাকৃতি র্যস্য তৎ স্রজিবেতি বা শব্দো দৃষ্টান্তে নিত্যমুক্তং যতঃ পরিশুদ্ধং তৎকুতঃ বিশুদ্ধ তত্ত্বং সত্যং

ক্রমসন্দর্ভঃ।

পরম প্রেমাস্পদত্বং ব্যঞ্জনার্থমেবোক্তং। সোস্মীতি পাঠেপি ক্ষেত্রবিত্তপতয়েতি বিশেষণেন তদর্থমেব জ্ঞেয়ং। নতু বিবর্ত্তবাদিনামিব স্থানুপুরুষবৎ কল্পনাময়মিত্যভিপ্রায়াৎ ॥ ৩৫ ॥

যস্মিন্ শ্রীভগবতি তং প্রপদ্য ইত্যনেন সোস্মীত্যেব পাঠঃ স্থাপিতঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্বদীয় সাধু সঙ্গাদেব চিত্তং বিশেষতঃ শুদ্ধ্যেৎ বিশুদ্ধেচ চিত্তে স্বদ্রূপ লীলা লাবণ্যানুভবঃ স্যাদিতি বিশুদ্ধমেব চিত্তং লক্ষয়তি যস্য চিত্তং বহিরর্থ বিভ্রমং নত্বদীয় স্মরণ শ্রবণাদি সময়ে বাহ্যার্থ বিক্ষিপ্তং ন ভবতি তমো গুহায়াঞ্চ নাবিশৎ সুপ্তি গহ্বরেঽপ্যপ্রবিষ্টঃ ত্বদীয় শ্রবণ স্মরণাদি সময়ে যচ্চিত্তং লয় বিক্ষেপযুক্তং ন ভবতীত্যর্থঃ । তত্র হেতুঃ যৎ খলু ভক্তিযোগেনানুগৃহীতং তৎ শুদ্ধং ভবতি অয়মাশয়ঃ দশ নামাপরাধা ভক্ত্যপরাধা এব লয় বিক্ষেপকারকাঃ তেষামপগমে এব ভক্তিদেবী প্রসীদতি । প্রসীদন্ত্যা এব তস্যা অনুগ্রহঃ স্যাৎ সচ ভক্তি সময়গত লয় বিক্ষেপাভাব গম্য ইত্যত স্তত্র শুদ্ধে চিত্তে মুনির্মনন শীলঃ সন্ তব গতিং চেষ্টাং লীলা লাবণ্যাদিকং বিচষ্টে পশ্যতি ॥ ৫৬ ॥

যত্তু কশ্চিন্মুনি স্তব ব্রহ্ম স্বরূপং বিচষ্টে তদপি ত্বমেব তদৈব পরম মহত স্তন্মহিমা ব্যাপকস্তেজ ইত্যাহ যত্রেতি ॥ ৫৭ ॥

বয়ন্তু ত্বাং ভগবৎ স্বরূপমেবানুবুভূষাম ইত্যাহ যো ভবান্ ইদং বিশ্বং পুরুষরূপেণাসৃজৎ বিষ্ণুরূপেণ বিভর্ত্তি সঙ্কর্ষণ রূপেণ ক্ষপয়তি মায়য়া কীদৃশ্যা আত্মনি ত্বয়ি দুহ্যয়া স্বকার্য্যং কর্ত্তুমসমর্থয়া যদ্যস্যা মায়ায়াঃ ভেদে ভেদ প্রভেদ রূপে জগত্যেব বুদ্ধির্জ্ঞানং

প্রভো ! তোমার ভক্তজনের সহিত সঙ্গ দ্বারা তত্ত্বজ্ঞানও হইয়া থাকে, ফলতঃ যখন তোমার ভক্ত সাধু ব্যক্তিদিগের প্রতি ভক্তিযোগ দ্বারা পুরুষের চিত্ত অনুগৃহীত ও বিশুদ্ধ হওয়াতে বাহ্য বিষয়ে বিক্ষিপ্ত না হয় এবং তমোরূপ গুহাতে লয় না পায়, তখন পুরুষ তোমার তত্ত্ব দেখিতে পান্ ॥ ৫৬ ॥

ভগবন্ ! তোমার তত্ত্ব অতি আশ্চর্য্য, তাহাতে এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান বিশ্ব প্রকাশ পায় এবং বিশ্ব মধ্যেও তাহার প্রকাশ হইয়া থাকে, অতএব সেই তত্ত্ব পরমব্রহ্ম ও পরম জ্যোতিঃ স্বরূপ, আকাশের ন্যায় বিস্তীর্ণ ॥ ৫৭ ॥

হে ঈশ ! যিনি বহুরূপা মায়া দ্বারা এই বিশ্বকে সৃজন, পালন ও পুনরায় সংহার করিতেছেন অথচ স্বয়ং বিকার শূন্য । যাঁহার মায়া অন্য ব্যক্তিদের ভেদ বুদ্ধি জন্মাইয়া দেয় অথচ আপনাতে

যদ্ভেদবুদ্ধিঃ সদিবাত্ম দুঃস্থয়া তমাত্মতন্ত্রং ভগবন্ প্রতীমহি ॥ ৫৮ ॥
ক্রিয়াকলাপৈরিদমেব যোগিনঃ শ্রদ্ধান্বিতাঃ সাধু যজন্তি সিদ্ধয়ে।
ভূতেন্দ্রিয়ান্তঃ করণোপলক্ষণং বেদেচ তন্ত্রেচ ত এব কোবিদাঃ ॥ ৫৯ ॥
ত্বমেক আদ্যঃ পুরুষঃ সুপ্তশক্তি স্তয়া রজঃ সত্ত্ব তমোবিভিদ্যতে।
মহানহং খং মরুদগ্নি বার্ধরাঃ সুরর্ষয়ো ভূতগণা ইদং যতঃ ॥ ৬০ ॥

শ্রীধরস্বামী।

যয়া ভেদবুদ্ধিরন্যেষাং ভবতি তয়া আত্মনি ত্বয়ি দুঃস্থয়া স্বকার্য্যং কর্ত্তুমসমর্থয়া তং ত্বাং নিরস্তভেদং প্রতীমহি জানীমঃ ॥ ৫৮ ॥

যদ্যপি ত্বমেবং নির্ভেদং ব্রহ্ম তথাপি প্রাগুক্তং সাকারং তব রূপং যে যজন্তি তএব বেদাগমতত্ত্বজ্ঞা ইত্যাহ। ক্রিয়া কলাপৈ র্বৈকর্ম্ম যোগিনঃ পূজয়ন্তি তএব কোবিদাঃ। নত্বেতদনাদৃত্য কেবল জ্ঞানে প্রবৃত্তাঃ। তন্ত্রে আগমে কথম্ভূতমিদং ভূতেন্দ্রিয়ান্তঃ করণৈরস্বতন্ত্রৈ র্যদুপ লক্ষ্যতে তৎ নিয়ন্তৃ রূপং ॥ ৫৯ ॥

নম্বভিন্নে ময়ি ভেদং কুর্ব্বন্তঃ সন্তঃ কথং তে কোবিদাঃ। নহি তৈর্ভেদঃ ক্রিয়তে ত্বয়ৈব ক্রীড়ার্থং চেতনাচেতনাত্মক ভেদঃ কৃত ইত্যাহ ত্বমিতি। আদ্য ত্বমেক এব সুপ্তা মায়াখ্যা শক্তির্যস্য পশ্চাত্তয়া শক্ত্যা রজঃ সত্ত্ব তমসাং দ্বন্দ্বৈক্যং। যতো রজআদেঃ মহানহঙ্কারঃ খঞ্চ মরুদগ্নিবার্ধরাশ্চ বারিতি উদকং সুরাশ্চ ঋষয়শ্চ ভূতগণাশ্চ। এবমিদং জগৎ যতো ভবতি তদ্বিভিদ্যত ইত্যন্বয়ঃ ॥৬০

ক্রমসন্দর্ভঃ।

ত্বয়ি স্বরূপ ভূত মহা ভাগবতত্ব দর্শনেনাত্মনি দুঃস্থয়া স্বং দৌস্থং দর্শয়ন্ত্যা ॥ ৫৮ ॥

অন্তর্যামিত্বমাহ। ক্রিয়েতি ইদমেবেতি ত্রয়াণামভেদং দর্শয়তি কর্ম্মমার্গে যে সর্ব্বান্তর্যামি দৃষ্টি স্তৎ পরা স্তএব ভগবত্তত্ত্ব কোবিদা নান্যে ততঃ কিং পুনর্ভক্তি মার্গে সাক্ষাত্তদুপাসকা ইত্যর্থঃ ॥ ৫৯ ॥

অন্তর্যামিত্বমেব স্থাপয়তি। ত্বমেক ইতি দ্বাভ্যাং। তত্র প্রথমেনাংশানুবাদঃ। দ্বিতীয়েনাংশপ্রতিপাদনং। অত্র অন্তঃ সত্ত্বমিতি টীকা সম্মতং ॥ ৬০। ৬১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লোকানাং স্যাৎ তচ্চ জ্ঞানং সদিব প্রশস্তমিব নতু প্রশস্তমিত্যর্থঃ। ক্লীবত্বমার্ষং হে ভগবন্ শ্রীকৃষ্ণ তং ত্বামাত্মতন্ত্রং প্রতীমহি সাক্ষাদনুভবেমেতি প্রার্থনেয়ং ॥ ৫৮ ॥

কেচিৎ কর্ম্মযোগিনোঽষ্টাঙ্গযোগিনশ্চ সর্ব্ব ভূতান্তর্যামি প্রথমং পুরুষং ত্বাং যজন্তীতি তন্ত্রেণৈবাহ ক্রিয়েতি ইদমেব কিং তত্রাহ ভূতেন্দ্রিয়ান্তঃকরণৈরস্বতন্ত্রৈ র্যদুপলক্ষ্যতে জ্ঞাপ্যতে তন্নিয়ন্তৃ রূপং তএব কর্ম্মিণাং যোগিনাং চ মধ্যে কোবিদাঃ নান্যে ॥ ৫৯ ॥

কৈশ্চিত্তু ত্বং প্রকৃত্যন্তর্যামী প্রথম পুরুষোঽনুভূয়সে ইত্যাহ ত্বমিতি সুপ্তা মায়াখ্যা শক্তি র্যস্য পশ্চাত্তয়ৈব শক্ত্যা প্রবুদ্ধয়া ত্বত্ত এব রজ আদিকং বিভিদ্যতে যতো রজ আদে র্মহানহমিত্যাদি ॥ ৬০ ॥

স্বীয় কার্য্য করিতে সমর্থ হয় না, তুমি সেই আত্মা, আমরা যেন তোমাকে জানিতে পারি ॥ ৫৮ ॥

কিন্তু হে ভগবন্! যদিও তুমি এই রূপ ভেদ বিহীন পরমব্রহ্ম, তথাপি যে সকল যোগী শ্রদ্ধান্বিত হইয়া সিদ্ধির নিমিত্ত তোমার পূর্ব্বোক্ত সাকার রূপের অর্চ্চনা করেন, বেদে ও তন্ত্রে তাঁহারাই পণ্ডিত বলিয়া গণ্য, যাহারা ঐ রূপের অনাদর করিয়া কেবল জ্ঞানে প্রবৃত্ত, তাহারা পণ্ডিত নহে, যে হেতু তোমার ঐ রূপ ভূত ইন্দ্রিয় ও অন্তঃকরণ দ্বারা উপলক্ষিত পদার্থ সকলের নিয়ন্তা ॥ ৫৯ ॥

প্রভো! তুমি এক আদ্য পুরুষ, তোমার মায়াশক্তি সুপ্তা থাকে সত্য, কিন্তু পরে তোমার ঐ শক্তি দ্বারাই রজঃ সত্ত্ব ও তমঃ এই গুণত্রয় বিভিন্ন হয়। তাহাতে ঐ সকল হইতে মহত্তত্ত্ব, অহঙ্কার তত্ত্ব, আকাশ, বায়ু, অগ্নি, জল পৃথিবী, দেব, ঋষি এবং ভূত সকল এতৎ সমুদয়াত্মক এই বিশ্ব উৎপন্ন হইয়া থাকে ॥ ৬০ ॥

স্মৃষ্টং স্বশক্ত্যেদমনু প্রবিষ্টশ্চতুর্ব্বিধং পুরমাত্মাংশকেন।
অথোবিদুস্তং পুরুষং সন্তমন্তর্ভুঙ্‌ক্তে হৃষীকৈর্মধুসারঘং যঃ॥ ৬১॥
স এষ লোকানতিচণ্ডবেগো বিকর্ষসি ত্বং খলু কালযানঃ।
ভূতানি ভূতৈরনুমেয় তত্ত্বো ঘনাবলীর্ব্বায়ুরিবাবিষহ্যঃ॥ ৬২॥

শ্রীধরস্বামী।

এতদুপপাদয়তি স্মৃষ্টমিতি পুরং শরীরং চতুর্ব্বিধং। জরায়ুজাণ্ডজ স্বেদজোদ্ভিজ্জরূপেণ স্বাংশেন প্রবিষ্টঃ। অথো ইতি হেতৌ পুরস্থাস্তঃ সন্তমংশং চিদাভাসং পুরি শয়নাৎ পুরুষং বিদুঃ। তর্হি কিমীশ্বরমেব সংসারিণং বিদুঃ নেত্যাহ। সরঘা মধুমক্ষিকাঃ তাভিঃ স্মৃষ্টং মধ্বিব ক্ষুল্লকং বিষয় সুখং অবিদ্যাবৃতঃ সন্ যোভুঙ্‌ক্তে তং জীবং বিদুঃ। তথাচ শ্রুতিঃ। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তানশ্নন্নন্যোঽভিচাকশীতি নির্ণীতঞ্চ গুহাং প্রবিষ্টাবাত্মানৌ হি তদ্দর্শনাদিত্যত্র॥ ৬১॥

তবতু সর্ব্বনিয়ন্তুঃ কুতঃ সংসার ইত্যাহ। যঃ স্বশক্ত্যেদং স্মৃষ্টবান্ স এষ ত্বং খলু ভূতৈরেব ভূতানি মেঘপঙ্‌ক্তী র্বায়ুরিব কালযান্ বিচালয়ন্ লোকান্ বিকর্ষসি সংহরসি অনুমেয় তত্ত্বঃ অলক্ষ্য স্বরূপঃ॥ ৬২॥

ক্রমসন্দর্ভঃ।

কালত্বমাহ। স এব ইতি দ্বাভ্যাং। সর্ব্ব দুঃখ হন্তরি সর্ব্ব সুখদাতরি ত্বয্যিমুখং বিধাতুং দয়ৈব তথা বিভীষয়স ইতি ভাবঃ॥ ৬২। ৬৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্ত্বন্তর্যামী সঙ্গী পুরুষোজীবঃ সতু নোপাস্য ইত্যাহ স্মৃষ্টমিতি ইদং চতুর্বিধং জরায়ুজাণ্ডজ স্বেদজোদ্ভিজ্জরূপং আত্মা অন্তর্যামী অংশকেন যেন নিকৃষ্টাংশেন সহ প্রবিষ্ট স্তমপি অন্তঃ সন্তং অন্তরেব নতু বহিঃ সন্তং জীবং পুরুষং বিদুঃ যঃ সারঘং সরঘাভির্মধুমক্ষিকাভিঃ স্মৃষ্টং মধু হৃষীকৈর্ভুঙ্‌ক্তে। সারঘ দৃষ্টান্তেন তন্মক্ষিকাদংশসন্তপ্তত্বেপি তদ্ভোজনাত্যাগাদাসক্তি র্দ্যোতিতা ততশ্চাতিশয়োক্ত্যলঙ্কারেণাভক্ত্যা সদুঃখং বিষয় সুখং তুচ্ছমবিদ্যাবৃতো যো ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতীতি॥ ৬১॥

তমেব ভক্তিহীনং জীবং সপরিচ্ছদমেব কাল স্বরূপ স্বমাকর্ষসীত্যাহ সএষ ইতি দ্বাভ্যাং কালযানশ্চালয়ন্ লোকান্ ভোগ স্থানান্যপি ভূতানি ভূতৈরিতি জীবোজীবস্য জীবনমিতি ন্যায়েনেত্যর্থঃ অনুমেয় তত্ত্বঃ অলক্ষ্য স্বরূপঃ॥ ৬২॥

ফলতঃ যিনি আপনার শক্তি দ্বারা জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ রূপ চতুর্ব্বিধ শরীর সৃষ্টি করিয়া আপনার অংশ দ্বারা ঐ সকলে প্রবিষ্ট হন, তাঁহাকে পুর অর্থাৎ শরীর মধ্যে শয়ন হেতু পণ্ডিতেরা পুরুষ বলিয়া থাকেন। প্রভো! ইহাতে এমত মনে করিবেন না যে আমি ঈশ্বরকে সংসারী বলিতেছি, যেমন মধুমক্ষিকারা আপনাদের সৃষ্ট মধু পান করিয়া থাকে তাহার ন্যায়, যিনি অবিদ্যায় আবৃত হইয়া ক্ষুদ্র বিষয় সুখ ভোগ করেন, তিনিই সংসারী জীব॥ ৬১॥

হে অধীশ! তুমি সর্ব্বগুণের নিয়ন্তা তোমার সংসার কোথায়? ফলতঃ যিনি আত্মশক্তি দ্বারা এই বিচিত্র বিশ্ব সৃষ্টি করিয়াছেন, তুমি সেই পুরুষ, তোমার বেগ অতি প্রচণ্ড এবং কালই তোমার যান, তুমি তাদৃশ হইয়া, বায়ু যেমন ঘনাবলীকে বিচালিত করে তাহার ন্যায়, ভূত দ্বারা ভূত সকলকে সঞ্চালিত করত আকর্ষণ করিয়া থাক। কিন্তু কেহই তোমার স্বরূপ লক্ষ্য করিতে পারে না॥ ৬২॥

প্রমত্তমুচ্চৈরিতিকৃত্য চিন্তয়া প্রবৃদ্ধলোভং বিষয়েষু লালসং।
ত্বমপ্রমত্তঃ সহসাভিপদ্যসে ক্ষুল্লেলিহানোঽহিরিবাখুমন্তকঃ ॥ ৬৩ ॥
কস্ত্বৎ পদাব্জং বিজহাতি পণ্ডিতো যস্তেঽবমানব্যয়মানকেতনঃ।
বিশঙ্কয়াস্মদ্‌গুরু রর্চ্চতিস্ম যদ্বিনোপপত্তিং মনবশ্চতুর্দ্দশ ॥ ৬৪ ॥
অথ ত্বমসি নোব্রহ্মন্ পরমাত্মন্ বিপশ্চিতাং। বিশ্বং রুদ্রভয়ধ্বস্তমকুতশ্চিদ্ভয়া গতিঃ।

শ্রীধরস্বামী।

বিকর্ষণ প্রকারমাহ প্রমত্তমিতি ইতিকৃত্যং এবমিদং কর্ত্তব্যমিতি চিন্তয়োচ্চৈঃ প্রমত্তং। তত্র হেতুঃ বিষয়েষু লালসং অতিকামুকং প্রাপ্তেপি বিষয়ে প্রবৃদ্ধলোভং অন্তকস্ত্বমভিপদ্যসে আক্রামসি ক্ষুধালেলিহানঃ জিহ্বয়োষ্ঠ প্রান্তৌ স্পৃশন্ সর্পোমূষিকমিব ॥ ৬৩ ॥

অতস্ত্বৎ পদাব্জং কস্ত্যজেৎ পণ্ডিতশ্চেৎ। কথম্ভুতঃ যস্তবাবমানোঽনাদর স্তেন ব্যয়মানং কেতনং শরীরং যস্য সঃ। যদস্মাকং গুরুর্ব্রহ্মা অর্চ্চতি স্মেতি সর্ব্বেষাং স্তোতৄণাং বাক্যং বিশঙ্কয়া নাশ শঙ্কয়া বিনোপপত্তিমিতি দৃঢ়বিশ্বাসেন মনবশ্চার্চ্চন্তিস্ম ॥ ৬৪ ॥

উপসংহরতি অথেতি। রুদ্রভয়েন ধ্বস্তং। অতো ন কুতশ্চিদ্ভয়ং যস্মাং তাদৃশী গতিরসি ॥ ৬৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতস্তদ্ভক্তিরেব পুরুষার্থ ইত্যুপসংহরতি। ক ইতি দ্বাভ্যাং বিশঙ্কয়াপি হেতুনা কোবিজহাতি। অস্মদ্গুর্ব্বাদয়স্তু উপপত্তিং যুক্তিং বিনা স্বভাবত এবেত্যর্থঃ। তথা মনব ইতি। মন্বন্তরস্য ভক্তানামুপলক্ষণং চেতন ইতি চিৎ সম্বন্ধয়োঃ পাঠান্তরং ॥ ৬৪ ॥

হে বিপশ্চিতাং পরমাত্মন্ স্বভাবতঃ প্রেষ্ঠত্বমেবাস্মাকমকুতশ্চিদ্ভয়া গতিঃ ত্বাং বিনাতু বিশ্বং সর্ব্বমেব রুদ্রাৎ কালাৎ ভয়ং তেনধ্বস্তমিতি ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিকর্ষণ প্রকারমাহ প্রমত্তমিতি ইতি কৃত্যং এবমেবমিদং কর্ত্তব্যমিতি তচ্চিন্তয়া প্রমত্তং। অভিপদ্যসে আক্রম্যসি ক্ষুধালেলিহানঃ জিহ্বয়া ওষ্ঠপ্রান্তৌ অতিশয়েন স্পৃশন্ সর্পঃ আখুং মূষিকমিব ॥ ৬৩ ॥

এবম্ভূতং ত্বাং নির্বুদ্ধিরেব নভজেদিত্যাহ ক ইতি। অবমানো দুষ্টজন কৃতোঽনাদর স্তেন ব্যয়মানং কেতনং নাশং প্রাপ্তমিব শরীরং যস্য সঃ। যদস্মদ্গুরু ব্রহ্মা অর্চ্চতি স্মেতি সর্ব্বেষাং স্তোতৄণাং বাক্যং। বিশঙ্কয়া ভববন্ধ শঙ্কয়া মনবোপি উপপত্তিং যুক্তিং বিনা স্বভাবতএব বিশ্বাস দার্ঢ্যেন। যদ্বা কামনাং বিনা ॥ ৬৪ ॥

উপসংহরতি অথেতি বিপশ্চিতাং গতিরসি নত্ববিপশ্চিতাং যতো বিশ্বং রুদ্রভয় ধ্বস্তং বিশ্ববর্ত্তিনোঽজ্ঞা জীবাঃ কালভয় ধ্বস্তা এবেত্যর্থঃ ॥

স্বধর্ম্ম মনুতিষ্ঠস্ত ইতি প্রচেতসাং কর্ম্মমিশ্র ভক্তি মত্বমালক্ষ্যোক্তিঃ ॥ ৬৫ ॥

ভগবন্! লোক সকল বিষয়ার্থ অতিশয় লোলুপ, ইহাতে বিষয় প্রাপ্ত হইলেও তাহাদের লোভ নিবৃত্তি হয় না, বরং বর্দ্ধিত হইয়া উঠে, সুতরাং এই কর্ম্ম এই রূপে করিব এই চিন্তায় প্রমত্ত থাকে। পরন্তু তুমি অপ্রমত্ত অন্তক হইয়া, যেমন ক্ষুধা হেতু জিহ্বা দ্বারা ওষ্ঠ প্রান্ত স্পর্শকারী সর্প মূষিককে আক্রমণ করে তাহার ন্যায় ঐ সকল ব্যক্তিকে আক্রমণ করিয়া থাক ॥ ৬৩ ॥

অতএব তোমার প্রতি অবমান দ্বারা যাহাদের শরীর ব্যয়ীভূত না হয় তাদৃশ কোন্ পণ্ডিত ব্যক্তি তোমার পাদপদ্ম পরিত্যাগ করিবে? প্রভো! তোমার চরণ কমল কি সামান্য, আমাদের গুরু ব্রহ্মাও তাহার পূজা করেন এবং বিনাশ শঙ্কা হেতু, দৃঢ় বিশ্বাস করিয়া চতুর্দ্দশ মনুও তাহার অর্চ্চনা করিয়া থাকেন ॥ ৬৪ ॥

হে ব্রহ্মন্! এই বিশ্ব রুদ্র ভয়ে বিনষ্ট হইতেছে অতএব তুমি আমাদের গতি হও। হে পরমা-

ইদং জপত ভদ্রং বো বিশুদ্ধা নৃপনন্দনাঃ। স্বধর্ম্মমনুতিষ্ঠন্তো ভগবত্যর্পিতাশয়াঃ।
তমেবাত্মানমাত্মস্থং সর্ব্বভূতেষ্ববস্থিতং। পূজয়ধ্বং গৃণন্তশ্চ ধ্যায়ন্তশ্চাসকৃদ্ধরিং ॥ ৬৫ ॥
যোগাদেশমুপাসাদ্য ধারয়ন্তোমুনিব্রতাঃ। সমাহিতধিয়ঃ সর্ব্ব এতদভ্যসতাদৃতাঃ ॥ ৬৬ ॥
ইদমাহ পুরাস্মাকং ভগবান্ বিশ্বসৃক্‌পতিঃ। ভৃগ্বাদীনামাত্মজানামাসিসৃক্ষুঃ সিসৃক্ষতাং ॥ ৬৭ ॥
তে বয়ং চোদিতাঃ সর্ব্বে প্রজাসর্গে প্রজেশ্বরাঃ। অনেন ধ্বস্ত তমসঃ সিসৃক্ষ্ম বিবিধাঃ প্রজাঃ ॥ ৬৮ ॥
অথেদং নিত্যদা যুক্তো জপন্নবহিতঃ পুমান্। অচিরাচ্ছ্রেয় আপ্নোতি বাসুদেবপরায়ণঃ ॥ ৬৯ ॥

শ্রীধরস্বামী।

যোগাদেশং নামৈতৎ স্তোত্রং উপাসাদ্য পাঠতঃ প্রাপ্য মনসা ধারয়ন্তঃ অভ্যসৎ জপৎ ॥ ৬৬ ॥
বিশ্বসৃজাং পতির্ব্রহ্মা ॥ ৬৭ ॥
সিসৃক্ষ্ম সৃষ্টবন্তঃ ॥ ৬৮ ॥
যুক্ত একাগ্রচিত্তঃ ॥ ৬৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র প্রথমং কর্ম্মমিশ্রাং ভক্তিমাহ। ইদমিতি ॥
ততঃ শুদ্ধামাহ। তমেবেতি ॥ ৬৫। ৬৬ ॥
সিসৃক্ষ্ম ইতি সবিসর্গঃ পাঠঃ। বিসৃক্ষ্মেতি ক্বচিৎ সসৃক্ষ্মেতি ক্বচিৎ ॥ ৬৭। ৬৮। ৬৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যোগাদেশং নামৈতৎ স্তোত্রং উপাসাদ্য পাঠতঃ প্রাপ্য ॥ ৬৬ ॥
অস্মাকং অস্মান্ ॥ ৬৭। ৬৮ ॥
অথ অতঃ ॥ ৬৯ ॥

স্মন্! তুমি আমাদের আশ্রয় হইলে আর কাহা হইতেও ভয় সম্ভাবনা থাকিবে না। ভগবান্ রুদ্র এই প্রকারে উপাস্য বস্তু বর্ণন করিয়া প্রচেতাদিগকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, অহে নৃপনন্দনগণ! তোমরা বিশ্বস্ত চিত্তে স্বধর্ম্মের অনুষ্ঠান করিয়া ভগবানে মনঃ অর্পণ করত এই স্তোত্র জপ কর, তোমাদের মঙ্গল হউক, অপর যিনি আত্মা ও সকল প্রাণিতে অবস্থিত সেই হরিকে আত্মস্থ জানিয়া জপ ও বারম্বার ধ্যান করত পূজা কর ॥ ৬৫ ॥

হে বৎসগণ! এই স্তোত্রের নাম যোগোপদেশ। আমার পাঠ দ্বারা তোমরা ইহা প্রাপ্ত হইয়া মুনিব্রত আচরণ পূর্ব্বক মনোমধ্যে ধারণ করত সমাহিত হইয়া সাদরে ইহা জপ কর ॥ ৬৬ ॥

প্রচেতাগণ! আমি যে স্তোত্র তোমাদের নিকট কহিলাম ভগবান্ ব্রহ্মা সৃষ্টি করিতে ইচ্ছা করিয়া আমাদিগের এবং সৃজন কার্য্যে সমুৎসুক ভৃগু প্রভৃতি আত্মজগণের সন্নিধানে ইহা কহিয়াছিলেন ॥ ৬৭ ॥

আমরা সৃষ্ট্যর্থ প্রেরিত হইয়া এই স্তোত্র দ্বারা অজ্ঞান বিনাশ পূর্ব্বক বিবিধ প্রজা সৃষ্টি করিয়াছি ॥ ৬৮

অতএব যে পুরুষ বাসুদেব পরায়ণ এবং অবহিত ও একাগ্র চিত্ত হইয়া নিত্য এই স্তোত্র জপ করিবেন তাঁহারও অচিরে শ্রেয়ঃ লাভ হইবে ॥ ৬৯ ॥

শ্রেয়সামিহ সর্ব্বেষাং জ্ঞানং নিঃশ্রেয়সং পরং। সুখং তরতি দুষ্পারং জ্ঞাননৌর্ব্যসনার্ণবং ॥ ৭০ ॥
য ইমং শ্রদ্ধয়া যুক্তো মদ্গীতং ভগবৎ স্তবং। অধীয়ানোদুরারাধ্যং হরিমারাধয়ত্যসৌ ॥ ৭১ ॥
বিন্দতে পুরুষোঽমুষ্মাদযদযদিচ্ছত্যসংত্বরন্। মদগীতগীতাৎ সুপ্রীতাচ্ছ্রেয়সামেক বল্লভাৎ ॥ ৭২
য ইদং কল্য উত্থায় প্রাঞ্জলিঃ শ্রদ্ধয়ান্বিতঃ। শৃণুয়াচ্ছ্রাবয়েন্মর্ত্ত্যো মুচ্যতে কর্ম্মবন্ধনৈঃ ॥ ৭৩ ॥
গীতং ময়েদং নরদেবনন্দনাঃ পরস্য পুংসঃ পরমাত্মনস্তবং।
জপন্ত একান্তধিয়ো মহত্তপশ্চরধ্বমন্তে তত আপ্স্যথেপ্সিতং ॥ ৭৪ ॥

শ্রীধরস্বামী।

জ্ঞানমেব নৌর্যস্য ॥ ৭০ ॥

গোধীয়ানো ভবত্যসৌ ॥ ৭১ ॥

অমুষ্মাৎ হরেঃ অসংত্বরন্ স্থিরঃ সন্। মদ্গীতং স্তোত্রং তেন গীতাৎ স্তুতাৎ একএব বল্লভঃ প্রিয়ঃ আশ্রয়স্তস্মাৎ ॥ ১২ ॥

কল্যে উসসি ॥ ৭৩ ॥ তপশ্চরতঃ তপসোঽন্তে ঈপ্সিতং প্রাপ্স্যথ ॥ ৭৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তচ্চ শ্রেয়ো জ্ঞানমেবেত্যভিপ্রেত্য জ্ঞানং স্তৌতি শ্রেয়সামিতি। জ্ঞানমত্র ভাগবতমেব ॥ ৭০। ৭১ ॥

অসত্বরন্নিতি কিং বাচারার্থঃ ॥ ৭২। ৭৩ ॥ তপশ্চাত্র ভগবদারাধন লক্ষণমেব ॥ ৭৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জ্ঞানং প্রস্তুতত্বাৎ ভগবদ্রূপগুণৈশ্বর্য্য জ্ঞানমেব সুখং তরতীতি জ্ঞাননৌরিত্যাভ্যাং কৈবল্যোপযোগি জ্ঞানন্তু ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসামিতি কৃচ্ছ্রামহানিহ ভবার্ণবমপ্লবেশং ষড়্বর্গনক্রমসুখেন তিতীর্ষন্তীত্যাভ্যাং দুঃখ বহুলত্বস্যাপ্লবত্বস্যচ শ্রবণাৎ ॥ ৭০ ॥ অতএব ভক্তিমেবাহ য ইমমিতি যোঽধীয়ানো ভবেদসৌ ॥ ৭১ ॥

অসত্বরন্নিতি আচার ক্বিবন্তঃ স্থির ইত্যর্থঃ। মদ্গীত গীতাৎ ময়া গীতোঽয়ং স্তবো যদি গীতঃ স্যাত্তদা অমুষ্মাৎ শোভনং প্রীণাতীতি সুপ্রীত তস্মাৎ স্তব এবায়ং তং প্রতি প্রীতো ভবতীত্যর্থঃ ॥ ৭২। ৭৩ ॥

ইপ্সিতমাপ্স্যথেতি তেষাং সকামত্বং ব্যঞ্জিতং ॥ ৭৪ ॥

হে নৃপনন্দনগণ! যত প্রকার শ্রেয়স্কর বিষয় আছে জ্ঞান সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ও পরম কল্যাণ স্বরূপ, কারণ যে ব্যক্তির জ্ঞান রূপ তরী থাকে তিনি দুষ্পার ব্যসনার্ণবকে পরম সুখে উত্তীর্ণ হইতে পারেন ॥ ৭০ ॥

হে প্রচেতাগণ! আমি এই যে স্তোত্র গান করিলাম যে ব্যক্তি শ্রদ্ধাযুক্ত হইয়া ইহা অধ্যয়ন করিবে তাহার তাহাতেই হরি আরাধনা করা হইবে ॥ ৭১ ॥

হে বৎসগণ! আমি এই যে স্তোত্র গান করিলাম ইহার দ্বারা ভগবান্ হরি স্তুত হইলে অতিশয় প্রীত হন। তিনি কল্যাণ সকলের এক আশ্রয় তাঁহার তুষ্টি জন্মিলে পুরুষ যাহা যাহা বাঞ্ছা করিবে স্থির হইয়া তাহাই তাঁহা হইতে লাভ করিতে পারিবে ॥ ৭২ ॥

হে রাজতনয় সকল! যে পুরুষ প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া শ্রদ্ধা পূর্ব্বক কৃতাঞ্জলি পুটে এই স্তোত্র শ্রবণ করিবে অথবা শুনাইবে তাহার কর্ম্ম বন্ধন মোচন হইবে সন্দেহ নাই ॥ ৭৩ ॥

হে নরদেব নন্দনগণ! পরম পুরুষ পরমাত্মার এই স্তব যাহা আমি গান করিলাম তোমরা একাগ্র বুদ্ধি হইয়া ইহা জপ করত তপস্যাচরণ করহ, এরূপ করিলেই তপস্যার অন্তে আপনাদের অভীপ্সিত বস্তু লাভ করিতে পারিবে ॥ ৭৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে রুদ্রগীতং চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৪ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইতি সংদিশ্য ভগবান্ বার্হিষদৈরভিপূজিতঃ। পশ্যতাং রাজপুত্রাণাং তত্রৈবান্তর্দ্দধে হরঃ।
রুদ্রগীতং ভগবতঃ স্তোত্রং সর্ব্বে প্রচেতসঃ। জপন্তস্তে তপস্তেপুর্ব্বর্ষাণামযুতং জলে ॥ ১ ॥
প্রাচীনবর্হিষং ক্ষত্তঃ কর্ম্মস্বাসক্তমানসং। নারদোঽধ্যাত্মতত্ত্বজ্ঞঃ কৃপালুঃ প্রত্যবোধয়ৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্ব্বিংশঃ ॥ * ॥

প্রচেতঃসু তপস্যৎসু তৎ পিত্রে নারদো ঘৃণী। প্রাচীনবর্হিষেঽধ্যাত্মং পরোক্ষেণাহ পঞ্চভিঃ। পুরঞ্জনকথাব্যাজাৎ পঞ্চবিংশেতু নারদঃ। আত্মনো বুদ্ধিসঙ্গেন বিবিধামাহ সংস্থতিং। প্রচেতঃসু তপস্তীব্রং তপ্যমানেষু নারদঃ। পুরঞ্জনকথাকৃটং প্রাহ প্রাচীনবর্হিষে ॥ ১ ॥

প্রচেতঃসু তপশ্চরৎসু নারদঃ প্রাচীনবর্হিষং বোধিতবান্। অতঃ প্রচেতসাং কথামসমাপ্যৈব তৎপিতুর্ব্বৃত্তমাহ প্রাচীন বর্হিষমিতি ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য চতুর্বিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

জপরূপমেব তপশ্চক্রুরিত্যর্থঃ ॥ ১। ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্বিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

প্রাচীন বর্হিষং কর্ম্মমগ্নং রাজকথামিষাৎ। নারদঃ পঞ্চবিংশাদ্যৈঃ পঞ্চভিঃ প্রত্যবোধয়ৎ ॥ ০ ॥

পঞ্চবিংশে পুরঞ্জন্যাঃ সঙ্গং প্রাপ্য পুরঞ্জনঃ। নবদ্বারে পুরে তস্যা রেমে ইত্যনুবর্ণ্যতে ॥ ১ ॥

যদৈব রুদ্রঃ স্বগীতং স্তোত্রং প্রচেতস উপদিদেশ। তদৈব তৎ পিতরং প্রাচীনবর্হিষং নারদোপি পুরঞ্জনোপাখ্যানেন জ্ঞান বৈরাগ্য ভক্তীরুপদিদেশেতি প্রচেতসাং কথামসমাপ্যৈব তৎ পিতুঃ কথামাহ প্রাচীনেতি হন্ত হন্ত মৎ প্রিয় শিষ্যস্য ধ্রুবস্য বংশোঽয়ং কর্ম্মণি নিমজ্জতি তদিমমুদ্ধরামীতি কৃপালুঃ ॥ ২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্বিংশ ॥ * ॥

পঞ্চবিংশতি অধ্যায়ে প্রচেতাগণ তপস্যায় প্রবৃত্ত হইলে প্রাচীনবর্হিঃ সন্নিধানে নারদের আগমন এবং পুরঞ্জন কথাচ্ছলে স্বারব্ধ বুদ্ধির সঙ্গ বশতঃ জীবের বিবিধ সংসার কথন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন ভগবান্ রুদ্র প্রাচীনবর্হিঃ তনয় প্রচেতাদিগকে ঐ প্রকার উপদেশ করিয়া তাঁহাদের কর্ত্তৃক পূজিত হইলেন। অনন্তর দর্শনকারি সেই সকল রাজপুত্রদিগের সমক্ষে সেই স্থানেই অন্তর্দ্ধান হইলেন। পরে প্রচেতা সকল রুদ্রগীত ভগবানের স্তোত্র জপ করত সহস্র বৎসর যাবৎ জলমধ্যে অবস্থিত হইয়া তপস্যা করিতে লাগিলেন ॥ ১ ॥

বৎস বিদুর! এই সময়ে প্রচেতাদিগের পিতা প্রাচীনবর্হিঃ কর্ম্মেতে আসক্ত হইয়া রহিয়াছিলেন, অধ্যাত্ম তত্ত্বজ্ঞ দেবর্ষি নারদ কৃপা প্রকাশ পূর্ব্বক তাহাদের নিকট উপস্থিত হইয়া জ্ঞানোপদেশ করত তাঁহাকে প্রবোধিত করিলেন ॥ ২ ॥

শ্রেয়স্ত্বং কতমদ্রাজন্ কর্ম্মণাত্মন ঈহসে। দুঃখহানিঃ সুখাবাপ্তিঃ শ্রেয়স্তন্নেহ চেষ্যতে ॥ ৩ ॥

শ্রীরাজোবাচ ॥

ন জানামি মহাভাগ পরং কর্ম্মাপবিদ্ধধীঃ। ব্রূহি মে বিমলং জ্ঞানং যেন মুচ্যেয় কর্ম্মভিঃ ॥ ৪ ॥

গৃহেষু কূটধর্ম্মেষু পুত্র দারধনার্থধীঃ। ন পরং বিন্দতে মূঢ়ো ভ্রাম্যন্ সংসারবর্ত্মসু ॥ ৫ ॥

শ্রীনারদ উবাচ ॥

ভোভোঃ প্রজাপতে রাজন্ পশূন্ পশ্য ত্বয়াধ্বরে। সংজ্ঞপিতান্ জীবসঙ্ঘান্ নির্ঘৃণেন সহস্রশঃ ॥ ৬

শ্রীধরস্বামী।

শ্রেয়ঃ ফলং ঈহসে ইচ্ছসি। ইহ কর্ম্মণি তদুভয়ং নেষ্যতে বিচারজ্ঞৈঃ ॥ ৩ ॥

পরং শ্রেয়ো মোক্ষং কর্ম্মভিরপবিদ্ধা বিক্ষিপ্তা ধীর্যস্য ॥ ৪ ॥

কিঞ্চ গৃহেষু স্থিতং পুত্রাদিষেব পুরুষার্থ ধীর্যস্য ॥ ৫ ॥

কর্ম্মফলেষু বৈরাগ্যমুৎপাদ্য ব্রহ্মবিদ্যামুপদেষ্টুং যোগানুভাবেন যজ্ঞপশূন্ প্রত্যক্ষং প্রদর্শ্যাহ ভোভো ইতি। সংজ্ঞপিতান্ মারিতান্ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

দুঃখহানিঃ সুখাবাপ্তিরেব শ্রেয়ঃ পুরুষস্যার্থঃ তত্তু ইহ কর্ম্মণি নেষ্যতে। কর্ম্মসংপাদ্যস্য সুখস্যাপি দুঃখ সংভিন্নত্বাৎ সান্তত্বাচ্চ। নেহ যেষ্যত ইতি চিৎসুখঃ ॥ ৩ ॥

কর্ম্মাপবিদ্ধধীঃ সন্ পরং শ্রেয়ঃ সাধনং শ্রেয়শ্চ নজানামি। তস্মাৎ বিমলং জ্ঞানং সাধন সাধ্যান্তরগতং ব্রূহি ॥ ৪ । ৫ । ৬ । ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রেয়োনেষ্যতে ইহ কর্ম্মণি ন লক্ষ্যতে কর্ম্ম সংপাদ্যস্য সুখস্যাপি দুঃখমিশ্রত্বাৎ নশ্বরত্বাচ্চ ॥ ৩ ॥

কর্ম্মভিরপবিদ্ধ ধী বিক্ষিপ্তবুদ্ধিঃ ॥ ৪ ॥

গৃহস্থঃ সর্ব্বএব মাদৃশ ইত্যাহ গৃহেম্বিতি ॥ ৫ ॥

কর্ম্মফলেষু বৈরাগ্যমুৎপাদয়িতুং যোগবলেন যজ্ঞ পশূন্ প্রত্যক্ষং প্রদর্শ্যাহ ভো ভো ইতি সংজ্ঞপি তান্ মারিতান্ ॥ ৬ ॥

দেবর্ষি জিজ্ঞাসা করিলেন রাজন্! তুমি এই কর্ম্ম দ্বারা কত শ্রেয়ঃ বাঞ্ছা করিতেছ? মহারাজ! দুঃখ নিবৃত্তি ও সুখ প্রাপ্তি এই দুইটীই শ্রেয়ঃ, তোমার এই কর্ম্ম দ্বারা ঐ দুইত লভ্য হইবার নয় ॥ ৩ ॥

প্রাচীনবর্হিঃ কহিলেন হে মহাভাগ! আমার বুদ্ধি কর্ম্ম দ্বারা বিক্ষিপ্ত হইয়াছে, ইহাতে পরম শ্রেয়ো যে মুক্তি পদার্থ তাহা আমি জানিতে পারি নাই, আপনি আমাকে নির্ম্মল জ্ঞান উপদেশ করুন, যাহাতে কর্ম্ম সকল হইতে মুক্ত হইতে পারি ॥ ৪ ॥

হে ব্রহ্মন্! গৃহে অবস্থিত ব্যক্তির পুত্র কলত্র ধন ইত্যাদিতেই পুরুষার্থ বুদ্ধি হইয়া থাকে, তাহাতে সেই মূঢ় ব্যক্তি সংসার পথে ভ্রমণ করিয়া বেড়ায় কদাপি পরমার্থ লাভ করিতে পায় না ॥ ৫ ॥

রাজার কর্ম্মফলে বৈরাগ্য জন্মাইয়া দিয়া ব্রহ্মবিদ্যা উপদেশ করিবার নিমিত্ত দেবর্ষি নারদ স্বীয় যোগ প্রভাবে বিনাশিত যজ্ঞ পশুসকলকে পুনরায় উজ্জীবিত করণানন্তর দেখাইতে দেখাইতে কহিলেন, ওহে প্রজাপতে! তুমি নির্দ্দয় হইয়া আপনার যজ্ঞে সহস্র সহস্র জীবের প্রাণবধ করিয়াছ, সেই সকল জীব সমূহকে এই অবলোকন কর ॥ ৬ ॥

এতে ত্বাং সংপ্রতীক্ষন্তে স্মরন্তো বৈশসং তব। সংপরেতময়ঃ কূটৈশ্ছিন্দন্ত্যুত্থিতমন্যবঃ ॥ ৭ ॥
অত্র তে কথয়িষ্যেঽমুমিতিহাসং পুরাতনং। পুরঞ্জনস্য চরিতং নিবোধ গদতো মম ॥ ৮ ॥
আসীৎ পুরঞ্জনো নাম রাজা রাজন্ বৃহচ্ছ্রবাঃ। তস্যাবিজ্ঞাত নামাসীৎ সখা বিজ্ঞাতচেষ্টিতঃ ॥ ৯

শ্রীধরস্বামী।

এতে ত্বাং সংপরেতং মৃতং সংপ্রতীক্ষন্তে বৈশসং ত্বৎকৃতাং পীড়াং স্মরন্তঃ ততশ্চ অয়ঃ কূটৈঃ লৌহময়ৈঃ শৃঙ্গৈশ্ছিন্দন্তি ছেৎস্যন্তি ॥ ৭ ॥

অত্র অস্মিন্ সঙ্কটে নিস্তারকমমুমিতিহাসং কথয়িষ্যামি ॥ ৮ ॥

তত্র জীবস্য বিষয়াসক্ত্যা সংসারঃ সচ ঈশ্বরানুগ্রহান্নিবর্ত্তত ইতি বক্তুং বিপর্য্যয় গ্রহগৃহীতস্য সাক্ষাদ্বোধয়িতুমশক্তেঃ রাজবৃত্তান্তমিবাহ আসীদিতি পুরঞ্জনাদীন্ স্বয়মেব ইতঃ পঞ্চমেঽধ্যায়ে ব্যাখ্যাস্যতি। তথাপি সুখ গ্রহণায় যথোপযোগং কিঞ্চিৎ কিঞ্চিৎ ব্যাখ্যাস্যামঃ। তত্র স্বকর্ম্মভিঃ পুরং শরীরং জনয়তীতি পুরঞ্জনো জীবঃ ন বিজ্ঞাতং নাম যস্য নচ বিজ্ঞাতং চেষ্টিতং যস্য স ঈশ্বরঃ তস্য সখা যদ্বা বিজ্ঞাতং চেষ্টিতং জীবপ্রেরণাদি লক্ষণং যস্য জীব পারতন্ত্র্যস্যানুভবসিদ্ধত্বাৎ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র তস্য শুদ্ধ ভক্ত্যধিকারিত্বমমন্বানো মুক্তিসাধনজ্ঞানমিশ্রামেব ভক্তিমুপদেষ্টুং তাদৃশীমেব কথামবতারয়তি। অত্রেতি ইতিহাসং পুরাতনমিতি মুনের্ন মিথ্যাবচনং। পূর্ব্ববৃত্তমিদমধ্যাত্মবাদ সংবাদ্যপি প্রায়ঃ স্যাদিতি। এবমেবহি তত্তৎ কথাদি সঙ্গতিশ্চ স্যাৎ তথৈব বক্ষ্যতে। প্রাকারেত্যাদি ॥ ৮ ॥

অবিজ্ঞাত ইতি নাম যস্য দুর্জ্ঞেয়ত্বাদিতি ভাবঃ ॥ ৯। ১০। ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কদায়ং মরিষ্যতীতি ত্বাং প্রতীক্ষন্তে। বৈশসং ত্বৎ কৃতং স্বশরীরচ্ছেদং। অতঃ সংপরেতং ত্বাং অয়ঃ কূটৈর্লৌহযন্ত্রময়ৈঃ শৃঙ্গৈশ্ছিন্দন্তি বর্ত্তমান নির্দ্দেশেনাবিলম্বত এব ছেৎস্যন্তি ॥ ৭ ॥

বৈষয়িক কথা প্রিয়মিমং বৈষয়িক কথয়ৈব প্রবোধয়ামীতি মনসি বিচার্য্য তস্যৈব প্রাচীনবর্হিষঃ কথামেব কথান্তর কল্পনয়া অপ্রস্তুত প্রশংসালঙ্কারেণ তৎ প্রবোধে কারণী কুর্ব্বন্নাহ। অত্রেতি স্পষ্টং যস্ত তস্য তে তবৈব চরিতং কীদৃশস্য পুরমেতৎ শরীরং স্বকর্ম্মণা জনয়তীতি তস্য পুরঞ্জনস্য পুরাতনং মাতৃগর্ভ প্রবেশাৎ পূর্ব্বমপ্যারভ্যেত্যর্থঃ ॥ ৮ ॥

আসীদিতি পুরঞ্জনাদীন্ স্বয়মেব ইতঃ পঞ্চমেঽধ্যায়ে ব্যাখ্যাস্যতে তদপি সুখগ্রহণায় যথোপস্থিতি ব্যাখ্যাস্যামঃ। পুরঞ্জনো-জীবঃ অধ্যাত্মাদিভি র্বিরাজমানত্বাদ্রাজা। শ্রবো যশঃ দৃষ্টাদৃষ্ট সুখ সাধন কর্ম্মাদি শুশ্রূষুত্বাৎ শ্রবঃ শ্রবণঞ্চ। অবিজ্ঞাতং নাম যস্য নবিজ্ঞাতং চেষ্টিতং যস্য স ঈশ্বর স্তস্য সখা যদ্বা বিজ্ঞাতং চেষ্টিতং জীবপ্রেরণাদিকং যস্য জীব পারতন্ত্র্যস্যানুভব সিদ্ধত্বাৎ ॥ ৯ ॥

ইহারা প্রতীক্ষা করিতেছে তুমি কবে কালগ্রস্ত হইবে, তোমাকে মৃত হইতে দেখিলেই তুমি যে ইহাদের অঙ্গ ছেদন করিয়াছ, ইহারা তাহা স্মরণ করিয়া লৌহ যন্ত্রময় শৃঙ্গ দ্বারা তোমার কলেবর ছিন্ন ভিন্ন করিবে ॥ ৭ ॥

অতএব তোমার মহা সঙ্কট উপস্থিত, মহারাজ! এ সঙ্কটে নিস্তারক পুরঞ্জনের চরিত্র ঘটিত একটী ইতিহাস বলি সমাহিত চিত্তে শ্রবণ কর ॥ ৮ ॥

নরনাথ! পুরঞ্জন নামে মহাযশস্বী এক রাজা ছিলেন, তাঁহার একটী সখা ছিল, তাঁহার নাম ও কর্ম্ম কোন ব্যক্তির জ্ঞাত ছিল না। মহারাজ! আমি যে পুরঞ্জনের কথা বলিতেছি, তিনি সামান্য ব্যক্তি নহেন, স্বীয় কর্ম্মদ্বারা পুর অর্থাৎ শরীর জন্মান্, অতএব তিনি জীব, আর তাঁহার যিনি সখা, যাঁহার নাম ও কর্ম্ম অজ্ঞাত বলিলাম তিনি ঈশ্বর ॥ ৯ ॥

সোঽন্বেষমাণঃ শরণং বভ্রাম পৃথিবীং প্রভুঃ। নানুরূপং যদাবিন্দদভূৎস বিমনা ইব ॥ ১০ ॥
ন সাধু মেনে তাঃ সর্ব্বা ভূতলে যাবতীঃ পুরঃ। কামান্ কাময়মানোসৌ তস্য তস্যোপপত্তয়ে॥ ১১
স একদা হিমবতো দক্ষিণেষ্বথ সানুষু। দদর্শ নবভির্দ্বার্ভিঃ পুরং লক্ষিত লক্ষণাং ॥ ১২ ॥
প্রাকারোপবনাট্টাল পরিখৈরক্ষতোরণৈঃ। স্বর্ণরৌপ্যায়সৈঃ শৃঙ্গৈঃ সঙ্কুলাং সর্ব্বতোগৃহৈঃ ॥ ১৩

শ্রীধরস্বামী।

শরণং ভোগায়তনং দেহং ॥ ১০ ॥

যাবত্যঃ পুরঃ তাস্তস্য তস্য কামস্যোপপত্তয়ে প্রাপ্ত্যৈ সাধু ন মেনে। গবাদি দেহানামৈহিক পারলৌকিক ভোগ যোগ্যত্বাভাবাৎ। তথাচ শ্রুতিঃ। তাভ্যোগামানয়ৎ তা অব্রুবন্নবৈ নোয়মলমিতি তাভ্যোঽশ্বমানয়ৎ তা অব্রুবন্ নবৈ নোয়মলমিতি ॥১১

হিমবতো দক্ষিণেষু সানুষু কর্ম্মক্ষেত্রে ভারতবর্ষে পুরং মনুষ্যশরীরং লক্ষিতানি দৃষ্টানি সর্ব্বাণি লক্ষণানি যস্যাং অন্ধ পঙ্গুত্বাদি দোষ রহিতামিত্যর্থঃ ॥ ১২ ॥

তামনুবর্ণয়তি ত্রিভিঃ। অত্র কিঞ্চিৎ কিঞ্চিৎ সাদৃশ্যমবলম্ব্য কথা সৌন্দর্য্যায় প্রাকারাদীনি বর্ণ্যন্তে পরিখৈরিতি পুংস্ত্বমার্ষং অক্ষাণি গবাক্ষাঃ ত্বগাদয়ঃ শরীরাবয়বাঃ প্রাকারাদি পুরাবয়বত্বেন নিরূপ্যন্তে। স্বর্ণাদিময়ৈঃ শৃঙ্গৈঃ শিখরৈর্যুক্তা যে গৃহাস্তৈঃ

ক্রমসন্দর্ভঃ।

স একদেতি চিৎসুখঃ ॥ ১২। ১৩। ১৪। ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শরণং বাসস্থলং সুখভোগায়তনং দেহঞ্চ। বভ্রামেতি নানাজন্মবত্বাৎ নানুরূপমিতি কাপি জন্মনি স্বাভীপ্সিতসমস্ত সুখ প্রাপ্ত্য দর্শনাৎ ইবেতি শূকরাদি জন্মস্বপি বিষয়ানন্দ প্রাপ্ত্যা বস্তুতো বিমনস্ত্বাভাবাৎ ॥ ১০ ॥

যাবতীর্যাবত্যঃ সর্ব্বত্র বিষয়ানন্দ প্রাপ্তাবপি তস্য তস্য কামস্য উপপত্তয়ে প্রাপ্ত্যৈ সাধু নমেনে। গবাদি দেহানাং ভোগ সাধন যোগ্যত্বাভাবাৎ। তথাচ শ্রুতিঃ তাভ্যো গামানয়ন্ তা অব্রুবন্ নবৈ নোয়মলমিতি তাভ্যোঽশ্বমানয়ন্ তা অব্রুবন্ নবৈনোঽয়মলমিতীতি। তত্তদ্দেহানামসাধুমননঞ্চ গর্ত্ত দশায়ামেব মৃতশ্চাহং পুনর্জাত ইত্যাদি শ্রুতে স্তত্রৈব বিবেকোৎপত্তেঃ ॥ ১১ ॥

হিমবতো হিমালয়স্য দক্ষিণেষু সানুষু ভারতভূমৌ কর্ম্মক্ষেত্রে তত্রত্য মনুষ্যদেহস্যৈব ফল সাধনত্বাৎ পুরং মনুষ্যদেহং লক্ষি তানি দৃষ্টানি লক্ষণানি যস্যামিতি পঙ্গ্বন্ধাদি দেহস্য ম্লেচ্ছান্ত্যজাদি দেহস্যচ ব্যাবৃত্তিঃ ॥ ১২ ॥

প্রাকারাস্ত্বচঃ উপবনানি বহির্বিষয়াঃ অট্টালো মুখং পরিখা গুণাঃ। পরিখৈরিত্যার্ষং। অক্ষা গবাক্ষা রোমরন্ধ্রাণি তোরণানি নেত্রাদীনি দ্বারাণি স্বর্ণাদ্যৈঃ শৃঙ্গৈঃ পিত্ত কফ বাতৈ র্ধাতুভিঃ রাজস সাত্ত্বিক তামসৈঃ স্বভাবৈর্বা গৃহৈরাধারচক্রাদ্যৈঃ সংকুলাং ব্যাপ্তাং ॥ ১৩ ॥

সেই পুরঞ্জন আপনার ভোগ স্থান অন্বেষণ করিতে করিতে সমস্ত পৃথিবী পর্য্যটন করিলেন, কিন্তু কুত্রাপি উপযুক্ত স্থান লব্ধ হইল না, তাহাতে বিমনস্কের ন্যায় হইয়া চিন্তাকুল হইলেন ॥ ১০ ॥

আমি অবনীতলে যত পুর (দেহ) দেখিলাম কোনটাই ভাল বোধ হইতেছে না। ফলতঃ বাসনা সকল পূর্ণ করিতেই তাঁহার অভিলাষ ছিল, অথচ কোন পুরকেই অভিলষিত সিদ্ধির উপযোগি দেখিতে পাইলেন না ॥ ১১ ॥

অতএব বিমনা হইয়া পুনরায় ভ্রমণ করিতে লাগিলেন, একদা হিমালয়ের দক্ষিণ সানুস্থ কর্ম্ম ক্ষেত্র ভারতবর্ষে পুর (মনুষ্য শরীর) তাঁহার নেত্রগোচর হইল, ঐ পুর (শরীর) সর্ব্ব লক্ষণ সম্পন্ন অর্থাৎ অন্ধপঙ্গুত্বাদি দোষ রহিত এবং নয়টী দ্বারে উলক্ষিত ॥ ১২ ॥

তথায় ত্বক্ প্রভৃতি অবয়ব রূপ প্রাচীর, উপবন, অট্টালিকা ও পরিখা সুশোভিত ছিল, লোমকূপ রূপ গবাক্ষ এবং নেত্রাদি স্বরূপ বহির্দ্বার দেদীপ্যমান। আর পিত্ত, কফ বাত রূপ স্বর্ণ রৌপ্য ও

নীল স্ফটিক বৈদূর্য্য মুক্তামরকতারুণৈঃ। কৢপ্তহর্ম্ম্য স্থলীং দীপ্তাং শ্রিয়া ভোগবতীমিব ॥ ১৪ ॥
সভা চত্বররথ্যাভিরাক্রীড়ায়তনাপণৈঃ। চৈত্যধ্বজ পতাকাভির্যুক্তাং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৫ ॥
পুর্য্যাস্তু বাহ্যোপবনে দিব্য দ্রুম লতাকুলে। নদদ্বিহঙ্গাদিকুল কোলাহল জলাশয়ে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

সঙ্কুলামিতি। আধারাদি চক্রাণি গৃহাঃ শৃঙ্গাণিচ রাজসাদি স্বভাবা বিবক্ষিতাঃ ॥ ১৩ ॥

নীলাদিভিঃ কৢপ্তা হর্ম্ম্যস্থলী যস্যাং অরুণং মাণিক্যং স্থলীহৃদয়ং নাড্যো নীলাদিভাবেন নিরূপ্যন্তে। তত্তদ্বিষয় বাসনা বা। ভোগবতীং নাগানাং পুরীমিব ॥ ১৪ ॥

সভা সমাজস্থানং চত্বরং চতুষ্পথং রথ্যা রাজমার্গঃ আক্রীড়ায়তনং দ্যূতাদিস্থানং আপণো হট্টঃ তৈঃ চৈত্যং জনানাং বিশ্রামস্থানং ধ্বজেষু যাঃ পতাকাস্তাভিশ্চ যুক্তাং ॥ ১৫ ॥

অত্রচ বিষয় নিষ্ঠবুদ্ধি যোগেন জীবস্য দেহ সম্বন্ধ ইতি বিবক্ষয়া বিষয়বর্গং বাহ্যোপবনত্বেন রূপয়তি। তদ্বিশেষান্ স্রক্চন্দনাদীন্ দ্রুমলতাদি ভাবেন শেষঃ কথালঙ্কারঃ। বাহ্যোপবনে প্রমদোত্তমাং দদর্শেতি চতুর্থেনান্বয়ঃ। নদতাং বিহঙ্গাদি কুলানাং

ক্রমসন্দর্ভঃ।

পুর্য্যাস্ত্বিতি সার্দ্ধত্রিকং। যদ্যপি বুদ্ধ্যাদিময় লিঙ্গ শরীরেণ সহৈব জীবস্য সর্ব্বদা স্থিতিঃ। তথাপি মনুষ্য শরীরে প্রাপ্তে তে বুদ্ধ্যাদয়ো বিলক্ষণা ভবন্তীতি অপূর্ব্ববত্তৎ প্রাপ্ত নির্দ্দেশ ইতি জ্ঞেয়ং ॥ ১৬। ১৭। ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইন্দ্রনীলাদিভিঃ রত্নৈঃ কৢপ্তা হর্ম্ম্য স্থল্যো যস্যাং সমাসান্ত বিধেরনিত্যত্বান্ন কপ্। অরুণমাণিক্যং স্থল্যো হৃদয় কণ্ঠ ভ্রূ মধ্য স্থানানি নীলাদয় স্তদ্বর্ণা নাড্যো জ্ঞেয়াঃ। ভোগবতীং নাগানাং পুরীং পক্ষে ভোগবতীমিবেতি বস্তুবিচারতো ভোগা অপি তত্র ন সন্তীত্যর্থঃ ॥ ১৪ ॥

সভা রাজোপবেশ স্থানং সাচাত্র হৃদয়ং তত্রৈব রাজ্ঞঃ পুরঞ্জনস্য জীবস্য স্থিতেঃ। চত্বরং চতুষ্পথং তচ্চাত্র ত্রাবণঃ স্থলং তত্রৈব মুখ নাসা নয়ন কর্ণমার্গাশ্চত্বারঃ রথ্যা রাজমার্গঃ ইড়া পিঙ্গলা সুষুম্নাঃ। আক্রীড়ায়তনানি দ্যূতাদি স্থানানি ইন্দ্রিয় গোলকাঃ। আপণো হট্টো মনোগোলকঃ চৈত্যং বিশ্রাম স্থানং চিত্তমধ্যং ধ্বজে ভগবদ্বৈমুখ্য রূপে সংযুক্তাঃ পতাকাঃ পঞ্চক্লেশাঃ। বিদ্রুম বেদয় আধারাদি চক্র মধ্যস্থলভেদাঃ ॥ ১৫ ॥

অত্র বিষয় নিষ্ঠ বুদ্ধি যোগেন জীবস্য দেহ সম্বন্ধ ইতি বিবক্ষয়া বাহ্যোপবন ভূতং বিষয়বর্গং বিশিষ্য বর্ণয়তি পুর্য্যা ইতি ত্রিভিঃ বাহ্যোপবনে প্রমদোত্তমাং অবিদ্যাবৃত্তিং যদৃচ্ছয়ৈব পুরঞ্জনো রাজা দদর্শেতি তয়োঃ প্রাথমিক সম্বন্ধস্য নির্হেতুত্ব মুক্তং তেন কথা পক্ষে হে রাজন্ যুষ্মদ্বিধৈ রুপবনে প্রমদোত্তমা কদাপি নানেতব্যা কথঞ্চিৎ স্বতএব প্রাপ্তা দৃষ্টা স্পৃষ্টা বা স্যাচ্চেদাস্বধিক্কারঃ কর্ত্তব্যঃ। অধ্যাত্মপক্ষে শব্দ স্পর্শাদি ভোগ্য বস্তুষু বুদ্ধি র্নদেয়া। দৈবাদাগতাচেদমুত্তপনীয়মিতি বিধির্ব্যঞ্জিতঃ। কীদৃশে নদদিতি দিব্য-

লৌহময় শিখর যুক্ত গৃহ সকল সর্ব্বতোভাবে শোভিত ছিল ॥ ১৩ ॥

অপর নীলকান্তমণি, স্ফটিক, বৈদূর্য্য, মুক্তা মাণিক্য এই সকলে তত্রস্থ হর্ম্ম্যস্থলী রচিত হইয়াছিল। অর্থাৎ নীলমণি প্রভৃতির তুল্য নাড়ী সকল দ্বারা ঐ শরীরের অভ্যন্তর রচিত ছিল, অতএব ঐ পুর (শরীর) শোভা দ্বারা ভোগবতী অর্থাৎ নাগপুরী সদৃশী হইয়া রহিয়াছিল ॥ ১৪ ॥

আর সমাজ স্থান, চতুষ্পথ, রাজমার্গ, দ্যূতক্রীড়াদি স্থান, হট্ট, বিশ্রাম স্থান, ধ্বজা ও পতাকা এই সকলে, তথা আধার চক্রাদি রূপ বিদ্রুম বেদিতে তাহা চমৎকার শোভা পাইতেছিল ॥ ১৫ ॥

ঐ পুরের বহির্ভাগে একটী উপবন ছিল, তাহাও অতি মনোহর। সেই আরাম বিবিধ দিব্য পাদপ ও লতায় সঙ্কুল হইয়া রহিয়াছিল। তত্রস্থ জলাশয়ে জলচর পক্ষিগণ নিনাদ করিতেছিল,

হিমনির্ঝ'র বিপ্রুস্মৎ কুসুমাকর বায়ুনা। চলৎপ্রবাল বিটপ নলিনী তট সম্পদি ॥ ১৭ ॥
নানারণ্য মৃগব্রাতৈরনাবাধে মুনিব্রতৈঃ। আহূতং মন্যতে পান্থো যত্র কোকিলকূজিতৈঃ ॥ ১৮ ॥
যদৃচ্ছয়াগতাং তত্র দদর্শ প্রমদোত্তমাং। ভৃত্যৈ র্দশভিরায়ান্তীমেকৈকশতনায়কৈঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

কোলাহলো যেষু তে জলাশয়া যস্মিন্ ॥ ১৬ ॥

হিমনির্ঝ'রাণাং বিপ্রুষোবিন্দবঃ তদ্বতা কুসুমাকর সম্বন্ধিনা বায়ুনা চলন্তঃ প্রবালাঃ বিটপাঃ শাখাশ্চ যেষাং তৈর্বৃ'ক্ষৈঃ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধি র্যস্মিন্ ॥ ১৭ ॥

অনাবাধে তৎকৃত বাধারহিতে। মুনিব্রতৈরংহিংস্রৈঃ আত্মানমাহূতং মন্যতে যত্র ॥ ১৮ ॥

তত্র প্রমদোত্তমাং বিষয়বিবেকবতীং বুদ্ধিং দদর্শ। যদৃচ্ছয়াগতামিতি তয়োঃ সম্বন্ধস্য দুনি'রূপত্বং দর্শয়তি তামনুবর্ণয়তি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। দশভিজ্ঞ্যা'ন কর্ম্মেন্দ্রিয়ৈঃ। একৈকং প্রত্যেকং শতং অনন্তা বৃত্তয়ঃ তাসাং নায়কৈঃ পতিভিঃ সহ। একৈক শত নায়িকৈরিতিপাঠে নায়িকাঃ স্ত্রিয়ো যেষাং তৈঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদৃচ্ছয়া দৈবতঃ ॥ ভৃত্যৈরিতি সার্দ্ধ ষট্কং ॥ ১৯। ২০। ২১। ২২। ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্রমেতি রূপবৈচিত্র্যং নদদ্বিহঙ্গেতি শব্দবৈ'চিত্র্যং ॥ ১৬ ॥

হিম নির্ঝরাণাং বিপ্রুষো বিন্দব স্তদ্বতা কুসুমাকর বায়ুনা চলতঃ প্রবালা বিটপাঃ শাখাশ্চ যেষাং তৈঃ বৃক্ষৈ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধি র্যস্মিন্ অত্র হিমনির্ঝরেতি রসঃ। কুসুমাকরেতি গন্ধঃ। বায়ুনেতি স্পর্শঃ চলৎ প্রবালেতি ব্যঞ্জিতস্য পক্ষি পুষ্প ফলাদি সম্ভাবস্যাবশ্যকত্বাৎ শব্দাদি বিষয় পঞ্চক বৈচিত্র্যমেব জ্ঞেয়ং ॥ ১৭ ॥

অনাবাধে তৎকৃত বাধা রহিতে মুনিব্রতৈঃ অহিংস্রৈঃ। পক্ষে পুরঞ্জনস্য পুণ্যবত্বাৎ পাপাভাবাচ্চ ভোগাঃ নিষ্কণ্টকা এব কোকিল কূজিতৈঃ পান্থঃ আত্মানমাতিথ্য দানার্থং আহূতং মন্যতে অধ্যাত্ম পক্ষেপি তান্নিষ্কণ্টকান্ ভোগান্ স্বীয় কুটুম্ববন্ধু ব্রাহ্মণাতিথ্যাদিভ্যঃ বিভজ্যৈব যত্র ভুঙ্ক্তে ইত্যর্থঃ। কূজিতৈঃ যশোভিঃ ॥ ১৮ ॥

কীদৃশৈঃ দশভির্জ্ঞা'ন কর্ম্মেন্দ্রিয়ৈঃ। একৈকং প্রত্যেকং শতং অনন্তা বৃত্তয়স্তাসাং নায়কৈঃ। নায়িকৈরিতি পাঠে নায়িকাঃ স্ত্রিয়ো যেষাং তৈঃ ॥ ১৯ ॥

তাহাতে বোধ হইতেছিল যেন জলাশয়েই কোলাহল হইতেছে ॥ ১৬ ॥

অপর সরোবর সকলের তটে যে সকল তরু ছিল তাহাদের শাখা ও পল্লব হিমকণাবাহি সুগন্ধ সমীরণ দ্বারা বিচলিত হওয়াতে তদ্দ্বারা তৎসমুদায়ের সমৃদ্ধি যেন বৃদ্ধিশীল হইতেছিল ॥ ১৭ ॥

আর নানা প্রকার অরণ্য জন্তু সকল পরস্পর হিংসা পরিত্যাগ পূর্ব্বক তথায় অবস্থান করাতে তাহাদের দ্বারা যে বাধা হইতে পারে তথায় তাহারও কোন সম্ভাবনা ছিলনা। অপর তত্রত্য বৃক্ষোপরি কোকিল কুল এ প্রকারে কলরব করিতেছিল, যেন পান্থজন তদ্দ্বারা আপনাকে আহূত বোধ করিত ॥ ১৮ ॥

সে যাহা হউক, পুরঞ্জন (জীব) ঐ উপবনে যদৃচ্ছাক্রমে আগত একটী উত্তমা প্রমদা (বিষয় বিবেকবতী বুদ্ধি) দেখিতে পাইলেন। সে যুবতীর সমভিব্যাহারে দশটী জ্ঞান কর্ম্মেন্দ্রিয় রূপ ভৃত্য ছিল, তাহারা প্রত্যেকে শত শত নায়িকার (বৃত্তির) পতি ॥ ১৯ ॥

পঞ্চশীর্ষাহিনা গুপ্তাং প্রতীহারেণ সর্ব্বতঃ। অন্বেষমাণামৃষভমপ্রৌঢ়াং কামরূপিণীং ॥ ২০ ॥
সুনাসাং সুদতীং বালাং সুকপোলাং বরাননাং। সমবিন্যস্ত কর্ণাভ্যাং বিভ্রতীং কুণ্ডলশ্রিয়ং ॥ ২১ ॥
পিশঙ্গনীবীং সুশ্রোণীং শ্যামাং কনকমেখলাং। পদ্ভ্যাং ক্বণদ্ভ্যাং চলতীং নূপুরৈর্দেবতামিব ॥ ২২
স্তনৌ ব্যঞ্জিতকৈশোরৌ সমবৃত্তৌ নিরন্তরৌ। বস্ত্রান্তেন নিগূহন্তীং ব্রীড়য়া গজগামিনীং ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চশীর্ষাণি বৃত্তয়ো যস্য তেন অহিনা প্রাণেন প্রতীহারেণ দ্বারপালকেন গুপ্তাং ঋষভং ভর্ত্তারং ॥ ২০ ॥

গন্ধজ্ঞানাদিভির্বুদ্ধ্যবয়বৈঃ সুনাসত্বাদি নিরূপ্যতে। সমং বিন্যস্তৌ রচিতৌ কর্ণৌ তাভ্যাং কুণ্ডলশোভাং দধতীং ॥ ২১ ॥

অন্নময়ং হি সৌম্য মন ইতি যৎ কৃষ্ণং তদন্নস্য ইত্যাদি শ্রুত্যনুসারেণ শ্যামামিত্যুক্তং। নূপুরৈঃ ক্বণদ্ভ্যাং নূপুরেণ পদাঙ্গুলীয়কানামপ্যুপলক্ষণাদ্বহুবচনং ॥ ২২ ॥

ব্যঞ্জিতং কৈশোরং যৌবনোপক্রমো যাভ্যাং। সমৌচ বৃত্তৌচ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পঞ্চশীর্ষা অহিঃ পঞ্চবৃত্তিঃ প্রাণঃ তেন প্রতীহারেণ দ্বারপালেন গুপ্তাং রক্ষিতাং ॥

ঋষভং স্বস্যোপভোক্তারং পতিং জীবঃ অপ্রৌঢ়ামিত্যপ্রৌঢ়ৈব কান্তা যথা পতিং মোহয়তি তথৈবাবিদ্যাবৃত্তি বুদ্ধির্জীব মিত্যর্থঃ। কামরূপিণীং নিত্য বিবিধ শৃঙ্গারধারিণীং পক্ষে বিবিধ বাসনাবতীং গন্ধ জ্ঞানাদিভি র্বুদ্ধের্বৃত্তিভিরেবাবয়বৈঃ সুনাসত্বাদিরূপ্যতে ॥ ২০ ॥

রসাস্বাদ চর্ব্বণাশক্তয়ো দন্তাঃ সুকপোলত্বং বুদ্ধেঃ স্বচ্ছতা আননং বুদ্ধেরগ্রভাগঃ সমং যথাস্যাত্তথা ধাত্রৈব কৌশলেন বিনাস্তাবিব যৌ কর্ণৌ তাভ্যাং কুণ্ডলশোভাং বিভ্রতীং প্রবৃত্তি নিবৃত্তি শাস্ত্রার্থমবধারয়ন্তীং ॥ ২১ ॥

পিশঙ্গনীবীং পীতাম্বরাং রজো গুণময় সমস্ত কর্ম্মাবৃতাং শ্যামামিতি বুদ্ধেঃ শ্যামত্বাৎ তচ্চ তস্যা জীবান্ প্রতি সূর্য্যস্থানীয়েশ্বরাবরক মেঘ স্থানীয়ত্বাৎ ক্বণদ্ভ্যামিতি চলন্তীমিত্যাভ্যাং বুদ্ধেরস্থৈর্য্যমেব শাস্ত্রেষু শব্দিতমিতি দ্যোতিতং নূপুরৈরিতি বহুবচনেন পাদাঙ্গুলীয়াদীন্যপ্যুপলক্ষিতানি ॥ ২২ ॥

স্তনৌ রাগদ্বেষৌ। যদুক্তং ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ। ন তয়ো র্বশমাগচ্ছেত্তৌ হ্যস্য পরিপন্থিনাবিতি। ব্যঞ্জিতকৈশোরাবিত্যত এব বৃদ্ধস্যাপি রাগ দ্বেষৌ নিত্যতরুণাবেব লোকে দৃশ্যেতে সমৌচ বৃত্তৌ বর্ত্তুলৌচ পক্ষে সমং তুল্যমেব বৃত্তং পুংমাত্র মোহনং চরিত্রং যয়োস্তৌ। নিরন্তরাবিতি পীনত্বান্মূল দেশেঽবকাশ শূন্যৌ। পক্ষে বস্তুতস্তয়োরৈক্যেন নির্ভেদৌ। যদুক্তং কামএষ ক্রোধ এষ রজো গুণ সমুদ্ভব ইতি নিগূহন্তীমিতি রাগ দ্বেষাবপি শিষ্টজনৈস্ত্রী বিনয়াভ্যাং নিহ্নূয়েতে এব ॥ ২৩ ॥

ঐ প্রমদা অপ্রৌঢ়া এবং কামরূপিণী। পাঁচটী যাহার মস্তক (বৃত্তি) তাদৃশ এক সর্প (প্রাণ) দ্বারপাল হইয়া সর্ব্বতোভাবে তাহার রক্ষণাবেক্ষণ করিতেছিল, তিনি অন্য কার্য্যার্থ ঐ উপবনে আইসেন নাই আপনার ভর্ত্তার অন্বেষণ করিতে আসিয়াছিলেন ॥ ২০ ॥

ঐ প্রমদার রূপ লাবণ্যের কথা কি বলিব, তাহার নাসিকা ও দন্ত অতি সুন্দর, কপোলদ্বয় মনোহর, বদন সর্ব্বোৎকৃষ্ট, তিনি সমান রূপে রচিত কর্ণদ্বয় দ্বারাই কুণ্ডলের শোভা ধারণ করিতেছিলেন ॥ ২১ ॥

অপর তিনি শ্যামা, তাঁহার নীবী পিঙ্গলবর্ণ, নিতম্ব সুশোভন এবং কনকময় কাঞ্চীতে অলঙ্কৃত। তিনি চরণদ্বয় দ্বারা নূপুর ধ্বনি করিয়া সাক্ষাৎ দেবাঙ্গনার ন্যায় ইতস্ততঃ বিচরণ করিতেছিলেন ॥ ২২ ॥

তাঁহার স্তনদ্বয় নূতন উদ্ভিন্ন হওয়াতে যদিও যৌবনোপক্রম প্রকাশ পাইতেছিল তথাচ ঐ দুই স্তন এরূপ সম ও বৃত্ত হইয়াছিল যে তন্মধ্যে স্থান মাত্র ছিল না। অতএব তিনি লজ্জায় বস্ত্রাঞ্চল দ্বারা বারম্বার স্তন আচ্ছাদন করত গোপন করিতেছিলেন ॥ ২৩ ॥

তামাহ ললিতং বীরঃ সব্রীড়স্মিতশোভিনা। স্নিগ্ধেনাপাঙ্গপুঙ্খেন স্পৃষ্টঃ প্রেমোদ্ভ্রমদ্ভ্রুবা ॥ ২৪ ॥
কা ত্বং কঞ্জপলাশাক্ষি কস্যাসীহ কুতঃ সতি। ইমামুপপুরীং ভীরু কিঞ্চিকীর্ষসি শংস মে ॥ ২৫ ॥
কএতেঽনুপাথা যে ত একাদশ মহাভটাঃ। এতাবা ললনাঃ সুভ্রু কোঽয়ং তেঽহিঃ পুরঃসরঃ ॥ ২৬
ত্বং হ্রীর্ভবান্যস্যথ বাগ্রমাপতিং বিচিন্বতী কিং মুনিবদ্রহোবনে।

শ্রীধরস্বামী।

তামাহেতি তয়োঃ সম্বাদোক্তিঃ সম্বন্ধ দার্ঢ্যায় অপাঙ্গ এব পুংখো মূলপ্রান্তোযস্ত কটাক্ষ বাণস্য তেন স্পৃষ্টো বিদ্ধঃ। প্রেম্না উচ্চৈ র্ভ্রমন্তী ভ্রূর্ধনুঃ স্থানীয়া যস্মিন্ তেন ॥ ২৪ ॥

কুতঃ স্থানাদিহাগতাসি হে সতি পুর্য্যাঃ সমীপস্থা উপপুরীভূঃ তামালম্ব্য কিং কর্ত্তুমিচ্ছসীত্যর্থঃ ॥ ২৫ ॥

তব যে অনুপথা অনুবর্ত্তিনঃ এতে কে একাদশো মহাভটো বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণো যেষু দৃশস্থ তে। বুদ্ধের্মনসঃ পৃথগুপাদানং বুদ্ধি পরিচারকেন্দ্রিয় সহায় তয়া তৎপরিচারকত্ব বিবক্ষয়া ॥ ২৬ ॥

ত্বং হ্রীঃ কিং পতিং ধর্ম্মং বিচিন্বতী অথবা ভবানী পতিং শিবং বিচিন্বতী কিম্বা বাক্ সরস্বতী পতিং ব্রহ্মাণং রমা লক্ষ্মীর্ব্বা পতিং

ক্রমসন্দর্ভঃ।

স্নিগ্ধেন স্নিগ্ধত্বাদলব্ধভঙ্গেনাপাঙ্গরূপেণ বাণস্য পুঙ্খেন তৎপর্য্যন্তভাগেনাপি স্পৃষ্টো বিদ্ধ ইত্যর্থঃ ॥ ২৪। ২৫। ২৬। ২৭। ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অবিদ্যা বৃত্ত্যা জীবঃ স্বমিচ্ছয়ৈব বধ্নাতি। নতু তমীশ্বর স্তয়া বলাৎকারেণ বধ্নাতীতি বক্তুং তয়োঃ সম্বন্ধস্য প্রকারমাহ তামাহেতি স্নিগ্ধেন স্নিগ্ধত্বাদলব্ধ ভঙ্গেন অপাঙ্গরূপেণ পুংখেন তৎ পর্য্যন্তেনাপি কটাক্ষ শরেণ বিদ্ধ ইত্যর্থঃ। যতো বীরঃ বীরত্বাদেব তদপ্যাক্রান্ত ইত্যর্থঃ। পক্ষে ভোগোৎসাহবত্বাদ্বীরঃ। অয়মর্থঃ। অবিদ্যা খলু ভোগ্য পদার্থভূতং স্বং দর্শয়তি জীবস্তত্র সুরস বুদ্ধ্যা ভোক্তৃত্বমঙ্গী কুর্ব্বন্ অনুরজ্যতি। ঈশ্বরস্তু তত্র বিরস বুদ্ধ্যা ততো বিরজ্যতীতি ॥ ২৪ ॥

যদ্যপি বুদ্ধ্যাদিভিঃ সহৈব জীবস্য সর্ব্বদা স্থিতি স্তথাপি মনুষ্য শরীর সম্বন্ধিন স্তে বুদ্ধ্যাদয়ো বিলক্ষণা ভবন্তীত্যনুরাগেণচ তাং বুদ্ধিমপরিচিন্বন্নিব পৃচ্ছতি কা ত্বমিতি কুতঃ স্থানাদিহাগতাসি হে সতি পুর্য্যাঃ সমীপস্থা উপপুরী ভূমি স্তামবলম্ব্য কিং কর্ত্তুমিচ্ছসি ॥ ২৫ ॥

অনুপথা অনুবর্ত্তিনঃ একাদশো মহাভটো যেম্বিতি বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণং মন আলক্ষ্য ললনাশ্চেট্য ইতীন্দ্রিয় বৃত্তীরালক্ষ্য অহিঃ ক্রীড়োপকরণীভূত ইতি প্রাণমালক্ষ্য প্রশ্নঃ ॥ ২৬ ॥

লোকে হ্যবিবেকাৎ স্বস্য বুদ্ধিকৃৎকৃষ্টেতি সর্ব্বস্যাভিমতিরিতি পুরঞ্জন বাক্যেনাভিব্যঞ্জয়তি। ত্বং হ্রীরিতি ভস্যা মুখনেত্রা-

ঐ যুবতীর স্নিগ্ধ অপাঙ্গ যেন নিশিত বাণ তুল্য বোধ হইতেছিল, যে হেতু চক্ষুর্দ্বয়ের প্রান্ত ভাগই তাহার পুঙ্খ অর্থাৎ মূল প্রান্ত এবং প্রেমবশতঃ উচ্চ রূপে ভ্রমণশীল ভ্রূলতাই ধনুর স্থানীয় হইয়াছিল। আর সলজ্জ আস্য ঈষৎ হাস্যে শোভা পাইতেছিল। পুরঞ্জন (জীব) ঐ যুবতীর কটাক্ষশরে বিদ্ধ হওয়াতে সুললিত বাক্য দ্বারা তাঁহাকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ২৪ ॥

অয়ি পদ্মপলাশাক্ষি! তুমি কে? কাহার কন্যা? কোন স্থান হইতে এখানে আসিয়াছ? হে ভীরু! পুরীর সমীপস্থ এই উপবন ভূমিতে কি করিতে বাঞ্ছা করিতেছ? আমাকে বল ॥ ২৫ ॥

হে সুভ্রু! এই যে সকল ব্যক্তি তোমার অনুবর্ত্তী ইহাদের মধ্যে একাদশতম ব্যক্তিকে মহাবল দেখিতেছি, ইহারা কে? আর এই সমস্ত সিমন্তিনী ও তোমার অগ্রবর্ত্তী এই সর্প (প্রাণ) ইহারাই বা কে? ॥২৬

হে সাধ্বি! তুমি কি লজ্জা? না ভবানী? না বাণী? না রমাদেবী? মুনিবৎ সংযতা হইয়া এই

ত্বদঙ্ঘ্রি কামাপ্ত সমস্ত কামং ক্ব পদ্মকোশঃ পতিতঃ করাগ্রাৎ ॥ ২৭ ॥
নাসাং বরোর্ব্বন্যতমা ভুবি স্পৃক্ পুরীমিমাং বীরবরেণ সাকং।
অর্হস্যলঙ্কর্ত্তু মদভ্রকর্ম্মণা লোকং পরং শ্রীরিব যজ্ঞপুংসা ॥ ২৮ ॥
যদেষ তেঽপাঙ্গবিখণ্ডিতেন্দ্রিয়ং সব্রীড়ভাবস্মিত বিভ্রমদ্ভ্রুবা।
ত্বয়োপসৃষ্টো ভগবান্ মনোভবঃ প্রবাধতেথানুগৃহাণ শোভনে ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

বিষ্ণুং মুনিরিব সংযতা সতী কথং ভূতং পতিং ত্বদঙ্ঘ্রি কামেনৈব প্রাপ্তাঃ সমস্তাঃ কামা যেন তং ॥ ২৭ ॥

হে বরোরু আসাং মধ্যে ত্বমন্যতমাপি ন ভবসি। যতো ভুবি স্পৃক্ নহি দেবতা ভুবং স্পৃশন্তি বীরবরেণ ময়া পরং বৈকুণ্ঠং ॥২৮

যদ্যস্মাৎ তবাপাঙ্গেন বিখণ্ডিতমিন্দ্রিয়ং মনোযস্য তং মাং মনোভবো বাধতে। অথ তস্মাদনুগৃহাণ সব্রীড়ং সদ্ভাবেন প্রেম্না স্মিতং তেন বিভ্রমন্তী যা ভ্রূস্তয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদেষ তেঽপাঙ্গেতি। অথোপস্পৃষ্ট ইতি প্রাধাবতেঽথানুগৃহাণেতি। প্রথম তৃতীয় চতুর্থ চরণেষু পাঠা দৃশ্যন্তে। তত্র ত্বয়েতি চিৎসুখসম্মতশ্চ। কিন্তু যদেষ তেঽপাঙ্গেতি অথোপসৃষ্ট ইতি প্রধাবতে মানুগৃহাণেত্যেব পাঠাঃ স্বামি সম্মতা লক্ষ্যন্তে ॥ ২৯। ৩০। ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্যাবরণ ব্যঞ্জিতাং হ্রিয়মালক্ষ্য ন ত্বং হ্রীমতী কিন্তু সাক্ষাৎ স্বয়ং হ্রীরেব মাং মোহয়ন্তী সতী কিং পতিং ধর্ম্মং বিচিন্বতী অত্র বনে রহো বর্ত্তসে ইতি স্ববুদ্ধি বৃত্তি মাধুর্য্যৈঃ স্বমোহন প্রপঞ্চঃ। অথবা ভবানীতি সৌন্দর্য্যমালক্ষ্যোক্তিঃ পতিং শিবং বিচিন্বতী কিং বাক্ সরস্বতীতি তস্যা মহাবুদ্ধিমত্ত্বমালক্ষ্য পতিং ব্রহ্মাণং রমা লক্ষ্মীরিতি মহা সম্পত্তিমভিলক্ষ্য পতিং বিষ্ণুং মুনিরিব সংযতা সতী কথম্ভূতং পতিং ত্বদঙ্ঘ্রি কামনয়ৈব প্রাপ্তাঃ সমস্তা কামা যেন তং। লোকেপি স্ববুদ্ধিবলাধীনমেব সর্ব্বমৈশ্বর্য্যং সর্ব্বস্তেতি ব্রুবতে। ক্বেতি পদ্মকোশোলীলাকমলঃ সচ জীবস্য বিবেক এব তয়া তদলক্ষিতমেব স্বহস্ত বশীকৃত্য দূরতঃ ক্ষিপ্ত ইতি জ্ঞেয়ং ॥ ২৭

ত্বদনুরূপোহমেবেতি বক্তুং স্বকৃতং সন্দেহ স্বয়মেব নিরস্যতি নাসামিতি হে বরোরু যতস্ত্বং ভুবি স্পৃক্ নহি দেবতা ভুবং স্পৃশন্তি বীরবরেণ ময়া পরং বৈকুণ্ঠং পক্ষে কিঞ্চিদ্বিবেক প্রাপ্ত্যা স্ববুদ্ধিং ন সর্ব্বোৎকৃষ্টাং মন্যতে লোকঃ কিন্তু স্বানুরূপামেবেতি ভাবঃ ॥ ২৮ ॥

যদ্যস্মাত্তবাপাঙ্গেন বিখণ্ডিতমিন্দ্রিয়ং চক্ষুর্যস্য তং মাং মনোভবোমদন ত্বয়া উপস্পৃষ্টঃ প্রেরিতঃ সন্ বাধতে। পক্ষে বিখণ্ডিতজ্ঞান চক্ষুষং মনোভবো বৈষয়িকী বাসনা উপস্পৃষ্ট ত্বয়ৈবাধিক্যেন নির্ম্মিতো মাং বাধতে অতোঽনুগৃহাণ ত্বদীয়ান্ শব্দ

নির্জন বনে কি আপনার পতি অন্বেষণ করিতেছ? হে সুভ্রু! তোমাকে ত পতির অন্বেষণ করিতে হয় না, যে হেতু তোমার চরণদ্বয়ের কামনা দ্বারাই তোমার পতি সমস্ত কাম প্রাপ্ত হইতে পারেন ইহাতে তিনিই তোমার অন্বেষণ করিতে পারেন। সে যাহা হউক, তোমার করাগ্র হইতে সেই পদ্মকোশ কোথায় পতিত হইল? ॥ ২৭ ॥

হে বরোরু! আমি লজ্জা প্রভৃতি যাহা যাহা কহিলাম তুমি ঐ সকলের মধ্যে অন্যতমাও নহ, যে হেতু তুমি ভূমি স্পর্শ করিয়া রহিয়াছ, দেবতারা কখন মৃত্তিকা স্পর্শ করেন না। যাহা হউক, হে সুভ্রু! আমি বীরশ্রেষ্ঠ, আমার কর্ম্ম অতি মহৎ, অতএব লক্ষ্মী যেমন যজ্ঞপুরুষ বিষ্ণুর সহিত বৈকুণ্ঠ পুরী অলঙ্কৃতা করিতেছেন তাহার ন্যায়, তুমি আমার সহিত এই পুরী অলঙ্কৃতা করিতে যোগ্য হও॥২৮

হে শোভনে! তোমার অপাঙ্গ নিক্ষেপে আমার মনঃ বিখণ্ডিত হইতেছে, তাহাতে তোমার সলজ্জ ঈষৎ হাস্যে ভ্রমণ কারিণী ভ্রূলতা দ্বারা প্রেরিত মনোভব আমাকে সমধিক পীড়া দিতেছেন। অতএব

ত্বমাননং সুভ্রু সুতার লোচনং ব্যালম্বি নীলালকবৃন্দ সংবৃতং।
উন্নীয় মে দর্শয় বল্গু বাচকং যদ্ব্রীড়য়া নাভিমুখং শুচিস্মিতে ॥ ৩০ ॥
ইত্থং পুরঞ্জনং নারী যাচমানমধীরবৎ। অভ্যনন্দত তং বীরং হসন্তী বীরমোহিতা ॥ ৩১ ॥
ন বিদাম বয়ং সম্যক্ কর্ত্তারং পুরুষর্ষভ। আত্মনশ্চ পরস্যাপি গোত্রং নামচ যৎকৃতং ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

যদ্ব্রীড়য়া সংমুখং ন ভবতি তদাননমুন্নীয় মে দর্শয় শোভনে ভ্রুবৌ যস্মিন্। সুতারে শোভন কণীনিকে লোচনে যস্মিন্। ব্যালম্বিনো দীর্ঘা যে নীলা অলকা স্তেষাং বৃন্দেন সম্বৃতং বল্গূনি বাচকানি বাক্যানি যস্মিন্ ॥ ৩০ ॥

হে বীর সাপি তং দৃষ্ট্বা মোহিতা সতী তমাহ ॥ ৩১ ॥

যৎপৃষ্টং কস্যাসীত্যনেন কস্য পুত্রী গোত্রজা চেতি কান্বমিতিচ কিং-নামাসীতি তত্রাহ। আত্মনো মম পরস্য তবাপি কর্ত্তারং ন সম্যগ্বিদ্মঃ। গোত্রং নামচ যৎকৃতং ভবতি তঞ্চ ন বিদ্মঃ ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

ইতিহাস পক্ষে পুরঞ্জনভোগার্থং পরোক্ষেণ কাচিদেব নির্ম্মিতেয়মিতি নবিদামেত্যুক্তং ॥ ৩২। ৩৩। ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্পর্শাদীনুপভোক্তুং লভেয়েত্যর্থঃ। বস্তুত স্বনুগৃহাণ স্বভগিনী বিদ্যাং সন্দর্শয়েতি দৈবঘটিতোঽর্থঃ ॥ ২৯ ॥

স্মৃতিভ্রষ্টস্য কামিনো জীবস্য বৈয়গ্র্যং দর্শয়তি ত্বমিতি বল্গু মনোহরং যথাস্যাত্তথা বক্তীতি তৎ। যদাননং তবেদং ন মমাভিমুখমিতি ভগবত্যবিদ্যে দেবি মদীয় চিন্ময় জ্ঞানানন্দভোগাদহং ত্বয়া বঞ্চিত এব কিন্তু স্বীয়াং রূপাদি বিষয় সম্পত্তিং সংপ্রতি মদ্ভোগায়ৈবোপকল্পয় অলমেতাবতা বাম্যেন তত্রাননমিত্যাদিনা রূপ রস গন্ধ স্পর্শানাং বাচকমিতি শব্দস্যচ ভোগ প্রার্থনাভিব্যঞ্জিতা ॥ ৩০ ॥

অধীরবৎ বস্তু তস্য চিদ্রূপত্বাদ্ধীরুমেব হে বীরেতি তবৈব কথেয়ং কথ্যত ইতি ধ্বনিঃ। মোহিতেতি যথা বিষয় মাধুর্য্যে ত্বয়া জীবোঽনুরঞ্জিত স্তথা চিন্মাধুর্য্যে জীবেনাপি সানুরঞ্জিতেত্যর্থঃ ॥ ৩১ ॥

যৎ স্পৃষ্টঃ কস্যাসি কাসীতি তত্রাহ নবিদামেতি কথাপক্ষে কস্যচিন্মুনের্মেহনার্থমায়াতায়াঃ কস্যাশ্চিদপ্সরস ইয়ং কন্যেতি রাজা জানীতেস্ম অধ্যাত্ম পক্ষে যা জীবজ্ঞানমাবৃণীতে সা কথমীশ্বরমহং জানামীতি ব্যাহর্ত্তুমর্হতু গোত্রমিতি কিং গোত্রজাহং নামেতি কিং নাম্নী চাহমিতি ন বিদাম ॥ ৩২ ॥

আমার প্রতি অনুগ্রহ কর ॥ ২৯ ॥

হে সুভ্রু! তোমার বদন শোভন ভ্রূদ্বয়ে ভূষিত, অত্রস্থ দুইটী লোচনে কেমন মনোহর তারা। আহা! ঐ বদন সুদীর্ঘ নীলবর্ণ চূর্ণকুন্তলে আবৃত হওয়াতে কেমন সুন্দর অলঙ্কৃত হইয়াছে, তাহাতে কেমন মনোজ্ঞ বাক্য সকল বিলাস পাইতেছে। হে চারুহাসিনি! লজ্জাবশতঃ তোমার ঐ মুখ আমার প্রতি অভিমুখ হইতেছে না, উন্নত করিয়া একবার দেখাও দেখি ॥ ৩০ ॥

হে রাজন্! পুরঞ্জন এই প্রকারে অধীরের ন্যায় হইয়া রমণীর নিকট যাচ্ঞা করিতে থাকিলেন। তাঁহাকে অবলোকন করিয়া ঐ প্রমদারও মোহ জন্মিয়াছিল, অতএব সেই যুবতীও হাস্য করিতে করিতে সাদর সম্ভাষণ পূর্ব্বক তাঁহাকে কহিল ॥ ৩১ ॥

হে পুরুষশ্রেষ্ঠ! আমার আপনার এবং তোমার কর্ত্তা কে, আমি সম্যক্‌রূপে জ্ঞাত নহি এবং যাহাতে গোত্র ও নাম হয় তাহাও আমার বিদিত নাই ॥ ৩২ ॥

ইহাদ্য সন্তমাত্মানং বিদাম ন ততঃ পরং। যেনেয়ং নির্ম্মিতা বীর পুরী শরণমাত্মনঃ ॥ ৩৩ ॥
এতে সখায়ঃ সখ্যো মে নরা নার্য্যশ্চ মানদ। সুপ্তায়াং ময়ি জাগর্ত্তি নাগোয়ং পালয়ন্ পুরীং ॥৩৪
দিষ্ট্যাগতোসি ভদ্রং তে গ্রাম্যান্ কামানভীপ্সসে। উদ্বহিষ্যামি তান্ স্নেহাৎ স্ববন্ধুভিররিন্দম ॥৩৫
ইমাং ত্বমধিতিষ্ঠস্ব পুরীং নবমুখীং বিভো। ময়োপনীতান্ গৃহ্ণানঃ কামভোগান্ শতং সমাঃ ॥ ৩৬
কং নু ত্বদন্যং রময়ে হ্যরতিজ্ঞমকোবিদং। অসম্পরায়াভিমুখমশ্বস্তনবিদং পশুং ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

আত্মনো মম শরণমিয়ং পুরী যেন নির্ম্মিতা তঞ্চ ন বিদ্মঃ ॥ ৩৩ ॥

যৎ স্পৃষ্টং ক এতেঽনুপথা ইতি তত্রাহ এত ইতি ॥ ৩৪ ॥

আস্তাং নাম গোত্রাদি যদত্রাগতোসি এতৎ দিষ্ট্যা ভদ্রং তাবৎ। গ্রাম্যান্ ইন্দ্রিয়গ্রামার্হান্ উদ্বহিষ্যামি স্ববন্ধুভিঃ সখিভিঃ সখীভিশ্চ ॥ ৩৫ ॥

সমাঃ সম্বৎসরান্ মনুষ্যদেহপ্রবেশাৎ শতমিত্যুক্তং ॥ ৩৬ ॥

প্রবৃত্তি স্বভাবত্বাৎ নিবৃত্তি নিন্দাপূর্ব্বকং তৎসঙ্গমভিনন্দতি পঞ্চভিঃ। ত্বত্তোঽন্যং কং নু রময়ে অরতিজ্ঞং নৈষ্ঠিকং অকোবিদং

ক্রমসন্দর্ভঃ।

তাং স্নেহমিত্যত্র স্নেহানিতি ক্বচিৎ ॥ ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। ৪৪। ৪৫। ৪৬। ৪৭। ৪৮। ৪৯। ৫০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি কিং জানাসীত্যত আহ ইহাদ্যেতি যেনাত্মনঃ স্বস্য মম বা শরণমাস্পদং পুরী নির্ম্মিতা তং নবিদামেতি কথাপক্ষে তেনৈব কেনচিন্মুনিনা কর্দ্দমেনৈব বিষয়ভোগার্থং পুরীয়ং যোগবলেন নির্ম্মিতেতি রাজা জানীতে স্ম ॥ ৩৩ ॥

যৎ পৃষ্টং ক এতেঽনুপথা ইতি তত্রাহ এত ইতি। সখায় ইন্দ্রিয়াণি সখ্যস্তদ্বৃত্তয়ঃ। নাগঃ প্রাণঃ ময়ি সপরিকরায়াং সুপ্তায়াং সত্যাং জাগর্ত্তি। স্বপ্নে ইন্দ্রিয়াণাং লয়ে সুষুপ্তৌ মনোবুদ্ধ্যোরপি লয়ে প্রাণো বিরাজত এব ॥ ৩৪ ॥

দিষ্ট্যা ভাগ্যেনৈব আগতঃ মনুষ্যশরীরং প্রাপ্তোসীতি। উদ্বহিষ্যামি সংপাদয়িষ্যামি। স্ববন্ধুভিঃ সখিভিঃ সখীভিশ্চ ॥ ৩৫ ॥

সমাঃ সম্বৎসরান্ মনুষ্যদেহ প্রবেশাচ্ছতমিত্যুক্তং ॥ ৩৬ ॥

কথাপক্ষে সংপ্রতি পতিবৈরবাহমকস্মাৎ প্রাপ্তং স্বসদৃশং ত্বাং পশ্যন্তী নান্যমেবেবয়ামীত্যাহ কমিতি। অধ্যাত্ম পক্ষেতু বুদ্ধিরিয়ং

হে বীর! অদ্য এখানে যে আত্মা অবস্থিত তাঁহাকেও আমি জ্ঞাত নহি এবং যিনি আমার নিজের গৃহরূপ এই পুরী নির্ম্মাণ করিয়াছেন তিনিও আমার বিদিত নহেন ॥ ৩৩ ॥

হে মানদ! আপনি জিজ্ঞাসা করিয়াছেন আমার অনুবর্ত্তী এই সকল ব্যক্তি কে? হে মহাশয়! এই নর সকল আমার সখা এবং এই নারীগণ আমার সখী, আর এই পঞ্চশীর্ষ নাগ (প্রাণ) এই পুরীর পালন কর্ত্তা, আমি নিদ্রিতা হইলে এ ব্যক্তি জাগরিত হইয়া থাকে ॥ ৩৪ ॥

সে যাহা হউক, আমার পরম ভাগ্য যে আপনি এখানে আগমন করিয়াছেন, আপনকার মঙ্গল হউক, হে অরাতিনিসূদন! আপনি যে সকল গ্রাম্যভোগ অভিলাষ করিতেছেন আমি আপনার সখা ও সখীগণ দ্বারা তৎসমুদায় সম্পাদন করিয়া দিব ॥ ৩৫ ॥

প্রভো! আপনকারই এই পুরী, ইহা নয়টী দ্বারে অন্বিত। আপনি শত সম্বৎসর যাবৎ ইহাতে অধিষ্ঠান করিয়া থাকুন, আমি আপনকার বাঞ্ছিত ভোগ আহরণ করিয়া দিতেছি গ্রহণ করুন ॥ ৩৬ ॥

হে মহাশয়! আমি তোমা ব্যতীত কোন্ পুরুষের সহিত রমণ করিব? অন্য নৈষ্ঠিক পুরুষ

ধর্ম্মোহত্রার্থ কামৌচ প্রজানন্দো মৃতং যশঃ। লোকা বিশোকা বিরজা যান্ন কেবলিনোবিদুঃ॥ ৩৮।
পিতৃদেবর্ষি মর্ত্ত্যানাং ভূতানামাত্মনশ্চ হ। ক্ষেমং বদন্তি শরণং ভবেস্মিন্ যদ্গৃহাশ্রমঃ।
কা নাম বীর বিখ্যাতং বদান্যং প্রিয়দর্শনং। ন বৃণীত পতিং প্রাপ্তং মাদৃশী ত্বাদৃশং স্বয়ং ॥ ৩৯ ॥
কস্যা মনঃ স্যাত্তবভোগিভোগয়োঃ স্ত্রিয়া নসজ্জেদ্ভুজয়ো র্মহাভুজ।

শ্রীধরস্বামী ।

অনিষিদ্ধ সুখত্যাগিনং। সম্পরায়ো মৃত্যু স্তদনভিমুখং পরলোক চিন্তাশূন্যং অশ্বস্তনবিদং শ্ব ইদং কর্ত্তব্যমিতি ইহলোক চিন্তাশূন্যং পশুতুল্যং ॥ ৩৭ ॥

অত্র গার্হস্থ্যে প্রজানন্দঃ পুত্রসুখং অমৃতং মোক্ষঃ কেবলিনো যতয়ঃ ॥ ৩৮ ॥

গৃহাশ্রম ইতি যৎ এতৎ ক্ষেমার্হং শরণমাশ্রয়ং বদন্তি ॥ ৩৯ ॥

ভোগিভোগয়োঃ সর্পদেহাকারয়ো স্তব ভুজয়ো র্ময় সজ্জেত এবম্ভূতং কস্যাঃ স্ত্রিয়া মনঃ স্যাৎ ন কস্যা অপীত্যর্থঃ। যোভবান্ অনাথবর্গাদীন্ স্তোমাঃ তেষামাধিং অলমত্যর্থং অপোহিতুং সর্ব্বত্র চরতি কেনাপোহিতুং ঘৃণয়োদ্ধতঃ অতিশয়িতো যঃ স্মিত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

রাজসী কিঞ্চিৎ সত্ত্ব মিশ্রত্বাদ্ধার্ম্মিকৈবেতি তামস্যা সাত্ত্বিক্যা চ বুদ্ধ্যা আবৃতং পুমাংসং নিন্দতি কমিতি পঞ্চভিঃ। স্থাবরয়োনি গতত্বাদরতিজ্ঞং পশ্বাদিযোনিগতত্বেন রতিজ্ঞত্বেপ্যকোবিদং। বিপ্র বণিজাদি জাতিত্বেন কোবিদত্বেপি সংপরায়ো যুদ্ধং তদনভিমুখমবীরমিত্যর্থঃ। ক্ষত্রিয় জাতিত্বেন বীরত্বেপি অশ্বস্তনবিদং শ্বঃ পরশ্বোবা মরণানন্তরং মে কিং ভবিষ্যতীতি জ্ঞান শূন্যত্বা দধার্ম্মিকমিত্যর্থঃ। পশুতুল্যত্বাৎ পশুং ॥ ৩৭ ॥

ত্রিবর্গ সাধকং গার্হস্থ্যমভিনন্দতি ধর্ম্ম ইতি প্রজার্থক রত্যুত্থ আনন্দঃ পুত্রপৌত্রাদি লালন রূপ আনন্দোবা অমৃতং অদনীয়ং যজ্ঞশিষ্টাদি। অমৃতং যজ্ঞশেষে স্যাৎ পীযূষে সলিলে ঘৃত ইতি মেদিনী। লোকা যাগাদিপ্রাপ্যাঃ। কেবলিনো যতয়ো যান্ন বিদুরিত্যতি দুঃখ প্রাপ্যস্য চতুর্থ পুরুষার্থস্যানভিনন্দনাৎ সাত্ত্বিকী বুদ্ধিরপি নিন্দিতা। অধ্যাত্মপক্ষে ত্রিবর্গস্যোপপাদনমবিদ্যয়ৈবেত্যুক্তং ॥ ৩৮ ॥

গৃহাশ্রমস্ত সর্ব্বেষাং সুখদ ইত্যাহ পিত্রিতি অস্মিন্ ভবে মনুষ্য জন্মনি যৎ ক্ষেমং শরণং বদন্তি স গৃহাশ্রমঃ ॥ ৩৯ ॥

ভোগিভোগয়োঃ সর্প শরীরাকারয়ো স্তব ভুজয়োঃ কস্যাঃ স্ত্রিয়া মনো ন স্যাৎ ভবচ্চ সৎ কস্যা ন সজ্জেদিত্যাবৃত্ত্যা অন্বয়ঃ। যোভবান্ অনাথবর্গাণামস্মদাদীনামাধিমস্তঃ পীড়াং অপোহিতুং দূরীকর্ত্তুং চরতি। কেন স্মিতাবলোকেন। হে ঘৃণোদ্ধত কৃপয়া

সে কি রতি জানে! সে অনিষিদ্ধ সুখেরও পরিত্যাগী, অতএব তাহার পরলোক চিন্তা নাই, আর কল্য ইহা করিতে হইবে ইত্যাদি লৌকিক চিন্তারও কোন সম্পর্ক রাখে না, অতএব পশু তুল্য ॥ ৩৭ ॥

প্রভো! গার্হস্থ্য তুল্য সুখ কোথায় আছে? এই আশ্রমে ধর্ম্ম, অর্থ, কাম, পুত্রসুখ, যশঃ, মুক্তি, এবং বিশোক ও নির্ম্মল লোক, দেদীপ্যমান, যতিরা তাহার নামও জানেন না ॥ ৩৮ ॥

হে মানদ! পণ্ডিতেরা বলেন সংসারে যে গৃহাশ্রম ইহা পিতৃ, দেব, ঋষি, মানব, ভূত এ সকলের এবং আপনার কল্যাণ কর স্থান। হে বীর! এই গৃহাশ্রমে আমার সদৃশী কোন্ যুবতী আপনার তুল্য বিখ্যাত, বদান্য, প্রিয়দর্শন, স্বয়ং উপস্থিত পতিকে বরণ না করিবে? ॥ ৩৯ ॥

হে মহাবাহো! আপনার সর্পদেহ সদৃশ দুই বাহুতে যাহার মন আসক্ত না হয় এমত কোন্ স্ত্রী আছে? অর্থাৎ কেহই নাই, প্রভো! আপনি কি সাধারণ পুরুষ? দয়াতে পরিপূর্ণ যে সহাস্য অব

যোঽনাথবর্গাধিমলং ঘৃণোদ্ধত স্মিতাবলোকেন চরত্যপোহিতুং ॥ ৪০ ॥
ইতি তৌ দম্পতী তত্র সমুদ্য সময়ং মিথঃ। তাং প্রবিশ্য পুরীং রাজন্ মুমুদাতে শতং সমাঃ ॥৪১
উপগীয়মানো ললিতং তত্র তত্রচ গায়কৈঃ। ক্রীড়ন্ পরিবৃতঃ স্ত্রীভি র্হ্রদিনীমবিশচ্ছুচৌ ॥ ৪২ ॥
সপ্তোপরি কৃতা দ্বারঃ পুরস্তস্যাস্তু দ্বে অধঃ। পৃথগ্ বিষয় গত্যর্থং তস্যা যঃ কশ্চনেশ্বরঃ ॥ ৪৩ ॥
পঞ্চদ্বারস্তু পৌরস্ত্যা দক্ষিণৈকা তথোত্তরা। পশ্চিমে দ্বে অমূষাং তে নামানি নৃপ বর্ণয়ে ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বকোঽবলোকস্তেন ॥ ৪০ ॥

সমুদ্য সমুদীর্য্য সমাঃ সম্বৎসরান্ ॥ ৪১ ॥

তত্র জাগ্রদবস্থাং সংক্ষেপেণাহ উপগীয়মান ইতি। সুষুপ্ত্যবস্থামাহ। হ্রদিনীং হৃদয়াকাশং স্বাবস্থানং শুচৌ নিদাঘে ॥ ৪২ ॥

ইদানীং নবদ্বারঃ প্রদর্শয়ন্ জাগ্রদবস্থাং প্রপঞ্চয়তি সপ্তেতি যাবদধ্যায় সমাপ্তি। তস্যাঃ পুরঃ উপরি কৃতা দ্বারঃ সপ্ত বৃতা ইতি পাঠে সংবৃতাঃ নেত্রে নাসিকে শ্রোত্রে মুখঞ্চেতি সপ্ত। অধো দ্বে দ্বারৌ গুদলিঙ্গে। যঃ কশ্চনেতি আত্মনঃ সম্যগবিজ্ঞানাদ নিয়তত্বাচ্চ ॥ ৪৩ ॥

তাসু সপ্তসু পঞ্চ দ্বারঃ পৌরস্ত্যাঃ পূর্ব্বদিগ্‌ভবাঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উক্তঞ্চ অধ্যাত্ম পক্ষে চৈতন্যেনৈব বুদ্ধ্যাদয়ঃ স নাথা ভবন্তীত্যুক্তং ॥ ৪০ ॥

অথো ভজস্ব মাং ভদ্র ভজন্তীং মে দয়াং কুরু। এতাবান্ পৌরুষো ধর্ম্মো যদার্ত্তাননুকম্পতে ॥২২

শ্রীধরস্বামী।

আধয়ো ব্যাধয়শ্চ যবনাঃ তেষামীশ্বরং ভয়নামানং বব্রে ॥ ১৯ ॥

হে বীর তামীপ্সিতং পতিং বৃণে ন রিষ্যতি ন নশ্যতি ॥ ২০ ॥

লোকতো বেদতশ্চ যদ্দেয়ত্বেন গ্রাহ্যত্বেনচ উপনতং প্রাপ্তং তৎ যাচ্যমানং যো ন দদাতি যশ্চ দীয়মানং নেচ্ছতি ন গৃহ্লাতি ইমৌ দ্বৌ কর্ম্মভূতাবনুশোচন্তি সন্তঃ ॥ ২১ ॥

পুরুষেণ কর্ত্তব্যোধর্ম্মঃ পৌরুষঃ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

যতো ভূতানামন্যৈরপি ভূতৈ ত্বয়ি কৃতঃ সংকল্পো মনোরথো নরিষ্যতি নষ্টুং নার্হতি। মমতু ত্বদেক পরায়ণায়াঃ সুতরাং নার্হতীত্যর্থঃ ॥ ২০। ২১। ২২। ২৩। ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ময়োপদিষ্টমিতি লোকানাং ভয়মেব জরয়া জীর্ণং ভবত্বিতি স্বস্য দয়ালুত্বং সূচিতং ॥ ১৯ ॥

যবনানামাধি ব্যাধীনাং ন রিষ্যতি ন নশ্যতি। পক্ষে ভূতানাং ভগবদ্ভক্তানাং সঙ্কল্পো ন রিষ্যতি লোকানাং ভয়ং জীর্ণং ভবত্বিতি নারদেন যঃ সঙ্কল্পঃ কৃতঃ সোঽন্যথা ভবিতুং নার্হতীতি ত্বং মে পতি র্ভব যথা ত্বামহং ভুঞ্জে। ভূতশব্দেন ভগবদ্ভক্তোপ্যুচ্যতে। যদুক্তং ভূতানি ভব্যানি জনার্দ্দনস্যেতি ॥ ২০ ॥

বালাবজ্ঞৌ সন্তোঽনুশোচন্তি। লোকশাস্ত্রয়োরুপনতমুচিতং বস্তু দেয়ং ন দদাতি। গ্রাহ্যং ন গৃহ্ণাতীতি তেন কন্যাহং স্বয়ম্বরা অকস্মাত্ত্বদ্গৃহমাগতা গৃহস্থেন ত্বয়া গ্রাহ্যৈবেতি ভাবঃ। পক্ষে লোকেষু কৃপালুনা নারদেন যদভিলষিতং ভয়ং জীর্ণং ভবত্বিতি তল্লোক শাস্ত্রোচিতমেবাতস্ত্বং মাং গৃহাণেত্যর্থঃ ॥ ২১ ॥

পৌরুষঃ পুরুষেণ নির্বৃত্তঃ। পক্ষে স্ববলং প্রকাশ্যাপি ত্বয়া জরাং ন গৃহ্ণামীতি বক্তুমশক্যং নারদোক্তিবলাত্ত্বামহং লগন্তী সংহরিষ্যাম্যেবেতি স্বগতং বদন্তী বহির্বক্রোক্ত্যা সোৎপ্রাসমাহ অথো ইতি ॥ ২২ ॥

হে রাজন্! আমি এই প্রকারে অভিশপ্ত হইয়াও তাহার অবস্থা দেখিয়া বিবেচনা করিলাম, এই অবলার অভিলাষ বিফল হইল, এজন্য ইহার মনঃ দুঃখিত হইতেছে, অতএব দয়া প্রকাশ পুরঃসর তাহাকে যবনদের (আধি ব্যাধির) ঈশ্বরকে অর্থাৎ ভয়কে দেখাইয়া দিয়া বরণ করিতে কহিলাম, সে আমার ঐ উপদেশে সেই ভয় নামক ব্যক্তির নিকটে গেল এবং পতি বলিয়া তাহাকেই বরণ করিল ॥ ১৯ ॥

আর কহিল অহে বীর! তুমি যবনদের মধ্যে শ্রেষ্ঠ এবং আমার বাঞ্ছিত পতি, আমি তোমাকে বরণ করিলাম, প্রাণি সকলের কৃত সংকল্প তোমাতে কখন বিফল হইবে না ॥ ২০ ॥

হে বীর! লোকে ও শাস্ত্রে যে বস্তু দেয় ও গ্রাহ্য বলিয়া সম্মত, সেই বস্তু প্রার্থনা করিলে যে না দেয় এবং কেহ দিলে যে গ্রহণ না করে সেই দুই অজ্ঞ ব্যক্তিরই নিমিত্ত লোকে শোক করিয়া থাকে ॥ ২১ ॥

অতএব হে ভদ্র! আমি প্রার্থনা করিতেছি দয়া প্রকাশিয়া আমাকে গ্রহণ কর। হে মহাশয়! আর্ত্ত ব্যক্তির প্রতি যে অনুকম্পা করা ইহাই পুরুষের কর্তব্য ধর্ম্ম ॥ ২২ ॥

কালকন্যোদিতবচো নিশম্য যবনেশ্বরঃ। চিকীর্ষুর্দেবগুহ্যং স সস্মিতং তামভাষত ॥ ২৩ ॥
ময়া নিরূপিতস্তুভ্যং পতিরাত্মসমাধিনা। নাভিনন্দতি লোকোঽয়ং ত্বামভদ্রামসম্মতাং ॥ ২৪ ॥
ত্বমব্যক্ত গতির্ভুঙ্ক্ষ্ব লোকং কর্ম্ম বিনির্ম্মিতং। যাহি মে পৃতনা যুক্তা প্রজানাশং করিষ্যসি ॥ ২৫
প্রজ্বারোঽয়ং মম ভ্রাতা ত্বঞ্চ মে ভগিনী ভব। চরাম্যুভাভ্যাং লোকেস্মিন্নব্যক্তো ভীমসৈনিকঃ ॥২৬

শ্রীধরস্বামী।

দেবগুহ্যং মরণং তদ্ধি প্রাণিনাং বৈরাগ্যানুদয়ায় দেবৈ র্গোপ্যতে ॥ ২৩ ॥

তুভ্যং তব আত্ম সমাধিনা জ্ঞানদৃষ্ট্যা যাচ্যমানঃ অয়ং লোকস্ত্বাং নেচ্ছতি ॥ ২৪ ॥

অতোঽব্যক্তগতিঃ কুতঃ প্রাপ্তেত্যলক্ষিত গতিঃ সতী লোকমাক্রম্য ভুঙ্ক্ষ্ব। এবং সর্ব্বোপি লোক স্তব পতিঃ স্যাদিত্যর্থঃ। নচৈবং ত্বয়া শঙ্কনীয়ং মাং প্রতিকূলাং লোকোহনিষ্যতীতি যৎত্বমেব প্রজানাং নাশং করিষ্যসীত্যাহ যাহীতি। যা মদীয়া যবন পৃতনা তয়া যুক্তা ॥ ২৫ ॥

কিঞ্চ প্রজ্বার ইতি মারকো বৈষ্ণবজ্বরঃ মাহেশ্বরস্ত ব্যাধ্যস্তঃ পাতিত্বাৎ ভীমা ঘোরাঃ সৈনিকা যস্য ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্বমিত্যর্দ্ধকং ॥

যাহীত্যর্দ্ধকং। প্রজানাশমিত্যত্র প্রজ্বারস্বমিতি চিৎসুখঃ ॥ ২৫ ॥

প্রজ্বারোয়মিত্যত্র অপ্রজোয়মিতি চিৎসুখঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেবস্য পরমেশ্বরস্য গুহ্যং রহস্যং সংসারচক্রপ্রবর্ত্তনং চিকীর্ষুঃ। সস্মিতমিতি ত্বদ্বচনমিদমপ্রত্যাখ্যেয়মিতি স্মিতেন জ্ঞাপয়ন্নিত্যর্থঃ ॥ ২৩ ॥

তুভ্যং ত্বাং ভোজয়িতুমিত্যর্থঃ। আত্ম সমাধিনা মনসো ভাবনয়া অয়ং ভূর্লোকস্থো লোকঃ ত্বাং নেচ্ছতি ॥ ২৪ ॥

অতত্ত্বমব্যক্ত গতিঃ কুতঃ প্রাপ্তেত্যলক্ষিত গতিঃ সতী লোকমাক্রম্য বলাৎকারেণ সর্ব্বএব লোকস্তব পতিঃ স্যাদিত্যর্থঃ ॥

প্রতিকূলাং মাং লোকোহনিষ্যতীতি বিভেষি চেৎ মৎপৃতনা যবনসেনা তয়া যুক্তা সতী যাহীতি প্রজানাং ত্বয়া ভুক্তানাং নাশং ত্বং প্রণেষ্যসি করিষ্যসি ত্বাং হন্তুং পুনঃ কঃ প্রভবেদিতি ভাবঃ ॥ ২৫ ॥

প্রজ্বার ইতি মারকো বৈষ্ণবজ্বরঃ মাহেশ্বরস্তু ব্যাধ্যস্তঃপাতিত্বাৎ মম ভগিনী কাপি নাস্তীতি ত্বমেব ভগিনী ভব নন্থ নার-

হে রাজন্! কাল কন্যার ঐ বাক্য শ্রবণ করিয়া সেই যবনেশ্বর মৃত্যু, তাহাকে স্বীকার করিতে ইচ্ছা করিলেন এবং হাস্য বদনে কহিলেন ॥ ২৩ ॥

আমি জ্ঞানদৃষ্টি দ্বারা অগ্রেই তোমার ভোগ স্থান নিরূপণ করিয়া রাখিয়াছি,তুমি সকলকে প্রার্থনা করিতেছ বটে কিন্তু তোমাকে অভদ্রা ও অসম্মতা জানিয়া কোন লোক তোমার পতি হইতে ইচ্ছা করে না ॥ ২৪ ॥

তুমি অলক্ষিত গতি হইয়া এই লোক সকলকে উপভোগ কর, এরূপ করিলে সকলেই তোমার পতি হইবে, তোমাকেপ্রতিকূলা দেখিয়া লোকে বধ করিবে এমত আশঙ্কা করিও না, বরং আমার এই যবন সেনা আছে, ইহাদের সহিত মিলিত হইয়া যাও, তুমিই প্রজানাশ করিয়া আসিবে এ বিষয়ে সংশয় মাত্র নাই ॥ ২৫ ॥

দেখ! এই প্রজ্বার (বৈষ্ণব জ্বর) আমার ভ্রাতা, তুমিও আমার ভগিনী হও, আমার আরও ভয়-

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৭ ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

সৈনিকা ভয়নাম্নো যে বর্হিষ্মন্ দিষ্টকারিণঃ। প্রজ্বারকালকন্যাভ্যাং বিচেরুরবনীমিমাং ॥ ১ ॥
ত একদাতু তরসা পুরঞ্জনপুরীং নৃপ। রুরুধুর্ভৌগভোগাঢ্যাং জরৎপন্নগপালিতাং।
কালকন্যাপি বুভুজে পুরঞ্জনপুরং বলাৎ। যয়াভিভূতঃ পুরুষঃ সদ্যোনিঃসারতামিয়াৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তবিংশঃ ॥ * ॥

অষ্টাবিংশেতু বৈদর্ভ্যাখ্যানেন স্ত্রী বিচিন্তয়া। স্ত্রীত্বং প্রাপ্তস্য দৈবেন কদাচিন্মুক্তিরুচ্যতে ॥ ০ ॥

ইদানীং পুরঞ্জনস্য পুং দেহত্যাগ পূর্ব্বকং স্ত্রীত্ব প্রকারমাহ। সৈনিকা ইত্যাদি রাজসিংহস্য বেশ্মনীত্যন্তেন গ্রন্থেন। দিষ্টং দৈবং কুর্ব্বন্তী অধিকুর্ব্বন্তী তথা। মৃত্যোরাদেশকারিণ ইতি বা ॥ ১ ॥

জরৎপন্নগেন জীর্ণপ্রাণেন পালিতাং ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য সপ্তবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দোক্তমন্যথা ভবিতুং নার্হতীতি ত্বং মে পতিরেব ভবেতি সত্যং। অধর্ম্মবংশোদ্ভবানামস্মাকং ভগিন্যপি ভার্য্যা স্যাদত স্তব ভ্রাতাপ্যহং পতিস্তস্মান্নারদোক্তমপি প্রমাণীকরণীয়ং ভগবদ্ভক্তানাং নিকটমহং যামি চেন্মামপি নির্ভরং ভুক্ত্বা সংহর। নারদং যথা পতিং নাকুথা স্তথান্যমপি ভগবদ্ভক্তং ত্বমপি পতিং ন কুরুষ। অতএব ময়োক্তং ত্বমব্যক্তগতির্ভুঙ্ক্ষ্ব লোকং কর্ম্ম বিনির্ম্মিতমিতি ভক্তানাং কর্ম্ম বিনির্ম্মিতত্বাভাবাত্তে তব পতয়ো ন ভবন্তীতি তেষু তেষ্বহমেব পতিরিতি নারদোক্তমপি সুসঙ্গতমভূদিতি ॥ ২৬॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে সপ্তবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ত্যক্ত্বা শীর্ণাং পুরীং স্ত্রীত্বং প্রাপ্তঃ সৎ সঙ্গতোহরেঃ। ভক্ত্যা পুরঞ্জনঃ প্রাপ তমষ্টাবিংশকে স্ফুটং ॥ ০ ॥

ইদানীং জীবস্য স্থুল শরীর পরিত্যাগ প্রকারমাহ সৈনিকা ইত্যাদি পুরীং বিহায়োপগত ইত্যন্তেন সৈনিকা ব্যাধয়ঃ। দিষ্টকারিণঃ দুরদৃষ্টফলোৎপাদকাঃ ॥ ১ ॥

জরৎপন্নগেন জীর্ণপ্রাণেন পালিতাং ॥ ২ ॥

স্কর সেনা আছে, সে সকল থাকুক, আমি অলক্ষিত গতি হইয়া তোমাদের দুই জনের সহিত এই লোকে বিচরণ করিব ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তবিংশ ॥ * ॥

অষ্টাবিংশ অধ্যায়ে বৈদর্ভী কথা প্রসঙ্গে স্ত্রী চিন্তন দ্বারা পুরঞ্জনের স্ত্রীত্ব প্রাপ্তি এবং প্রাক্তন অদৃষ্ট বশতঃ জ্ঞানোদয়ে মুক্তি লাভ ॥ ০ ॥

নারদ কহিলেন হে রাজন্! ভয় নামা যবনাধিপতির যে সকল সেনা মৃত্যুর আদেশকারিণী,তাহারা প্রজ্বার (বিষ্ণুজ্বর) ও কালকন্যার (জরার) সহিত পৃথিবীর সর্ব্বত্র ভ্রমণ করিয়া বেড়াইতে লাগিল ॥ ১

একদা ঐ সকল ব্যক্তি বেগে পুরঞ্জনের পুরীতে প্রবেশ করিল। সেখানে একটী জীর্ণ সর্প (প্রাণ) রক্ষণাবেক্ষণ করিতেছিল। তাহারা ঐ পুরীকে পার্থিব ভোগে পূর্ণ দেখিয়া আক্রমণ পূর্ব্বক রুদ্ধ করিল, অতএব যে কালকন্যা কর্তৃক অভিভূত হইলে পুরুষ তৎক্ষণাৎ নিঃসার হয়, সেও বল পূর্ব্বক ঐ পুরী ভোগ করিতে আরম্ভ করিল ॥ ২ ॥

তয়োপভুজ্যমানা বৈ যবনাঃ সর্ব্বতো দিশং। দ্বার্ভিঃ প্রবিশ্য সুভৃশং প্রার্দ্দয়ন্ সকলাং পুরীং।
তস্যাং প্রপীড্যমানায়ামভিমানী পুরঞ্জনঃ। অবাপোরুবিধাংস্তাপান্ কুটুম্বী মমতাকুলঃ ॥ ৩ ॥
কন্যোপগূঢ়ো নষ্টশ্রীঃ কৃপণো বিষয়াত্মকঃ। নষ্টপ্রজ্ঞোহৃতৈশ্বর্য্যো গন্ধর্ব্বৈর্যবনৈর্ব্বলাৎ ॥ ৪ ॥
বিশীর্ণাং স্বপুরীং বীক্ষ্য প্রতিকূলাননাদৃতান্। পুত্রান্ পৌত্রানুগামাত্যান্ জায়াঞ্চ গতসৌহৃদাং ॥ ৫
আত্মানং কন্যয়াগ্রস্তং পঞ্চালানরিদূষিতান্। দুরন্তচিন্তামাপন্নো ন লেভে তৎপ্রতিক্রিয়াং ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

দ্বার্ভিশ্চক্ষুরাদিভিঃ রোগরূপেণ প্রবিশ্য ॥ ৩ ॥

কন্যয়া জরয়া উপগূঢ়ঃ সন্ তৎপ্রতিক্রিয়াং ন লেভে ইতি তৃতীয়েনান্বয়ঃ। হৃতৈশ্বর্য্যঃ উত্থানাদ্যশক্তেঃ ॥ ৪ ॥

প্রতিকূলান্ অনপেক্ষিত বিষয়প্রাপকান্। অনাদৃতান্ আদরমকুর্ব্বাণান্ স্বাধীনস্বাভবাৎ। অনুগা ইন্দ্রিয়াণি অমাত্যা ইন্দ্রিয়দেবতাঃ। গতসৌহৃদাং অধ্যবসায়াভাবাৎ ॥ ৫ ॥

অরিভিঃ বিঘ্নাদিভিঃ দূষিতান্ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

কন্যেতি ত্রিকং ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বার্ভিশ্চক্ষুরাদিভিঃ ॥

অভিমানীতি পুর্য্যামভিমানবশাদেব ॥ ৩। ৪ ॥

বিশীর্ণাং বিশীর্য্যমাণাং প্রতিকূলান্ শোকাদীন্ অনাদৃতান্ আদরমকুর্ব্বাণান্ সর্ব্বথা নিগিলিতুমুপক্রান্তানিত্যর্থঃ। পুত্রান্ বিবেকাদীন্ পৌত্রান্ ধৈর্য্য গাম্ভীর্য্যাদীন্ অনুগানিন্দ্রিয়াণি অমাত্যান্ মন আদ্যধিষ্ঠাতৃ দেবাংশ্চন্দ্রাদীন্ চকারাৎ গতসৌহৃদান্ স্ব স্ব কৃত্যাদি সম্যগকুর্ব্বাণান্ জায়াং বুদ্ধিঞ্চ গতসৌহৃদাং অধ্যবসায়াদি রহিতাং। কন্যয়া জরয়া পঞ্চালান্ শব্দাদীন্ অরিভিঃ রোগাদিভিঃ তেষাং তেষাং প্রতিক্রিয়াং মন্ত্রৌষধাদিভিরপি কৃতৈ র্ন লেভে ॥ ৫। ৬ ॥

হে রাজন্! কালকন্যা জরা পুরঞ্জন পুরী ভোগ করিতে প্রবৃত্ত হইলে পূর্ব্বোক্ত যবনেরা সকল দিক্ হইতে সকল দ্বার (চক্ষুরাদি ইন্দ্রিয়গণ) দ্বারা রোগরূপে তন্মধ্যে প্রবেশ পূর্ব্বক পীড়া দিতে লাগিল। ঐ পুরী এই প্রকারে পীড্যমান হওয়াতে তদভিমানি পুরঞ্জনের সাতিশয় সন্তাপ হইল। তিনি বহু বহু কুটুম্ব যুক্ত হওয়াতে মমতায় আকুল হইয়া পড়িলেন ॥ ৩ ॥

পরে ঐ কালকন্যা তাঁহাকে গিয়া আলিঙ্গন করিল তাহাতে তাঁহার শরীরের শ্রীনষ্ট হইয়া গেল সুতরাং অতি দীন ও প্রজ্ঞাহীন হইলেন। অনন্তর গন্ধর্ব্ব ও যবনগণ বল পূর্ব্বক তাঁহার সমস্ত ঐশ্বর্য্য হরণ করিয়া লইল, কারণ তখন তাঁহার উত্থানাদিতেও সামর্থ্য ছিল না ॥ ৪ ॥

অনন্তর পুরঞ্জন দেখিলেন আপনার পুরী বিশীর্ণ এবং পুত্র পৌত্র ভৃত্য ও আমাত্যগণ প্রতিকূল অর্থাৎ অনপেক্ষিত বিষয় প্রাপক ও হতাদর হইল, আর জায়ারও পূর্ব্ববৎ সৌহৃদ্য ভাব নাই ॥ ৫ ॥

আরও দৃষ্ট হইল আপনি কাল কন্যা জরা কর্ত্তৃক গ্রস্ত হইয়াছেন এবং পঞ্চাল বিষয় অরি (বিঘ্ন) দ্বারা দূষিত হইয়াছে অতএব দুরন্ত চিন্তায় নিমগ্ন হইলেন। সেই চিন্তার প্রতিকারোপায়ও দৃষ্ট হইল না ॥ ৬ ॥

কামানভিলষন্ দীনো যাতযামাংশ্চ কন্যয়া। বিগতাত্মগতিস্নেহঃ পুত্রদারাংশ্চ লালয়ন্।
গন্ধর্ব্বযবনাক্রান্তাং কালকন্যোপমর্দ্দিতাং। হাতুং প্রচক্রমে রাজা তাং পুরীমনিকামতঃ।
ভয়নাম্নোঽগ্রজোভ্রাতা প্রজ্বারঃ প্রত্যুপস্থিতঃ। দদাহ তাং পুরীং কৃৎস্নাং ভ্রাতুঃ প্রিয়চিকীর্ষয়া ॥৭
তস্যাং সংদহ্যমানায়াং সপৌরঃ সপরিচ্ছদঃ। কৌটুম্বিকঃ কুটুম্বিন্যা উপাতপ্যত সান্বয়ঃ ॥ ৮ ॥
যবনোপরুদ্ধায়তনো গ্রস্তায়াং কালকন্যয়া। পুর্য্যাং প্রজ্বারসংস্পৃষ্টঃ পুরপালোঽন্বতপ্যত ॥ ৯ ॥
নশেকে সোঽবিতুং তত্র পুরুকৃচ্ছ্রোরু বেপথুঃ। গন্তুমৈচ্ছত্ততো বৃক্ষকোটরাদিব সানলাৎ ॥ ১০

শ্রীধরস্বামী।

কালকন্যয়া হেতুভূতয়া যাতযামান্ নিঃসারানপি কামানভিলষন্ বিগতা আত্মনো গতিঃ পারলৌকিকী ঐহিকঃ পুত্রাদি স্নেহশ্চ যস্য স্নেহাদিতি বা পাঠঃ। স রাজা পুরঞ্জনো হাতুং প্রচক্রমে উপক্রান্তবানিতি দ্বয়োরন্বয়ঃ। অনিকামতঃ অনিচ্ছয়াপি ॥ ৭ ॥

সপরিচ্ছদঃ ভৃত্যবর্গ সহিতঃ কুটুম্বেন দীব্যতীতি কৌটুম্বিকঃ কুটুম্বিন্যা সন্ধিঃ নাত্র বিবক্ষিতঃ। সান্বয়ঃ পুত্রাদি সহিতঃ ॥ ৮ ॥

যবনৈরুপরুদ্ধানি আয়তনানি যস্য স পুরপালঃ ॥ ৯ ॥

পুরু বহুকৃচ্ছ্রং তেন উরুর্বেপথুর্যস্য। বৃক্ষকোটরাদিব সর্পঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

কামানিতি যুগ্মকং। গতীতাত্র স্বখীতি চিৎসুখঃ। অনিকামত ইত্যস্য অনিচ্ছয়াপীতি চিৎসুখব্যাখ্যাচ ॥ ৭ ৮ । ৯ ১০ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কামান্ মিষ্টভোজনাদীন্ যাতযামানপি ক্ষুন্মান্দ্যাদি হেতোরিত্যর্থঃ। বিগতা আত্মনো গতিঃ পারলৌকিকী ঐহিকঃ পুত্রাদি স্নেহশ্চ যস্য সঃ। স্নেহাদিতি চ পাঠঃ। অনিকামতঃ অনিচ্ছয়াপি ॥

প্রজ্বারোবিষ্ণুজ্বরঃ ॥ ৭ ॥

সপৌরঃ সপ্তধাতু সহিতঃ। সপরিচ্ছদঃ সর্ব্বেন্দ্রিয় ভৃত্যবর্গ সহিতঃ। কুটুম্বেন দীব্যতীতি কৌটুম্বিকঃ। কুটুম্বিন্যা বুদ্ধ্যা সহ সন্ধ্যভাব আর্ষঃ সান্বয়ঃ পুত্রপৌত্রাদিযুক্তঃ ॥ ৮ ॥

পুরপালঃ প্রজাগরঃ প্রাণঃ ॥ ৯ ॥ স পুরপালঃ অবিতুং রক্ষিতুং বৃক্ষকোটরাদিব সর্পঃ ॥ ১০ ॥

তিনি অতি দীন হইয়াছিলেন তথাচ বিষয়ে অভিলাষ ছিল, অতএব যদিও আত্মার পারলৌকিক গতি ও ঐহিক পুত্রাদি স্নেহ বিগত হইয়াছিল তথাপি পুত্র কলত্রের লালন পালন করিতেন কিন্তু যখন দেখিলেন আপনার পুরী যবন গন্ধর্ব্ব কর্তৃক আক্রান্ত হইল এবং কালকন্যা আসিয়া নানা প্রকারে যাতনা দিতে লাগিল, তখন যদিও ইচ্ছা হইল না, তথাপি ঐ পুরী পরিত্যাগ করিবার মনস্থ করিলেন। তাহাতে ভয়ের অগ্রজ ভ্রাতা প্রজ্বার (বিষ্ণুজ্বর) তাঁহার সন্নিধানে আসিয়া উপস্থিত হইল এবং ভ্রাতার প্রিয় করণ মানসে সেই পুরী সম্পূর্ণরূপে দগ্ধ করিয়া দিল ॥ ৭ ॥

হে রাজন্! ঐ পুরী দহ্যমানা হইলে কুটুম্ব সহ ক্রীড়াকারি সেই পুরঞ্জন পুরবাসি ভৃত্যবর্গ ও পুত্রাদির সহিত সাতিশয় সন্তপ্ত হইলেন ॥ ৮ ॥

মহারাজ! কালকন্যা জরা পুরঞ্জনের পুরীকে গ্রাস করিলে ঐ পুরীর পালক (প্রাণ) প্রজ্বার কর্তৃক সংস্পৃষ্ট হইয়া সন্তাপ যুক্ত হইতে লাগিল। রাজন্! তাহার সন্তাপ অসম্ভব নহে, যবনেরা তাহার আয়তন পর্য্যন্ত রুদ্ধ করাতে সে মহা সঙ্কটে পতিত হইয়াছিল ॥ ৯ ॥

সে যাহা হউক, ঐ সন্তাপ জন্য তাহার গুরুতর ক্লেশ ও সাতিশয় কম্প হইল একারণ তথায় অবস্থিতি করিতে পারিল না, সর্প যেমন অনল যুক্ত বৃক্ষ কোটর হইতে স্থানান্তরে চলিয়া যায় তাহার ন্যায়, অন্যত্র গমন করিতে ইচ্ছা করিল ॥ ১০ ॥

শিথিলাবয়বো যর্হি গন্ধর্ব্বৈ র্হৃতপৌরুষঃ। যবনৈররিভিঃ কণ্ঠে উপরুদ্ধো রুরোদহ ॥ ১১ ॥
দুহিতৄঃ পুত্রপৌত্রাংশ্চ যামি জামাতৃপার্ষদান্। স্বত্বাবশিষ্টং যৎকিঞ্চিদ্‌গৃহকোষপরিচ্ছদং।
অহং মমেতি স্বীকৃত্য গৃহেষু কুমতি র্গৃহী। দধ্যৌ প্রমদয়া দীনো বিপ্রয়োগ উপস্থিতে ॥ ১২ ॥
লোকান্তরং গতবতি ময্যনাথা কুটুম্বিনী। বর্ত্তিষ্যতে কথং ত্বেকা বালকাননুশোচতী ॥ ১৩ ॥
নময্যনাশিতে ভুঙ্‌ক্তে নাস্নাতে স্নাতি মৎপরা। ময়ি রুষ্টেতু সংত্রস্তা ভর্ৎসিতে যত বাগ্‌ভয়াৎ॥১৪

শ্রীধরস্বামী।

কণ্ঠে উপরুদ্ধোরুরোদ ঘুর ঘুর ধ্বনিঞ্চকার ॥ ১১ ॥
দুহিত্রাদীন্ দধ্যাবিত্যুত্তরেণান্বয়ঃ যাময়োহত্র স্নুষা স্বত্বমাত্রেণাবশিষ্টং ভোগস্তু প্রাগেব ক্ষীণঃ ॥ ১২ ॥
ধ্যানমেবাহ লোকান্তরমিত্যাদিনা ॥ ১৩ ॥
অনাশিতে অভোজিতে ভর্ৎসিতে ভর্ৎসনে কৃতে যতবাগ্ ভবতি ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

দুহিতৄরিতি যুগ্মকং। অহং মমেতি সাৎকৃত্যেতি ক্বচিৎ ॥ ১২ । ১৩ । ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রুরোদ আসন্ন মৃত্যুর্ঘুর ঘুর ধ্বনিং চকার ॥ ১১ ॥

যাময়োহত্র স্নুষাঃ। প্রমদয়া স্ত্রিয়া সহ বিপ্রয়োগে উপস্থিত ইতি জীবস্য স্থূল শরীরভঙ্গে বুদ্ধ্যা বিচ্ছেদাভাবাৎ প্রমদেয়ং নপুরঞ্জনী কিন্তু সংসারিণো জীবস্য সর্ব্বেন্দ্রিয়ৈর্ভোগ্যা মমতাস্পদীভূতা ব্যাবহারিক্যেব ভার্য্যা ব্যাখ্যেয়া দুহিত্রাদয়োপ্যত্র তৎ সম্বন্ধিন্যো নত্বধ্যাত্ম পক্ষীয়া ব্যাখ্যেয়াঃ। মরণকালেচ জীবস্য স্ত্রীপুত্রাদীনামেব স্মরণং সম্ভবতি নতু বুদ্ধি বিবেকাদীনামিতি কেচিদাহুঃ। অন্যেতু ধর্ম্মবতী বুদ্ধিরেব পুরঞ্জনীত্বেন পূর্ব্বং প্রস্তুতেত্যতো মৃত্যু সময়ে ধর্ম্মবুদ্ধ্যা বিচ্ছেদো বুদ্ধ্যন্তরেণ সংযোগঃ। নময্যনাশিতে ভুঙ্‌ক্তে ইত্যাদিকং তু সদ্বুদ্ধি বিচ্ছেদাৎ পূর্ব্বমেব যদুক্তং তদেবাগ্রে বক্ষ্যতে। তচ্চ মমাধুনাপি ধর্ম্মাচরণে তৃপ্তির্নজাতা কিং করোমি মরণমুপস্থিতমিত্যেতস্যৈবার্থস্যোৎপ্রেক্ষয়া বিবরণং জ্ঞেয়মিত্যাচক্ষতে ॥ ১২ । ১৩ ॥

অনশিতে অভোজিতে ভর্ৎসিতে ভর্ৎসনং কৃতবতি ॥ ১৪ ॥

এই রূপে যখন পুরঞ্জনের অবয়ব শিথিল এবং গন্ধর্ব্বেরা তাঁহার পৌরুষ হরণ করিয়া লইল, আর যবনগণ আসিয়া কণ্ঠদেশ রোধ করিল, তখন তিনি রোদন অর্থাৎ ঘুর ঘুর ধ্বনি করিতে লাগিলেন॥ ১১

হে রাজন্! ঐ সঙ্কট উপস্থিত হওয়াতে মন্দ বুদ্ধি ঐ গৃহী, পুত্র, দুহিতা, স্নুষা, জামাতা, পারিষদ্ এবং অন্যান্য বস্তু সকল, যাহাতে কেবল স্বত্বমাত্র অবশিষ্টছিল এমত গৃহ, ধনাগার ও পরিচ্ছদ ইত্যাদিতে "আমি ও আমার" ইত্যাকার মমতা হেতু উদ্বিগ্ন হইয়াছিলেন পরে প্রমদার সহিত বিপ্রয়োগ উপস্থিত হওয়াতে নিতান্ত দীন হইয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ১২ ॥

আমি লোকান্তর গমন করিলে আমার এই কুটুম্বিনী অনাথা ও একাকিনী হইয়া কি প্রকারে থাকিবেন? বালকদের জন্য ইহাঁকে বারম্বার শোক করিতে হইবে সন্দেহ নাই ॥ ১৩ ॥

আহা! আমি ভোজন না করিলে ইনি কখন আহার করিতেন না, আমি স্নান না করিলে স্নান করিতেন না, যদি কোন কারণ বশতঃ আমার ক্রোধ উপস্থিত হইত তাহাতে ইনি অতিশয় ভীতা হইতেন। যখন ক্রোধভরে ভর্ৎসনা করিয়াছি নীরব হইয়া শুনিয়াছেন, আমার বাক্যে উত্তর মাত্র করেন নাই ॥ ১৪ ॥

প্রবোধয়তি মাবিজ্ঞং ব্যুষিতে শোককর্ষিতা। বর্ত্মৈতদ্গৃহমেধীয়ং বীরসূরপি নেষ্যতি ॥ ১৫ ॥
কথং নু দারকা দীনা দারিকা বা পরায়ণাঃ। বর্ত্তিষ্যন্তে ময়ি গতে ভিন্ন নাব ইবোদধৌ ॥ ১৬ ॥
এবং কৃপণয়া বুদ্ধ্যা শোচন্তমতদর্হণং। গ্রহীতুং কৃতধীরেনং ভয় নামাভ্যপদ্যত ॥ ১৭ ॥
পশুবদ্যবনৈরেষ নীয়মানঃ স্বয়ং ক্ষয়ং। অন্বদ্রবন্ননুপথাঃ শোচন্তো ভৃশমাতুরাঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অবিজ্ঞং অবিবেকিনং মাং ব্যুষিতে দেশান্তরং গতে গৃহমেধীয়ং বর্ত্ম গৃহধর্ম্মং অপি কিং নেষ্যতি অনুবর্ত্তিষ্যতি যুক্তমেতৎ। যতো বীরসূঃ পুত্রবতী। কিম্বা মদ্বিরহমসহমানামরিষ্যত্যেবেত্যর্থঃ ॥ ১৫ ॥

ন বিদ্যতে পরময়নমাশ্রয়ো যেষাং তে অপরায়ণাঃ পুত্রাঃ কন্যাশ্চ। যদ্বা পরাশ্রয়াঃ কন্যাঃ। ভিন্না নৌর্যেষাং ॥ ১৬ ॥

অতদর্হণং বস্তুতস্তস্য ব্রহ্মত্বাৎ ॥ ১৭ ॥

এষ যদা ক্ষয়ং স্থানং নীয়মানঃ তদা অনুপথাঃ প্রাণ ইন্দ্রিয়াণিচ। তথাচ শ্রুতিঃ। তমনুক্রামন্তং প্রাণোঽনুক্রামতি প্রাণমনুক্রামন্তং সর্ব্বে প্রাণা অনুক্রামন্তীতি ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

মাং বিজ্ঞমিত্যত্র মাবিজ্ঞমিতি চিৎসুখঃ ॥ ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাং অবিজ্ঞং ব্যুষিতে প্রবাসং গতে সতি। অপি কিং নেষ্যতি অনুবর্ত্তয়িষ্যতি যুক্তমেতৎ যতোবীরসূঃ পুত্রবতী কিং বা মদ্বিরহমসহমানা মরিষ্যত্যেবেত্যর্থঃ ॥ ১৫ ॥

দারিকীর্দারিক্যঃ কন্যাঃ পরায়ণাঃ বৃদ্ধস্য মমাতিস্নেহেন প্রতিক্ষণসেবৈক নিষ্ঠা কথং বর্ত্তিষ্যতে রুদিত্বা রুদিত্বৈব মরিষ্যন্তীত্যর্থঃ। ভিন্না বিদীর্ণা নৌ যেষাং ত ইব ॥ ১৬ ॥

অতদর্হণং তস্য চৈতন্যরূপত্বেন শোকানৌচিত্যাৎ। যদ্বা। ধার্ম্মিকত্বেন ভয় কর্ত্তৃক গ্রহণানর্হমিত্যর্থঃ ॥ ১৭ ॥

ততশ্চৈব পশুবন্নীয়মানোঽভূৎ যবনৈ র্যমদূতৈঃ তমনু প্রাণাদ্যা অদ্রবন্ অনুপথা অনুবর্ত্তিনঃ। তথাচ শ্রুতিঃ। তমনুক্রামন্তং প্রাণোনুক্রামতি প্রাণমনুক্রামন্তং সর্ব্বে প্রাণা অনুক্রামন্তীতি ॥ ১৮ ॥

কদাচিৎ আমি ভ্রান্তি বশতঃ অবিজ্ঞ হইয়া কোন কার্য্য করিতে প্রবৃত্ত হইলে ইনি প্রবোধ দেন এবং বিদেশস্থ হইলে শোকে কৃশা হইয়া পড়েন, এই সকল গৃহ ধর্ম্ম, এই প্রমদা যদিও এখন বীর প্রসবিনী হইয়াছেন তথাপি এখন কি এই ধর্ম্মের অনুবর্ত্তন করিবেন না! অবশ্য করিবেন ॥ ১৫ ॥

কিন্তু আমার পুত্র ও কন্যাগুলি অতিদীন, ইহাদের অন্য আশ্রয় নাই, আমি গমন করিলে ইহারা যাহাদের সমুদ্র মধ্যে নৌকা ভগ্ন হইয়া যায়, তাহাদের ন্যায় কি প্রকারে জীবন ধারণ করিবে? ॥ ১৬

হে রাজন্! পুরঞ্জন স্বয়ং বস্তুতঃ ব্রহ্ম স্বরূপ ছিলেন, তাঁহার ঐ রূপ চিন্তা করিয়া শোক করা উচিত ছিল না, তথাপি দীন চিত্ত হইয়া ঐ রূপ বিলাপ করিতে লাগিলেন। সেই সময় ভয় নামা মৃত্যু গ্রহণ করিবার নিমিত্ত কৃত বুদ্ধি হইয়া তাঁহার নিকট আসিয়া উপস্থিত হইল ॥ ১৭ ॥

এবং যবনদের দ্বারা পশুর তুল্য বন্ধন করিয়া আপনার গৃহে তাঁহাকে লইয়া চলিল। হে রাজন্! যখন পুরঞ্জন নীত হন তখন তাঁহার প্রাণ ও ইন্দ্রিয়গণ অতিশয় আকুল হইল এবং শোক করিতে করিতে পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইল ॥ ১৮ ॥

পুরীং বিহায়োপগত উপরুদ্ধো ভুজঙ্গমঃ। যদা তমেবানুপুরী বিশীর্ণা প্রকৃতিঙ্গতা ॥ ১৯ ॥
বিকৃষ্যমাণঃ প্রসভং যবনেন বলীয়সা। নাবিন্দত্তম্ আবিষ্টঃ সখায়ং সুহৃদং পুরঃ ॥ ২০ ॥
তং যজ্ঞ পশবোঽনেন সংজ্ঞপ্তা যেঽ দয়ালুনা। কুঠারৈশ্চিচ্ছিদুঃ ক্রুদ্ধাঃ স্মরন্তোঽমীবমস্য তং ॥ ২১
অনন্তপারে তমসি মগ্নোনষ্টস্মৃতিঃ সমাঃ। শাশ্বতীরনুভূয়ার্ত্তিং প্রমদাসঙ্গদূষিতঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

প্রকৃতিং মহাভূতাত্মতাং ॥ ১৯ ॥
নাবিন্দৎ ন সস্মার পুরঃ পূর্ব্বঃ সখায়ং সন্তমীশ্বরং ॥ ২০ ॥
অদয়ালুনা কাম্যকর্ম্মসু যে সংজ্ঞপ্তা হতাঃ অমীবং পাপং ক্রৌর্য্যং বা ॥ ২১ ॥
শাশ্বতীঃ সমা আর্ত্তিমনুভূয় ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অনন্তেতি যুগ্মকং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যবনৈরুপরুদ্ধঃ প্রকৃতিং মহাভূতাত্মতাং ॥ ১৯ ॥
তমসা অজ্ঞানেন নাবিন্দৎ সখায়ং পুরঃ সন্তমপীশ্বরং ॥ ২০ ॥
যে সংজ্ঞপ্তাঃ কাম্যকর্ম্মসু যজ্ঞৈশ্ছিন্নাস্তে তং কুঠারৈঃ অমীবমপরাধং ॥ ২১ ॥

অনন্তপারে অন্তপারশূন্যে তমসি দুঃখে। ঈদৃশেচ বহুভি র্যজ্ঞৈরিত্যুক্তত্বাৎ বহুকালং স্বর্গ সুখমপ্যনুভূয়েতি জ্ঞেয়ং। তস্তানুক্তিঃ প্রাচীনবর্হিষো বৈরাগ্যার্থা। স্ত্রীস্মরণাৎ স্ত্রী বভূব। অধ্যাত্ম পক্ষে দুঃখাতিশয় প্রযুক্ত মূর্চ্ছাবশাদেব মৃত্যুকালে সদ্বুদ্ধি ত্যাগঃ ক্ষণিকএবোক্তঃ। বস্ত তস্য স্বর্গভোগান্তে পুণ্যশেষেণ তাদৃশ ধর্ম্ম বুদ্ধি বিশিষ্টএব ধার্ম্মিক গৃহে জন্ম লেভে। ইত্যেতাবদেব বিবক্ষিতং স্ত্রীত্বপুংস্ত্বাদিকং ত্ববিবক্ষিতমেব বক্ষ্যতে। ক্বচিৎ পুমান্ ক্বচিচ্চ স্ত্রী ক্বচিন্নোভয়মন্ধধীঃ। দেবো মনুষ্য স্তির্য্যগ্বা যথা কর্ম্মগুণো ভব ইতি ॥ ২২ । ২৩ ॥

হে রাজন্! পুরঞ্জনের পুরী মধ্যে যে ভুজঙ্গম [প্রাণ] রুদ্ধ ছিল, সে পুরী পরিত্যাগ করিয়া প্রস্থান করিলে তাহার পরেই ঐ পুরী [দেহ] বিশীর্ণ হইতে লাগিল, সুতরাং অনতি বিলম্বেই তাহা মহাভূতের স্বরূপ হইয়া তৎসহ মিলিত হইল ॥ ১৯ ॥

মহারাজ! বলবান্ যবন কর্ত্তৃক পুরঞ্জন যখন হঠাৎ আকৃষ্ট হন তখন অজ্ঞান তাঁহাকে আচ্ছন্ন করিয়াছিল, অতএব আপনার পূর্ব্ব সখা যে ঈশ্বর তাঁহাকে স্মরণ করিতে পারেন নাই ॥ ২০ ॥

সে যাহা হউক, তিনি যমালয়ে নীত হইলে আপনি পূর্ব্বে নির্দ্দয় হইয়া কাম্য কর্ম্ম সকলে যে সমস্ত পশু বধ করিয়াছিলেন, সেই সকল পশু, তাঁহার নিষ্ঠুরতা স্মরণ করিয়া কুঠার গ্রহণ পূর্ব্বক মহা ক্রোধে তদ্দ্বারা তাঁহাকে ছিন্ন ভিন্ন করিতে আরম্ভ করিল ॥ ২১ ॥

অতএব পুরঞ্জন যাহার অন্ত ও পার নাই এমত ক্লেশে নিমগ্ন হইলেন, তাঁহার স্মৃতি নষ্ট হইয়া গেল, প্রমদা সঙ্গ দোষে শতবৎসর যৎপরোনাস্তি কেবল কষ্ট ভোগ করিলেন। হে রাজন্! পুরঞ্জন অন্তকালে আপনার ভার্য্যাকে মনে করিয়া প্রাণত্যাগ করিয়াছিলেন, এ নিমিত্ত যমালয়ে স্বীয় কর্ম্মফলের ভোগাবসানে যখন পুনর্ব্বার জন্ম হইল, তখন বিদর্ভ রাজের গৃহে প্রমদা হইয়া জন্ম গ্রহণ করিলেন ॥ ২২

তামেব মনসা গৃহ্ণন্ বভূব প্রমদোত্তমা । অনন্তরং বিদর্ভস্য রাজসিংহস্য বেশ্মনি ॥ ২৩ ॥
উপযেমে বীর্য্যপণাং বৈদর্ভীং মলয়ধ্বজঃ । যুধি নির্জ্জিত্য রাজন্যান্ পাণ্ড্যঃ পরপুরঞ্জয়ঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী ।

অন্তকালে তাং ভার্য্যামেব মনসা গৃহ্ণন্ স্মরন্ অনন্তরং বিদর্ভবেশ্মনি প্রমদোত্তমা বভূব । অতঃ পরস্মিন্ প্রকরণে এতাবদেব প্রকৃতোপযোগি বিবক্ষিতং স্ত্রীধ্যানেন স্ত্রীত্ব প্রাপ্তাবপি পতিব্রতাধ্যানেন পূর্ব্বাদৃষ্টেনচ ধার্ম্মিকাৎ বিদর্ভাৎ জন্মাভূৎ । ধার্ম্মিক সঙ্গেনচ বিশুদ্ধস্য ভাগবতেন মলয়ধ্বজেন সঙ্গোঽভূৎ । ততো বিষ্ণুভক্তিঃ ততো বৈরাগ্যং ততস্তমেব ভর্তৃরূপং গুরুং পাতিব্রত্য ধর্ম্মেণ ভজতো ভগবৎ প্রসাদলব্ধ জ্ঞানেন মোক্ষ ইতি অন্যত্তু কথালঙ্কার মাত্রং । তথাপি কিঞ্চিৎ শ্রুতি সামান্যেন ইহ যোজয়িষ্যামঃ । বিদর্ভস্য বিশিষ্ট দর্ভোপলক্ষিতস্য কর্ম্মঠস্য রাজসিংহস্য ধর্ম্মেণ হি প্রজাপালনেন যজ্ঞাদিনাচ ক্ষত্রিয়া রাজন্তে তেষু শ্রেষ্ঠস্য বেশ্মনি ॥২৩

মলয়োপলক্ষিতে দক্ষিণদেশে ধ্বজ ইব দর্শনীয়ঃ স হি শ্রীবিষ্ণুভক্তি প্রধানোদেশঃ তত্র মুখ্যঃ মহাভাগবত ইত্যর্থঃ । পণ্ডানিশ্চয় বুদ্ধিস্তামর্হতীতি পাণ্ড্যঃ স উপযেমে পুরঞ্জনো ভাগবত সঙ্গং প্রাপ্ত ইত্যর্থঃ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ ।

তামেবেতি অধ্যাত্ম পক্ষে তাদৃশ ধর্ম্মময় বুদ্ধিতাদাত্ম্যাতিশয়ং প্রাপ্ত ইত্যর্থঃ । ধার্ম্মিকগৃহে জন্ম তথৈবেতি ভাবঃ ॥ ২৩ ॥
যুধি বাদে রাজন্যান্ জনগণ কর্ম্মকাণ্ডানুগত ন্যায়ান্ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অথৈবং জীবস্য যাবদ্ভক্তি র্ন ভবেত্তাবত্নৈব সংসারাদুদ্ধারঃ । সাচ ভক্তি র্যাদৃচ্ছিকী যাদৃচ্ছিক সাধুসঙ্গাৎ যাদৃচ্ছিক্যৈব সাধু কৃপয়া ভবতীতি দর্শয়ন্ তজ্জন্মনি তস্য সাধুসঙ্গো বভূবেত্যাহ উপযেমে ইতি । আদরণীয়ত্বেন মলয় তুল্যেষু সাধুষু ধ্বজ ইব শ্রেষ্ঠঃ । উপযেমে কৃপয়া শিষ্যত্বেনাঙ্গী চকার । বীর্য্যপণামিতি কৃপালক্ষণঃ স্বপ্রভাব এবাত্র হেতু র্ন ত্বন্যঃ কশ্চিদিতি যদুক্তং মদ্ভক্তিঞ্চ যদৃচ্ছয়েতি ভবাপবর্গো ভ্রমতো যদা ভবেজ্জনস্য তর্হ্যচ্যুত সৎ সমাগম ইতি ন্যায়েন কস্মিংশ্চিজ্জন্মনি জীবস্যাকস্মাদেব সাধু সঙ্গমো ভবেদিতি বিবক্ষিতং । রাজন্যান্ বিজিত্য তদীয় পাপাপরাধ কাল কর্ম্মাদীন্ নির্মূলী কৃত্য পাণ্ড্যঃ পণ্ডদেশোদ্ভবঃ । পক্ষে সদসদ্বিবেচনা পণ্ডা তা মর্হতীতি পণ্ডাঃ পণ্ড্যএব পাণ্ড্যঃ পরপুরঞ্জয়ঃ শত্রুপুরজেতা । পক্ষে মতান্তরোত্থ সন্দেহচ্ছেদী ॥ ২৪

মহারাজ! মৃত্যুকালে স্ত্রী চিন্তন দ্বারা যদিও পুরঞ্জনের স্ত্রীত্ব প্রাপ্তি হইল, তথাপি পতিব্রতার ধ্যান এবং পূর্ব্বতন শুভাদৃষ্ট বশতঃ ধার্ম্মিক বিদর্ভরাজ হইতে তাঁহার উদ্ভব এবং ধার্ম্মিক সঙ্গ হেতু বিবাহের পরে বিশুদ্ধ ভাগবত মলয়ধ্বজ সহ সমাগম হইল। তদনন্তর বিষ্ণুভক্তি, তৎপরে বৈরাগ্য, তাহার পর পাতিব্রত্য ধর্ম্ম দ্বারা পতিসেবা করাতে ভগবৎ প্রসাদলব্ধ জ্ঞানযোগে মোক্ষ হইয়াছিল। হে রাজন্! ঐ সকল বিষয় বিস্তার করিয়া বর্ণন করিতেছি শ্রবণ কর ॥ ২৩ ॥

পুরঞ্জন বিদর্ভরাজের কন্যা বৈদর্ভী হইয়া জন্ম গ্রহণ করিলে যখন বয়োবৃদ্ধি ক্রমে তাঁহার বিবাহ কাল উপস্থিত হইল, তখন সেই বিবাহে বীর্য্যপণ হওয়াতে রণে ক্ষত্রিয়বর্গকে পরাভব করিয়া মলয়ধ্বজ তাঁহার পাণি গ্রহণ করিলেন। হে রাজন্! মলয়ধ্বজ নামের অর্থ জান? মলয়োপলক্ষিত দক্ষিণ দেশে ধ্বজ তুল্য দর্শনীয় অর্থাৎ ঐ দেশ বিষ্ণুভক্তি প্রধান, তথায় ঐ ব্যক্তি প্রধান ছিলেন। অপর তাঁহার নিশ্চয়াত্মিকা বুদ্ধি ছিল, অতএব পুরঞ্জন স্ত্রী হইয়া জন্মিলেও ঐ পুরঞ্জনের সহিত বিবাহ হওয়াতে, তাঁহার ভাগবত সঙ্গ লাভ হইল ॥ ২৪ ॥

তস্যাং স জনয়াঞ্চক্রে আত্মজামসিতেক্ষণাং। যবীয়সঃ সপ্ত সুতান্ সপ্তদ্রবিড়ভূভৃতঃ ॥ ২৫ ॥
একৈকস্যাভবত্তেষাং রাজন্নর্ব্বুদমর্ব্বুদং। ভোক্ষ্যতে যদ্বংশধরৈর্ম্মহী মন্বন্তরং পরং ॥ ২৬ ॥
অগস্ত্যঃ প্রাগ্দুহিতরমুপযেমে ধৃতব্রতাং। যস্যাং দৃঢ়চ্যুতো জাত ইধ্মবাহাত্মজোমুনিঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

আত্মজাং শ্রীকৃষ্ণসেবারুচিং। সৎসঙ্গেন ভগবদ্ধর্ম্মে রুচিরভূদিত্যর্থঃ। অসিতস্য শ্রীকৃষ্ণস্য ঈক্ষণং যয়া তাং যবীয়সঃ সপ্ত সুতান্ শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং। অর্চ্চনং বন্দনং দাস্যমিতি ভক্তিপ্রকারান্। সখ্যাত্ম নিবেদনয়োস্তু পদার্থজ্ঞা নোত্তর কাল ভাবিত্বাৎ তস্যচ ভগবতৈবোত্তরত্র উপদেক্ষ্যমাণত্বাদিদানীং অনুৎপত্তেঃ সপ্তেত্যুক্তং ভগবদ্ধর্ম্মরুচ্যা তৎ শ্রবণকীর্ত্তনাদিকং জাতমিত্যর্থঃ। দ্রবিড়ভূমিপালান্ দ্রবিড়ভূমির্হি শ্রবণাদি ভক্তিভিরেব সুরক্ষিতাস্তীতি প্রসিদ্ধং ॥ ২৫ ॥

অর্ব্বুদমিতি শ্রবণাদীনাং প্রত্যেকং অনেক প্রকারা অভবন্নিত্যর্থঃ। তদুক্তং ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভাবিনি ভাব্যতে ইতি। যেষাং বংশধরৈঃ যতঃ প্রবৃত্তৈঃ সংপ্রদায় ভেদৈঃ কৃৎস্না মহীমন্বন্তরং অতঃ পরঞ্চ ভোক্ষ্যতে। অবিদ্যা কাম কর্ম্মভ্যোপি রক্ষিষ্যতে ॥ ২৬ ॥

অগস্ত্যঃ অগানি নিষ্ক্রিয়াণি গাত্রাণি স্ত্যায়তি সংঘাতয়তীত্যগস্ত্যো মনঃ স প্রাক্ প্রথম জাতাং দুহিতরং কৃষ্ণসেবারুচিং

ক্রমসন্দর্ভঃ।

আত্মজাং শ্রবণাদিরুচিং সপ্তেতি সখ্যমাত্ম নিবেদনয়োঃ পরাকাষ্ঠা প্রাপ্ত্যনন্তরমেবাধিকারাৎ ॥ ২৫। ২৬ ॥

অগস্ত্যোপি তত্রস্থোপি মহাভাগবত স্তত্তুল্যোন্যো বা কশ্চিৎ প্রাক্ প্রথমজাং দুহিতরং কৃষ্ণসেবারতিমুপযেমে স্বীকৃতবান্।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অসিতেক্ষণা নাম্নীং কন্যাং পক্ষে অসিতস্য শ্রীকৃষ্ণস্য ঈক্ষণং যয়া তাং শ্রীকৃষ্ণসেবারুচিমিত্যর্থঃ। শ্রীমদ্গুরুকৃপয়া জীবস্য তস্য শ্রীকৃষ্ণসেবারুচিরভূদিত্যর্থঃ। যবীয়স স্তদুত্তরকালভবান্ সপ্ত শ্রবণ স্মরণ কীর্ত্তন পাদসেবার্চ্চন বন্দন দাস্যরূপান্। সখ্যাত্ম নিবেদনয়োঃ প্রথমং দুষ্করত্বাদুত্তরত্র স্বতএব জনিষ্যমাণত্বাচ্চ নোল্লেখঃ। কীদৃশান্ দ্রবিড় ভূমিপালান্ পক্ষে দ্রবিড় দেশে জ্ঞান কর্ম্মাদি সর্ব্ববিজেতৃত্বাদ্ভুভৃতো নৃপানিব বিরাজমানান্ দ্রবিড়দেশস্য শ্রবণ কীর্ত্তনাদি ভক্তিপ্রধানত্বাৎ ॥ ২৫ ॥

তেষামেকৈকস্যার্ব্বুদমর্ব্বুদমিতি পুত্রপৌত্রাদিভেদান্। পক্ষে শ্রবণাদীনাং প্রত্যেকং নাম লীলাদিভেদৈর্নামাদীনাঞ্চ প্রত্যেক মবতারভেদৈস্তেষামপি দাস্য সখ্যাদ্যভিরুচি তত্ত্বভেদৈরিত্যেবমসংখ্যা এব প্রকারা ইত্যর্থঃ। যদুক্তং ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভাবিনি ভাব্যত ইতি। যেষাং বংশধরৈর্যতঃ প্রবৃত্তৈঃ সংপ্রদায় ভেদৈঃ। কৃৎস্না মহী মন্বন্তরং ততঃ পরঞ্চ ভোক্ষ্যতে অবিদ্যা কাম কর্ম্মভ্যোপি রক্ষিষ্যতে ॥ ২৬ ॥

প্রাগ্দুহিতরং প্রথমজাতাং দুহিতরং অগস্ত্য উপযেমে। পক্ষে অগানি স্বতো গত্যসমর্থানীন্দ্রিয়াণি স্ত্যায়তি সংঘাতয়তি

সে যাহা হউক, মহাভাগবত মলয়ধ্বজ ঐ বৈদর্ভীর গর্ভে একটী আত্মজা [শ্রীকৃষ্ণসেবা রুচি] উৎপাদন করিলেন। সেই কন্যা অসিতেক্ষণা অর্থাৎ তাঁহা হইতে অসিত শ্রীকৃষ্ণের দর্শন হয়। অপর মলধ্বজের ঐ ভার্য্যাতে সাতটী পুত্র [শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পদসেবন, অর্চ্চন, বন্দন ও দাস্য রূপ সাত প্রকার ভক্তি] উৎপন্ন হইল। মহারাজ! ঐ সাত জন দ্রবিড়দেশের ভূমি পালক, সাত প্রকার ভক্তি দ্বারাই দ্রবিড় ভূমি সুরক্ষিতা আছে ইহা লোকে অতি প্রসিদ্ধ ॥ ২৫ ॥

হে রাজন্ ঐ সাতপুত্রের প্রত্যেকের অর্ব্বুদ অর্ব্বুদ করিয়া সন্তান হয়। যাহাদের বংশধরেরা নিখিল মহীতলকে মন্বন্তর কাল এবং তাহার পরেও ভোগ করিবে। [শ্রবণাদি ভক্তি প্রকার হইতেই বিবিধ সম্প্রদায় প্রবৃত্ত হয়, তাহারা অবিদ্যা কাম কর্ম্ম হইতে পৃথিবীস্থ সমস্ত লোককে রক্ষা করিবে] ॥ ২৬ ॥

মহারাজ! মলয়ধ্বজের প্রথমে যে কন্যা জন্মায়, সেটী অতিশয় ব্রতপরায়ণা হইয়াছিল। মহর্ষি

বিভজ্য তনয়েভ্যঃ ক্ষ্মাং রাজর্ষি র্মলয়ধ্বজঃ । আরিরাধয়িষুঃ কৃষ্ণং স জগাম কুলাচলং ॥ ২৮ ॥
হিত্বা গৃহান্ সুতান্ ভোগান্ বৈদর্ভী মদিরেক্ষণা । অন্বধাবত পাণ্ড্যেশং জ্যোৎস্নেব রজনীকরং ॥ ২৯

শ্রীধরস্বামী ।

উপযেমে । তস্য মনঃ শ্রীকৃষ্ণে দৃঢ়াং রতিং ববন্ধ ইত্যর্থঃ । ধৃতানি শমদমাদীনি ব্রতানি যয়া তাং রতিং । দৃঢেভ্যঃ সত্য লোকাদি ভোগেভ্যোপি চ্যুতঃ তদ্রহিতঃ শ্রীকৃষ্ণরতৌ ইহামুত্র ভোগে বিরাগো জাত ইত্যর্থঃ । সএবোপশমাত্মত্বাৎ মুনিঃ । কথম্ভূতঃ ইধ্মবাহঃ আত্মজো যস্য সঃ । তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎ পাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠমিত্যাদি শ্রুতি প্রসিদ্ধা সমিদ্বহনোপলক্ষিতা গুরূপসত্তি র্বৈরাগ্যাদভূদিত্যর্থঃ । নহ্যবিরক্তস্য গুরূপসত্তিঃ সম্ভবতি কথা পক্ষে যথাশ্রুতমেব ॥ ২৭ ॥

ক্ষ্মাং বিভজ্য তত্র শ্রবণাদি ভক্তিভেদং ব্যবস্থাপ্য ॥ ২৮ ॥

ইদানিং পুরঞ্জনস্য স্ত্রীভাবং প্রাপ্তস্য সর্ব্বতো বিরক্তস্য । পতিরেব গুরুঃ স্ত্রীণামিতি বচনাৎ পতিসেবয়া গুরু শুশ্রূষয়া প্রকারং দর্শয়িতুমাহ হিত্বা ইত্যাদিনা মনোদধে ইত্যন্তেন গ্রন্থেন মদয়তীতি মদিরমীক্ষণং যস্যাঃ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ ।

স্বসংমতত্বেনানুমোদিতবানিত্যর্থঃ । ধৃতানি শমদমাদীনি ব্রতানি যয়া তাং রতিং যস্যাং তৎ স্বীকৃতায়াং দৃঢ়োবিঘ্নসংভাবনা রহিতোঽসৌ চ্যোততীতি চ্যুতঃ সর্ব্বেন্দ্রিয়াসেচকশ্চ যঃ স ভক্তিযোগোজাতঃ । দৃঢ়ত্বে হেতুঃ মুনির্মননসিদ্ধ ইত্যর্থঃ । ততশ্চ ইধ্মবাহাঃ শিষ্যীভূতা বৈষ্ণবা এব বহবঃ আত্মজাঃ সহায়া যত্র তাদৃশোঽভূৎ ॥ ২৭ ॥

আরিরাধয়িষুঃ কৃষ্ণমিত্যুপরিষ্টাদস্য তপো জ্ঞানাভাসনমপি শ্রীপৃথুবদেব ব্যাখ্যেয়ং কুলাচলং মলয়ং ॥ ২৮ ॥

মদয়তীতি মদিরে শ্রীভগবদ্রূপে ঈক্ষণং যস্যাঃ পাণ্ড্যেশ রূপং গুরাবীশ্বরভাবেনেত্যর্থঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স্বেন মিলিতী করোতীত্যগস্ত্যোমনঃ স কৃষ্ণসেবারুচিং স্বীচকার দৃঢ়ানি দয়াক্ষমাদীনি ব্রতানি যস্যাং যতো বা মহৎ কৃপয়া জীবস্য মনঃ কৃষ্ণসেবাসক্তং বভূবেত্যর্থঃ । যস্যাং অসিতেক্ষণায়াং দৃঢ়েভ্যঃ সত্যলোকাদিভ্যোপি চ্যুতস্তদ্রহিতঃ । ইহামুত্র ভোগে বিরাগো জাত ইত্যর্থঃ । যদ্বা দৃঢ়েভ্যো জ্ঞানাদিভ্য স্তৎসাধ্যেভ্যো মোক্ষাদিভ্যশ্চ চ্যুতঃ । মনসঃ কৃষ্ণসেবারুচ্যেকতান ত্বাদন্য সাধন সাধ্য স্পৃহা রাহিত্যং জাতমিত্যর্থঃ । কথং ভূতঃ ইধ্মবাহ আত্মজো যস্য সঃ । তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভি গচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠমিত্যাদি শ্রুতি প্রসিদ্ধা সমিদ্বহনোপলক্ষিতা গুরূপসত্তিরভূদিত্যর্থঃ । কথা পক্ষে অগস্ত্যস্য পুত্রো দৃঢ়চ্যুতঃ তস্য পুত্রো ইধ্মবাহ ইতি মলয়ধ্বজস্য কন্যাবংশ উক্তঃ ॥ ২৭ ॥

ক্ষ্মাং বিভজ্য তত্র তত্র শ্রবণাদি ভক্তিভেদং প্রবর্ত্ত্যেত্যর্থঃ । কুলাচলমেকান্ত স্থলং ভক্তিপ্রদং বেঙ্কটাদি পর্ব্বতং বা ॥ ২৮ ॥

সুতান্ হিত্বেতি পতিব্রতা পত্যুরিব গুরোঃ সেবায়াং প্রবৃত্তঃ শিষ্যঃ শ্রবণ কীর্ত্তনাদীন্যপি ভোগান্ তদুত্থান্ প্রেমানন্দানপি গৃহান্ তদুচিত বিবিক্ত স্থলমপি নৈবাপেক্ষেত শ্রীগুরুসেবয়ৈব সুখেন সর্ব্ব সাধ্য সিদ্ধ্যর্থমিত্যুদ্দেশো ব্যঞ্জিতঃ । মাদ্যতি হৃষ্যতীতি মৎ ইরা বাণী হৃষ্যন্ত্যাং বাণ্যাং বেদলক্ষণায়ামেব ঈক্ষণং যস্যাঃ । গুরুসেবায়াএব বেদেন সর্ব্বাধিক্যত্বোক্তত্বাদিত্যর্থঃ

অগস্ত্য তাঁহার পাণি গ্রহণ করিলেন, সেই কন্যাতেই দৃঢ়চ্যুত নামে মুনির জন্ম হয় এবং তাঁহা হইতে আবার ইধ্মবাহ নামে সন্তান জন্মে। অগস্ত্য শব্দের অর্থ মনঃ। অতএব পুরঞ্জনের মনঃ কৃষ্ণসেবা রুচিকে গ্রহণ করিল, অর্থাৎ শ্রীকৃষ্ণে অতিশয় আসক্ত হইল ॥ ২৭ ॥

হে রাজন্! রাজর্ষি মলয়ধ্বজের এই রূপে পুত্র পৌত্র দৌহিত্রাদি উৎপন্ন হইলে তিনি আপন তনয়দিগের মধ্যে পৃথিবী বিভাগ করিয়া দিয়া ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধন বাসনায় কুলাচলে গমন করিলেন [অর্থাৎ শ্রবণাদি ভক্তিভেদ ব্যবস্থা করিয়া ভগবৎসেবার্থ যাত্রা করিলেন] ॥ ২৮ ॥

মহারাজ! মলয়ধ্বজ কৃষ্ণসেবার্থ উৎসুক হইয়া প্রস্থান করিলে তাঁহার পত্নী বৈদর্ভী পুত্র, গৃহ ও বিষয় ভোগ পরিত্যাগ করিয়া জ্যোৎস্না যেমন রজনীকরের অনুগতা হয়, তাহার ন্যায় স্বামির অনু-

তত্র চন্দ্রবসানাম তাম্রপর্ণী বটোদকা। তৎপুণ্য সলিলৈর্নিত্যমুভয়ত্রাত্মনো মৃজন্ ॥ ৩০ ॥
কন্দাষ্টিভির্মূলফলৈঃ পুষ্পপর্ণৈস্তৃণোদকৈঃ। বর্ত্তমানঃ শনৈর্গাত্রকর্শনং তপ আস্থিতঃ।
শীতোষ্ণ বাত বর্ষাণি ক্ষুৎপিপাসে প্রিয়াপ্রিয়ে। সুখদুঃখে ইতি দ্বন্দ্বান্যজয়ৎ সমদর্শনঃ ॥ ৩১ ॥
তপসা বিদ্যয়া পক্ক কষায়ো নিয়মৈর্যমৈঃ। যুযুজে ব্রহ্মণ্যাত্মানং বিজিতাক্ষানিলাশয়ঃ ॥ ৩২ ॥
আস্তে স্থাণুরিবৈকত্র দিব্যং বর্ষ শতং স্থিরঃ। বাসুদেবে ভগবতি নান্যদ্বেদোদ্বহন্রতিং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

তত্র চন্দ্রবসাদ্যা নদ্যঃ। তাসাং পুণ্যৈঃ সলিলৈরুভয়ত্রান্তর্বহিশ্চ আত্মনো মলং ক্ষালয়ন্ তপ আস্থিত ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৩০ ॥

অষ্টতে ভূমৌ ক্ষিপ্যতে ইত্যষ্টি বীজং ॥ ৩১ ॥

বিদ্যয়া উপাসনয়া পক্ক কষায়ঃ দগ্ধকামাদি বাসনঃ যুযুজে আত্মনো ব্রহ্মতাং ভাবয়ামাস অক্ষাণি ইন্দ্রিয়াণি। অনিলঃ প্রাণঃ। আশয়শ্চিত্তঃ বিজিতা অক্ষাদয়ো যেন ॥ ৩২ ॥

আস্তেস্ম বর্ষশতমিতি জ্ঞানস্য দুঃসাধনতাং দর্শয়তি। অতএব ভক্তিং কৃতবানিত্যাহ। বাসুদেবে রতিমুদ্বহন্ অন্যদ্দেহাদিকং ন বেদ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্রেতি যুগ্মকং। চন্দ্রবটনামেতি চিৎসুখঃ কন্দাদিভিরিতিচিৎ পুণ্যারণ্যৌ ॥ ৩০। ৩১ ॥

আত্মানং শুদ্ধজীবং। ব্রহ্মণি সর্ব্বাশ্রয়ে ভগবতি যুযুজে তদেকাশ্রয়ত্বেন সস্মার। সূর্য্যৈকাশ্রয়ত্বে রশ্মিপরমণু মিব ॥ ৩২ ॥

তথা স্মরণেন চ তস্মিন্ রতিরব্যবচ্ছিন্না জাতেত্যাহ। আস্ত ইতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মদয়তীতি মদিরং শ্রীভগবদ্রূপং তত্রেক্ষণং যস্যা ইতি সন্দর্ভঃ। কথাপক্ষেতু মদিরা ঈক্ষণয়ো র্যস্যাঃ সা পরম তরুণ্যপীতার্থঃ ॥ ২৯ ॥

উভয়ত্র অন্তর্বহিশ্চাত্মনোমলং ক্ষালয়ং স্তপ আস্থিতঃ তস্য তপশ্চরণং পৃথুবদত্যুৎকণ্ঠামূলকমেব ব্যাখ্যেয়ং ॥ ৩০। ৩১ ॥

ব্রহ্মণি উত্তরশ্লোক স্পষ্টী ভূতার্থে বাসুদেবে আত্মানং মনঃ ॥ ৩২ ॥

তাদৃশ স্মরণ ভক্ত্যা ভগবতি রতিরব্যবচ্ছিন্না জাতেত্যাহ আস্ত ইতি ॥ ৩৩ ॥

গামিনী হইলেন ॥ ২৯ ॥

হে রাজন্! মলয়ধ্বজ যে স্থানে গমন করিলেন তথায় চন্দ্ররসা, তাম্রপর্ণী এবং বটোদকা নামে নদী ছিল, সে সকলের জল অতি পবিত্র, ময়লধ্বজ সেই সকল শ্রোতস্বতীর জলে অহরহ আপনার আন্তরিক ও বাহ্য মল ক্ষালন করিতেন ॥ ৩০ ॥

ফল, মূল, কন্দ, বীজ, পত্র, পুষ্প, তৃণ এবং জল ইত্যাদি দ্বারা তাঁহার জীবন ধারণ হইত, তিনি ঐ রূপে ক্রমশঃ শরীর ক্ষীণ করিয়া তপস্থায় রত হন। শীত, উষ্ণ, বাত, বর্ষা, তৃষ্ণা, প্রিয়, অপ্রিয় ও সুখ, দুঃখ ইত্যাদি দ্বন্দ্ব ধর্ম্ম সকল জয় করিয়াছিলেন এবং তাঁহার সর্ব্বত্র সমান দৃষ্টি হইয়াছিল ॥ ৩১

হে রাজন্! উপাসনা, বিবিধ নিয়ম ও শম দমাদি দ্বারা মলয়ধ্বজের কামাদি বাসনা দগ্ধ হইল এবং তিনি ইন্দ্রিয় প্রাণ ও মনঃ জয় করিলেন, অতএব শেষে আপনাকে ব্রহ্মরূপ ভাবনা করিতে লাগিলেন ॥ ৩২ ॥

মহারাজ! মলধ্বজ স্থির হইয়া ঐ প্রকার পরব্রহ্মের সহিত আত্মার একত্ব চিন্তা করত স্থাণুর ন্যায় দিব্য শতবৎসর যাবৎ অবস্থিতি করেন। সেই সময়ে ভগবান্ বাসুদেবে রতি বহন করাতে তাঁহার অন্য দেহাদি জ্ঞান ছিল না ॥ ৩৩ ॥

সব্যাপক তয়াত্মানং ব্যতিরিক্ত তয়াত্মনি। বিদ্বান্ স্বপ্ন ইবামর্শ সাক্ষিণং বিররামহ ॥ ৩৪ ॥
সাক্ষাদ্ভগবতোক্তেন গুরুণা হরিণা নৃপ। বিশুদ্ধ জ্ঞানদীপেন স্ফুরতা বিশ্বতো মুখং ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

স এবং বর্ত্তমান আত্মন্যাত্মানং বিদ্বান্ অন্যস্মাদুপররাম কথং বিদ্বান্ ব্যতিরিক্ত তয়া দেহাদি ব্যতিরিক্তত্বেন কুতঃ ব্যাপক তয়া দেহাদি প্রকাশকত্বেন। নন্থ দেহাদ্যাকারো বিমর্শঃ এতৎ প্রকাশয়তি নতু নিরাকার আত্মা অত আহ আমর্শস্যাপি সাক্ষিণং। অয়ং ভাবঃ বিমর্শো নামান্তঃকরণ বৃত্তিঃ সাচ জডত্বাদাত্ম প্রকাশ্যৈবেতি। যথা স্বপ্নে মমেদং শিরশ্ছিন্নমিত্যাদি প্রতীতৌ তদ্ব্যতিরিক্তমাত্মানং বেত্তি তদ্বৎ ॥ ৩৪ ॥

কেন বিদ্বান্ তত্রাহ সাক্ষাদ্ধরিরেব যোগুরুস্তেনোক্তেন সর্ব্বতো মুখং যথা তথা স্ফুরতা অনবচ্ছিন্নেন জ্ঞানেন ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

ততশ্চ সর্ব্ববৈলক্ষণ্যেন ভগবদ্বিজ্ঞানং জাতমিত্যাহ। স ইতি। আত্মনি শুদ্ধ জীবেঽধিষ্ঠানে আত্মানং তদধিষ্ঠাতারং পরমাত্মানং সর্ব্বব্যাপকব্যতিরিক্ত স্বরূপতয়াচ বিদ্বান্ জানন্। তদর্ব্বাগ্জ্ঞেয়াদ্বিররাম। ব্যাপকত্বে ব্যতিরিক্তত্বে দৃষ্টান্তঃ। স্বপ্নে তত্রত্য সর্ব্ব প্রপঞ্চে তদ্দ্রষ্টারমিবেতি আমর্শেত্যত্র আমৃশ্যেতি সম্বন্ধোক্তিঃ ॥ ৩৪ ॥

তদেবং যেন বিজ্ঞানেন জীবন্মুক্তিদশামাপ তেনাত্যন্তিকমুক্তিমপ্যাপেত্যাহ। সাক্ষাদিতি যুগ্মকেন। পরে ব্রহ্মণি ভগবতি তদাশ্রয়ত্বেনেত্যর্থঃ। আত্মনি শুদ্ধে তদধিষ্ঠাতৃত্বেনেত্যর্থঃ। ঈক্ষাং সিদ্ধেক্ষিতত্বাৎ তৎ প্রপন্নং বিহায়েত্যর্থঃ। অস্মাদ্দেহদ্বয়

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তাদৃশ রত্যাচ সর্ব্বত্র ভগবৎ স্ফূর্ত্তিরভূদিত্যাহ স ইতি ব্যাপক তয়া জাতরতিত্বেন সর্ব্বাস্বেব দিক্ষু স্ফুরদ্রূপতয়া বিদ্বান্ জানন্ তদপ্যাত্মনি স্বস্মিন্ ব্যতিরিক্ত তয়া বিযুক্তত্বেনৈব জানন্ প্রেমোৎকণ্ঠাতাপেন বিররাম মূর্চ্ছাং প্রাপেত্যর্থঃ। বিরহোত্থ স্ফূর্ত্তি জনিত ভগবদ্দর্শনেন বিরহো ন শাম্যতীত্যত্র দৃষ্টান্তঃ স্বপ্ন ইব জানন্। নহি স্বপ্নে ভুক্তেনোদনাদিনা স্বপ্নোত্থিতস্য জনস্য ক্ষুধা শাম্যতীত্যর্থঃ। নন্থ স্ফূর্ত্তৌ কিং প্রমাণমিত্যতো বিশিনষ্টি। আমর্শো নামান্তঃকরণবৃত্তিঃ সএব সাক্ষী নতু লোচনং যত্র তং। অন্তঃকরণবৃত্তীনাং বিরহ সন্তাপানপগমাৎ লোচনাভ্যাং তদ্দর্শনমপি তৎ স্ফূর্ত্তি জনিতমেবেত্যনুভবাদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

ততশ্চ তস্যোৎপন্ন প্রেম্নো ভগবতঃ সাক্ষাদ্দর্শনমপ্যভূদিত্যাহ। সাক্ষাদেব ভগবতা হরিণা সন্তাপহারিণা বিশ্বতো মুখং স্ফুরতা সমস্তাদেব প্রস্ফুরত্তেজসা গুরুণা সতা উক্ত উপদিষ্টো যোজ্ঞানদীপঃ স্বমাধুর্য্যানুভব প্রকারস্তেন তস্মিন্নেব পরে ব্রহ্মণি আত্মানং ঈক্ষমাণঃ বাসুদেবে ভগবতি নান্যদ্বেদোদ্বহন্ রতিমিতি পূর্ব্বোক্তেঃ ভগবতি স্বরতিমুদ্বহন্তমনুরাগিণং পশ্যন্নিত্যর্থঃ। তথৈব যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি ভগবদুক্তেঃ। আত্মনি স্বস্মিংশ্চ পরব্রহ্ম সানুরাগমীক্ষমাণঃ তৎক্ষণএব প্রবলিতানন্দ মূর্চ্ছাবশাদীক্ষাং বিহায় অস্মাৎ স্থূল সূক্ষ্মোপাধি দ্বয়াৎ হ স্পষ্টমেব বিররাম। ঐশ্বর্য্যপক্ষীয়াস্তু শ্লোকত্রয়মিদমেবং ব্যাচক্ষে। সমলয়ধ্বজ আত্মানং পরমেশ্বরং সর্ব্বব্যাপকতয়া সর্ব্বস্মাচ্চ ব্যাপ্যাজ্জগতো ব্যতিরিক্ত তয়াচ আত্মনি স্বস্মিন্নধিষ্ঠাতারং বিদ্বান্ জানন্ বিররাম সংসারাদিত্যর্থঃ। ব্যাপকত্বে ব্যতিরিক্তত্বেচ দৃষ্টান্তঃ। আমর্শ সাক্ষিণং মন আদি দ্রষ্টারং জীবমধ্যাত্মাদি ব্যাপকং অথচ স্বপ্নে সুষুপ্তাবধ্যাত্মাদি ব্যতিরিক্তমিব সুখমহমস্বাপ্সমিত্যত্র তত্তদ্ব্যতিরিক্তস্য কেবলস্যাত্মন এবানুভবাদিতি। নম্বেতজ্জ্ঞানং কুতোঽসাববাপেতি তত্রাহ সাক্ষাদিতি দদামি বুদ্ধিযোগন্তং যেন মামুপযান্তি তে ইতি ভগবদুক্তেঃ। তেনৈব জ্ঞানদীপেন পরে ব্রহ্মণি ভগবত্যাশ্রয়তত্বে আত্মানং শুদ্ধজীবমাশ্রিতং ঈক্ষমাণঃ তথা আত্মনি শুদ্ধজীবে চ স্বমেব পরং ব্রহ্ম ভগবন্তমধিষ্ঠাতারং

তিনি পরমাত্মাকে ব্যাপক অর্থাৎ দেহাদি প্রকাশক বলিয়া জানিয়াছিলেন। অপর পরমাত্মা দেহাদি হইতে পৃথক্ ইহাও তাঁহার বোধ হইয়াছিল, অতএব স্বপ্নে যেমন আমার এই শিরশ্ছিন্ন হইল এরূপ প্রতীতি হইলেও তদ্ব্যতিরিক্ত আত্মাকে জানিতে পারে তাহার ন্যায়, পরমাত্মাকে জানিতে পারিয়া অন্য সমস্ত বৃত্তি হইতে বিরত হইলেন ॥ ৩৪ ॥

ফলতঃ সাক্ষাৎ ভগবান্ হরি গুরুরূপে তাঁহাকে বিশুদ্ধ জ্ঞান উপদেশ করাতে, তাঁহার সেই জ্ঞান

পরে ব্রহ্মণি চাত্মানং পরং ব্রহ্ম তথাত্মনি। ঈক্ষমাণো বিহায়েক্ষামস্মাদুপররামহ।
পতিং পরম ধর্ম্মজ্ঞং বৈদর্ভী মলয়ধ্বজং। প্রেম্না পর্য্যচরদ্ধিত্বা ভোগান্ সা পতিদেবতা ॥ ৩৬ ॥
চীরবাসা ব্রতক্ষামা বেণীভূত শিরোরুহা। বভাবুপপতিং শান্তা শিখাশান্তমিবানলং ॥ ৩৭ ॥
অজানতী প্রিয়তমং যদোপরতমঙ্গনা। সুস্থিরাসনমাসাদ্য যথা পূর্ব্বমুপাচরৎ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

তদেবাহ পরেতি। ব্রহ্মৈবাহং নসংসারীতি ব্রহ্মণ্যাত্মন ঈক্ষণে শোকাদি নিবৃত্তিঃ। অহমেব ব্রহ্ম ইত্যাত্মনি ব্রহ্মণ ঈক্ষণে ব্রহ্ম পারোক্ষ্য নিবৃত্তিঃ। অতো ব্যতিহারেণ ঈক্ষমাণঃ অস্মাৎ সংসারাদুপররাম। নম্বেবমপি জীবস্য কুতো ব্রহ্মতাপত্তিঃ ঈক্ষণস্যৈব ব্যবধায়কত্বাদিত্যাশঙ্ক্যাহ ঈক্ষাং বিহায় দগ্ধেন্ধনানলবৎ তস্যাঃ স্বয়মেবোপশান্তিরিতি ভাবঃ ॥ ৩৬ ॥

উপপতিং পত্যুঃ সমীপে। যদ্বা পত্যুঃ কিঞ্চিন্মাত্রং ন্যূনা তৎ সমানা সতী বভাবিত্যর্থঃ। উপোধিকে চেতি কর্ম্মপ্রবচনীয়ঃ তদ্যোগেচ দ্বিতীয়া। শান্তমঙ্গারাবস্থমনলং উপশান্তা শুদ্ধা জ্বালা যথা ভাতি তদ্বৎ ॥ ৩৭ ॥

তদানীমপি সুস্থিরমাসনং যস্য। অতএবাজানতী যদা তদা যথাপূর্ব্বমসেবত ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

লক্ষণোপাধেরুপররাম। নতু তস্যাস্তদীক্ষা হেতু চিচ্ছক্ত্যাবির্ভাবাদপীত্যর্থঃ। অনলাদীনাং কালবায়্বাদিবত্তস্যা নাশকাভাবাৎ আশ্রয়স্য বিদ্যমানত্বাচ্চ ॥ ৩৫ ॥

বৈদর্ভ্যাখ্যঃ পুরঞ্জনস্তু তৎ সেবয়ৈব প্রাপ্যং প্রাপেত্যাহ। পতিমিত্যাদিনা ॥ ৩৬ ॥ ৩৭ ॥

যথা পূর্ব্বং শ্রীভগবৎ প্রতিমামিবাচেষ্টমানমপি পাদ্যাদিনোপাচরৎ আনর্চ ॥ ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঈক্ষমাণঃ। বিহায়েক্ষামিতি জাতপ্রেমত্বাদন্তে তং পরামর্শমপি বিহায়েত্যর্থঃ। শ্রীভাগবতস্য মোহিনীত্বাদিতোঽপ্যন্যথা কেচিদ্ব্যাচক্ষতে তত্তু এব গৃহ্নন্তি ন সন্তঃ ॥ ৩৫ ॥

তদেবং শ্রীগুরুদেবস্য সিদ্ধিদশা পর্য্যন্তং শিষ্যস্তং পরিচরন্নেব বর্ত্তেতেতি দর্শয়তি পতিমিতি চতুর্ভিঃ ॥ ৩৬ ॥

পতিং উপ উপোঽধিকে হীনেচেতি কর্ম্ম প্রবচনীয় স্তদ্যোগে দ্বিতীয়া পত্যুঃ সকাশাৎ কিঞ্চিন্মাত্র ন্যূনেত্যর্থঃ। শান্তমঙ্গারাবস্থং নির্ধূমমনলমুপশান্তা শুদ্ধা জ্বালা যথা ভাতি তদ্বৎ ॥ ৩৭। ৩৮ ॥

সর্ব্বতোভাবে দীপ্তি পাইতে লাগিল ॥ ৩৫ ॥

তাহাতে তিনি পরব্রহ্মে আপনাকে এবং আপনাতে পরব্রহ্মকে অবলোকন করিতেছিলেন, অতএব পরে ঐ অবলোকনও পরিত্যাগ করিয়া এই সংসার হইতে উপরত হইলেন। হে রাজন্! মলয়ধ্বজের পত্নী বৈদর্ভী পতিপরায়ণা ছিলেন। সমস্ত ভোগ পরিত্যাগ পূর্ব্বক সাতিশয় ভক্তি সহকারে সর্ব্বদা ঐ ধর্ম্মজ্ঞ পতির শুশ্রূষা করিতেন ॥ ৩৬ ॥

তিনি যে কেবল স্বামির সেবা করিতেন এমত নয়, চীর বসন পরিধান পূর্ব্বক আপনিও ব্রত করিতেন, অতএব তঁহার শরীর কৃশ ও কেশ সকল বেণী ভূত হইয়া গিয়াছিল, স্বামির উপরম হইলে তৎসমীপে তাঁহার শরীর অঙ্গারাবস্থ অনলের ন্যায় দীপ্তি পাইতে লাগিল ॥ ৩৭ ॥

পরন্তু তখনও প্রিয়তমের আসন সুস্থির ছিল, অতএব স্বামী যে উপরম প্রাপ্ত হইলেন ইহা তিনি জানিতে পারিলেন না, সুতরাং পূর্ব্বে যেমন পরিচর্য্যা করিতেন তদ্রূপই সেবা করিতে লাগিলেন ॥ ৩৮

যদা নোপলভেতাঙ্ঘ্রাবুষ্মাণং পত্যুরর্চ্চতী। আসীৎ সংবিগ্ন হৃদয়া যূথভ্রষ্টা মৃগী যথা॥ ৩৯॥
আত্মানং শোচতী দীনমবন্ধুং বিক্লবাশ্রুভিঃ। স্তনাবাসিচ্য বিপিনে সুস্বরং প্ররুরোদ সা॥ ৪০॥
উত্তিষ্ঠোত্তিষ্ঠ রাজর্ষে ইমামুদধিমেখলাং। দস্যুভ্যঃ ক্ষত্রবন্ধুভ্যো বিভ্যতীং পাতুমর্হসি॥ ৪১॥
এবং বিলপতী বালা বিপিনেঽনুগতা পতিং। পতিতা পাদয়োর্ভর্ত্তু রুদন্ত্যশ্রূণ্যবর্ত্তয়ৎ॥ ৪২॥
চিতিং দারুময়ীং চিত্বা তস্যাং পত্যুঃ কলেবরং। আদীপ্য চানুমরণে বিলপন্তী মনোদধে॥ ৪৩॥

শ্রীধরস্বামী।

পত্যুরঙ্ঘ্রিং অর্চ্চয়ন্তী যদা তস্মিন্নঙ্ঘ্রাবুষ্মাণং নাপশ্যৎ॥ ৩৯॥

অবন্ধুং পতিরহিতং অশ্রুভিরাসিচ্য॥ ৪০॥

ক্ষত্রবন্ধুভ্যঃ অধার্ম্মিক ক্ষত্রিয়েভ্যোপি॥ ৪১॥

আবর্ত্তয়ৎ প্রবর্ত্তয়ামাস॥ ৪২॥

তস্যাং নিধায় অগ্নিদানেনাদীপ্যচ॥ ৪৩॥

ক্রমসন্দর্ভঃ।

চিতামিতি। অস্মিন্নধ্যাত্মপক্ষে স্ত্রীত্বাদিকমৌপচারিকমেব॥ ৪৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্চ্চতী অর্চ্চন্তীং নোপলভেত নোপালভত॥ ৩৯॥

গুরোঃ সাধক শরীরাপগমে সতি। পত্যুর্বিচ্ছেদে পতিব্রতেব শিষ্য স্তদ্বিচ্ছেদ সন্তপ্তো বিলাপ মগ্নো ভবতীত্যাহ আত্মানং শোচতি মমেতঃ পরং কস্ত্রাস্যত্যত ইতি শোকাকুলঃ॥ ৪০॥

উত্তিষ্ঠেতি পক্ষে হে শ্রীগুরো ইমাং পৃথ্বীং ত্বৎ প্রবর্ত্তিত শ্রবণাদি ভক্তিগতিং দস্যুভ্যঃ ভক্তি বিরোধি মতেভ্যো বিভ্যতীং॥ ৪১॥

অবর্ত্তয়ৎ প্রবর্ত্তয়ামাস॥ ৪২॥

তস্যাং নিধায় অগ্নিদানেনাদীপ্য চ পক্ষে শ্রীগুরোর্দেহ সংস্কারং কৃত্বা শ্রীমদ্গুরুচরণবিযুক্তোহং তদীয় গুণানুস্মরণময় শোক দাবাগ্নি দগ্ধদেহো প্রাণং ধর্ত্তুমশক্নুবংস্তদুপদিষ্ট শ্রবণ কীর্ত্তনাদি ভক্তৌ নৈব শক্তিং ধাস্যামি। তস্মাদদ্যৈব মরিষ্যামীতি শিষ্যো মনসি নিশ্চিনোতীতি দর্শয়ামাস॥ ৪৩॥

অর্চ্চনা করিতে করিতে যখন পতির চরণের উষ্ণতা বোধ হইল না, তখন যূথভ্রষ্টা মৃগীর ন্যায় উদ্বিগ্ন চিত্তা হইলেন॥ ৩৯॥
এবং আপনাকে পতিবিরহিত ও দীন জানিয়া শোক করিতে লাগিলেন। অশ্রুজলে স্তনদ্বয় সিক্ত হইল, পরে সেই বিজন বিপিনে করুণ স্বরে রোদন করিতে আরম্ভ করিলেন॥ ৪০॥

অনন্তর বিলাপ করত কহিতে লাগিলেন, মহারাজ! গাত্রোত্থান করুন গাত্রোত্থান করুন। হে রাজর্ষে! এই সসাগরা ধরা দস্যু ও অধার্ম্মিক ক্ষত্রিয়গণ হইতে ভীতা হইতেছে, তাহাদের আক্রমণ হইতে ইহাকে রক্ষা করুন॥ ৪১॥

হে বর্হিষ্মন্! বৈদর্ভী আপনার পতির সহিত বনে গিয়া তাঁহার মৃত্যুর পর এই রূপে বিলাপ করিতে করিতে তদীয় চরণদ্বয়ে পতিতা হইলেন এবং নিরন্তর রোদন করত অশ্রু বিমোচন করিতে লাগিলেন॥ ৪২॥

অনন্তর পতির অন্ত্যেষ্টি ক্রিয়া করণার্থ কাষ্ঠ চয়ন পূর্ব্বক চিতা রচনা করিয়া তাহাতে পতির মৃত দেহ স্থাপন করিলেন। পরে অগ্নি দান দ্বারা চিতা প্রজ্বলিত করিয়া বিলাপ করিতে করিতে সহমরণার্থ মনঃস্থির করিলেন॥ ৪৩॥

তত্র পূর্ব্বতরঃ কশ্চিৎ সখা ব্রাহ্মণ আত্মবান্। সান্ত্বয়ন্ বল্গুনা সাম্না তামাহ রুদতীং প্রভো ॥ ৪৪

কা ত্বং কস্যাসি কোবায়ং শয়ানো যস্য শোচসি। জানাসি কিং সখায়ং মাং যেনাগ্রে বিচচর্থহ ॥৪৫

অপি স্মরসি চাত্মানমবিজ্ঞাতসখং সখে। হিত্বা মাং পদমন্বিচ্ছন্ ভৌমভোগরতোগতঃ ॥ ৪৬ ॥

হংসাবহঞ্চ তঞ্চার্য্য সখায়ৌ মানসায়নৌ। অভূতামন্তরাবৌকঃ সহস্রপরিবৎসরান্ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বতরঃ অনাদিরীশ্বরঃ সখা দ্বা সুপর্ণা ইতি শ্রুতেঃ। সাম্না প্রিয়বাক্যেন সম্বোধয়ন্ ॥ ৪৪ ॥

যং শোচসি। অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং বিচচর্থ ময়ি স্থিতত্বেন সখ্যসুখমনুভূতবানসি ॥ ৪৫ ॥

যদ্যপি মাং ন জানাসি তথাপ্যাত্মানং ত্বামবিজ্ঞাতসখং অবিজ্ঞাতঃ কশ্চিৎ মে সখা আসীদিত্যেবং কিং স্মরসি। সখ ইতি পুংস্ত্ব নির্দ্দেশঃ প্রাক্তন পুংস্ত্ব স্মরণায়। সখ্যং স্মারয়ন্ স্ববিয়োগকৃতমনর্থমাহ হিত্বেতি সার্দ্ধৈঃ ষড়্ভিঃ পদং স্থানং ॥ ৪৬ ॥

হংসৌ শুদ্ধৌ মানসং হৃদয়ময়নং যয়োঃ। কথাপক্ষে মানস সরঃ স্থিতৌ পক্ষিণাবভূতাং জাতৌ। ওকো গৃহং অন্তরা

ক্রমসন্দর্ভঃ।

ব্রাহ্মণ রূপোভূত্বা ॥ ৪৪ ॥

কথাপক্ষে সখে ইতি জীবত্বমাত্র স্মরণায় ॥ ৪৫। ৪৬ ॥

যদ্যপি পরমাত্ম সন্দর্ভে জ্ঞানেচ্ছুরয়মধিকারীত্যভেদোপদেশ পর্য্যবসানত্বং ব্যাখ্যাতং। তথাপ্যপরিতোষাদত্র ভক্তি পর্য্যবসানত্বমেব ব্যাখ্যায়তে। যথা সখ্যমেব স্থাপয়তি সৃষ্টৌ মানসায়নৌ মহাপ্রলয় সময়েতু ওকস্তদ্রূপমুপাধিমন্তরৈবাভূতাম

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বগুরুবিরহব্যাকুলী ভাব দশায়ামিব শিষ্যস্থ ভগবদ্দর্শনং স্যাদিতি দ্যোতয়তি। তত্রেতি পূর্ব্বতরঃ অনাদিরীশ্বরঃ সখা দ্বা সুপর্ণাবিত্যাদি শ্রুতেঃ। ব্রাহ্মণঃ ব্রাহ্মণবেশধারীতি সাক্ষাৎ স্বীয় স্বরূপ দর্শনং প্রেম্না বিনা ন ভবতীতি জ্ঞাপয়তি স্মেতি ভাবঃ। আত্মবান্ অন্তরাচ্ছন্নীকৃত স্ব স্বরূপযুক্তঃ ॥ ৪৪ ॥

কোয়ং শয়ান ইতি প্রশ্নে মম শ্রীগুরুরয়মিতি কথাপক্ষে মম পতিরয়মিতি চেৎ মাং কিং জানাসীতি নন্থ ত্বমেব বিপ্রো মম ক ইত্যত আহ সখায়মিতি কথং ত্বয়া সহ মম সখ্যমিত্যত আহ যেন ময়া সহ অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং বিচচর্থঃ। ময্যেব মিলিত্বা মৎ সঙ্গেন সুখমনুভূতবান্ ত্বমেবাসীরিত্যর্থঃ ॥ ৪৫ ॥

নন্বহং কিমপি ন জানামীতি তত্রাহ। অপীতি যদ্যপি মাং ন জানাসি তদপ্যাত্মানং স্বং অবিজ্ঞাতসখং অবিজ্ঞাতঃ কশ্চিন্মে সখাস্তীত্যেবং কিং স্মরসি বহুব্রীহাবপি ট আর্ষঃ। অবিজ্ঞাতস্থ সখায়মিতি বা। সখীত্যপ্রযুজ্য সখে ইতি পুংস্ত্ব নির্দ্দেশঃ প্রাক্তন পুংস্ত্বং স্মারয়ন্ এবমগ্রেপি ত্বমেব স্মারয় চেদত আহ হিত্বেতি সৃষ্ট্যারম্ভে প্রাচীন কর্ম্মবশাদেবেত্যর্থঃ। পদং স্থানং ॥ ৪৬ ॥

অহে বর্হিষ্মন্! সেই স্থানে প্রাচীন কোন একটী আত্মবান্ ব্রাহ্মণ (ঈশ্বর) ছিলেন। তিনি মলয়ধ্বজের সখা। সখার প্রিয়তমা পত্নী বৈদর্ভীকে ঐ প্রকারে সহ মরণার্থ উদ্যতা দেখিয়া মনোহর প্রিয়বচন দ্বারা সান্ত্বনা করত কহিলেন ॥ ৪৪ ॥

অয়ি। অঙ্গনে! তুমি কে? এই শয়ান পুরুষ তোমার কে? যাহার নিমিত্ত শোক করিতেছ! হে সুন্দরি! আমি তোমার সখা আমাকে কি জান? আমার দ্বারাই অগ্রে সখ্য সুখ অনুভব করিয়াছ ॥ ৪৫ ॥

অনন্তর তাঁহার পূর্ব্বতন পুরুষভাব স্মরণ করাইয়া দিয়া তদ্রূপে সম্বোধন করত কহিলেন, সখে! তোমার আপনাকে কি স্মরণ হয়? কোন ব্যক্তি সখা ছিল এমত কি মনে পরে? আমাকে পরিত্যাগ করিয়া স্থান অন্বেষণ করিতে করিতে সংসারভোগে রত হইয়াছিলে ॥ ৪৬ ॥

হে আর্য্য! তুমি এবং আমি দুইজনে মানস সরোবরে দুইটী হংস ছিলাম, আমরা দুই জনে গৃহ

স ত্বং বিহায় মাং বন্ধো গতো গ্রাম্যমতির্মহীং। বিচরন্ পদমদ্রাক্ষীঃ কয়াচিন্নির্ম্মিতং স্ত্রিয়া ॥৪৮
পঞ্চারামং নবদ্বারমেকপালং ত্রিকোষ্ঠকং। ষট্ কুলং পঞ্চবিপণং পঞ্চপ্রকৃতি স্ত্রীধবং ॥ ৪৯।
পঞ্চেন্দ্রিয়ার্থা আরামা দ্বারঃ প্রাণা নব প্রভো। তেজোঽবন্নানি কোষ্ঠানি কুলমিন্দ্রিয়সংগ্রহঃ ॥ ৫০
বিপণস্তু ক্রিয়া শক্তির্ভূতপ্রকৃতিরব্যয়া। শক্ত্যধীশঃ পুমানত্র প্রবিষ্টো নাববুধ্যতে ॥ ৫১ ॥

শ্রীধরস্বামী।

বিনৈব বা শব্দ এবার্থে সহস্র পরিবৎসরান্ মহাপ্রলয়ং যাবৎ ॥ ৪৭ ॥

হে বন্ধো গ্রাম্যে সুখে মতির্যস্য। স্ত্রিয়া মায়য়া ॥ ৪৮ ॥

পঞ্চ ইন্দ্রিয়ার্থা বিষয়া আরামা উপবনানি যস্মিন্ নবদ্বারাণি প্রাণ ছিদ্রাণি যস্মিন্। একঃ প্রাণঃ পালো যস্মিন্ ত্রীণি পৃথিব্যপ্তেজাংসি কোষ্ঠানি প্রাকারা যস্মিন্। ষট্ কুলানি অভীষ্ট বিষয়সমর্পকাণি জ্ঞানেন্দ্রিয় মনাংসি যস্মিন্। পঞ্চবিপণাঃ হট্টাঃ কর্ম্মেন্দ্রিয়াণি যস্মিন্ পঞ্চভূতানি প্রকৃতিরুপাদান কারণং যস্য। স্ত্রী বুদ্ধিরেব ধবঃ পতিঃ স্বামিনী যস্মিন্ ॥ ৪৯ ॥

স্বয়মেব ইমং শ্লোকং ব্যাচষ্টে পঞ্চেন্দ্রিয়ার্থা ইতি। ষট্ কুলমিতি ষট্ত্বঞ্চ একপালমিতিচ স্পষ্টার্থত্বান্ন ব্যাখ্যাতং ॥ ৫০ ॥

ভূতান্যেব প্রকৃতিরুপাদানং তস্য স্ত্রীধবমিত্যস্য ব্যাখ্যানং শক্তিরধীশা যস্য তদ্বশঃ সন্নিত্যর্থঃ ॥ ৫১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভবেত্যর্থঃ। সহস্র পরিবৎসরান্ ব্যাপ্যেতি মহাপ্রলয়োপলক্ষণং ॥ ৪৭ ॥

স্ববিস্মৃতৌ হেতুমাহ। সত্বমিতি সার্দ্ধৈঃ ষড়্ভির্মত্যসে ইত্যধিকৈঃ। তত্র সত্বমিতি যুগ্মকং। স্থিতি সময়েতু স তথাবিধস্তং মাং বিহায়াহন্তামমতাভ্যাং ব্যবধায় মহীং স্বপ্ন সহিত জাগ্রদ্দশাং গতঃ সন্ বিচরন্ পর্য্যালোচয়ন্নিত্যর্থঃ ॥ ৪৮। ৪৯ ॥

পঞ্চেন্দ্রিয়া ইতি যুগ্মকং ॥ ৫০ ॥

বিভো হে সর্ব্বসাধনসমর্থ তথাপীত্যর্থঃ ॥ ৫১। ৫২। ৫৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হংসৌ শুদ্ধাবাত্মানৌ মানসং হৃদয়ময়নং যয়োস্তৌ কথা পক্ষে মানস সরসি স্থিতৌ পক্ষিণাবভূতাং জাতৌ ওকোগৃহং অন্তরাবিনৈব বা শব্দএবার্থে সহস্রং পরিবৎ সরান্ মহাপ্রলয়ো যাবদিত্যর্থঃ ॥ ৪৭ ॥

স্ত্রিয়া মায়য়া ॥ ৪৮ ॥

পঞ্চ বিষয়া আরামা উপবনানি যত্র নবদ্বারাণি প্রাণচ্ছিদ্রাণি যত্র। একঃ প্রাণএব পালো যত্র। ত্রীণি পৃথিব্যপ্তেজাংসি কোষ্ঠানি যত্র। ষট্ জ্ঞানেন্দ্রিয়মনাংসি কুলানি বণিজো যত্র তৎ। পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি বিপণঃ হট্টা যত্র তৎ। পঞ্চ মহাভূতানি প্রকৃতি রূপাদানকারণং যস্য তৎ। ধীর্বুদ্ধিরেব ধবঃ পতিঃ স্বামিনী যস্মিন্ তৎ ॥ ৪৯ ॥

শ্লোকমিমং স্বয়মেব ব্যাচষ্টে পঞ্চেতি। প্রাণাঃ প্রাণচ্ছিদ্রাণি নব। কুলং ইতি বণিজামেবার্থতঃ প্রাপ্তঃ ভূতানি পঞ্চৈব প্রকৃতিঃ কারণং। অত্র পদে প্রবিষ্টঃ পুমান্ মুহ্যতি। কীদৃশী শক্তি র্বুদ্ধিরেব অধীশা যস্য সঃ ইতি ধীধবমিত্যস্য ব্যাখ্যানং। তৎ পদং স্ত্রীস্বামিকমিতি কিং বাচ্যং তত্র প্রবিষ্টঃ পুমানপি স্ত্রীস্বামিক এব ভবেদিত্যর্থ দ্যোতনার্থং পুংবিশেষণত্বেনোপন্যস্তং ॥ ৫০। ৫১ ॥

ব্যতিরেকেই সহস্র বৎসর অর্থাৎ মহাপ্রলয় পর্য্যন্ত একত্র বাস করি ॥ ৪৭ ॥

অনন্তর তোমার গ্রাম্য সুখ ভোগার্থ অভিলাষ হইয়াছিল, তাহাতেই আমাকে ত্যাগ করিয়া গিয়াছিলে? সখে! তুমি সমস্ত অবনীমণ্ডল ভ্রমণ করিয়াছ, কোন যোষার (মায়ার) নির্ম্মিত একটী স্থান কি তোমার দৃষ্টিগোচর হইয়াছে? ॥ ৪৮ ॥

বন্ধো! ঐ স্থান অতি চমৎকার, তথায় পাঁচটী উপবন, নয়টী দ্বার, একজন পালক, তিনটী কোষ্ঠ, ছয়টী কুল আছে। অপর তথায় পাঁচ হট্ট ও তাহার পাঁচ প্রকৃতি, (উপাদান) আর বুদ্ধি রূপা এক স্ত্রী তাহার স্বামিনী ॥ ৪৯ ॥

সখে! পাঁচটী ইন্দ্রিয় বিষয়ই ঐ পাঁচ উপবন, প্রাণ সকলই ঐ দ্বার। তেজঃ জল ও অন্ন এই তিনই তথায় তিন কোষ্ঠ। ইন্দ্রিয় সকলই তথাকার কুল অর্থাৎ অভীষ্ট বিষয় প্রাপক ॥ ৫০ ॥

ক্রিয়া শক্তিই ঐ পাঁচ হট্ট, পঞ্চভূতই ঐ পাঁচ প্রকৃতি। মিত্র! পুরুষ শক্তির বশবর্ত্তী হইয়া

তস্মিংস্তং রাময়াস্পৃষ্টো রমমাণোঽশ্রুতস্মৃতিঃ। তৎসঙ্গাদীদৃশীং প্রাপ্তো দশাং পাপীয়সীং বিভো ॥ ৫২
ন ত্বং বিদর্ভদুহিতা নায়ং বীরঃ সুহৃত্তব। ন পতিস্ত্বং পুরঞ্জন্যা রুদ্ধো নবমুখে যয়া ॥ ৫৩ ॥
মায়াহ্যেষা ময়া সৃষ্টা যৎপুমাংসং স্ত্রিয়ং সতীং। মন্যসে নোভয়ং যদ্বৈ হংসৌ পশ্যাথ নৌ গতিং॥৫৪
অহং ভবান্ নচান্যস্ত্বং ত্বমেবাহং বিচক্ষ্ব ভোঃ। ন নৌ পশ্যন্তি কবয়শ্ছিদ্রং জাতু মনাগপি ॥৫৫

শ্রীধরস্বামী।

স্পৃষ্টঃ অভিভূতঃ। অতো নবিদ্যতে শ্রুতে ব্রহ্মত্বে স্মৃতির্যস্য ॥ ৫২ ॥

তত্ত্বমুপদিশতি নত্বমিতি চতুর্ভিঃ। সুহৃৎপতিঃ নবদ্বারে পুরে যয়া রুদ্ধোসি তস্যাঃ ॥ ৫৩ ॥

পুমাংসং পূর্ব্ব জন্মনি যদমন্যথাঃ ইদানীঞ্চ সতীং শ্রেষ্ঠাংস্ত্রিয়ং যন্মন্যসে এষা মায়া যত উভয়মপি বস্তুতো নাস্তি যস্মাদাবাং হংসৌ শুদ্ধৌ। নৌ আবয়োর্ব্বক্ষ্যমাণাং গতিং স্বরূপং পশ্য ॥ ৫৪ ॥

তত্ত্বং পদার্থয়োশ্চিদংশেন ঐক্যমাহ। অহমেব ভবান্ উপচারং বারয়তি নচান্য ইতি। ব্যতিহারোপদেশ উক্তাভিপ্রায়ঃ ছিদ্রমন্তরং ॥ ৫৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

হংসাবিত্যত্র হংসমিতি চিৎসুখঃ। মামিতি শেষঃ। পশ্যাথ নৌ ইতি ক্বচিৎ ॥ ৫৪ ॥

সখ্যোপযোগি শুদ্ধত্বং প্রতিপাদয়ন্ দ্বয়োরৈকাত্ম্যং স্থাপয়তি। নোভয়মিত্যধিকেনাহমিত্যর্দ্ধকেন ॥ ৫৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যঞ্জিতমর্থমভিধয়াপি স্পষ্টমাহ সত্বমিতি বিচক্ষ্যেত্যার্যং বিচার্য্য অন্তর্হৃদি চিত্তং মনোনিযচ্ছ কর্ণয়োর্ধুনীং নদীমিব অপামসোমমমৃতা অভূমেত্যাদি ফলশ্রুতিং চিত্তে নিযচ্ছ লীনী কুর্ব্বিতি ফলশ্রুতে র্বিচারাসহত্বেন বৈয়র্থ্যাদিতি ভাবঃ। হংসানাং শরণং পর্ণশালাং ভগবন্তং প্রতি প্রণীহি। প্রীণয়েতি বা ক্রমেণ বিষয়ানন্দাদ্বিরম ॥ ৫৪ ॥

যন্তবানভাষত তৎশ্রুতং অনুপশ্চাদীক্ষিতং বিচার্য্য সাক্ষাৎ কৃতং চ যে মুনয়োঽত্রত্যা মাং কর্ম্মাধ্যাপয়ন্তি তে এতন্ন জানন্তি। যদিচ জানন্তি তর্হি কিং নব্রূয়ুরতোঽদ্যারভ্য ত্বমেব মে গুরুরভূরিতি ভাবঃ ॥ ৫৫ ॥

অত স্তৎকৃত উপাধ্যায় কৃতঃ তদ্বাক্য বিরোধেন ভক্তিজ্ঞানবৈরাগ্যেষ্বসংভাবনা রূপোযঃ সংশয় আসীৎ স ত্বয়া বিশেষেণ

এই বিদ্ধ করে বিলম্ব নাই ॥ ৫৩ ॥

অতএব হে রাজন্! তুমি আপনার হৃদয়ে আত্মার মৃগ তুল্য চেষ্টার বিষয় বিচার করিয়া হৃদয় মধ্যে চিত্তকে এবং কর্ণের নদী স্বরূপ চিত্তের বহির্বৃত্তিকে চিত্ত মধ্যে নিরুদ্ধ করহ। আর যোষিৎ সকলের যে আশ্রম অতি কামুক ব্যক্তিবর্গের বার্ত্তাতেই পরিপূর্ণ, তাহা পরিত্যাগ করিয়া জীব সকলের আশ্রয় ঈশ্বরকে প্রীতকর এবং ক্রমে ক্রমে সকল হইতে বিরত হও ॥ ৫৪ ॥

রাজা প্রাচীন বর্হি অন্য জিজ্ঞাসা করিবার মানসে নারদোক্ত ঐ বিষয়ের অনুবাদ পূর্ব্বক কহিলেন, ব্রহ্মন্! আপনি যাহা বলিলেন শ্রবণ করিলাম এবং বিচার করিয়াও দেখিলাম। আপনি যাহা বলিলেন আমার বোধ হয় আমার উপদেশক উপাধ্যায়গণ এ সকল জানিতেন না, তাঁহারা বিদিত থাকিলে কি আমাকে বলিতেন না? ॥ ৫৫ ॥

হে দেবর্ষে! আমার উপাধ্যায়গণের বাক্য সহ বিরোধ হওয়াতে আত্মতত্ত্বে অসম্ভাবনা রূপ

ক্ষুদ্রং চরং সুমনসাং শরণে মিথিত্বা রক্তং ষড়ঙ্ঘ্রি গণগামসু লুব্ধকর্ণং।
অগ্রে বৃকানসুতৃপো বিগণয্য যান্তং পৃষ্ঠে মৃগং মৃগয় লুব্ধকবাণভিন্নং ॥ ৫২ ॥

সুমনঃ সধর্ম্মণাং স্ত্রীণাং শরণ আশ্রমে পুষ্প মধু গন্ধবৎ ক্ষুদ্রতমং কাম্য কর্ম্ম বিপাকজং কাম সুখ লবং জিহ্বোপস্থাদিভি র্বিচিন্বন্তং মিথুনীভূয় তদভিনিবেশিত মনসং ষড়ঙ্ঘ্রি গণ সামগীত বদতি মনোহর বনিতাদি জনালাপেষ্বতিতরাং প্রলোভিত কর্ণমগ্রে বৃকযূথবদাত্মন আয়ু র্হরতোঽহো রাত্রাদি কাল বিশেষানবিগণয্য গৃহেষু বিহরন্তং পৃষ্ঠত এব পরোক্ষমনুপ্রবৃত্তো লুব্ধকঃ কৃতান্তো

শ্রীধরস্বামী।

ক্ষুদ্রমল্পং চরতীতি তথা তং অলুক্। সুমনসাং পুষ্পাণাং শরণে আশ্রমে বাটিকায়াং মিথিত্বা মিথঃ পরস্পরং স্ত্রিয়া সহ মিলিত্বা তত্রৈব রক্তমাসক্তং ষড়ঙ্ঘ্রয়ো ভ্রমরা স্তেষাং গণাঃ তেষাং সামসু গীতেষু লুব্ধঃ কর্ণৌ যস্য তং। পরেষামসুভির্হৃতৈঃ স্বীয়ানসূন্ তর্পয়ন্তীত্যসুতৃপঃ তান্ অবিগণয্য অগণয়িত্বা লুব্ধকস্য বাণেন ভিন্নং মৃগং মৃগয় অন্বেষয় ॥ ৫২ ॥

শ্লোকং প্রস্তুতং যোজয়ন্ ব্যাচষ্টে সুমনোভিঃ সমানো ধর্ম্মঃ পরিণাম বিরসত্বং যাসাং স্ত্রীণাং মিথিত্বেত্যস্য ব্যাখ্যা মিথুনীভূয় স্ত্রীভিঃ সহ ইতি শেষঃ। রক্তমিত্যস্য ব্যাখ্যা তাস্বভিনিবেশিতং মনো যেন। অসুতৃপ ইত্যস্য ব্যাখ্যা আয়ুর্হরত ইতি।

ক্রমসন্দর্ভঃ।

সুমন ইত্যাদি গদ্যান্তে দ্রষ্টুমর্হসীত্যনন্তরং যথা মৃগয়ুহতং মৃগমিতি ক্বচিদধিকং বর্ত্ততে ॥ ৫৩। ৫৪। ৫৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষুদ্রমিতি মৃগং হরিণং মৃগয়স্ব বিপত্তিমজানন্তং সদ্যএব মরিষ্যন্তং অন্বেষয়। কীদৃশং ক্ষুদ্রং দূর্ব্বাদি যবসং চরতীতি তথা তং। মুমাগম আর্ষঃ। সুমনসাং পুষ্পাণাং শরণে উদ্যানে মিথিত্বা স্ত্রিয়া সহ মিথুনীভূয় রক্তমাসক্তং সামসু সঙ্গীতেষু অগ্রে তং ভক্ষয়িতুমেব নিলীনান্ বৃকান্। অজ্ঞানাদেব অবিগণয্য যান্তং পৃষ্ঠেতু নিলীয় বর্ত্তমানস্য লুব্ধকস্য বাণৈর্ভিন্নং ভিন্নপ্রায়ং অন্বেষয়। তেন শীঘ্রমিমং পুষ্পোদ্যানাদন্যত্র নয় অন্যথা বৃকা লুব্ধকাশ্চৈনং হনিষ্যন্ত্যেবেতি ভাবঃ ॥ ৫২ ॥

শ্লোকমিমং প্রস্তুতং যোজয়ন্ ব্যাচষ্টে। অত্র সুমনসাং শরণে ইত্যস্য ব্যাখ্যা সুমনঃ সধর্ম্মণামিতি পরিণাম বিরসত্বাৎ নব মালিকা পুষ্প তুল্যানাং ক্ষুদ্রং চরন্তমিত্যস্য ব্যাখ্যা পুষ্পমধ্বিত্যাদি মিথিত্বেত্যস্য ব্যাখ্যা মিথুনীভূয় স্ত্রীভিঃ সহেতি শেষঃ। রক্তমিত্যস্য ব্যাখ্যা তাসু স্ত্রীষ্বেব অভিনিবেশিতশ্চিত্তং অসুতৃপ ইত্যস্য ব্যাখ্যা আয়ুর্হরত ইতি যান্তমিত্যস্য ব্যাখ্যা বিহরন্তমিতি অতিতরামিত্যাসৈাব বিশেষণং অন্তঃ শরেণ অন্তর্নালিকায়াং গূঢ়েন শরেণ অলক্ষিতেন মরণ ব্যাপারেণেত্যর্থঃ। দ্রষ্টুমর্হসীতি

রাজন্! পশ্চাদ্ভাগে ব্যাধের বাণে ভিন্ন প্রায়ঐ মৃগটীকে অবলোকন কর, ওটী ক্ষুদ্র সুখের অন্বেষণ করিয়া চরিতেছে, পুষ্প সকলের আশ্রমে অর্থাৎ বৃক্ষ বাটিকায় স্ত্রীর সহিত এক একবার মিলিত হইতেছে, উহার অগ্রে বৃক সকল বর্ত্তমান, তাহারা সামান্যও নহে, অন্যের প্রাণ দ্বারা আপনার প্রাণকে পরিতৃপ্ত করে, তাহাদিগকে তুচ্ছ করিয়া যাইতেছে, ব্যাধের বাণে বিদ্ধ হয় আর বিলম্ব নাই ॥ ৫২ ॥

অর্থাৎ হে রাজন্! ব্যাধহত মৃগের ন্যায় নির্ভিন্ন হৃদয় এই আত্মাকে দেখিতে যোগ্য হও, ইনি পুষ্পের ন্যায় সমান ধর্ম্মশালি অর্থাৎ পুষ্পবৎ পরিণাম বিরস যে সকল যোষিৎ তাহাদের আশ্রমে থাকিয়া পুষ্পমধু গন্ধবৎ অতিতুচ্ছ এবং কাম্য কর্ম্মের পরিপাক জন্য যে যৎকিঞ্চিৎ কাম সুখ, তাহাই জিহ্বা ও উপস্থাদি দ্বারা সতত অন্বেষণ করিতেছেন এবং স্ত্রীর সহিত মিথুন হইয়া তাহারই প্রতি মনোনিবেশ করিতেছেন এবং ভ্রমর সকলের সঙ্গীত তুল্য যে পুত্র কলত্রাদির অতি মনোহর আলাপ, তৎ শ্রবণার্থই উহাঁর কর্ণ প্রলোভিত হইতেছে, অগ্রে বৃক যূথবৎ অহোরাত্রাদি কাল বিশেষ সকল উহার আয়ু হরণ করিতেছে উনি তাহাদিগকে গণ্য না করিয়া গৃহের মধ্যেই বিহার করিতেছেন। ব্যাধের তুল্য কৃতান্ত উহাঁর পৃষ্ঠভাগে অর্থাৎ পরোক্ষে থাকিয়া দূর হইতে গূঢ় শর সন্ধান পূর্ব্বক

CC0. In Public Domain. Digitization by eGangotri

কর্ম্মাণ্যারভতে যেন পুমানিহ বিহায় তং। অমুত্রান্যেন দেহেন জুষ্টান্যসকৃদশ্নুতে ॥ ৫৭ ॥
ইতিবেদবিদাং বাদঃ শ্রূয়তে তত্র তত্রহ ॥ ৫৮ ॥
কর্ম্ম যৎ ক্রিয়তে প্রোক্তং পরোক্ষং ন প্রকাশতে ॥ ৫৯ ॥

শ্রীধরস্বামী।

বর্ত্ততে যত্রেন্দ্রিয় বৃত্তীনামপ্রবৃত্তে মুহ্যন্তি ॥ ৫৬ ॥

সংশয়মাহ দ্বাভ্যাং কর্ম্মাণি যেন দেহেন করোতি তমত্রৈব বিহায় অমুত্র লোকান্তরে কর্ম্মোপস্থাপিতেনান্যেন দেহেন জুষ্টান্যুপভুক্তানি জীবোঽশ্নুতে প্রাপ্নোতি ॥ ৫৭ ॥

ইতি বাদঃ শ্রূয়তে। প্রাপ্যপুণ্য কৃতাং লোকানিতি। শরীরজৈঃ কর্ম্মদোষৈ র্যাতি স্থাবরতাং নর ইতি। অগ্না চোক্তং শাশ্বতীরনুভূয়ার্ত্তিমিতি। এতচ্চ কর্ত্তৃভোক্তৃ দেহ ভেদেন কৃতনাশাকৃতাভ্যাগম প্রসঙ্গান্ন সংগচ্ছত ইতি ভাবঃ ॥ ৫৮ ॥

সংশয়ান্তরমাহ প্রোক্তং বেদোক্তং কর্ম্ম ক্রিয়তে জনৈঃ তচ্চ নিরন্তর ক্ষণএব পরোক্ষং অদৃশ্যং সন্ন প্রকাশতে অতঃ কর্ম্মণো নষ্টত্বাৎ তৎ ভোগোপ্যতি দুর্ঘট ইতি ভাবঃ ॥ ৫৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

মুহন্তং স্বত্যাপ্যত শাস্ত্যর্থমেব মৃগ্যন্ত ইত্যাশয়েনাহ। দ্বাভ্যাং তত্র কর্ম্মাণীতি সার্দ্ধকং কর্ম্মেত্যর্দ্ধকং। যেন দেহেনারভতে তেনৈব জুষ্টানি সেবিতানি নির্ব্যূঢ়ানি কর্ম্মাণ্যমুত্রাণ্যেন দেহেন সমশ্নুতে ইতি হি বেদবিদাং বাদস্তত্ত্বনির্ণয়ঃ ॥ ৫৬। ৫৭। ৫৮ ॥

কর্ম্ম চ তৎক্ষণাদপ্রকটমেব স্যাৎ ততশ্চ স্নানভোজনাদিবৎ সংস্কার রূপত্বেনাগ্নিজন্মাদিবৎ সূক্ষ্ম রূপত্বেন চান্যত্র সঞ্চারণা সম্ভবাৎ। কথমন্যেন দেহেন তদ্ভোগঃ সংভবতীত্যর্থঃ ॥ ৫৯। ৬০। ৬১। ৬২। ৬৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রকর্ষেণ সম্যক্ প্রকারেণ ছিন্নঃ যত্র যেষু ইন্দ্রিয়বৃত্তয়োপি ন প্রভবন্তি যে জিতেন্দ্রিয়া ইত্যর্থঃ। তে ঋষয়োপি হি নিশ্চিতং মুহ্যন্তি মোহাদেব কর্ম্ম কুর্ব্বন্তি মদ্বিধান্ কর্ম্মকারয়ন্তিচ তর্হি মদ্বিধানাং কা বার্ত্তেতি ভাবঃ ॥ ৫৬ ॥

কিঞ্চ কর্ম্মবর্ত্ম ন্যেকঃ সংশয়ো বর্ত্ততে তমপি সংছিন্ধীত্যাহ কর্ম্মাণি যেন দেহেন কুরুতে পুমান্ জীবস্তং দেহমিহৈব বিহায় অমুত্র লোকান্তরে অন্যেন দেহেন জুষ্টানি উপভুক্তানি স্বর্গ নরকাদীনি অশ্নুতে প্রাপ্নোতি ইতি বাদঃ শ্রূয়তে স কথং সঙ্গচ্ছতে নহ্যন্যেন ক্রিয়তেঽন্যেন ভুজ্যতে ইত্যুচিতমিতি ভাবঃ ॥ ৫৭ ॥

সংশয়ান্তরমাহ কর্ম্মপ্রোক্তং বেদোক্তং ক্রিয়তে জনৈঃ। তচ্চ সমনন্তর ক্ষণএব পরোক্ষং স্যাত্তজ্জন্যমদৃষ্টং যত্ত্বস্যাপি সত্ত্বে প্রমাণাদর্শনাত্তদপি ন প্রকাশতে অতো লোকান্তরে কথং তৎফলস্য ভোগ ইতি ॥ ৫৮ ॥ ৫৯ ॥

মহৎ সংশয় ছিল, আপনি তাহার উচ্ছেদ করিয়া দিলেন কিন্তু এখনও ঐ বিষয়ে একটী সংশয় আছে, তাহাও সামান্য নহে, তদ্বিষয়ে ইন্দ্রিয় বৃত্তি সকলের অপ্রবৃত্তি হেতু ঋষিগণ মুগ্ধ হইয়া থাকেন ॥ ৫৬ ॥

হে বিপ্র! জীব ইহ লোকে যে দেহ দ্বারা কর্ম্ম করে সেই দেহকে এইখানেই পরিত্যাগ করিয়া যায়, তাহার এখানকার কর্ম্ম দ্বারা পরলোকে অন্য এক দেহ হয়, সেই দেহ দ্বারা বারম্বার ঐ সকল কর্ম্মের ফলভোগ করে ॥ ৫৭ ॥

বেদবেত্তাদিগের এই রূপ বাক্য, তত্তৎ প্রসঙ্গে শুনা গিয়া থাকে। ফলতঃ শরীর জন্য কর্ম্ম দোষে স্থাবর যোনি প্রাপ্ত হয় এমত শ্রুতিও স্পষ্ট রহিয়াছে, কিন্তু ইহা কিরূপে সঙ্গত হয়, এক দেহে কর্ম্ম, অন্য দেহে ফলভোগ এ কেমন কথা? ॥ ৫৮ ॥

অপর লোকে বেদোক্ত যে কর্ম্ম করে তাহা পরক্ষণেই পরোক্ষ অর্থাৎ অদৃশ্য হয়, পরে আর প্রকাশ পায় না, ইহাতে বোধ হয় ঐ কর্ম্ম নষ্ট হইয়া যায়, যদি কর্ম্ম নষ্ট হইয়া গেল তাহা হইলে তাহার ফলভোগ কি রূপে ঘটিবে? ॥ ৫৯ ॥

শ্রীনারদ উবাচ ॥

যেনৈবারভতে কর্ম্ম তেনৈবাঽমুত্র তৎপুমান্ । ভুঙ্‌ক্তেহ্যব্যবধানেন লিঙ্গেন মনসা স্বয়ং ॥ ৬০ ॥
শয়ানমিমমুৎসৃজ্য শ্বসন্তং পুরুষো যথা । কর্ম্মাত্মন্যাহিতং ভুঙ্‌ক্তে তাদৃশেনেতরেণ বা ॥ ৬১ ॥
মমৈতে মনসা যদ্যদসাবহমিতি ব্রুবন্ । গৃহ্ণীয়াত্তৎ পুমান্ রাদ্ধং কর্ম্ম যেন পুনর্ভবঃ ॥ ৬২ ॥

শ্রীধরস্বামী ।

প্রথমস্যোত্তরমাহ যেনৈবেতি । অব্যবধানেন কর্তৃভোক্তৃ দেহবিচ্ছেদং বিনা স্থূলদেহ নাশেপি মনঃ প্রধানস্য লিঙ্গ দেহস্যানাশান্নোক্ত দোষ প্রসঙ্গ ইত্যর্থঃ ॥ ৬০ ॥

লিঙ্গদেহ বিশিষ্টস্য ভোক্তৃত্বং স্বপ্ন দৃষ্টান্তেন স্পষ্টয়তি । শয়ানমিমং জাগ্রদ্দেহং শ্বসন্তং জীবন্তমুৎসৃজ্য তদভিমানং ত্যক্ত্বা আত্মনি মনসি সংস্কার রূপেণাহিতং কর্ম্ম যথা ভুঙ্‌ক্তে তাদৃশেন শয়ান দেহ সদৃশেন কর্ম্মোপস্থাপিতেন দেহেন অন্যেন বা পশ্বাদি দেহেন তথা লোকান্তরেঽপীতি ভাবঃ ॥ ৬১ ॥

নন্থ ভবতু নাম লিঙ্গ বিশিষ্টস্যানেন দৃষ্টান্তেন ভোক্তৃত্বং কর্তৃত্বন্তু দানপ্রতিগ্রহাদিষু স্থূলদেহ বিশিষ্টস্যৈব দৃশ্যতে তত্রাহ মমৈতে পুত্রাদয়ঃ অসাবহং ব্রাহ্মণ ইতি ব্রুবন্ মনসা যদ্যদ্দেহং গৃহ্ণীয়াৎ তত্ততো দেহাৎ রাদ্ধং সিদ্ধং কর্ম্ম পুমান্ গৃহ্ণীয়াৎ যেন কর্ম্মণা এবমহঙ্কার গৃহীতেন পুনর্ভবো ভবতি অন্যথা জন্মানুপপত্তেঃ । অতোভিনস্তর্মনো বিশিষ্টস্যৈব কর্তৃত্বং অভিমান বিষয়স্ত তু দেহস্ত পুত্রাদিবৎ দ্বারমাত্রত্বমিতি ভাবঃ ॥ ৬২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রথমস্তোত্তরমাহ যেনৈবেতি লিঙ্গেন লিঙ্গদেহেন মনসা মনঃ প্রধানেন পাপপুণ্যয়োর্মনঃ প্রধানৈরিন্দ্রিয়ৈরেব করণাৎ তৎফলয়োঃ স্বর্গ নরকয়োরপীন্দ্রিয়ৈরেব ভোগাৎ ন বিদ্যতে ব্যবধানং যস্য তেনাব্যবধানেন লিঙ্গেনেতি স্থূলদেহস্য তত্র ব্যবধায়কত্বাশক্তেঃ ॥ ৬০ ॥

লিঙ্গদেহেনৈব যদ্যপি কর্তৃত্ব ভোক্তৃত্বে ভবত স্তদপি স্থূলদেহং বিনা ন সিদ্ধ্যত ইতি চেৎ সত্যং সতু স্থূলদেহো যঃ কশ্চন কর্ম্মণৈবোপস্থাপ্যতে ইতি সদৃষ্টান্তমাহ শয়ানমিমং জাগ্রদ্দেহং শ্বসন্তং জীবন্তমুৎসৃজ্য তদভিমানং ত্যক্ত্বা আত্মনি মনসি সংস্কার রূপেণাহিতং কর্ম্ম যথা ভুঙ্‌ক্তে তাদৃশেন শয়ান দেহ সদৃশেন কর্ম্মোপস্থাপিতেন স্থূলদেহেন অন্যেন বা পশ্বাদি দেহেন তথা লোকান্তরেপীতি ভাবঃ ॥ ৬১ ॥

স্থূলদেহে কেবলমভিমানমাত্রং তেন চ যৎ সহায়কং জীবস্য তদ্দর্শয়তি মমৈতে যাগাঃ স্বর্গফলা ইতি । অয়মহং কর্ম্ম করোমীতি ব্রুবন্ মনসা যদ্যদ্দেহং স্থূলং গৃহ্ণীয়াদভিমান বিষয়ী কুর্য্যাৎ । ততো দেহাদ্রাদ্ধং সিদ্ধং কর্ম্মৈব সলিঙ্গো জীবো গৃহ্ণীয়াৎ

নারদ কহিলেন রাজন্ ! জীব ইহ লোকে যে দেহ দ্বারা কর্ম্ম করে, পরলোকে অব্যবধানেই অর্থাৎ কর্ত্তা ভোক্তার বিচ্ছেদ না হইতে হইতেই সেই দেহ দ্বারা ফলভোগ করিয়া থাকে, ফলতঃ যদিও স্থূল দেহ বিনষ্ট হয় তথাচ মনঃ প্রধান লিঙ্গদেহের ধ্বংস না হওয়াতে তাহার দ্বারাই ফলভোগ করিয়া থাকে, ইহাতে সংশয়ের বিষয় কি ? ॥ ৬০ ॥

জাগ্রদবস্থায় এই যে দেহ বর্ত্তমান রহিয়াছে, এতদভিমানী জীব শয়ান হইলে যেমন জাগ্রৎ দেহ পরিত্যাগ করিয়া মনো মধ্যে সংস্কার রূপে স্থিত কর্ম্ম সকলকে স্বপ্ন দেহ দ্বারা ভোগ করে তাহার ন্যায়, স্বপ্নদেহ সদৃশ কর্ম্ম জন্য পশ্বাদি দেহ অথবা অন্য কোন দেহ দ্বারা লোকান্তরে ফল ভোগ করিবে ইহাতে তোমার আশ্চর্য্য বোধ কেন হইতেছে ? ॥ ৬১ ॥

"আমার এই সকল পুত্র" "এই আমি ব্রাহ্মণ" এই প্রকার কহিয়া জীব মনের দ্বারা যে যে দেহ গ্রহণ করে সেই সেই দেহ হইতে সিদ্ধ কর্ম্ম পুনরায় প্রাপ্ত হয়, সেই সমস্ত কর্ম্ম অহঙ্কার দ্বারা

যথানুমীয়তে চিত্তমুভয়ৈরিন্দ্রিয়েহিতৈঃ । এবং প্রাগ্দেহজং কর্ম্ম লক্ষ্যতে চিত্তবৃত্তিভিঃ ॥ ৬৩ ॥
নানুভূতং ক্বচানেন দেহেনাদৃষ্টমশ্রুতং । কদাচিদুপলভ্যেত যদ্রূপং যাদৃগাত্মনি ॥ ৬৪ ॥

শ্রীধরস্বামী ।

যদুক্তং কর্ম্মণো নষ্টত্বান্নামুত্র ভোগ ইতি তত্রাহ যথেতি । উভয়ৈর্জ্ঞান কর্ম্মরূপৈরিন্দ্রিয়াণামীহিতৈঃ কদাচিৎ কচিৎ কর্ম্ম প্রবৃত্তিভিশ্চিত্তমনুমীয়তে সত্যপি সর্ব্বেন্দ্রিয় বিষয় সম্বন্ধে যুগপজ্জ্ঞানানুৎপত্তেঃ তদুক্তমক্ষপাদেন যুগপজ্জ্ঞানানুপপত্তির্মনসো লিঙ্গমিতি এবং চিত্তবৃত্তিভিরপি পূর্ব্বদেহজং কর্ম্ম লক্ষ্যতে তাসামপি যুগপদনুৎপত্তেঃ ॥ ৬৩ ॥

ইতোপি কর্ম্ম লক্ষ্যতে ইত্যাহ নানুভূতমিতি দ্বাভ্যাং । অনেন বর্ত্তমানেন দেহেন কচ কুত্রচিদপি নানুভূতং অননুভূতং অনুপভুক্তং অদৃষ্টঞ্চাশ্রুতঞ্চ যদ্রূপং যদাত্মকং যাদৃক্ যৎ প্রকারঞ্চ তৎ কদাচিৎ স্বপ্ন মনোরথাদিষু আত্মনি মনসি উপলভ্যেত ॥ ৬৪

ক্রমসন্দর্ভঃ ।

নানুভূতমিতি যুগ্মকং ॥ ৬৪ ॥ ৬৫ । ৬৬ । ৬৭ । ৬৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নতু তং স্থূলদেহং প্রয়োজনাভাবাদেবেতি ভাবঃ । ততশ্চ তেন কর্ম্মণৈবমহঙ্কারগৃহীতেন পুনর্ভবো ভবতি অন্যথা তদনুপপত্তেঃ ॥ ৬২ ॥

যৎ পৃষ্টং কর্ম্মণ স্তৎকালএব নষ্টত্বান্নামুত্র ভোগ ইতি তত্রাহ । যথেতি উভয়ৈর্জ্ঞান কর্ম্মরূপৈরিন্দ্রিয়াণামীহিতৈর্যুগপদনুদিতৈশ্চিত্তমনুমীয়তে সত্যপি সর্ব্বেন্দ্রিয় বিষয় সম্বন্ধে যুগপজ্জ্ঞানানুৎপত্তেঃ তদুক্তমক্ষপাদেন যুগপজ্জ্ঞানানুৎপত্তি র্মনসোলিঙ্গমিতি । তস্মাদ্যদা যেনেন্দ্রিয়েণ মনসো যোগ স্তদা তস্যেন্দ্রিয়স্যৈব বিষয় জ্ঞানমিতি । এবমেব চিত্তস্য সর্ব্বাভির্বৃত্তিভি র্যুগপদনুদ্ভূতাভিঃ পূর্ব্বদেহজং কর্ম্ম লক্ষ্যতে । যেন যেন কর্ম্মণা যদা যদা যা যা চিত্তবৃত্তি র্যুজ্যতে সা সৈব ভদ্রা অভদ্রা বাপ্যুদ্ভবতীত্যর্থঃ । তেন কর্ম্মণঃ সমনন্তরক্ষণ এবোপরতত্বেপি তৎ সংস্কার স্বরূপস্থিতেদেবেতি সিদ্ধান্তো দর্শিতঃ ॥ ৬৩ ॥

ননু স্থূলদেহ নাশেপি লিঙ্গদেহোযন্ন নশ্যতীত্যেতৎ কথং প্রতীমস্তত্রাহ নানুভূতমিতি দ্বাভ্যাং অনেন বর্ত্তমানেন দেহেন কচিৎ চ কদাপি অননুভূতং অনুপভুক্তং অদৃষ্টঞ্চাশ্রুতঞ্চ পূর্ব্বদেহগতং বস্তু স্বপ্নমনোরথাদৌ উপলভ্যেত তচ্চ যদ্রূপং যাদৃক্ যৎ প্রকারকঞ্চ আত্মনি মনসি উপলভ্যেত তদ্রূপং তাদৃগেব পূর্ব্বদেহ সম্ভবং লিঙ্গিনোঽস্য জীবস্য শ্রদ্ধৎস্ব নিশ্চয়েন মন্যস্ব হে রাজন্ নহ্যননুভূতোঽর্থো মনস্প্রষ্টুং মনসি স্ফুরিতু মর্হতি তস্মাদ্বাল্যে দৃষ্টশ্রুতং বস্তু যথা বার্দ্ধকে স্ফুরতি তথৈব পূর্ব্ব পূর্ব্ব স্থূল দেহগত মেতদ্দেহস্থে মনসি স্ফুরতি চেত্তদেবেদং মনোনান্যদিতি জানীয়াদিতি ভাবঃ ॥ ৬৪ ॥ ৬৫ ॥

পরিগৃহীত হওয়াতে তদ্দ্বারাই পুনর্জন্ম হইয়া থাকে, অর্থাৎ মনোবিশিষ্ট অভিমন্তাই কর্ত্তা, অভিমানের বিষয় যে দেহ, তাহা দ্বার মাত্র ॥ ৬২ ॥

হে রাজন্ ! কর্ম্ম সকল পরক্ষণে নষ্ট হইয়া যায়, ইহাতে পরকালে সে সকলের ভোগ কি রূপে হইবে বলিয়া যে সংশয় প্রকাশ করিলে তদ্বিষয়ে আমার বক্তব্য এই, যেমন ইন্দ্রিয় সকলের জ্ঞান ও কর্ম্ম রূপ দ্বিবিধ প্রবৃত্তি দ্বারা চিত্তের অনুমান করা যায়, সেই রূপ চিত্ত বৃত্তি দ্বারা পূর্ব্ব দেহ জন্য কর্ম্ম সকলের অনুমান হইয়া থাকে ॥ ৬৩ ॥

অপর যে বস্তু যে প্রকার ও যৎ স্বরূপ তাহা যদি সেই প্রকারে ও তৎস্বরূপে এই দেহ দ্বারা কোথাও অনুভূত বা দৃষ্ট অথবা শ্রুত না হয়, তাহা হইলে কখন স্বপ্ন অথবা মনোরথ ইত্যাদিতে সেই বস্তুর উপলব্ধি হইতে পারে না ॥ ৬৪ ॥

তেনাস্য তাদৃশং রাজন্ লিঙ্গিনোদেহসম্ভবং। শ্রদ্ধৎস্বাননুভূতোর্থো ন মনঃ স্প্রষ্টু মর্হতি ॥ ৬৫
মনএব মনুষ্যস্য পূর্ব্ব রূপাণি শংসতি। ভবিষ্যতশ্চ ভদ্রন্তে তথৈব ন ভবিষ্যতঃ ॥ ৬৬ ॥
অদৃষ্টমশ্রুতঞ্চাত্র কচিন্মনসি দৃশ্যতে। যথা তথানুমন্তব্যং দেশকালক্রিয়াশ্রয়ং ॥ ৬৭ ॥

শ্রীধরস্বামী।

তেন হেতুনা অস্য লিঙ্গিনো বাসনাশ্রয়স্য জীবস্য তাদৃশং তদনুভবাদি যুক্তং পূর্ব্বদেহসম্ভবং শ্রদ্ধৎস্ব নিশ্চয়েন মন্যস্ব। নহ্যননুভূতোঽর্থো মনঃ স্প্রষ্টুং মনসি স্ফুরিতুমর্হতি ॥ ৬৫ ॥

কিঞ্চ মনোবৃত্ত্যৈব পূর্ব্বাপরাণি শুভাশুভ নিমিত্তানি শরীরাণি জ্ঞায়ন্ত ইত্যাহ মন এবেতি। ভদ্রন্ত ইতি সম্যগবধানার্থমাশিষাভিনন্দতি। ভবিষ্যতঃ উদ্ভবং প্রাপ্স্যতঃ নভবিষ্যতঃ নীচত্বং প্রাপ্স্যতোপি ভাবীনি রূপাণি শংসতি মন এবৌদার্য্য কার্পণ্যাদি বৃত্তিভিঃ পূর্ব্বমপ্যেবমাসীৎ পশ্চাদপ্যেবমেব ভবিষ্যতীতি জ্ঞাপয়তীত্যর্থঃ ॥ ৬৬ ॥

নন্থ কদাচিদ্দর্শনানর্হমপি স্বপ্নে প্রতীয়তে যথা পর্ব্বতাগ্রে সমুদ্রঃ দিবা নক্ষত্রাণি স্বশিরশ্ছেদ ইত্যাদি তত্রাহ অদৃষ্টমিতি। অন্য দেশাশ্রয়ঃ পর্ব্বতাগ্রে সমুদ্রঃ নিশাশ্রয়ং নক্ষত্রাদিকং দিবা অভ্যঙ্গাদি ক্রিয়াশ্রয়ং শিরশ্ছেদনাশ্রয়ং নিদ্রাদোষেণ প্রতীয়ত ইত্যনুমন্তব্যং পরস্যাপি মতে তদনুপপত্তে স্তুল্যত্বাদিতি ভাবঃ ॥ ৬৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ মনোবৃত্ত্যৈব পূর্ব্বাপরাণ্যশুভানি শুভানিচ শরীরাণি জ্ঞায়ন্ত ইত্যাহ মনএব কর্ত্তৃ উগ্রত্ব শান্তত্বাদিভিঃ কার্পণ্যৌদার্য্যাদিভিশ্চ মনুষ্যস্য পূর্ব্ব রূপাণি পূর্ব্ব পূর্ব্ব শরীরাণি পূর্ব্বমপ্যয়মেবাসীদিতি শংসতি কথয়তি ভবিষ্যতশ্চ তস্য ভাবীনি শরীরাণি এবমেবায়ং ভবিষ্যতীতি তথা জ্ঞান বৈরাগ্যাদি দৃষ্ট্যা পূর্ব্বমপ্যস্য শমদমাদ্যাসীৎ নভবিষ্যত ইতি পুনর্জনিষ্যমাণস্যাস্য মুক্তির্ভবিষ্যতীতি মনএব জ্ঞাপয়ত্যত একমেব মনোময়ং লিঙ্গ শরীরং নপুনঃ পুনর্জাতমিত্যর্থঃ। ভদ্রন্ত ইত্যেতৎ ত্বং বুদ্ধ্যস্বেতি কৃপয়া আশীর্ব্বাদঃ ॥ ৬৬ ॥

নন্থ কথং কদাচিদ্দর্শনানর্হমপি স্বপ্নে প্রতীয়তে যথা পর্ব্বতাগ্রে সমুদ্রঃ দিবা নক্ষত্রাণি স্বশিরশ্ছেদ ইত্যাদীন্যত আহ অদৃষ্টং দর্শনানর্হং অশ্রুতং শ্রবণানর্হং যথা যেন প্রকারেণ দৃশ্যতে। তথা তেনৈব প্রকারেণ দেশকালক্রিয়াশ্রয়ং তত্তদনুমন্তব্যং। তত্র অন্যদেশাশ্রয়ঃ সমুদ্রঃ পর্ব্বতাগ্রে। নিশাশ্রয়ং নক্ষত্রাদিকং। দিবা অভ্যঙ্গাদি ক্রিয়াশ্রয়ং শিরঃ খলু ছেদন ক্রিয়ায়াং ধাতু বৈষম্য প্রবুক্তয়া স্বপ্নগতয়া ভ্রান্ত্যা প্রতীতং ॥ ৬৭ ॥

অতএব বাসনাশ্রয় জীবের তত্তদনুভবাদি যুক্ত পূর্ব্বদেহ হইতে পারে ইহা বিশ্বাস কর, নচেৎ মনঃ অনুভূত বিষয় স্পর্শ করিতে কখন সমর্থ হইতে পারে না ॥ ৬৫ ॥

হে রাজন্! মনই মনুষ্যের পূর্ব্বরূপ সকল প্রকাশ করিয়া দেয়, আর মনই মনুষ্যের ভবিষ্যতে উন্নতি প্রাপ্তি অথবা নীচত্ব প্রাপ্তি হইলে যেমন যেমন রূপ হইবে তাহা ঔদার্য্য ও কার্পণ্যাদি বৃত্তি দ্বারা জানাইয়া থাকে অতএব কাহারও ঔদার্য্য বা কার্পণ্যাদি দেখিলেই লোকে বলিয়া থাকে এ ব্যক্তি পূর্ব্ব জন্মেও এরূপ ছিল পরেও এ প্রকার হইবে ॥ ৬৬ ॥

অপর যেমন কখন কখন অদৃষ্ট ও অশ্রুত বিষয়ও মনোমধ্যে প্রকাশমান হয়, সেই রূপ পর্ব্বতাগ্রে সমুদ্র, দিবসে নক্ষত্র দর্শন, আপনার শিরশ্ছেদন, ইত্যাদি অসম্ভব বিষয়ও দেশ কাল ও ক্রিয়া আশ্রয় করিয়া নিদ্রা দোষে স্বপ্নাবস্থায় প্রতীয়মান হইতে পারে ইহা স্বীকার করিতে হইবে ॥ ৬৭

সর্ব্বে ক্রমানুরোধেন মনসেন্দ্রিয়গোচরাঃ। আয়ান্তি বহুশোযান্তি সর্ব্বে সমনসোজনাঃ ॥ ৬৮ ॥
সত্ত্বৈকনিষ্ঠে মনসি ভগবৎপার্শ্ববর্ত্তিনি। তমশ্চন্দ্রমসীবেদমুপরজ্যাবভাসতে ॥ ৬৯ ॥
নাহং মমেতি ভাবোঽয়ং পুরুষে ব্যবধীয়তে। যাবদ্বুদ্ধি মনোঽক্ষার্থ গুণব্যূহো হ্যনাদিমান্ ॥ ৭০

শ্রীধরস্বামী।

নন্থ দরিদ্রঃ ক্বচিদাত্মানং মহারাজং পশ্যতি রাজাচ রঙ্কমাত্মানং পশ্যতি তৎকথমসম্ভাবিতং সঙ্গচ্ছেত তত্রাহ সর্ব্ব ইতি। আয়ান্তি ভোগ্যত্বেন প্রাপ্নুবন্তি যান্তিচ ভোগানন্তরং যদি কশ্চিদমনা ভবেৎ তর্হ্যেবং ন স্যাৎ। নত্বেতদস্তীত্যাহ সর্ব্বে সমনস ইতি। অতঃ সর্ব্বেষাং সমনস্কত্বাৎ মনসিচ সর্ব্বার্থানাং ক্রমেণ প্রবেশাৎ নাত্যন্তাদৃষ্টচরঃ কস্যাপি কশ্চিদর্থোঽস্তীত্যর্থঃ ॥ ৬৮ ॥

তদেবং সর্ব্বৈরপি সর্ব্বেঽর্থাঃ ক্রমেণ দৃশ্যন্ত ইত্যুক্তং। ইদানীং যুগপদপি সর্ব্বদর্শনং কদাচিদ্ভবতীত্যাহ সত্ত্বৈকনিষ্ঠ ইতি ভগবৎ পার্শ্ববর্ত্তিনি ভগবদ্ধ্যানপরে মনসি ইদং বিশ্বং উপরজ্য সংযোগমিব প্রাপ্যাবভাসতে প্রতীত্যনর্হস্যাপি কদাচিৎ প্রতীতৌ দৃষ্টান্তঃ। চন্দ্রমসি উপরজ্য তমোরাহুরিব তদিদং শুদ্ধে মনসি সর্ব্ববিষয় স্ফুরণং যোগিপ্রত্যক্ষ সিদ্ধমিতি প্রসিদ্ধঃ ॥ ৬৯ ॥

তদেবং স্থূলদেহ নাশেপি লিঙ্গদেহস্যানাশাৎ অন্যঃ কর্ত্তা অন্যো ভোক্তেতি দোষো নাস্তীত্যুক্তং তত্রৈবং শঙ্কতে। নন্থ লিঙ্গ দেহস্য স্থূলদেহ দ্বারেণৈব কর্ত্তৃত্ব ভোক্তৃত্বে নতু কেবলস্য তত্র কদাচিৎ স্থূলদেহাভাবে জীবস্য কর্ত্তৃত্ব ভোক্তৃত্বাভাবাৎ মুক্তিঃ প্রসজ্যেত তত্রাহ। অহং মমেতি ভাবঃ স্থূলদেহ সম্বন্ধঃ পুরুষে জীবে ন ব্যবধীয়তে নবিচ্ছিন্নো ভবতি। কিং পর্য্যন্তং বুদ্ধ্যাদীনাং

ক্রমসন্দর্ভঃ।

যা চেতন শ্রীভগবন্নিষ্ঠে চেতসিতু বিশ্বজীবাসংস্ফুরণমনাসঙ্গেনৈবেতি দৃষ্টান্তেনাহ সত্ত্বৈকেতি জীবাখ্য চিচ্ছক্তিবিশেষেণ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একেনৈব লিঙ্গদেহেন পরঃসহস্রান্ স্থূলদেহান্ প্রবিশ্য কালভেদেন এক এব যঃ কোপি জীবঃ সর্ব্বানেব বিষয় ভোগান্ ভুঙ্‌ক্তে ইত্যাহ সর্ব্বে ইতি সমনসঃ সলিঙ্গদেহাঃ ॥ ৬৮ ॥

তদেবং সর্ব্বৈরপি সর্ব্বেঽর্থাঃ ক্রমেণ দৃশ্যন্ত ইত্যুক্তং। ইদানীং যুগপদপি সর্ব্ব দর্শনং কদাচিদ্ভবতীত্যাহ সত্ত্বে শুদ্ধসত্ত্বে চিদ্বিভূতাবেব একা নিষ্ঠা নিতরাং স্থিতির্যস্য তথাভুতে মনসি ভগবৎ পার্শ্ববর্ত্তিনি সতি ইদং বিশ্বমুপরজ্য সংযোগমিব প্রাপ্যাবভাসতে ভগবান্ যথা বিশ্বং পশ্যতি তদা তদিচ্ছাবশাত্তদ্ভক্তোপি পশ্যতি যথা ব্রজেশ্বরী মৃদ্ভক্ষণ লীলায়ামিত্যর্থঃ। প্রতীত্যনর্হস্যাপি কদাচিৎ প্রতীতৌ দৃষ্টান্তঃ। চন্দ্রমসি উপরজ্য তমঃ রাহুরিব ॥ ৬৯ ॥

তদেবং স্থূলদেহ নাশেপি লিঙ্গদেহস্যানাশাদন্য কর্ত্তান্যো ভোক্তেতিঃ দোষোনাস্তীত্যুক্তং। তত্রৈবং শঙ্কতে নন্থ লিঙ্গদেহস্য স্থূলদেহ দ্বারেণৈব কর্ত্তৃত্বভোক্তৃত্বে দৃশ্যেতে নতু কেবলস্য তত্র কদাচিৎ স্থূলদেহাভাবে জীবস্য কর্ত্তৃত্বাদ্যভাবান্মুক্তিঃ প্রসজ্জেতেতি তত্রাহ নাহমিতি অহং মমেতি ভাবঃ স্থূলদেহ সম্বন্ধঃ পুরুষে জীবে ন ব্যবধীয়তে ন বিচ্ছিন্নো ভবতি কিং পর্য্যন্তং বুদ্ধি মনোঽক্ষার্থ

অপিচ সকল মনুষ্যেরই মন আছে এবং সকল বস্তুই ক্রমানুরোধে মন ও ইন্দ্রিয়ের গোচর হইয়া ভোগ্যত্ব রূপে উপস্থিত ও ভোগানন্তর গত হইয়া থাকে অতএব সকল পদার্থই ক্রমশঃ মনোমধ্যে প্রবিষ্ট হওয়াতে কোন বস্তুই কাহারও একান্ত অনুভূত নহে, সুতরাং স্বপ্নযোগে রাজার আপনাকে দরিদ্র করিয়া দর্শন ও দরিদ্রের আপনাকে মহারাজ করিয়া অবলোকন ইত্যাদিও অসম্ভব হইতে পারে না ॥ ৬৮ ॥

হে রাজন্! রাহু যেমন চন্দ্রের সহিত সংযুক্ত হইয়া প্রকাশ পায় তাহার ন্যায় সত্ত্বৈকনিষ্ঠ এবং ভগবদ্ধ্যান পরায়ণ যে মনঃ তাহাতে প্রত্যক্ষ পরিদৃশ্যমান এই, বিশ্ব সংযুক্তবৎ হইয়া প্রকাশ পাইয়া থাকে, ফলতঃ শুদ্ধ মনের মধ্যে বিষয়ের স্ফুরণ যোগিদের প্রত্যক্ষ সিদ্ধ, এ কথা প্রসিদ্ধই আছে ॥ ৬৯

অপর বুদ্ধি, মনঃ, ইন্দ্রিয় বিষয় ও গুণ এই সকলের পরিণাম যাবৎ থাকে, তাবৎ পর্য্যন্ত "আমি আমার" এই ভাব অর্থাৎ স্থূল দেহ সম্বন্ধ বিচ্ছিন্ন হয় না, অতএব কদাচিৎ কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব বিরহে

সুপ্তি মূর্চ্ছোপতাপেষু প্রাণায়নবিঘাততঃ। নেহতেহমিতি জ্ঞানং মৃত্যু প্রজ্বারয়োরপি ॥ ৭১ ॥
গর্ভে বাল্যে প্যপৌষ্কল্যাদেকাদশ বিধং তদা। লিঙ্গং ন দৃশ্যতে যূনঃ কুহ্বাং চন্দ্রমসো যথা ॥ ৭২
অর্থে হ্যবিদ্যমানেপি সংসৃতির্ন নিবর্ত্ততে। ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা ॥ ৭৩ ॥

শ্রীধরস্বামী।

ব্যূহঃ পরিণামো লিঙ্গং যাবদস্তি। ন আদিমান্ অনাদিমান্ ॥ ৭০ ॥

স্বাপাদাবহঙ্কারাদ্যভাবাৎ তৎবিচ্ছেদমাশঙ্ক্যাহ দ্বাভ্যাং। সুপ্ত্যাদিষু উপতাপঃ ইষ্টবিয়োগাদি দুঃখং তেষু অহমিতি জ্ঞানং অহঙ্কারঃ নেহতে ন প্রকাশতে প্রাণায়নানামিন্দ্রিয়াণাং বিঘাতাৎ। ইন্দ্রিয়ৈরিদমহঙ্কারাস্পদ বস্তু গ্রহণে হ্যহঙ্কারঃ স্ফুরতি নান্যথেত্যর্থঃ ॥ ৭১ ॥

অপৌষ্কল্যাৎ অসংপূর্ণত্বাৎ প্রাণায়নানামিতি শেষঃ। যূনস্তরুণস্য যদেকাদশবিধং একাদশেন্দ্রিয়ৈঃ স্ফুটং লিঙ্গমহঙ্করণং তন্ন দৃশ্যতে। সতোপ্যনভিব্যক্তৌ দৃষ্টান্তঃ কুহ্বামমাবস্যায়াং চন্দ্রমসো লিঙ্গং রূপমিব ॥ ৭২ ॥

তস্মাদহঙ্কারাস্পদস্য স্থূলদেহস্যাবিচ্ছেদাদ্বস্তুভূতার্থা ভাবেপি সংসৃতি নিবৃত্তির্নাস্তীত্যাহ অর্থেহীতি ॥ ৭৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

জীবো ব্যাবহারিকঃ ॥ ৬৯। ৭০। ৭১। ৭২। ৭৩। ৭৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রূপোগুণ ব্যূহোগুণ পরিণামো লিঙ্গং যাবদস্তি। নন্বয়ং কদারভ্য প্রবৃত্তস্তত্রাহ অনাদিমান্ অবিজ্ঞাতাদিকালঃ ॥ ৭০ ॥

নন্থ লিঙ্গদেহ সদ্ভাবে এব পরঃ সহস্রাণাং স্থূলদেহানাং নাশ উদ্ভবশ্চ যথা ভবতি তথাস্থূলদেহসদ্ভাবেপি প্রতি সুষুপ্তি সূক্ষ্ম দেহানাং নাশঃ সুষুপ্ত্যন্তে চোদ্ভবশ্চ কথং ন ক্রমস্তত্রাহ সুপ্তীতি দ্বাভ্যাং উপতাপ ইষ্টবিয়োগাদি দুঃখং সুপ্ত্যাদিষু প্রাণানাং অয়নং ইন্দ্রিয়েষু সঞ্চলনং তস্য বিঘাতাৎ বিঘাতজন্যাদিন্দ্রিয়াণাং স্বস্ব ব্যাপারাসামর্থ্যাৎ অহমিতি জ্ঞানং অহঙ্কারঃ অহমমুক ইতি জ্ঞানং নেহতে ন প্রকাশতে তত্র সুষুপ্তৌ মন আদি সর্ব্বেন্দ্রিয়েষু প্রাণসঞ্চারণাভাবঃ স্বপ্নে বহির্জ্ঞানেন্দ্রিয়েম্বেবেতি জ্ঞেয়ং। মৃত্যু প্রজ্বারাভ্যাং জনিতে কষ্টেপি সুষুপ্ত্যাদিষু যথা পূর্ব্বং বিঘাতাধিক্যং নতু লিঙ্গস্যাভাবঃ ॥ ৭১ ॥

অপৌষ্কল্যাৎ অসম্পূর্ণত্বাৎ ইন্দ্রিয়ায়তনানামিতি শেষঃ। যূন তরুণস্য যদেকাদশ বিধং একাদশেন্দ্রিয়ৈঃ স্ফুটং লিঙ্গদেহ মহঙ্কার. কারণং তন্ন দৃশ্যতে। সতোপ্যনভিব্যক্তৌ দৃষ্টান্তঃ। কুহ্বামমাবস্যায়াং চন্দ্রমসোলিঙ্গং রূপমিব ॥ ৭২ ॥

এবং সুষুপ্ত্যাদিষু লিঙ্গস্য বিঘাতএব নত্বভাবঃ। যেচ সুষুপ্তি প্রলয়য়োর্লিঙ্গস্য প্রকৃতৌ লয়াদভাবমাহুস্তন্মতেপি জীবস্য তদা ন মুক্তিঃ কিন্তু সংসার এবেতি সদৃষ্টান্তমাহ অর্থে লিঙ্গশরীরে বিষয়ধ্যানাদনিবৃত্তস্য পুংসঃ স্বপ্নে বিষয়াভাবেপি বিষয় গ্রহণ রূপস্যানর্থস্য যথা আগমনং তথৈব সুষুপ্তৌ লিঙ্গলয়েপি অবিদ্যা তৎ সংস্কারাণামপগমাৎ ন মুক্তিঃ কিন্তু সংসার এবেত্যর্থঃ ॥ ৭৩

মুক্তি প্রসঙ্গ হয় এমত আশঙ্কাও করিতে পার না ॥ ৭০ ॥

আর নিদ্রা মূর্চ্ছা ও উপতাপ (ইষ্ট বিয়োগ জন্য দুঃখ) তথা মৃত্যু ও জরা এই সকল অবস্থায় ইন্দ্রিয় দ্বারা যখন অহঙ্কারাস্পদ বস্তু গ্রহণ হয় তখনই অহঙ্কারের স্ফূর্ত্তি হইয়া থাকে, অন্যথা হয় না, অতএব নিদ্রাদি অবস্থায় অহঙ্কার একেবারে থাকে না এমত মনে করিও না ॥ ৭১ ॥

রাজন্! যুবা পুরুষের একাদশ ইন্দ্রিয় দ্বারা যে রূপ অহঙ্কার সুব্যক্ত দৃষ্ট হয় অমাবস্যায় চন্দ্রকলার ন্যায় গর্ব্ভে ও বাল্যাবস্থায় ইন্দ্রিয় সকল সম্পূর্ণ না হওয়াতে উহা তদ্রূপ দৃষ্ট হয় না ॥ ৭২

অতএব অহঙ্কারাস্পদ যে স্থূল দেহ, তাহার বিচ্ছেদ না হওয়াতে যদিও বিষয় সকল বস্তুতঃ বিদ্যমান থাকে না, তথাচ সংসার নিবৃত্ত হয় না, বিষয় ধ্যানকারি পুরুষের যেমন স্বপ্নে অর্থাগম হয় তাহার ন্যায়, প্রকারান্তরে সংসার বিদ্যমান থাকে ॥ ৭৩ ॥

এবং পঞ্চবিধং লিঙ্গং ত্রিবৃৎ ষোড়শবিস্তৃতং । এষ চেতনয়া যুক্তো জীব ইত্যভিধীয়তে ।
অনেন পুরুষোদেহানুপাদত্তে বিমুঞ্চতি । হর্ষং শোকং ভয়ং দুঃখং সুখঞ্চানেন বিন্দতি ॥ ৭৪ ॥
যথা তৃণজলৌকেয়ং নাপযাত্যপযাতিচ । নত্যজেন্মিয়মাণোপি প্রাগ্দেহাভিমতিং জনঃ ।
যাবদন্যং ন বিন্দেত ব্যবধানেন কর্ম্মণাং ॥ ৭৫ ॥
মনএব মনুষ্যেন্দ্র ভূতানাং ভবভাবনং ॥ ৭৬ ॥
যদাক্ষৈশ্চরিতান্ ধ্যায়ন্ কর্ম্মাণ্যারভতেঽসকৃৎ । সতি কর্ম্মণ্যবিদ্যায়াং বন্ধঃ কর্ম্মণ্যনাত্মনঃ ॥ ৭৭

শ্রীধরস্বামী ।

যাবল্লিঙ্গং স্থূলদেহাবিচ্ছেদাৎ সংসারান্নিবৃত্তিরিত্যেতৎ প্রপঞ্চয়তি এবমিতি সার্দ্ধৈস্ত্রিভিঃ । পঞ্চ তন্মাত্রাত্মকং ত্রিবৃৎ ত্রিগুণং ষোড়শ বিকারাত্মনা বিস্তৃতং ॥ ৭৪ ॥

নন্বেকং দেহং বিসৃজ্য দেহান্তর প্রবেশাৎ পূর্ব্বং বিদেহতা স্যাদেব অত আহ যথেতি । নাপযাতি পূর্ব্বতৃণস্যাত্যাগাৎ অপযাতিচ তৃণান্তর ধারণাৎ তথা নত্যজেৎ অন্যং দেহং কর্ম্মণাং প্রাগ্দেহারম্ভকাণাং ব্যবধানেন বিচ্ছেদেন সমাপ্ত্যা ॥ ৭৫ ॥

প্রকরণার্থমুপসংহরতি মনএবেতি । ভবভাবনং সংসারহেতুঃ ॥ ৭৬ ॥

কথং সতি তদাহ যদেতি চরিতান্ উপভুক্তান্ যতঃ কর্ম্মণি সতি নম্বসঙ্গস্য কুতঃ কর্ম্ম তত্রাহ অবিদ্যায়াং সত্যাং অনাত্মনো দেহাদেঃ কর্ম্মণি বন্ধো ভবতি ॥ ৭৭ ॥

ক্রমসন্দর্ভঃ ।

যথেত্তি সার্দ্ধকং ॥ ৭৫ ॥
মন ইত্যর্দ্ধকং ॥ ৭৬ ॥
অবিদ্যায়াং সত্যামিতি যথা সংমোহিতো জীব ইতি ন্যায়েন সঙ্গমনীয়ং ॥ ৭৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

লিঙ্গশরীরমেব কিং তত্রাহ এবমিতি পঞ্চবিধং পঞ্চপ্রাণা বিধা বিদধতশ্চেষ্টাং কুর্ব্বন্তো যত্র তৎ । ত্রিবৃৎ ত্রিগুণং ষোড়শ বিকারাত্মনা বিস্তৃতং জীবোলিঙ্গদেহঃ ॥ ৭৪ ॥

দেহত্যাগ দেহান্তর প্রবেশয়োর্মধ্য ক্ষণেপ্যভিমানাবিচ্ছেদমাহ যথেতি নাপযাতি পূর্ব্বতৃণস্যাত্যাগাৎ অপযাতিচ তৃণান্তর ধারণাৎ কর্ম্মণামুত্তরদেহারম্ভকাণাং ব্যবধানেন বিশেষতো ধারণেন ॥ ৭৫ ॥

প্রকরণমুপসংহরতি মন এবেতি ভবভাবনং সংসারহেতুঃ ॥ ৭৬ ॥

কেন প্রকারেণেত্যত আহ যদেতি । চরিতান্ উপভুক্তান্ পদার্থান যতঃ কর্ম্মণি একস্মিন্নপি বীজরূপে স্থিতে সতি অবিদ্যায়াং সত্যাং অনাত্মনো দেহাদেঃ কর্ম্মণি বন্ধো ভবতি ॥ ৭৭ ॥

রাজন্! পঞ্চতন্মাত্র স্বরূপ এবং ত্রিগুণ ও ষোড়শ বিকারে বিস্তৃত লিঙ্গদেহ এই প্রকারে চেতনার সহিত সংযুক্ত হইলে তাহাকে জীব বলা যায়। এই লিঙ্গ দ্বারাই পুরুষ স্থূল দেহ সকল গ্রহণ ও পরিত্যাগ করিয়া থাকে। আর ইহা দ্বারাই, শোক, হর্ষ, সুখ, দুঃখ ও ভয় প্রাপ্ত হয় ॥ ৭৪ ॥

যেমন তৃণজলৌকা পূর্ব্ব তৃণ একেবারে পরিত্যাগ করে না, তৃণান্তর ধারণ করিয়াই ত্যাগ করে, তাহার ন্যায় পুরুষ ম্রিয়মাণ হইলে পূর্ব্বদেহের আরম্ভক কর্ম্ম সকলের সমাপন দ্বারা যাবৎ অন্য দেহ অবলম্বন না হয় তাবৎ পূর্ব্বদেহাভিমান পরিত্যাগ করে না ॥ ৭৫ ॥

হে নরনাথ ! বস্তুতঃ মনই প্রাণি সকলের সংসার কারণ ॥ ৭৬ ॥

ইন্দ্রিয় সকল দ্বারা যে সমস্ত বিষয় উপভুক্ত হয় তাহার ধ্যান করিয়াই পুরুষ পুনঃ পুনঃ কর্ম্ম আরম্ভ করিয়া থাকে, যে হেতু কর্ম্ম থাকিলেই অবিদ্যা থাকে, অবিদ্যা থাকিলেই দেহাদির কর্ম্মেতে বন্ধন হয় ॥ ৭৭ ॥

অতস্তদপবাদার্থং ভজ সর্ব্বাত্মনা হরিং। পশ্যংস্তদাত্মকং বিশ্বং স্থিত্যুৎপত্ত্যপ্যয়া যতঃ ॥ ৭৮॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ভাগবত মুখ্যোভগবান্নারদোহংসয়োর্গতিং। প্রদর্শ্য নৃপমামন্ত্র্য সিদ্ধলোকং ততোগমৎ ॥ ৭৯॥

প্রাচিনবর্হী রাজর্ষিঃ প্রজাসর্গাভিরক্ষণে। আদিশ্য পুত্রানগমৎ তপসে কপিলাশ্রমং।

তত্রৈকাগ্রমনা ধীরো গোবিন্দচরণাম্বুজং। বিমুক্তসঙ্গোঽনুভজন্ ভক্ত্যা তৎ সাম্যতামগাৎ।

এতদধ্যাত্মপারোক্ষ্যং গীতং দেবর্ষিণানঘ। যঃ শ্রাবয়েৎ যঃ শৃণুয়াৎ সলিঙ্গেন বিমুচ্যতে ॥ ৮০

শ্রীধরস্বামী।

বিশ্বস্থিত্যাদয়ো যতো হরের্ভবন্তি ॥ ৭৮ ॥

হংসয়ো র্জীবেশ্বরয়োঃ ॥ ৭৯ ॥

পুত্রান্ আদিশ্যেতি পুত্রাণামাদেশং মন্ত্রিণামগ্রে কথয়িত্বা ॥ ৮০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতস্তদপবাদার্থমিত্যত্র ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপেতস্য ইত্যাদিকমুপজীব্যং ॥ ৭৮ ॥

তৎসাম্যং তৎ সারূপ্যং ॥ ৭৯। ৮০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হংসয়োর্জীবেশ্বরয়োঃ ॥ ৭৮ ॥

পুত্রাণাদিশ্যেতি পুত্রাণামাদেশং মন্ত্রিণামগ্রে কথয়িত্বা পুত্রাণাং তদা তত্রানাগমনাৎ ॥ ৭৯ ॥

সাম্যতাং সাম্যং সারূপ্যং ॥

এতদুপাখ্যানং মুকুন্দযশসা কর্ম্মাদিভ্যো ভক্ত্যুৎকর্ষ রূপেণ তস্মিন্মহন্মুখরিতা মধুভিচ্চরিত্রেত্যাদিনা ব্যঞ্জিতেন বা পারমেষ্ঠ্যং পরমেষ্ঠিনঃ কর্ম্ম। পরমেষ্ঠিনাপ্যেতন্নিত্যং কীর্ত্ত্যত ইত্যর্থঃ তৎকৃতং বা ॥ ৮০ ॥

অতএব ঐ অবিদ্যার নিবারণার্থ সর্ব্বান্তঃকরণে ভগবান্ হরির ভজনা কর এবং এই বিশ্বকে তন্ময় দেখ, তাঁহা হইতেই সৃষ্টি স্থিতি প্রলয় হইতেছে ॥ ৭৮ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ভাগবত প্রধান ভগবান্ নারদ এই প্রকারে জীব ও ঈশ্বরের গতি উপদেশ দিলেন, তদনন্তর প্রাচীনবর্হি নৃপতিকে আমন্ত্রণ করিয়া তথা হইতে সিদ্ধলোকে প্রস্থান করিলেন ॥ ৭৯ ॥

তাহার পর রাজর্ষি প্রাচীনবর্হিঃ মন্ত্রিদিগকে আহ্বান করিয়া তাহাদের অগ্রে কহিলেন আমার পুত্রদিগকে প্রজা সৃষ্টির রক্ষণাবেক্ষণ করিতে কহিও। এই রূপে আপনার পুত্রদের প্রতি আদেশ করিয়া তপস্যার্থ কপিলাশ্রমে গমন করিলেন। সেই আশ্রমে সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক একাগ্রমনা হইয়া ভগবান্ গোবিন্দের চরণাম্বুজ আরাধনা করিয়াছিলেন, তাহাতে ঐকান্তিকী ভক্তি প্রভাবে অচিরেই তাঁহার ভগবৎ সাম্য লাভ হইল। বৎস বিদুর! দেবর্ষি নারদ এই প্রকারে পরোক্ষ অধ্যাত্ম তত্ত্বের বর্ণন করিয়া কহিলেন; যে ব্যক্তি ইহা শ্রবণ করিবে অথবা কাহাকেও শ্রবণ করাইবে সে লিঙ্গ দেহ হইতে বিমুক্ত হইবে সন্দেহ নাই ॥ ৮০ ॥

এতন্মুকুন্দযশসা ভুবনং পুনানং দেবর্ষিবর্য্য মুখনিঃসৃতমাত্মশৌচং।
যঃ কীর্ত্ত্যমানমধিগচ্ছতি পারমেষ্ঠ্যং নাস্মিন্ ভবে ভ্রমতি মুক্তসমস্তবন্ধঃ ॥ ৮১ ॥
আধ্যাত্ম পারোক্ষ্যমিদং ময়াধিগতমদ্ভুতং। এবং সস্ত্র্যাশ্রয়ঃ পুংসশ্ছিন্নোঽমুত্রচ সংশয়ঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে শ্রীনারদ প্রাচীনবর্হিঃ সম্বাদে পুরঞ্জনোপাখ্যানে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৯ ॥ * ॥

শ্রীবিদুর উবাচ ॥
যে ত্বয়াভিহিতা ব্রহ্মন্ সুতাঃ প্রাচীনবর্হিষঃ। তে রুদ্রগীতেন হরিং সিদ্ধিমাপুঃ প্রতোষ্য কাং ॥ ১

শ্রীধরস্বামী।

আত্মশৌচং মনঃ শোধকং পারমেষ্ঠ্যং সর্ব্বোৎকৃষ্টফলদং ॥ ৮১ ॥

স্ত্রীবুদ্ধি তৎ সহিতস্যাত্মন আশ্রয়োঽহঙ্কারশ্ছিন্নোভবতি। অমুত্র কর্ম্মফল ভোগঃ কথমিতি সংশয়শ্ছিন্নঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একোনত্রিংশঃ ॥ * ॥

প্রসঙ্গাৎ পঞ্চভিঃ প্রোক্তং বৃত্তং প্রাচীনবর্হিষঃ। বর্ণ্যতেঽ পুনর্দ্বাভ্যাং প্রস্তুতং তৎ প্রচেতসাং। তত্র ত্রিংশে তপ স্তুষ্টাদীশাল্লব্ধবরাস্ততঃ। আগত্য বার্ক্ষীমুদ্বাহ্য রাজ্যং চক্রুরিতীর্য্যতে ॥ ০ ॥
হরিং প্রতোষ্য কাং সিদ্ধিমাপুঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

মুকুন্দযশসা। তস্মিন্মহন্মুখরিতা ইত্যাদিনা লক্ষণেন তদ্যশো মহিম্না ॥ ৮১ ॥ স্ত্রিয়াশ্রম ইতি ছান্দস ইয়ঙাদেশঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য একোনত্রিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ত্রীবুদ্ধিস্তৎসহিতস্যাশ্রমোঽহঙ্কারঃ পক্ষে গার্হস্থ্য লক্ষণঃ অমুত্র কর্ম্ম ফলভোগঃ কথমিতি সংশয়শ্চ ছিন্নঃ ॥ ৮১। ৮২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থ একোনত্রিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ত্রিংশে প্রচেতসোলব্ধবরাঃ স্তুত্যা হরের্জনাৎ। গত্বা দগ্ধ্বা তরূন্ বার্ক্ষীং লব্ধ্বা রাজ্যং মুদা ব্যধুঃ ॥ ০ ॥

প্রচেতসাং কথামধ্যে এব তৎ পিতুঃ প্রাচীনবর্হিষঃ। নারদোপদেশাদুদ্ধারমাকর্ণ্য পুনস্তেষামেবাবশিষ্টাং কথাং শুশ্রূষতে যে ইতি। হরিং প্রতোষ্য কাং সিদ্ধিমাপুঃ ॥ ১ ॥

অপিচ হে বৎস! দেবর্ষি শ্রেষ্ঠ নারদের মুখনিঃসৃত এই অধ্যাত্মতত্ত্ব ভগবান্ মুকুন্দের যশে ত্রিভুবন পবিত্র করে এবং ইহা মনের সংশোধক। কোন ব্যক্তি ইহা কীর্ত্তন করিলে, যিনি শ্রবণ করিবেন, তাঁহার সমস্ত বন্ধন মোচন হইবে, এ সংসারে আর কখন তাঁহাকে ভ্রমণ করিতে হইবে না ॥৮১ ॥

বৎস! এই পরোক্ষ অদ্ভুত অধ্যাত্ম তত্ত্ব বৃত্তান্ত আমিই প্রাপ্ত হইয়াছিলাম, ইহার দ্বারা বুদ্ধিযুক্ত আত্মার অহঙ্কার ছিন্ন হয় এবং পরকালে কি প্রকারে কর্ম্ম ভোগ হয় এরূপ সংশয় দূরীভূত হইয়া যায় ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ঊনত্রিংশ ॥ * ॥

ত্রিংশদধ্যায়ে তপস্যায় তুষ্ট পরমেশ্বর সন্নিধানে বর লাভানন্তর প্রত্যাগমন করিয়া বৃক্ষোৎপন্না কন্যার পাণিগ্রহণ পূর্ব্বক প্রাচীনবর্হিঃ পুত্রদের রাজ্য করণ ॥ ০ ॥

বিদুর জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! আপনি প্রাচীনবর্হিঃ রাজার যে সকল পুত্রদের কথা কহিলেন, তাঁহারা রুদ্রগীত জপ দ্বারা ভগবান্ হরিকে পরিতুষ্ট করিয়া কি রূপ সিদ্ধি প্রাপ্ত হন? ॥ ১ ॥

কিং বার্হস্পত্যেহ পরত্র বাথ কৈবল্যনাথ প্রিয়পার্শ্ববর্ত্তিনঃ।
আসাদ্য দেবং গিরিশং যদৃচ্ছয়া প্রাপুঃ পরং নূনমথ প্রচেতসঃ ॥ ২ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
প্রচেতসোন্তরুদধৌ পিতুরাদেশকারিণঃ। জপযজ্ঞেন তপসা পুরঞ্জনমতোষয়ন্ ॥ ৩ ॥
দশবর্ষ সহস্রান্তে পুরষস্তু সনাতনঃ। তেষামাবিরভূৎ কৃচ্ছ্রং শান্তেন শময়ন্ রুচা ॥ ৪ ॥
সুপর্ণস্কন্ধমারূঢ়ো মেরুশৃঙ্গমিবাম্বুদঃ। পীতবাসা মণিগ্রীবঃ কুর্ব্বন্ বিতিমিরা দিশঃ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

হে বার্হস্পত্য কস্তাঙ্কিদ্বিদ্যায়াং বৃহস্পতের্মৈত্রেয়ঃ শিষ্য ইতি জ্ঞাতব্যং তে যদৃচ্ছয়া গিরিশং প্রাপ্য তস্যৈব কৈবল্যনাথ প্রিয়স্য গিরিশস্য পার্শ্ববর্ত্তিনস্তদনুগৃহীতাঃ সন্তোনূনং পরং মোক্ষং প্রাপুরেব ততঃ পূর্ব্বন্তু ইহ অথবা পরত্র কিং প্রাপুঃ ॥ ২ ॥

রুদ্রগীত জপরূপেণ যজ্ঞেন তপসাচ পুরঞ্জনং হরিং ॥ ৩ ॥

তেষাং কৃচ্ছ্রং তপঃ ক্লেশং রুচা কান্ত্যা শময়ন্ শান্তেন সত্ত্বেন বপুষা আবির্ভূতঃ ॥ ৪ ॥

সুপর্ণস্কন্ধমারূঢ় ইত্যাদীনাং বর্হিষ্মতঃ সুতানাহেতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

সুপর্ণেতি ত্রিকং। কাশিষ্ণুনা ভ্রাজমানেন। কনক বর্ণেনালৌকিকত্বান্ন তু কনকময়েনেত্যর্থঃ। তেন বিভূষণেন কুণ্ডলাদিনা। পূর্ব্বং শ্রীরুদ্রোপদিষ্ট পরম ব্যোমাখ্য মহাবৈকুণ্ঠাধিপ চতুর্ভুজত্বেন ধ্যানস্যাপি শ্রীভগবতোঽষ্টভুজত্বেনাবির্ভাবস্যাভিপ্রায়োয়ং। নাধুনা ভবদত্যন্তাভীষ্ট দানার্থ সহসাবিভূ র্তঃ। কিন্তু আপাত সান্ত্বনাদ্যর্থমেবেতি ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে বার্হস্পত্য। কস্তাঙ্কিদ্বিদ্যায়ামুদ্ধবমৈত্রেয়ৌ বৃহস্পতেঃ শিষ্যাবিতি প্রসিদ্ধেঃ প্রচেতসঃ ইহ লোকে পরত্রচ কিং পরং শ্রেষ্ঠং বস্তু প্রাপুঃ কিং কৃত্বা যদৃচ্ছয়ৈব গিরিশং দেবমাসাদ্য কীদৃশাঃ কৈবল্যনাথস্য প্রিয়াঃ পার্শ্ববর্ত্তিনশ্চ ॥ ২ ॥

রুদ্রগীতরূপেণ জপযজ্ঞেন পুরঞ্জনং হরিং ॥ ৩ ॥

শান্তেন শান্তয়া রুচা ॥ ৪। ৫ ॥

হে ব্রহ্মন্! আপনি বৃহস্পতির শিষ্য, সকল জানেন, ঐ সকল রাজপুত্র তপঃ প্রভাবে ভগবান্ গিরিশকে প্রাপ্ত হইয়া কৈবল্যনাথ প্রিয় সেই মহেশ্বরের অনুগ্রহে পার্শ্ববর্ত্তী অর্থাৎ অনুগ্রহ ভাজন হওত অবশ্য মোক্ষ প্রাপ্ত হইয়া থাকিবেন। কিন্তু তাহার পূর্ব্বে ইহলোকে ও পরলোকে কি প্রাপ্ত হয়েন ? ॥ ২ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! প্রচেতারা আপনাদের পিতার আদেশ পালন করতঃ সমুদ্রের জল মধ্যে থাকিয়া রুদ্রগীত জপ যজ্ঞ ও তপস্যা দ্বারা ভগবান্ হরির পরিতোষ জন্মাইতেছিলেন ॥ ৩ ॥

দশ সহস্র বৎসর তপস্যা করিলে সনাতন পুরুষ ভগবান্ বিষ্ণু স্বীয় কান্তি দ্বারা তাহাদের তপঃ ক্লেশ শান্তি করত সত্ত্ব মূর্ত্তি অবলম্বন করিয়া সমক্ষে আবির্ভূত হইলেন ॥ ৪ ॥

মেঘ যেমন সুমেরু শৃঙ্গের উপরে থাকে তাহার ন্যায় তিনি গরুড়ের স্কন্ধে আরূঢ় হইয়াছিলেন, তাঁহার পরিধান পীতবসন, গলদেশে কৌস্তুভ মণি, অঙ্গকান্তি দ্বারা দিক্ সকল প্রকাশ পাইতেছিল ॥ ৫ ॥

কাশিষ্ণুনা কনকবর্ণ বিভূষণেন ভ্রাজৎকপোলবদনো বিলসৎ কিরীটঃ ।
অষ্টায়ুধৈরনুচরৈর্মুনিভিঃ সুরেন্দ্রৈরাসেবিতো গরুড়কিন্নরগীতকীর্ত্তিঃ ॥ ৬ ॥
পীনায়তাষ্ট ভুজমণ্ডল মধ্য লক্ষ্ম্যা স্পর্দ্ধৎ শ্রিয়া পরিবৃতো বনমালয়াদ্যঃ ।
বর্হিষ্মতঃ পুরুষ আহ সুতান্ প্রপন্নান্ পর্জন্যনাদরুতয়া সঘৃণাবলোকঃ ॥ ৭ ॥
শ্রীভগবানুবাচ ॥
বরং বৃণীধ্বং ভদ্রং বো যূয়ং মে নৃপনন্দনাঃ । সৌহার্দ্দেনাপৃথগ্ধর্ম্মা স্তুষ্টোঽহং সৌহৃদেন বঃ ॥ ৮ ॥
যোঽনুস্মরতি সন্ধ্যায়াং যুষ্মাননুদিনং নরঃ । তস্য ভ্রাতৃষ্বাত্মসাম্যং তথা ভূতেষু সৌহৃদং ॥ ৯ ॥

শ্রীধরস্বামী ।

কনকময়েন বর্ণবতা বিভূষণেন ভ্রাজমানং কপোলং বদনং চ যস্য । অষ্টভিরায়ুধৈঃ গরুড়এব কিন্নরঃ তেন পক্ষস্বনৈ র্গীতা কীর্ত্তির্যস্য ॥ ৬ ॥

পীনাশ্চ যে আয়তা অষ্টৌ ভুজা স্তেষাং মণ্ডলং সমূহঃ তন্মধ্যে স্থিতয়া লক্ষ্ম্যা স্পর্দ্ধমানা শ্রীঃ শোভা যস্যাঃ তয়া বনমালয়া পরিবৃতঃ আদ্যঃ পুরুষঃ আহ পর্জন্যস্য নাদ ইব রুতং নাদো যস্যা স্তয়া বাচা সঘৃণোঽবলোকো যস্য ॥ ৭ ॥

যূয়ং মে মত্তো বৃণীধ্বং সৌহার্দ্দেন হেতুনা ২ পৃথগ্ধর্ম্মো যেষাং তেষাং সম্বোধনং বঃ পরস্পরং সৌহৃদেন তুষ্টোঽহং ॥ ৮ ॥

ভূতেষু সৌহৃদঞ্চ ভবিষ্যতি ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ ।

স্বাভাবিকেন সৌহার্দ্দেন হেতুনা বো যুষ্মাকং মদুপাসকানামিত্যর্থঃ । সৌহৃদেন বৈশিষ্ট্যং প্রাপ্তেন তেন তুষ্টোঽহং যথা ন তথা মদুপাসনয়াপীত্যর্থঃ ॥ ৮ ॥

ভ্রাতৃষু সমবাসনং মদ্ভক্তেষু আত্মসাম্যং স্বাত্মনীব পরস্পর স্নেহং ॥ ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

কনকময়েন বর্ণবতা নানা রত্ন জটিতত্বেন নানা বর্ণবতা বিভূষণেন কুণ্ডলাদিনা ভুজমণ্ডলমধ্যে লক্ষ্মীঃ শোভা যস্যা স্তয়া । স্পর্দ্ধন্তী স্পর্দ্ধমানা শ্রীর্লক্ষ্মীর্যয়া তয়া । আদ্যঃ পুরুষঃ । পর্জন্যনাদ ইব রুতং নাদোযস্যা স্তয়া বাচা আহ । স কৃপাবলোকঃ ॥৬।৭।৮।৯॥

অপর উজ্জ্বল কনকময় ভূষণ দ্বারা বদন ও কপোল মনোহর শোভা প্রকাশ করিতেছিল এবং মস্তকে চমৎকার কিরীট দেদীপ্যমান রহিয়াছিল। আর অষ্টহস্তে অস্ত্র সকল আশ্চর্য্য রূপে শোভা পাইতেছিল। অপিচ অনুচর মুনিগণ এবং প্রধান প্রধান দেবগণ চারিদিকে সেবা করিতেছিলেন, আর গরুড় স্বয়ং কিন্নর স্বরূপ হইয়া পক্ষ শব্দ দ্বারা তাঁহার কীর্ত্তি গান করিতেছিল ॥ ৬ ॥

অপর তিনি যে বনমালায় পরিবৃত ছিলেন, তাহার শোভা সামান্য হয় নাই, পীন অথচ আয়ত যে আট্‌টী বাহু তৎ সমুদায়ের মধ্যস্থিত লক্ষ্মীর সহিত স্পর্দ্ধা করিতেছিল। বৎস বিদুর! ঐ প্রকার ঐশ্বর্য্য শালী সেই আদ্য পুরুষ সদয়াবলোকন পূর্ব্বক মেঘ গম্ভীর বাক্য দ্বারা প্রাচীনবর্হি'র পুত্রদিগকে সম্বোধন করিয়া কহিলেন ॥ ৭ ॥

অহে নৃপনন্দনগণ! তোমাদের পরস্পর সৌহার্দ্দ হেতু এক প্রকারই ধর্ম্ম, অতএব এই সৌহৃদ্যে আমি যথেষ্ট সন্তুষ্ট হইলাম, তোমাদের মঙ্গল হউক, আমার নিকট অভিলষিত বর প্রার্থনা কর ॥ ৮ ॥

হে রাজপুত্র সকল! তোমরা আমার অতিশয় প্রিয়পাত্র, তোমাদের সম্মানার্থ আমি এই এক বর দিতেছি, যে মানব অনুদিন সন্ধ্যাকালে তোমাদিগকে স্মরণ করিবে তাহার ভ্রাতৃ প্রতি আত্ম তুল্য স্নেহ এবং প্রাণি সকলে সৌহৃদ্য হইবে ॥ ৯ ॥

যে তু মাং রুদ্রগীতেন সায়ং প্রাতঃ সমাহিতাঃ। স্তুবন্ত্যহং কামবরান্ দাস্যে প্রজ্ঞাঞ্চ শোভনাং ॥ ১০ ॥
যদ্যূয়ং পিতুরাদেশমগ্রহীষ্ট মুদান্বিতাঃ। অথোব উশতীকীর্ত্তি লোঁকাননু ভবিষ্যতি ॥ ১১ ॥
ভবিতা বিশ্রুতঃ পুত্রোঽনবমো ব্রহ্মণো গুণৈঃ। য এতামাত্মবীর্য্যেণ ত্রিলোকীং পূরয়িষ্যতি ॥১২
কণ্ডোঃ প্রম্লোচয়া লব্ধা কন্যা কমললোচনা। তাঞ্চাপবিদ্ধাং জগৃহুর্ভূরুহা নৃপনন্দনাঃ ॥ ১৩ ॥
ক্ষুৎক্ষামায়া মুখে রাজা সোমঃ পীযূষবর্ষিণীং। দেশিনীং রোদমানায়া নিদধে স দয়ান্বিতঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

তেভ্যোপি দাস্যে কিং পুনর্যুষ্মভ্যমিতি শেষঃ ॥ ১০ ॥

অগ্রহীষ্ট গৃহীতবন্তঃ। অথো ইতি হেতোঃ। লোকান্ অনুলোকেষু ভবিষ্যতি। যদ্বা লোকাননুভবিষ্যতি দ্রক্ষ্যতি ব্যাপ্স্যতীত্যর্থঃ ॥ ১১ ॥

অনবমঃ অন্যূনঃ আত্মনো বীর্য্যেণ সন্তানেন ॥ ১২ ॥

পুত্রার্থমাদৌ ভার্য্যাং সম্পাদয়তি কণ্ডোরিতি ত্রিভিঃ। তপো নাশার্থমিন্দ্রপ্রেষিতয়া প্রম্লোচয়া কণ্ডুর্নাম ঋষি র্বহুকালং রেমে। সাচ ততঃ স্বর্গং গচ্ছন্তী কণ্ডোর্জাতং গর্ভং বৃক্ষেষু ত্যক্ত্বা জগাম তদেতদুক্তং অপবিদ্ধাং ত্যক্তাং ॥ ১৩ ॥

সপ্রসিদ্ধো বনস্পতীনাং রাজা সোমঃ অমৃতস্রাবিণীং দেশিনীং তর্জনীং রুদন্ত্যা স্তস্যা মুখে নিদধে। অনেনাপ্সরো গর্ভসম্ভবে-

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেভ্যোদাস্যে কিং পুনর্যুষ্মভ্যমিতি ভাবঃ ॥ ১০ ॥

লোকান্ অনু লক্ষ্যী কৃত্য ॥ ১১ ॥

গুণৈর্ব্রহ্মণঃ সকাশাদনবমঃ অন্যূনঃ ॥ ১২ ॥

নহু কস্তাং ভার্য্যায়াং পুত্রো ভবিতেত্যত আহ কণ্ডোরিতি ত্রিভিঃ তপোনাশার্থমিন্দ্রপ্রেষিতয়া প্রম্লোচয়া কণ্ডুর্নাম ঋষি র্বহুকালং রেমে সাচ ততঃ স্বর্গং গচ্ছন্তী কণ্ডোর্জাতং গর্ভং বৃক্ষেষু ত্যক্ত্বা জগামেত্যত আহ অপবিদ্ধাং ত্যক্তাং হে নৃপনন্দনাঃ ॥১৩

সোমো বনস্পতীনাং রাজা স প্রসিদ্ধঃ ॥ ১৪ ॥

হে বৎসগণ! তোমরা যে রুদ্রগীত গান করিলে, যাহারা সায়ং ও প্রাতঃকালে সমাহিত হইয়া তাহা পাঠ করিয়া আমার স্তব করিবে, আমি তাহাদিগকেও বাঞ্ছিত বর এবং শোভন প্রজা প্রদান করিব, ইহাতে তোমাদিগের অভিলষিত বর প্রদানে কার্পণ্য করিব এমত কখনই মনে করিও না ॥ ১০ ॥

হে নৃপতনয় সকল! যে হেতু তোমরা হর্ষান্বিত হইয়া আপনাদের পিতার আদেশ প্রতিপালন করিয়াছ, সেই হেতু সকল লোকে তোমাদের এই কমনীয়া কীর্ত্তি পরিব্যাপ্ত হইবে ॥ ১১ ॥

হে বৎসগণ! তোমাদের একটী বিখ্যাত পুত্র জন্মিবে। সেই সন্তান গুণ দ্বারা ব্রহ্মার সমান হইবে এবং তাহার তনয় গণ এই ত্রিলোকী পরিপূর্ণ করিরে ॥ ১২ ॥

অহে নৃপনন্দনেরা! তোমরা দ্বার পরিগ্রহ কর নাই, সন্তান কি রূপে জন্মিবে এমত আশঙ্কা করিও না। প্রম্লোচা নাম্নী অপ্সরা যাহাকে দেবরাজ ইন্দ্র কণ্ডু মুনির তপস্যা নাশার্থ প্রেরণ করিয়া ছিলেন, সে ঐ মুনির প্রণয়পাত্রী হইয়া তাঁহার ঔরসে এক কন্যা প্রসব করিয়াছে, সে কন্যা দুর্ল্লভা নহে, কণ্ডুর তপঃ ভ্রংশ করিয়া যখন ঐ অপ্সরা স্বর্গে যায় যখন আপনার গর্ত্ত বৃক্ষ সকলের উপরে পরিত্যাগ করিয়াছিল। অতএব তরুগণ পরিত্যক্তা সেই কন্যাটীকে প্রাপ্ত হয় ॥ ১৩ ॥

ঐ কন্যাটী একদা ক্ষুধায় কাতর হইয়া রোদন করিতেছিল, তাহাতে বৃক্ষ সকলের রাজা সোম দয়া-

প্রজাবিসর্গ আদিষ্টাঃ পিত্রা মামনুবর্ত্ততা। তত্র কন্যাং বরারোহাং তামুদ্বহতমাচিরং ॥ ১৫ ॥
অপৃথগ্ধর্ম্মশীলানাং সর্ব্বেষাং বঃ সুমধ্যমা। অপৃথগ্ধর্ম্মশীলেয়ং ভূয়াৎ পত্ন্যর্পিতাশয়া ॥ ১৬ ॥
দিব্যবর্ষ সহস্রাণাং সহস্রমহতৌজসঃ। ভৌমান্ ভোক্ষ্যথ ভোগান্ বৈ দিব্যাংশ্চানুগ্রহান্মম ॥ ১৭
অথ ময্যনপায়িন্যা ভক্ত্যা পক্বগুণাশয়াঃ। উপযাস্থথ মদ্ধাম নির্ব্বিদ্য নিরয়াদতঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

নামৃতাহারেণচ তস্যা লাবণ্যং ক্লম স্বেদদৌর্গন্ধ্যাদি রাহিত্যং চোক্তং ॥ ১৪ ॥

মামনুবর্ত্তমানেন পিত্রা নিযুক্তাঃ সন্তঃ তত্র প্রজাসর্গে নিমিত্তে তামুদ্বহত ॥ ১৫ ॥

নন্বু বহূনাং কথমেকা ভার্য্যা স্যাত্তত্রাহ। অপৃথক্ ধর্ম্মঃ শীলঞ্চ যেষাং তেষাং বঃ পত্নী ভূয়াৎ। অর্পিতোভবৎসু আশয়ো যয়া ধর্ম্মশীলয়োরৈক্যাৎ মদ্বাক্যাচ্চ ন দৃষ্টাদৃষ্টবিরোধ ইতি ভাবঃ ॥ ১৬ ॥

অহতৌজসঃ অপ্রতিহতবলাঃ সন্তঃ ॥ ১৭ ॥

পক্বগুণোদগ্ধকামাদিমল আশয়োযেষাং অতোলোকদ্বয়ভোগাৎ নিরয়প্রায়াৎ নির্ব্বিদ্য মৎস্থানং প্রাপ্স্যথ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পিত্রা প্রাচীনবর্হিষা মামনুবর্ত্তমানেন তত্র গত্বা ॥ ১৫ ॥

নন্বু বহূনাং কথমেকা ভার্য্যা স্যাত্তত্রাহ অপৃথগিতি ভূয়াদিতি মদাশীর্ব্বাদএব দৃষ্টাদৃষ্ট দোষমুপশময়িষ্যতীতি ভাবঃ ॥ ১৬ ॥

দিব্যানাং বর্ষসহস্রাণাং সম্বন্ধিনং কালমভিব্যাপ্য সহস্রমনন্তান্ ভোগান্ ভোক্ষ্যথেত্যন্বয়ঃ। সহস্রাণামিতি কপিঞ্জলানালভেতেতি বৎ ত্রয়াণামিত্যর্থঃ ॥ ১৭ ॥

হে ভক্ত্যা পক্বগুণাশয়াঃ। অথ ভৌমভোগান্তে মদ্ধাম যাস্যথেত্যন্বয়ঃ। নতু ভবিষ্যন্ত্যা ভক্ত্যা পক্বগুণাশয়াঃ সন্ত এবেতি ব্যাখ্যেয়ং। অপক্ক কষায়াণাং ভগবদ্দর্শনাসম্ভবাৎ। তদুক্তং অবিপক্ককষায়াণাং দুর্দ্দর্শোঽহং কুযোগিনামিতি। অতঃ ইদন্তাস্পদত্বাৎ পারমেষ্ঠ্যাদি পদাদপি নিরয়তুল্যান্নির্বিদ্য ॥ ১৮ ॥

ন্বিত হইয়া আপনার তর্জ্জনী অঙ্গুলি "যাহা হইতে অমৃত ক্ষরিত হয়" তাহার মুখে প্রদান করিয়াছিলেন, অতএব সেই কন্যা একে অপ্সরার গর্ত্তজাতা তাহাতে আবার অমৃতাহার করিয়াছিল, সুতরাং তাহার রূপ লাবণ্য অতি চমৎকার, স্বেদ দৌর্গন্ধ্যাদি কিছুই নাই ॥ ১৪ ॥

তোমাদের পিতা আমার অনুবৃত্তি করিয়া তোমাদিগকে প্রজা সৃষ্টি করিবার নিমিত্ত আদেশ করিয়াছিলেন, সেই আদেশ পালন করা তোমাদের অবশ্য কর্ত্তব্য, তোমরা প্রজা সৃষ্ট্যর্থ এই কন্যাটীর পাণিগ্রহণ কর, এ বিষয়ে কাল বিলম্ব করিও না ॥ ১৫ ॥

হে বৎস সকল! তোমাদের ধর্ম্ম ও শীল পরস্পর পৃথক্ নহে অতএব ঐ এক কন্যা তোমাদের সকলেরই ভার্য্যা হইতে পারিবে। অপর ঐ বালার ধর্ম্ম ও শীল তোমাদের হইতে পৃথক্ নহে। এবং সে তোমাদের সকলেরই প্রতি আপনার মানস অর্পণ করিয়াছে অতএব ধর্ম্ম ও শীলের ঐক্য এবং আমার বাক্য হেতু তোমাদের সকলেরই ঐ এক কন্যা পত্নী হইবে, এ বিষয়ে দোষ আশঙ্কা করিও না ॥ ১৬ ॥

তোমরা আমার অনুগ্রহে অপ্রতিহত বল হইয়া দিব্য বহু সহস্র বৎসর পার্থিব ও দিব্য ভোগ লাভ করিবে ॥ ১৭ ॥

তদনন্তর আমার প্রতি তোমাদের অচলা ভক্তি হইবে, তাহাতে তোমাদের কামাদি মল ও আশয় দগ্ধ হইয়া যাইবে, সুতরাং নরক তুল্য পার্থিব ও দিব্য ভোগে বিরক্ত হইয়া অবশেষে আমার স্থানে আগমন করিতে পাইবে ॥ ১৮ ॥

গৃহেষ্বাবিশতাঞ্চাপি পুংসাং কুশলকর্ম্মণাং। মদ্বার্ত্তাযাতযামানাং নবন্ধায় গৃহা মতাঃ ॥ ১৯ ॥
নব্যবদ্ধৃদয়ে যজ্‌জ্ঞো ব্রহ্মৈতদ্ব্রহ্মবাদিভিঃ। ন মুহ্যন্তি ন শোচন্তি ন হৃষ্যন্তি যতোগতাঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

নন্থ গৃহেষু প্রবিষ্টানাং অস্মাকং তদাসক্ত্যা বন্ধ এব স্যাৎ কুতস্তদ্ভক্তি নির্ব্বেদো বা তত্রাহ গৃহেম্বিতি কুশলং ময্যর্পিতং কর্ম্ম যেষাং মদ্বার্ত্তয়া যাতোযামঃ কালোযেষাং ॥ ১৯ ॥

ত্বদ্বার্ত্তাশ্রোতৄণাং গৃহৈ র্নবন্ধ ইতি কুতস্তত্রাহ নব্যবদিতি। যদ্যস্মাৎ কথাশ্রবণাৎ জ্ঞঃ সর্ব্বজ্ঞোহমীশ্বরঃ ব্রহ্মবাদিভির্বক্তৃভির্নিমিত্ত ভূতৈঃ শ্রোতৄণাং হৃৎ হৃদয়ং নব্যবৎ প্রতিপদং নূতনবৎ অয়ে প্রাপ্নোমি ব্রহ্ম সাক্ষাৎকারো ভবতীত্যর্থঃ। নন্থ ত্বৎ কথাশ্রবণে কথং ব্রহ্মসাক্ষাৎকার স্তত্রাহ যোহং এতদেব ব্রহ্ম তত্র হেতুঃ যতোগতাঃ যং মাং প্রাপ্তাঃ সন্তো ন মোহ শোক হর্ষান্ প্রাপ্নুবন্তি। অতো মৎকথা শ্রবণেন নব্যবৎ মম হৃদ্যাবির্ভাবাৎ অস্যৈব ব্রহ্মসাক্ষাৎকারত্বাৎ গৃহে বসতামপি নবন্ধ ইত্যর্থঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

নব্যবদিতি তৈর্ব্যাখ্যাতং। যদ্বা। জ্ঞঃ পরমেশ্বরোহং যন্নব্যবৎ হৃদয়ে ভামি এতদেব ব্রহ্মেতি ব্রহ্মবাদিভিরুচ্যত ইত্যর্থঃ ॥ ২০

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্থ তর্হি ভৌমান্ ভোক্ষ্যথ ভোগানিত্যুক্ত্যা নিরয় তুল্যে বিষয়ভোগে স্বভক্তিপ্রতিকূলে কথমস্মান্নিক্ষিপসীতি তত্রাহ গৃহেষু আবিশতাং প্রাপ্তাবেশানামপি কুশলং মৎ পরিচরণমেব কর্ম্ম যেষাং মৎ কথয়া যাতো যামো প্রহরোপি যেষাং প্রহরমধ্যে মৎ কথা যেষামবশ্যমেব ভবতীত্যর্থঃ। অয়মর্থঃ কর্ম্মজন্যানামেব ভোগানাং বন্ধকত্বং নিরয়তুল্যত্বং ভক্তিপ্রাতিকূল্যঞ্চ নতু মদনুগ্রহজন্যানাং অতএব মমানুগ্রহাদ্ভৌমান্ ভোক্ষ্যথেতি ময়োক্তমতোহন্যত্রাপি যত্র বিষয়ভোগেহপি মদ্ভক্তেরসংকোচঃ প্রত্যুত বৃদ্ধিরেব দৃশ্যতে চেত্তদা সবিষয়ভোগো মদনুগ্রহজন্য এবানুমেয়ো ন বন্ধকঃ। পৃথুপ্রহ্লাদ ধ্রুবমন্বাদিষু তথাদর্শনাৎ। অবিপক্ককষায়েষু তু ভক্তেষু মদনুগ্রহো ভোগচ্যাবক এব দ্রষ্টব্যো যদুক্তং যস্যাহমনুগৃহ্নামি হরিষ্যে তদ্ধনং শনৈরিত্যাদি ॥ ১৯ ॥

তেষাং ভক্তানাং কুতোবন্ধ দুঃখং যতস্তেষাং হৃদয়ে হহমপি সুখং প্রাপ্তুং নিত্যং বসামীত্যাহ নব্যেতি এতস্মৎ স্বরূপং ব্রহ্মবাদিভি র্ব্রহ্ম উচ্যত ইতি শেষঃ। যতো যত্র ব্রহ্মণি গতা লীনা ন মুহ্যন্তি মোহশোকহর্ষান্ন প্রাপ্নুবন্তি সোহহং জ্ঞোবিজ্ঞোপি যদ্যস্মাত্তেষাং কুশলকর্ম্মণাং হৃৎ হৃদয়কমলং নব্যবৎ প্রতিপদং নূতনবৎ অয়ে প্রাপ্নোমি জানামীতি বা তেষাং হৃদয়ে নব্যবদহং ভামীতি সন্দর্ভঃ ॥ ২০ ॥

হে নৃপনন্দন সকল! এ স্থলে তোমরা এমত আশঙ্কা করিও না, যে গৃহে প্রবিষ্ট হইলে তাহাতেই আসক্তি জন্মিবে এবং ঐ আসক্তি বশতঃ বন্ধ হইবার সম্ভব, তবে ত ভক্তি ও নির্ব্বেদ হইল না, বৎসগণ! গৃহাশ্রম বন্ধের কারণ সত্য, কিন্তু যদি গৃহাশ্রমে প্রবেশ করিয়াও কুশল কর্ম্মা হয় অর্থাৎ কর্ম্ম করিয়া আমাতেই অর্পণ করে এবং আমার কথা প্রসঙ্গে সময় যাপন করিতে অনুরাগী হয়, তাহা হইলে গৃহাশ্রম কখন বন্ধের কারণ হয় না ॥ ১৯ ॥

হে বৎসগণ! আমার কথা শ্রবণকারি ব্যক্তিদের কেন গৃহ দ্বারা বন্ধ হয় না, ইহার কারণ বলি শ্রবণ কর। আমার কথা শ্রবণ করিলে আমি যে সর্ব্বজ্ঞ ঈশ্বর, আমি স্বয়ং সংকীর্ত্তকদের দ্বারা শ্রোতৃগণের হৃদয়, যাহা প্রত্যেক পদে নূতন তুল্য হয়, তাহাতে আবির্ভূত হই, সুতরাং তাহাদের ব্রহ্ম সাক্ষাৎকার হয়, যে হেতু আমিই ব্রহ্ম, আমাকে প্রাপ্ত হইলে পুরুষ সকলকে শোক বা মোহ অথবা হর্ষ অনুভব করিতে হয় না। আমার সম্বন্ধ মাত্রে ঐ সকল দূরীভূত হইয়া যায় ॥ ২০ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥
এবং ব্রুবাণং পুরুষার্থভাজনং জনার্দ্দনং প্রাঞ্জলয়ঃ প্রচেতসঃ ।
তদ্দর্শনধ্বস্ততমো রজোমলা গিরা গৃণন্ গদ্গদয়া সুহৃত্তমং ॥ ২১ ॥
শ্রীপ্রচেতস ঊচুঃ ॥
নমোনমঃ ক্লেশবিনাশনায় নিরূপিতোদার গুণাহ্বয়ায় ।
মনোবচো বেগপুরো জবায় সর্ব্বাক্ষ মার্গৈরগতাধ্বনে নমঃ ॥ ২২ ॥
শুদ্ধায় শান্তায় নমঃ স্বনিষ্ঠয়া মনস্যপার্থং বিলসদ্দ্বয়ায় ।
নমো জগৎস্থানলয়োদয়েষু গৃহীতমায়াগুণবিগ্রহায় ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী ।

পুরুষার্থং ভাজয়তি প্রাপয়তীতি তথা তং ॥ ২১ ॥

বেদৈঃ সকলশ্রেয়ঃ সাধনত্বেন নিরূপিতা উদারগুণা আহ্বয়া নামানি যস্য মনোবচসোর্বেগাদপি পুরোঽগ্রতো জবোবেগো যস্ত মনোবচসো রগোচরায়েত্যর্থঃ । অতএব সর্ব্বেষামক্ষাণাং মার্গৈ রগতঃ অনবগতো অধ্বা মার্গো যস্য তস্মৈ তে নমঃ ॥ ২২ ॥

স্বনিষ্ঠয়া স্বরূপস্থিত্যা শুদ্ধায় ততঃ শান্তায় মনসি নিমিত্তে সতি অপার্থং ব্যর্থমেব বিলসৎ বিস্ফুরিতং দ্বয়ং যস্মিন্ গৃহীতা মায়াগুণৈর্বিগ্রহাঃ ব্রহ্মাদি মূর্ত্তয়ো যেন ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

তদ্দর্শনাৎ ধ্বস্তানি তমো রজো মলানি যৈস্তে ॥ ২১ ॥

যস্ত তব নিষ্ঠয়া তন্নিষ্ঠায়াং জাতায়াং জনানাং মনসি অপার্থমেব বিলসদাভাসমানং দ্বয়ং কারণকার্য্যাত্মকং জগৎ কিং বা কর্ম্মজ্ঞানাত্মকং সাধনং যস্মাৎ তস্মৈ ॥ ২২ ॥

জগৎ স্থানাদিষু নিমিত্তেষু গৃহীতা স্বাধিষ্ঠানীকৃতা মায়াগুণা সত্বাদয়ো যৈঃ তাদৃশা বিগ্রহাঃ শ্রীবিষ্ণ্বাদয়ো যস্ত তস্মৈ ॥ ২৩ । ২৪ ২৫ । ২৬ । ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

পুরুষার্থানাং ভাজনং পাত্রং ধ্বস্ত তমোরজসোপি যদ্দর্শনাৎ অমলাঃ । অদর্শন দুঃখমালিন্য রহিতা ইত্যর্থঃ ॥ ২১ ॥

নিরূপিতা বেদৈরুক্তা উদারা গুণা আহ্বয়া নামানিচ যস্য তস্মৈ মনোবচাসোর্বেগাদপি পুরোঽগ্রতো জবো বেগো যস্য তস্মৈ ॥ ২২ ॥

মনসি অপার্থং নিষ্প্রয়োজনং বিলসৎ দেদীপ্যমানমপি দ্বয়ং দ্বৈতং যস্মাত্তস্মৈ । যং প্রাপ্তানাং মনসি বিবিধ ভোগযুক্তমপি জগন্নিষ্প্রয়োজনমেব স্যাদিত্যর্থঃ । গৃহীতা মায়া গুণময়া ব্রহ্মেন্দ্র রুদ্র রূপা বিগ্রহা যেন তস্মৈ ॥ ২৩ । ২৪ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর ! পুরুষার্থ প্রাপক ভগবান্ জনার্দ্দন প্রসন্ন হইয়া এই প্রকারে কহিতে থাকিলে প্রচেতাগণ কৃতাঞ্জলি হইয়া গদ্গদ বাক্যে সুহৃত্তম ঐ ভগবানের স্তব করিলেন ॥ ২১ ॥

তাঁহারা কহিলেন, হে ভগবন্ ! তুমি ক্লেশনাশন, তোমাকে নমস্কার করি । প্রভো ! বেদ সকল তোমার উদার গুণ ও তোমার মহৎ নামকে সকল বিষয়ের সাধন বলিয়া নির্দ্দেশ করিয়াছেন । হে দেব ! তোমার বেগ মনঃ ও বাক্যেরও অগ্রবর্ত্তী অর্থাৎ তুমি বাক্য ও মনের অগোচর, অতএব ইন্দ্রিয় সকলের পথ তোমার বর্ত্ম অবগত হইতে পারে না । প্রভো ! তোমাকে নমস্কার করি ॥ ২২

হে বিভো ! তুমি সর্ব্বদাই স্বরূপে অবস্থিত, অতএব সদাই নির্ম্মল ও শান্ত তোমাকে নমস্কার । প্রভো ! মনঃ নিমিত্ত বিস্ফুরিত এই প্রপঞ্চ জগৎ তোমাতে ব্যর্থ হইয়াছে । অপর তুমি জগতের স্থিতি লয় ও উদয়ের নিমিত্ত মায়া গুণ দ্বারা ব্রহ্মাদি মূর্ত্তি পরিগ্রহ করিয়া থাক, তোমাকে নমস্কার করি ॥ ২৩ ॥

নমোবিশুদ্ধ সত্বায় হরয়ে হরিমেধসে। বাসুদেবায় কৃষ্ণায় প্রভবে সর্ব্বসাত্বতাং।
নমঃ কমলনাভায় নমঃ কমলমালিনে। নমঃ কমলপাদায় নমস্তে কমলেক্ষণ ॥ ২৪ ॥
নমঃ কমলকিঞ্জল্কপিশঙ্গামলবাসসে। সর্ব্বভূতনিবাসায় নমোঽযুঙ্ক্ষ্মহি সাক্ষিণে ॥ ২৫ ॥
রূপং ভগবতাত্বেতদশেষ ক্লেশসংক্ষয়ং। আবিষ্কৃতং নঃ ক্লিষ্টানাং কিমন্যদনুকম্পিতং ॥ ২৬ ॥
এতাবত্ত্বং হি বিভুভির্ভাব্যং দীনেষু বৎসলৈঃ। যদনুস্মর্য্যতে কালে স্ববুদ্ধ্যাভদ্ররন্ধন ॥ ২৭ ॥
